Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০
1/125

ব্রহ্ম সূত্রম্ ॥

ভগবদ্ ব্যাস প্রণীতম্ ॥

বেদান্ত দর্শন

বেদান্ত দর্শন
শাঙ্কর ভাষ্য অবলম্বনে

শ্রীবিহারীলাল সরকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

1/125

Adbhutananda Memorial Library
Established 1936.
BENARES

ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণের প্রধান শিষ্য জগদ্‌বিখ্যাত
পূজ্যপাদ শ্রীশ্রীবিবেকানন্দ স্বামী মহারাজের—

পবিত্র স্মৃতি উদ্দেশে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিবেদন

পূজ্যপাদ বিবেকানন্দ স্বামীর ইচ্ছা ছিল বেদান্ত সাধারণের মধ্যে খুব ছড়িয়ে পড়ে। মহাপুরুষের ইচ্ছানুযায়ী এই গ্রন্থ প্রকাশ করিতে সাহসী হইয়াছি।

ভগবান বিষ্ণুর অবতার ব্যাস কৃত ব্রহ্মসূত্র বা শারীরক সূত্র আর্য্যগণের শ্রেষ্ঠ গ্রন্থ। এই গ্রন্থকে কেন্দ্র করিয়া বহু আচার্য্য বিভিন্ন মত প্রচার করিয়াছেন। ভগবান শঙ্করাচার্য্য অদ্বৈতবাদ, রামানুজ বিশিষ্টাদ্বৈতবাদ, মধ্যাচার্য্য বল্লভাচার্য্য নিম্বাচার্য্য প্রভৃতি দ্বৈতবাদ প্রচার করিয়াছেন। প্রত্যেকই এই ব্রহ্ম সূত্রের নিজ নিজ মতানুযায়ী ভাষ্য প্রণয়ন করিয়াছেন। ওই সব গ্রন্থ বিরাট ও কঠিন। সূত্রগুলির সংক্ষেপে সরল বাঙ্গালায় অর্থ করিবার প্রয়াসী হইয়াছি, যাহাতে সাধারণ পাঠক সূত্রের মর্ম্ম কিছু কিছু হৃদয়ঙ্গম করিতে পারেন। অবশ্য শঙ্করাচার্য্যের ভাষ্যানুযায়ী অর্থ সন্নিবেশিত করা হইয়াছে। সূত্রগুলির সামান্যত অর্থ হৃদয়ঙ্গম হইলে, পাঠকের নিজের একটা ধারণা হইবে, এবং ইচ্ছা করিলে বিচার আপনা আপনি আসিবে। সাধারণের কথঞ্চিৎ, উপকার দর্শিলে শ্রম সফল জ্ঞান করিব। মুদ্রাঙ্কনে কিছু কিছু ভুল রহিয়া গেল ক্রটী মার্জ্জনা করিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Abhutananda Memorial Library Established 1936 BENARES

ব্রহ্মসূত্র

ভগবান ব্যাস কৃত ব্রহ্ম সূত্রে ৫৫৪টী সূত্র আছে। সূত্রগুলি চারি অধ্যায়ে এবং প্রত্যেক অধ্যায় চারি পাদে বিভক্ত।

প্রথম অধ্যায় সমন্বয়াধ্যায়, দ্বিতীয় অধ্যায় অবিরোধাধ্যায়, তৃতীয় অধ্যায় সাধনাধ্যায়, চতুর্থ অধ্যায় ফলাধ্যায় নামে আখ্যাত।

প্রথম অধ্যায়ে প্রথম পাদে স্পষ্টলিঙ্গ বেদান্ত বাক্যের সমন্বয় অর্থাৎ ব্রহ্মপরত্ব নিরূপণ করা হইয়াছে। দ্বিতীয় পাদে উপাস্য ব্রহ্মবিষয়ক অস্পষ্টলিঙ্গ বেদান্ত বাক্যের ব্রহ্মপরত্ব নিরূপিত হইয়াছে। তৃতীয় পাদে জ্ঞেয় ব্রহ্ম বিষয়ক অস্পষ্টলিঙ্গ বেদান্ত বাক্যের ব্রহ্মপরত্ব নিরূপিত হইয়াছে। চতুর্থ পাদে অব্যক্ত প্রভৃতি কতিপয় সন্দিগ্ধ পদ বিচারিত হইয়াছে।

দ্বিতীয় অধ্যায়ের প্রথম পাদে সাংখ্য বৈশেষিকাদি দর্শনের এবং তদ্দর্শনোক্ত যুক্তির সহিত বেদান্ত সমন্বয়ের অবিরোধ প্রতিপাদিত হইয়াছে।

দ্বিতীয় পাদে সাংখ্য বৈশেষিকাদি দর্শনের দোষ প্রদর্শিত হইয়াছে।

তৃতীয় পাদে প্রথমাংশে পঞ্চমহাভূত বিষয়ক শ্রুতির এবং শেষাংশে জীববিষয়ক শ্রুতির অবিরোধ প্রতিপাদিত হইয়াছে।

চতুর্থ পাদে লিঙ্গশরীর বিষয়ক শ্রুতির অবিরোধ প্রতিপাদিত হইয়াছে।

তৃতীয়াধ্যায়ের প্রথম পাদে সংসার গতির প্রকারভেদ নিরূপণ দ্বারা জ্ঞান সাধন বৈরাগ্য, দ্বিতীয় পাদে তত্ত্বমসি এই মহাবাক্যের অর্থবোধের উপযোগী তৎ ও ত্বং পদার্থের নিরূপণ, তৃতীয় পাদে ব্রহ্মোপাসনাতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিভিন্ন শাখাগত গুণের উপসংহার এবং চতুর্থ পাদে জ্ঞানের বহিরঙ্গ সাধন আশ্রমকর্ম্মাদি এবং অন্তরঙ্গ সাধন শমদমাদি নিরূপিত হইয়াছে।

চতুর্থাধ্যায়ের প্রথম পাদে জীবন্মুক্তি, দ্বিতীয় পাদে উৎক্রান্তি প্রকার অর্থাৎ ম্রিয়মাণের দেহত্যাগ প্রকার, তৃতীয় পাদে সগুণ ব্রহ্মোপাসকের উত্তরমার্গ বা দেবযান, এবং চতুর্থ পাদে ব্রহ্মজ্ঞানীর নির্গুণ ব্রহ্মপ্রাপ্তি অর্থাৎ বিদেহ কৈবল্য ও সগুণ ব্রহ্মোপাসকের ব্রহ্মলোকস্থিতি নিরূপিত হইয়াছে।

সংক্ষেপে এইরূপ বিভাগ হইতেছে—

১ম সমন্বয়াধ্যায়

১ম পাদ—স্পষ্ট লিঙ্গ ব্রহ্মপর বাক্য।
২য় „ —অস্পষ্টলিঙ্গ উপাস্য ব্রহ্মপরবাক্য।
৩য় „ —অস্পষ্টলিঙ্গ জ্ঞেয় ব্রহ্মপরবাক্য।
৪র্থ „ —সন্দিগ্ধ পদ যেমন অব্যক্তাদি।

২য় অবিরোধাধ্যায়

১ম পাদ—সাংখ্য বৈশেষিক যুক্তি।
২য় „ —সাংখ্য বৈশেষিকাদির দোষ।
৩য় „ —(ক) পঞ্চমহাভূত (খ) জীব।
৪র্থ „ —লিঙ্গ শরীর।

৩য় সাধনাধ্যায়

১ম পাদ—সংসার গতি প্রদর্শন দ্বারা বৈরাগ্য।
২য় „ —তৎ ও ত্বম্ পদার্থ।
৩য় „ —ব্রহ্ম উপাসনায় বিভিন্ন শাখোক্ত গুণের উপসংহার।
৪র্থ „ —(ক) বহিরঙ্গ সাধন আশ্রমকর্ম্ম
(খ) অন্তরঙ্গ সাধন শমদমাদি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[stamp]

৪র্থ ফলাধ্যায়	১ম পাদ—জীবন্মুক্তি।
	২য় „ —উৎক্রান্তি প্রকার।
	৩য় „ —দেবযান।
	৪র্থ „ —(ক) বিদেহ কৈবল্য (খ) ব্রহ্মলোক।

ব্রহ্ম সূত্রই বেদান্ত দর্শনের মূলগ্রন্থ। ব্রহ্মানন্দ সরস্বতী বলেন

(১) ব্যাসকৃত শারীরক মীমাংসা বা ব্রহ্মসূত্র।

(২) শঙ্করাচার্য্য কৃত তদ্‌ভাষ্য।

(৩) বাচস্পতি মিশ্রকৃত সেই ভাষ্যের টীকা ভামতী।

(৪) অমলানন্দ যতি কৃত ভামতীর টীকা কল্পতরু।

(৫) অপ্যয় দীক্ষিত কৃত কল্পতরুর টীকা পরিমল।

এই পাঁচখানি গ্রন্থ বেদান্ত শাস্ত্র নামে প্রচারিত।

সদানন্দ যোগীন্দ্র বলেন, বেদান্তো নাম উপনিষৎ প্রমাণং তদুপকারীণি শারীরক সূত্রাদীনি চ বেদের অন্ত বেদান্ত অর্থাৎ উপনিষৎ মুখ্য অর্থ। উপনিষদের অর্থবোধের অনুকূল শারীরক সূত্র প্রভৃতি এবং উপনিষদর্থ সংগ্রাহক ভগবদ্গীতা প্রভৃতি বেদান্ত শব্দের গৌণ অর্থ।

বেদান্ত শাস্ত্র প্রস্থানত্রয়ে বিভক্ত, শ্রুতি স্মৃতি ন্যায়, উপনিষৎ শ্রুতি প্রস্থান, ভগবদ্গীতা স্মৃতি প্রস্থান, ব্রহ্ম সূত্র ন্যায় প্রস্থান।

শঙ্করাচার্য্যের মতে অদ্বৈতবাদেই সমস্ত উপনিষদের তাৎপর্য্য। এক ব্রহ্মই পরমার্থ সত্য, জগৎ স্বপ্নদৃষ্ট পদার্থের ন্যায় মিথ্যা, জীবাত্মা ব্রহ্ম হইতে ভিন্ন নহে, প্রকৃতপক্ষে জীবাত্মাই ব্রহ্ম।

শ্লোকার্দ্ধেন প্রবক্ষ্যামি যদুক্তং গ্রন্থ কোটিভিঃ
ব্রহ্ম সত্যং জগন্ মিথ্যা জীবো ব্রহ্মৈব কেবলম্॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রন্থ কোটি দ্বারা যাহা বলা হইয়াছে, তাহা আমি অর্দ্ধ শ্লোক দ্বারা বলিব। ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা, জীবাত্মাই ব্রহ্ম।

আচার্য্যের মতে সকল ব্যবহার অধ্যাস মূলক। অধ্যাস কাহাকে বলে? একের ধর্ম্ম অপরেতে আরোপ করার নাম অধ্যাস। যেমন শুক্তিতে রজতাভাস বা রজ্জুতে সর্পভ্রম। দেহে আত্মজ্ঞান, আত্মায় দেহ জ্ঞান আমরা করি। এই মিথ্যাজ্ঞান জন্য সকল ব্যবহার চলিতেছে। আমার ভার্য্যা; আমার পুত্র, আমার গৃহ, আমার ধন, আমি স্থূল, আমি কৃশ, আমি কৃষ্ণবর্ণ, আমি গৌরবর্ণ, আমি অন্ধ, আমি মূক, আমি ক্লীব ইত্যাদি ব্যবহার অধ্যাস মূলক। আমি মরিলাম আমি স্বর্গে যাইব ইত্যাদি ব্যবহারও অধ্যাস মূলক। এই মিথ্যা জ্ঞানের নাম অবিদ্যা। আর বস্তুর স্বরূপাবধারণ বা যথার্থ জ্ঞানেব নাম বিদ্যা। অবিদ্যা হেতু লৌকিক ও শাস্ত্রীয় যাবতীয় ব্যবহার চলিতেছে। নির্ব্বিশেষ আত্মজ্ঞান হইলে আর কোনরূপ ব্যবহার চলিতে পারে না। এই অনাদি অনন্ত অনির্ব্বচনীয় অধ্যাসই কর্ত্তৃত্ব ভোক্তৃত্ব রূপ সংসারের প্রবর্ত্তক। অবিদ্যার একমাত্র নাশক একাত্মজ্ঞান। সেই একাত্মবিজ্ঞান উৎপাদনের জন্য বেদান্ত বিচারের আবশ্যকতা।

ব্রহ্ম সূত্রের সংক্ষিপ্ত মর্ম্ম।

প্রথম অধ্যায় প্রথম পাদ। অধিকারী হইয়া ব্রহ্ম বিচার করিবে। যাহার বিবেক, বৈরাগ্য, শমদম, মুমুক্ষুত্ব আছে, সেই নিতান্ত নির্ম্মলান্তঃকরণ ব্যক্তি ব্রহ্ম বিচার করিবে। ব্রহ্ম হইতেই এই বিশ্বের সৃষ্টিস্থিতি লয় হইতেছে। ব্রহ্ম শাস্ত্রৈকগম্য। ব্রহ্মই সমস্ত উপনিষদের তাৎপর্য্য। প্রধান জগৎ কারণ নহে ব্রহ্মই জগৎ কারণ, কারণ বেদে আছে পরমেশ্বর আলোচনা পূর্ব্বক সৃষ্টি করিলেন। জড় প্রধান দ্বারা সৃষ্টি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে পারে না। ব্রহ্ম আনন্দময়। তিনি আনন্দদাতা। জীবের ব্রহ্মযোগ হইলে আনন্দ হয়। বিভিন্ন উপনিষদে কতকগুলি শব্দ আছে উহাদের অর্থ ব্রহ্ম, যেমন "হিরণ্ময় পুরুষ" "আকাশ" "জ্যোতি" "প্রাণ"। উহাদের অর্থ ব্রহ্ম। ইন্দ্র প্রতর্দনকে বলিয়া ছিলেন আমি প্রাণ অর্থাৎ আমি ব্রহ্ম। বামদেব বলিয়া ছিলেন "আমি সূর্য্য আমি মনু" অর্থাৎ আমি ব্রহ্ম।

১।২। ব্রহ্মই উপাস্য, জীব উপাস্য নহে। ব্রহ্ম সংহর্ত্তা। ব্রহ্ম হৃদ্‌গুহাগত। ব্রহ্ম অক্ষিপুরুষ। ব্রহ্ম অন্তর্যামী। ব্রহ্ম ভূতযোনি। ব্রহ্ম বৈশ্বানর। জীব ভোক্তা ব্রহ্ম দ্রষ্টা। জীব গন্তা ব্রহ্ম গন্তব্য। ব্রহ্ম বেত্তার দেবযানগতি, ব্রহ্ম গন্তব্য। ঈশ্বর অন্তর্যামী, জীব যাম্য। প্রাদেশ শ্রুতি উপাসনার জন্য, অনুস্মৃতির জন্য, ধ্যানের জন্য।

১।৩। "আয়তন" ব্রহ্ম। "ভূমা" পরেশ। "অক্ষর" ব্রহ্ম। "প্রণব" সগুণ ও নির্গুণ ব্রহ্ম। "দহর" ব্রহ্ম। "অক্ষিপুরুষ" ব্রহ্ম। ব্রহ্ম স্বপ্রকাশ। ব্রহ্ম অঙ্গুষ্ঠ পুরুষ। দেবগণের ব্রহ্ম বিদ্যায় অধিকার আছে। শূদ্রদের ব্রহ্ম বিদ্যায় আধিকার নাই, কারণ তাহাদের উপনয়ন নাই। "জ্যোতি" ব্রহ্ম। "আকাশ" ব্রহ্ম। "বিজ্ঞানময়" ব্রহ্ম।

১।৪। সূক্ষ্ম শরীরই "অব্যক্ত"। কঠ শ্রুতিতে অব্যক্তের উল্লেখ আছে, উহা সাংখ্যের প্রধান নহে, উহার অর্থ সূক্ষ্মশরীর। শ্বেতাশ্বতর উপনিষদে "অজা" শব্দ আছে। "অজা" প্রকৃতি নহে। "অজা" তেজ+অপ্‌+অন্ন অর্থাৎ পঞ্চভূত। স্রষ্টা এক। "প্রাণ" ব্রহ্ম। ব্রহ্ম বুঝাইবার জন্য জীবভাবের উপদেশ। আত্মার শ্রবণ মনন নিদিধ্যাসন বিধেয়। মুক্ত ও ব্রহ্ম এক। ঈশ্বর নিমিত্ত ও উপাদান কারণ উভয়কারণ। পরমাণু জগৎ কারণ নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায় প্রথম পাদ। সাংখ্যবাদ মন্বাদির অনভিমত। সেজন্য অবৈদিক যোগশাস্ত্রও প্রতিষিদ্ধ। প্রলয়ে জগৎ ব্রহ্মে অবস্থিত থাকে। সৃষ্টির পূর্ব্বে জগৎ অসৎ অর্থাৎ অব্যাকৃত ছিল। ব্রহ্ম ভোক্তা ও ভোগ্য হইয়াছেন। ভেদাভেদ ব্যাবহারিক, অদ্বৈতই পারমার্থিক। কার্য্যও কারণ অভিন্ন যেমন সংবেষ্টিত পট ও প্রসারিত পট। কারণের সত্তায় কার্য্যের সত্তা। কার্য্য কারণে থাকে। ব্রহ্ম জীবাধিক, যেমন মূল্যবান পাথরও লোষ্ট্র। ব্রহ্ম অদ্বিতীয় হইয়া দেবাদির ন্যায় কার্য্য সৃষ্টি করেন। ব্রহ্মের একাংশ জগৎ। ব্রহ্ম নিরবয়ব। তিনি অপরীরী হইলেও মায়াবী। তিনি নিত্যতৃপ্ত, সৃষ্টি তাঁহার লীলা মাত্র। তাঁহাতে বৈষম্য নৈর্ঘৃণ্য নাই। বৈষম্য জীবের কর্ম্ম নিমিত্তক। নির্গুণ ব্রহ্মের বিবর্ত্তরূপে উপাদানত্ব।

২।২। সাংখ্য মতে অচেতনা জড় প্রকৃতিই জগৎ কারণ। প্রকৃতি ত্রিগুণাত্মিকা। প্রকৃতি আপনা আপনি পরিণাম প্রাপ্ত হইয়া জগৎ হইয়াছে। কিন্তু এরূপ সুশৃঙ্খলতাযুক্ত জগৎ রচনা জড়ের দ্বারা অসম্ভব, হইা চেতন শিল্পীর কার্য্য। সাংখ্যরা বলেন আপনা আপনি প্রকৃতি পরিণাম প্রাপ্ত হয়, কিন্তু অচেতনের প্রবৃত্তি কেন হইবে? সাংখ্য বলেন বৎসের জন্য গাভীর দুগ্ধের প্রবৃত্তি আপনা আপনি হয়, কিন্তু তৃণ গাভী কর্ত্তৃক ভক্ষিত হইয়া দুগ্ধ হয়।

বৈশেষিকরা বলেন পরমাণু হইতে দ্ব্যণুক হয়, দ্ব্যণুক হইতে ত্র্যণুক হয় ইত্যাদি ক্রমে মহদ্ দীর্ঘ হয়। পরমাণুর সংখ্যা হইতেই মহৎ হয়।

বৌদ্ধরা পরমাণুবাদী। তাহাদের মতে তেজ বায়ু জল ও পৃথ্বী এই চতুর্বিধ পরমাণু সংহত বা মিলিত হইয়া পরি দৃশ্যমান পৃথিব্যাদি উৎপাদন করিয়াছে। তাহারা কোন নিয়ন্তা বা সংঘাত কর্ত্তা মানে না। কারণ অবিদ্যাদির মধ্যে যে কার্য্য কারণ ভাব আছে তাহা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বারাই লোক যাত্রা উপপন্ন হইতে পারে। ইহার উত্তরে বলা হয় পরমাণুর সংযোগের নিমিত্ত নাই। আবার কখন প্রলয় হয় কখন সৃষ্টি হয় কেন? একরূপই তো হইবে। বায়ুর স্পর্শগুণ তেজের স্পর্শরূপ গুণ, জলের স্পর্শরূপরস গুণ ও পৃথ্বীর স্পর্শরূপরসগন্ধ গুণ আছে। পরমাণুর এইরূপ গুণের কমিবেশী যদি হয়, তাহা হইলে পরমাণুত্ব থাকে না। পরমাণুবাদ মন্বাদি গ্রহণ করেন নাই।

সর্ব্বাস্তিত্ববাদী বৌদ্ধরা বলেন সমস্ত বস্তুই উৎপাদ্য ও ক্ষণিক। যেমন একটী তরঙ্গ অন্য তরঙ্গ জন্মাইয়া নষ্ট হয়, সেইটী আবার অন্য একটী তরঙ্গ জন্মাইয়া নষ্ট হয়, সেইরূপ একটী ভাব অন্য একটী ভাব জন্মাইয়া নষ্ট হয়। এইরূপ জন্ম বিনাশের স্রোতঃ চলিতেছে। সমস্ত বস্তু ক্ষণিক, অতএব বিজ্ঞান বা আত্মা ক্ষণিক। পূর্ব্ব পূর্ব্ব পদার্থ যদি নষ্ট হয়, পরপর পদার্থ জন্মাইতে পারে না। কারণাভাবে কার্য্যের উৎপত্তি হইতে পারে না। যদি অবিচ্ছেদে স্রোতঃ বহিতে থাকে, তাহা হইলে অভাব হইতে পারে না, কাযেই মোক্ষ অসম্ভব। আত্মা ক্ষণিক নহে, আত্মা স্থায়ী। অভাব হইতে ভাবের উৎপত্তি কেহ দেখাইতে পারিবে না।

বিজ্ঞানবাদী বৌদ্ধরা বলেন প্রমাতা প্রমেয় প্রমাণ প্রয়োজন সবই অন্তরে, বাহিরে কিছুই নাই, সবই অন্তরে ইহার দৃষ্টান্ত স্বপ্ন। স্বপ্ন কালে বস্তু না থাকিলেও অন্তরে গ্রাহ্য গ্রাহকাকারে প্রকাশ পায়, সেইরূপ জাগ্রত কালের জ্ঞানও অন্তঃস্থ। ইহার কারণ বাসনা বা সংস্কার। বাসনার প্রভাব নিমিত্ত জ্ঞান জন্মিতে পারে। ইহার উত্তরে বলা হয় বাহ্য বস্তুর অভাব নাই। জাগ্রত জ্ঞান বিনাবলম্বনে হয় না। বাহ্য বস্তুর অভাবে বাসনা হইতে পারে না।

জৈনরা সর্ব্ব বিষয় "কথঞ্চিৎ আছে" এও বটে তাও বটে বলিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতিবাদীকে নিরস্ত করেন, কিন্তু এক বস্তুতে শীতোষ্ণ বিরুদ্ধ ধর্ম্ম হইতে পারে না। তাঁহারা বলেন আত্মা শরীর প্রমাণ। ইহা অযৌক্তিক। হস্তি শরীর পরিমিত আত্মা কীট শরীরে কিরূপে প্রবেশ করিবে। এক জীবনেও বালকের আত্মা যুবকের আত্মা কিরূপে হইবে?

তটস্থ ঈশ্বরবাদীরা বলেন ঈশ্বর নিমিত্ত কারণ, প্রকৃতি উপাদান কারণ। ঈশ্বর কেবল নিমিত্ত কারণ হইলে, জীব জগৎ ঈশ্বর তিনটী পৃথক বস্তুর সমাবেশ হয়। তাহা হইলে ঈশ্বর সর্ব্বজ্ঞ হন না।

ভাগবত মতে বাসুদেব অর্থাৎ পরমাত্মা হইতে সংকর্ষণ জীব, সংকর্ষণ হইতে প্রদ্যুম্ন মন, প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধ অহঙ্কার উৎপন্ন হয়। জীব হইতে মন বা অহঙ্কারের উৎপত্তি হইতে পারে না।

২।৩। আত্মা হইতে আকাশ উৎপন্ন হইয়াছে। আকাশ যুক্ত আত্মা হইতে বায়ু, বায়ুযুক্ত আত্মা হইতে তেজ, তেজযুক্ত আত্মা হইতে জল, জলযুক্ত আত্মা হইতে পৃথ্বী উৎপন্ন হইয়াছে। এইরূপ কার্য্যব্রহ্ম হইতে উভরোত্তর কার্য্য সৃষ্টি হইয়া থাকে। সৃষ্টি ক্রমের বিপরীত ক্রমে প্রলয় হইয়া থাকে। শরীরের জন্ম মৃত্যু হয়, জীবের জন্ম মৃত্যু হয় না। জীব নিত্য তাহার জন্ম উপাধিবশতঃ॥ জীব চৈতন্য স্বরূপ। কেহ কেহ বলেন জীব চন্দন বিন্দুবৎ অণু বা দীপ প্রভাবৎ। জীব অণু নহে জীব সর্ব্বগত। বুদ্ধি অণু, বুদ্ধি সংযোগে জীব সংসারী হয়। জীব কর্ত্তা, বুদ্ধি করণ। আত্মার কর্ত্তৃত্ব না থাকিলে শাস্ত্রসাফল্য হয় না। কিন্তু জীবের কর্ত্তৃত্ব অধ্যাস মূলক। জীব ইন্দ্রিয় লইয়া কর্ম্ম করে। জীবের কর্ত্তৃত্ব ঈশ্বর পরতন্ত্র। জীবের ধর্ম্মাধর্ম্মানুসারে ঈশ্বর তাহাকে কর্ত্তৃত্বে প্রেরণ করেন। জীব ঈশ্বর ব্যবহার ঔপাধিক। জীব ব্রহ্মাংশ। দেহ সম্বন্ধ হেতু জীবের বিধিনিষেধ। আত্মা এক হইলেও দেহ ও বুদ্ধি ভিন্ন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেজন্য কর্ম্মফল ভিন্ন ভিন্ন। জীব বুদ্ধিপ্রতিবিম্বিত চিৎ। ইচ্ছা অভিসন্ধি পৃথক এজন্য অদৃষ্টের নিয়ম আছে। কিন্তু সাংখ্য বা কাণাদ মতে অদৃষ্টের নিয়ম হইতে পারে না। সাংখ্য মতে অমুকের এই অদৃষ্ট ইহা নির্ণয় হয় না। কাণাদ মতে প্রতিদেহে অসংখ্য আত্মা আছে, সেজন্য কোন আত্মার কোন অদৃষ্ট, ইহা বলিবার উপায় নাই।

২।৪। পঞ্চ কর্ম্মেন্দ্রিয় পঞ্চজ্ঞানেন্দ্রিয় মন বুদ্ধি ও পঞ্চ প্রাণ মিলিত এই সতেরটীকে সূক্ষ্ম শরীর বলে। ইন্দ্রিয় ব্রহ্ম হইতে উপৎন্ন হয়। ইহাদের সংখ্যা একাদশ। ইন্দ্রিয় অণু।

প্রাণ ও উৎপত্তিবান। প্রাণ সাধারণ বায়ু নহে। প্রাণ অণু। ইন্দ্রিয়রা অধিষ্ঠাতৃ দেবতাধীন।

প্রাণ ও ইন্দ্রিয় বিলক্ষণ। সৃষ্টি ঈশ্বরের। সৃষ্টি জীবের সাধ্য নহে। ঈশ্বর ত্রিবিৎকারী, তন্মাত্রাগণকে মিশ্রন করেন। প্রতি ভূতেই পঞ্চভূত অবস্থিত, তবে জলে জলতন্মাত্র অধিক, এই বাহুল্য হেতু ভূতের পৃথক্ নাম হইয়া থাকে।

তৃতীয় অধ্যায় প্রথম পাদ

আরোহ।

দক্ষিণ মার্গ বা পিতৃযান।

যাহারা গ্রামে ইষ্টা পূর্ত্ত ও দান করে অর্থাৎ যাহারা কেবল কর্ম্মানুষ্ঠান তৎপর,তাহারা মৃত হইলে প্রথমতঃ ধূমাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হয়। ধূম দেবতা হইতে রাত্রি দেবতা, রাত্রি দেবতা হইতে কৃষ্ণ-পক্ষ দেবতা, কৃষ্ণপক্ষ দেবতা হইতে দক্ষিণায়ন দেবতা, দক্ষিণায়ন দেবতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে পিতৃলোকদেবতা, পিতৃলোক হইতে আকাশ, এবং আকাশ হইতে চন্দ্রমাকে প্রাপ্ত হয়। এ স্থলে বুঝিতে হইবে মৃত জীবকে ধূম দেবতা রাত্রিদেবতার নিকট লইয়া যায়। রাত্রিদেবতা কৃষ্ণপক্ষ দেবতার নিকট লইয়া যায় ইত্যাদি। শেষে আকাশ দেবতা তাহাকে চন্দ্র মণ্ডলে উপস্থিত করে। চন্দ্রমণ্ডলে তাহার ভোগোপযোগী জলময় দেহ নির্ম্মিত হয়। যদিও ইষ্টাপূর্ত্তকারী চন্দ্র মণ্ডলে উপস্থিত হইয়া দেবতাদিগের উপকরণ ভাব প্রাপ্ত হয়, তথাপি পুরুষের উপকরণ ভাব প্রাপ্ত স্ত্রী পশ্বাদির যেমন ভোগ আছে, সেইরূপ দেবতাদের উপকরণ ভাব প্রাপ্ত ইষ্টাপূর্ত্তকারীরও পৃথক ভোগ আছে।

অবরোহ।

যে পুণ্যকর্ম্মের ফলভোগের জন্য জীব চন্দ্রলোকে গমন করে, ফলের উপভোগ দ্বারা সেই কর্ম্ম ক্ষয় প্রাপ্ত হইলে, জীবের ক্ষণকালও চন্দ্রলোকে অবস্থিতি হইতে পারে না। তখন জীব পুনর্ব্বার ইহলোকে আগমন করিয়া জন্ম পরিগ্রহ করে। ইহলোকের আগমনের প্রণালী এইরূপ। চন্দ্রমণ্ডলে উপভোগ নিমিত্ত কর্ম্মের ক্ষয় হইলে ঘৃতকাঠিন্যের বিলয়ের ন্যায় তাহার চন্দ্রলোকীয় শরীরারম্ভক জল বিলীন হইয়া আকাশে আগত হয়, সেই জলের সহিত জীবও আকাশে আগমন করে। আকাশের ন্যায় সূক্ষ্মাবস্থাপ্রাপ্ত বা আকাশভূত জীব ঐ জলের সহিত বায়ুকে প্রাপ্ত হয়। বায়ু দ্বারা ইতস্ততঃ চাল্যমান হইয়া শরীরারম্ভক জলের সহিত জীব বায়ুভাব প্রাপ্ত হইয়া ক্রমে ধূমভাব বা বাষ্পভাবাপন্ন হয়। ধূম হইয়া অভ্রভাবাপন্ন হয়। অভ্রভাবাপন্ন হইয়া মেঘভাবাপন্ন বা বর্ষণযোগ্যতাপন্ন মেঘভাব প্রাপ্ত হয়। উন্নত প্রদেশে মেঘ হইতে বারিধারা পতিত হয়, বর্ষধারার সহিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৃথিবী সমাগত জীব ওষধি বনস্পতি ব্রীহি যব তিল মাষ ইত্যাদি নানারূপাপন্ন হয়। বর্ষধারার সহিত পৃথিবী পতিত জীব পর্ব্বততট দুর্গমস্থান নদী সমুদ্র অরণ্য মরুদেশাদিতে সন্নিবিষ্ট হয়। অনুশয়ী বা কর্ম্মশেষবান জীব অতি দুঃখে তাহা হইতে নিঃসৃত হয়। অর্থাৎ বর্ষাদিভাব হইতে তাহার নিঃসরণ বিশেষ কষ্টসাধ্য। কেন না বর্ষধারার সহিত পর্ব্বত তটে নিপতিত জীব জলস্রোত দ্বারা উহ্যমান হইয়া নদীতে পতিত হয়। নদীদ্বারা উহ্যমান হইয়া সমুদ্রগত হয়। সমুদ্রগত হইয়া পীত জলের সহিত মকরাদির কুক্ষিগত হয়। এবং মকরাদি অন্য জলচর জন্তু কর্ত্তৃক ভক্ষিত হইলে তৎসহ তাহার কুক্ষিগত হইয়া থাকে। কালক্রমে মকরাদি জন্তুর সহিত সমুদ্রে বিলীন হইয়া জলভাবাপন্ন হয়। ঐ অবস্থায় সমুদ্রজলের সহিত জলধর কর্ত্তৃক আকৃষ্ট হইয়া পুনর্ব্বার বর্ষধারার সহিত মরুদেশে শিলাতটে বা অগম্য প্রদেশে পতিত হইয়া অবস্থিত হয়। কদাচিৎ ব্যাল মৃগাদি কর্ত্তৃক নিপীত, ব্যাল মৃগাদি অন্যকর্ত্তৃক ভক্ষিত, তাহারা আবার অপর জন্তু কর্ত্তৃক ভক্ষিত হয়। কখনও বা অভ্যক্ষ স্থাবররূপে জাত হইয়া সেইখানেই শুষ্ক হইয়া যায়। ইত্যাদিরূপে অনুশয়ীর যে কত রূপ পরিবর্ত্তন হয় তাহা বলিতে পারা যায় না। ভক্ষ্যস্থাবররূপে বা ব্রীহিযবাদি রূপে জাত হইলেও শরীরান্তর লাভ সহজ হয় না। কেননা উর্দ্ধরেতা, বালক, বৃদ্ধ বা ক্লীবাদি কর্ত্তৃক ভক্ষিত ব্রীহিযবাদির সহিত অনুশয়ী তাহাদের কুক্ষিগত হইলেও, মলাদির সহিত নির্গত হইয়া, তাহা মৃত্তিকারূপে পরিণত হইয়া, কালে আবার ব্রীহিযবাদি ভাবাপন্ন হয়। কাকতালীয় ন্যায়ে রেতঃসেককারী কর্ত্তৃক ভক্ষিত হইয়া রেতের সহিত স্ত্রীর গর্ভাশয়ে প্রবিষ্ট হয় এবং রেতঃ সেক কর্ত্তার আকার ধারণ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাপ কার্য্য।

যাহারা অনিষ্টকারী তাহারা চন্দ্রমণ্ডলে গমন করে না। তাহারা যমালয়ে গমন করিয়া নিজ কর্ম্মের অনুরূপে যমনির্দ্দিষ্ট যাতনা অনুভব করিয়া জন্মগ্রহণের জন্য ইহলোকে আগমন করে।

বিদ্যাকর্ম্ম শূন্য।

যাহারা বিদ্যাকর্ম্মশূন্য তাহাদের লোকান্তরে গতি বা লোকান্তর হইতে আগতি হয় না। ক্ষুদ্র ক্ষুদ্র কীট পতঙ্গাদি ইহলোকেই পুনঃপুনঃ জন্মমরণ প্রাপ্ত হয়। সংসারে বৈরাগ্য উৎপাদন করাই এই সব বর্ণনার অভিপ্রায় হইয়াছে।

৩২। স্বপ্ন সৃষ্টি মিথ্যা। দেহযোগবশত জীবের জ্ঞান ঐশ্বর্য্য লুপ্ত হইয়াছে। সুষুপ্তিতে জীব ও ব্রহ্ম এক হয়েন। আত্মাতে জীব সুষুপ্ত হন। আত্মা হইতেই জীব প্রবুদ্ধ হয়েন। মূর্চ্ছাতে জীব অর্দ্ধ সম্পন্ন হয়েন। ব্রহ্ম অরূপ, ব্রহ্ম নির্ব্বিশেষ, ব্রহ্ম চিন্মাত্র, ব্রহ্ম সত্যস্বরূপ, ব্রহ্ম ইন্দ্রিয়গম্য নহেন। আরাধনাকালে ব্রহ্ম হৃদয়ে আবির্ভূত হয়েন। অবিদ্যার নাশ হইলেই জীব ও ব্রহ্মে অভেদ জ্ঞান হয়। সূর্য্য ও প্রকাশ যেরূপ সেইরূপ ব্রহ্ম ও জীব। দণ্ডায়মান সর্প ও কুণ্ডলী সর্প যেমন এক, তেমনি ব্রহ্ম ও জীব এক। তত্ত্বমসি অভ্যাস দ্বারা ব্রহ্ম ও জীবের একত্ব জ্ঞান হইবে। উপাসনার জন্য ভেদ কল্পনা। ঈশ্বর কর্ম্ম ফল দাতা।

৩৩॥ উপাসনার জন্য সগুণ ব্রহ্ম কল্পিত হয়েন। উপাসনার জন্য ব্রহ্মের রূপ বা উপাধি বা স্থান কল্পিত হইতে পারে এবং সে কল্পনা ভিন্ন ভিন্ন হইতে পারে। কিন্তু ব্রহ্মের স্বরূপ বোধক উক্তি যেমন ব্রহ্ম চৈতন্যস্বরূপ, সত্যস্বরূপ, আনন্দস্বরূপ এইরূপ উক্তি ভিন্ন হইতে পারে না। আত্মা শব্দে ঈশ্বর বুঝিতে হইবে। আত্মাই পরমাত্মা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অহং ও অহর্ এক উপাসনা নহে। একটী অধিদৈব অপরটী অধ্যাত্ম। কতকগুলি উপাসনা নহে, সেগুলি অভিচার, যেমন আমার শত্রুর হৃদয় বিদীর্ণ হউক। জ্ঞানীর মৃত্যুকালে পাপপুণ্যের ক্ষয় হয়। সগুণ উপাসকের দেবযান পথ। আধিকারিকগণের মুক্তি হয়। ঋতং পিবন্ত ও দ্বাসুপর্ণা শ্রুতি ব্রহ্ম ও জীবের তাদাত্ম্য বুঝায়। ব্যতিহার ধ্যানার্থ বিনিময়াত্মক ভাবনা। যেমন তুমিই আমি আমিই তুমি। দহরাকাশ ও হৃদয়াকাশ এক। বায়ু ও প্রাণ এক নহে। আত্মা ভৌতিক নহে। আত্মা উপলব্ধিকর্ত্তা। উপাসনা ত্রিবিধ (১) অহং গ্রহ উপাসনা অর্থাৎ অহং ব্রহ্মাস্মি এইরূপ চিন্তা (২) প্রতীক উপাসনা আদিত্য ব্রহ্ম ওঙ্কার ব্রহ্ম এইরূপ চিন্তা (৩) কর্ম্মাঙ্গ অর্থাৎ প্রতি কর্ম্মে ব্রহ্মার্পণং ব্রহ্মহবি এই চিন্তা।

অহং গ্রহ উপাসনা বিকল্পে অনুষ্ঠেয়। প্রতীক ও অঙ্গাশ্রিত উপাসনা সমুচ্চয়ে অনুষ্ঠেয়। অহংগ্রহ উপাসনার ফল সাক্ষাৎ কার।

৩।৪। জৈমিনি বলেন জ্ঞান কর্ম্মাঙ্গ। জনক রাজা ইহার দৃষ্টান্ত। কর্ম্মে জ্ঞান হয়। বেদের উপদেশ কর্ম্ম তৎপর হইবে। অপর পক্ষ বলেন আত্মার উপদেশ স্বতন্ত্র। শুক নারদ কর্ম্ম করেন নাই। জ্ঞান কর্ম্ম নাশক। সংন্যাস আশ্রমে কোন কর্ম্ম নাই। জৈমিনি বলেন সংন্যাস বিহিত নহে। বাদরায়ণ বলেন সংন্যাস বিহিত। উপাসনা বিহিত আখ্যায়িকা পাঠ উচিত। জ্ঞানে যজ্ঞাদির অবকাশ নাই। আশ্রমকর্ম্ম জ্ঞানের সহায়। শমদম অন্তরঙ্গ সাধন। ভক্ষাভক্ষ বিচার আবশ্যক। আশ্রমধর্ম্ম সহকারী, জ্ঞানী অজ্ঞানী উভয় অগ্নিহোত্র করিবে। সংন্যাসী হইলে আর গৃহী হইতে পারে না। ভ্রষ্টরেতার প্রায়শ্চিত্ত নাই। তাহাকে মণ্ডলী হইতে বহিষ্করণ করিয়া দিবে। ঋত্বিক উপাসনা করিবে। বাল্য ও পাণ্ডিত্য অপেক্ষা মৌন শ্রেষ্ঠ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাল্য শুদ্ধচিত্ত ভাব। জ্ঞান ইহজন্মে হইতে পারে, জন্মান্তরেও হইতে পারে। নির্ব্বাণমুক্তি নিরতিশয়।

চতুর্থ অধ্যায় প্রথম পাদ। শ্রবণ মনন নিদিধ্যাসন একবার করিলেই হইবে না, বহুবার করিতে হইবে। জীব আত্মাকে গ্রহণ করিবে অর্থাৎ আমি ব্রহ্ম চিন্তা করিবে। প্রতীকে অহং দৃষ্টি হয় না। প্রতীকে ব্রহ্মদৃষ্টি করিতে হইবে। কর্ম্মাঙ্গে প্রতীক দৃষ্টি করিতে হইবে। উপাসনার অঙ্গ আসন। উপাসনা কি? ধ্যানই উপাসনা। নিশ্চলের ধ্যান হয়। পদ্ম স্বস্তিকাদি আসন। ধ্যানের জন্য একাগ্রতাই প্রধান। দিক্ কাল নিয়ম নাই। মরণ কালে উপাসনা বিশেষ ফলপ্রদ। জীবন্মুক্তের পাপ ভস্ম হইয়া যায়। তাহার পুণ্য লেপ নাই। জীবন্মুক্তের আরব্ধ ব্যতিরেকে অনারব্ধ ও সঞ্চিত কর্ম্ম ক্ষয় হয়। নিত্যকর্ম্মের ফল নাই, নিত্যকর্ম্ম মোক্ষার্থ। উপাসনার সহিত নিত্যকর্ম্ম বীর্য্যবত্তর হয়। জীবন্মুক্তের প্রারব্ধ ভোগ দ্বারা কর্ম্ম ক্ষয় হয়।

৪।২। উৎক্রান্তি কালে মুমূর্ষুর মনে ইন্দ্রিয় বৃত্তির লয় হয়। ইন্দ্রিয় বৃত্তির লয় হয়। ইন্দ্রিয়ের লয় হয় না। মুমূর্ষুর মন প্রাণে লয় হয়। প্রাণ পঞ্চ ভূতাত্মক সূক্ষ্মশরীরে লয় হয়। জ্ঞানী অজ্ঞানীর উৎক্রান্তি সমান। মরণে লিঙ্গদেহের লয় হয় না। সূক্ষ্মশরীর পরলোকে গমন করে। সূক্ষ্ম শরীর দগ্ধ হয় না। দেহে যে উষ্মা থাকে, ঐ উষ্মা সূক্ষ্ম শরীরের। মুক্তের সূক্ষ্ম শরীর এই দেহেই লয় হয়। শুকদেবের সূক্ষ্ম শরীর এই দেহেই লয় হইয়াছিল। মুক্তের সূক্ষ্ম শরীর পরমাত্মায় লয় হয়। জ্ঞানী ব্রহ্মরন্ধ্র দ্বারা উৎক্রান্ত হন। জ্ঞানী মৃত হইলে সুষুম্না নাড়ী দ্বারা নির্গত হয়েন। সুষুম্না নাড়ীর সহিত সূর্য্যরশ্মির যোগ আছে জ্ঞানী মৃত হইলে রশ্মি প্রাপ্ত হন। রাত্রিতে মরিলেও রশ্মি প্রাপ্ত হন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাত্রিতেও সূর্য্যদেব রশ্মি বিতরণ করেন। জ্ঞানী দক্ষিণায়নে মৃত হইলেও জ্ঞানফল লাভ করেন।

৪।৩। অচ্চিরাদি মার্গ ব্রহ্মলোকের মার্গ। জ্ঞানীর দেবযান পন্থা।

উত্তর মার্গ বা দেবযান।

যাঁহারা পুণ্যশীল তাঁহারা উত্তর মার্গ বা দেবযান অথবা দক্ষিণ মার্গ বা পিতৃযান এই মার্গ দ্বয়ের কোন একটী মার্গ দ্বারা পরলোকে গমন করিয়া পুণ্যানুরূপ ফলভোগ করেন। ফলভোগের অন্তে পুনর্ব্বার ইহলোকে আগমন করেন। ছান্দোগ্য, কৌষীতকি, বাজসনেয় শ্রুতিতে বর্ণিত দেবযান পথ বেদান্ত দর্শনানুমত হইয়া হইতেছে প্রথম অর্চ্চিঃ, অর্চ্চিঃ হইতে অহঃ, অহঃ হইতে শুক্লপক, শুক্লপক্ষ হইতে উত্তরায়ণ, উত্তরায়ণ হইতে সংবৎসর। সংবৎসর হইতে দেবলোক। দেবলোক হইতে বায়ু, বায়ু হইতে আদিত্য। আদিত্য হইতে চন্দ্র, চন্দ্র হইতে বিদ্যুৎ, বিদ্যুৎ হইতে বরুণ, বরুণ হইতে ইন্দ্র এবং ইন্দ্র হইতে প্রজাপতিকে প্রাপ্ত হইয়া উপাসক পরে ব্রহ্মলোক প্রাপ্ত হয়। অর্চ্চিরাদি শব্দের অর্থ অর্চ্চিরাদি অভিমানিনী দেবতা। দেবযানগামী জীব বিদ্যুদ্দেবতাকে প্রাপ্ত হইলে, ব্রহ্মলোক হইতে কোন অমানব পুরুষ উপস্থিত হইয়া, উত্তরমার্গগামী জীবকে সত্যলোকে লইয়া যায়, এবং কার্য্যব্রহ্মকে প্রাপ্ত করাইয়া দেয়।

উত্তর মার্গে অমানব পুরুষ সগুণ ব্রহ্মের নিকট লইয়া যান। পরব্রহ্ম গন্তব্য নহেন। হিরণ্যগর্ভকেই ব্রহ্ম বলা হয়। কার্য্য ব্রহ্মের অবসানে ব্রহ্মলোকবাসীদের মুক্তি হয়। পরব্রহ্ম ব্যতীত কার্য্যব্রহ্মে অমরত্ব হয় না। প্রতীকোপাসক ব্রহ্মলোক পান না। প্রতীকোপাসকদের ব্রহ্মগতি হয় না।

৪।৪ ব্রহ্ম যেরূপ সগুণ ও নির্গুণ, মুক্তিও সেইরূপ দ্বিবিধ ব্রহ্মলোকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসরূপ মুক্তি এবং নির্ব্বাণ মুক্তি। সগুণ ব্রহ্ম উপাসনা বলে যে মুক্তি লাভ হয় সে মুক্তি ব্রহ্মলোক বাস রূপ মুক্তি। নির্গুণ ব্রহ্ম জ্ঞানী নির্ব্বাণ মুক্তি লাভ করেন।

জীবন্মুক্ত নির্গুণ ব্রহ্মের সহিত একীভূত হয়েন। অর্থাৎ বিদেহ-কৈবল্য হয়। ব্রহ্মলোকবাসী মুক্ত সশরীর অশরীর হইতে পারেন। মুক্তগণের সংকল্পমাত্রে ভোগ্যবস্তুর উপস্থিতি হয়। শরীর ধারণ করা বা না করা মুক্তের ইচ্ছাধীন। মুক্তের ঐশ্বর্য্যঅবিরুদ্ধ। মুক্তের জগৎ সৃষ্টির ক্ষমতা নাই। সগুণ উপাসক নির্গুণ ব্রহ্ম প্রাপ্ত হন না। নির্গুণ উপাসক ব্রহ্ম প্রাপ্ত হয়েন। সগুণ উপাসকের সগুণ ব্রহ্মের সহিত ভোগ সমান। ইহাই সালোক্য ও সাযুজ্য মুক্তি। ব্রহ্মলোকবাসীদের পুনরাবৃত্তি হয় না।

ব্রহ্মসূত্রে সগুণ ব্রহ্ম ও নির্গুণ ব্রহ্ম দ্বিবিধ ব্রহ্ম বিচারিত হইয়াছে। প্রথম আধ্যায়ের চতুর্থ পাদের ১৯, ২০, ২১, ২২ সূত্রে, তৃতীয় অধ্যায়ের দ্বিতীয় পাদের ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭ সূত্রে চতুর্থ অধ্যায়ের চতুর্থ পাদের ১২, ১৩, ১৪, ১৫, সূত্রে, ও চতুর্থ অধ্যায়ের চতুর্থ পাদের ২০ সূত্রে নির্ব্বিশেষ ব্রহ্ম বিচারিত হইয়াছেন।

সগুণ ব্রহ্ম উল্লিখিত হইলেও আচার্য্যের মতে নির্গুণ ব্রহ্মে ঐসব শ্রুতির তাৎপর্য্য বুঝিতে হইবে। সাধনা ও ফল বিষয়ে ও পার্থক্য হয় বলা হইয়াছে। নির্গুণ ব্রহ্ম উপাসক অহংগ্রহ উপাসনা করিবে অর্থাৎ অহংব্রহ্মাস্মি বা তত্ত্বমসি চিন্তা করিবে। উহার ফলে ব্রহ্মের সাক্ষাৎ-কার হইবে। সগুণ উপাসকের দেবযান পথ দ্বারা ব্রহ্মলোক প্রাপ্তি হয় আর নির্গুণ ব্রহ্ম জ্ঞানীর নির্ব্বাণ মুক্তি হয়। সগুণ উপাসকের সূক্ষ্ম শরীর উৎক্রান্ত হয়। নির্গুণ ব্রহ্ম জ্ঞানীর সূক্ষ্ম শরীর এইখানেই পরমাত্মায় লয় হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ওঁ নমঃ পরব্রহ্মণে নমঃ।

ভগবদ্ ব্যাস প্রণীতম্

ব্রহ্ম সূত্রম্॥

বেদান্ত দর্শন।

প্রথম অধ্যায়।

প্রথম পাদ।

(১) অধিকারী হইয়া ব্রহ্ম বিচার।

১ সূঃ অথাতো ব্রহ্ম জিজ্ঞাসা।

অথ অধিকারী হইয়া অতঃ ক্রিয়াফল স্বর্গ অনিত্য ব্রহ্মজ্ঞানের ফল মোক্ষ অনন্ত, সেজন্য ব্রহ্মজিজ্ঞাসা ব্রহ্মবিচার করিবে। বৃংহ ধাতু বৃহৎ, নিরতিশয়, মহান্। অধিকারী হইবার জন্য কি কি প্রয়োজন?

১। নিত্যানিত্য বস্তুবিবেক, ব্রহ্ম নিত্য আর সব বস্তু অনিত্য এইরূপ বিবেচনা।

২। ইহামুত্র ফলভোগবিরাগ ইহা মুত্র ফল ভোগে বিরক্তি।

৩। ষট্ সম্পত্তি—

(১) শম—অন্তরিন্দ্রিয় নিগ্রহ।

(২) দম—বাহ্য ইন্দ্রিয় নিগ্রহ।

(৩) উপরতি—বিষয়ে অনাসক্তি।

(৪) তিতিক্ষা—শীতোষ্ণ সহিষ্ণুতা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) সমাধান—ব্রহ্মে চিত্তাভিনিবেশ।

(৬) শ্রদ্ধা—গুরু ও বেদান্ত বাক্যে বিশ্বাস।

৪। মুমুক্ষুত্ব—মোক্ষের জন্য ইচ্ছা।

(২) ব্রহ্মই জগৎ কারণ।

২ সূঃ জন্মাদ্যস্য যতঃ।

যতঃ যাঁহা হইতে অস্য এই বিশ্বের জন্মাদি জন্ম স্থিতি ভঙ্গ হইতেছে, তিনিই ব্রহ্ম। যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রযন্ত্যভি সংবিশন্তি যাঁহা হইতে এই ভূতগণ জন্মগ্রহণ করে, যাঁহা হইতে জাত জীবগণ রক্ষিত হয় এবং পরিশেষে যাঁহাতে সংহৃত হইয়া প্রবিষ্ট হয়, তিনিই ব্রহ্ম।

(৩) ব্রহ্ম সর্ব্বজ্ঞ।

৩ সূঃ শাস্ত্র যোনিত্বাৎ।

১ম বর্ণক। "শাস্ত্র" ঋগ্ যজু সাম অথর্ব্ব চতুর্ব্বেদের ঈশ্বর "যোনি" উৎপত্তি স্থান। শাস্ত্র তাঁহা হইতে উদ্‌ভূত হইয়াছে। অস্য মহতো ভূতস্য নিশ্বসিত মেতদ্ যদ্ ঋগ্বেদ্! চতুর্ব্বেদ সেই মহান্ পুরুষের নিশ্বাসের ন্যায় অবলীলাক্রমে আবির্ভূত হইয়াছে।

২য় বর্ণক। ব্রহ্ম অবাঙ্‌মনসগোচর, অতএব এক "শাস্ত্রই" তাঁহার "যোনি" অর্থাৎ প্রমাণ। আচার্য্যবান্ পুরুষো বেদ। আচার্য্যবান পুরুষই তাঁহাকে জানিতে পারেন।

শাস্ত্র কি?

ঋগ্ যজু সামাথর্ব্বাশ্চ ভারতং পঞ্চরাত্রকং।
মূলং রামায়ণ ঞ্চৈব শাস্ত্র মিত্যভিধীয়তে॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঋক্ যজু সাম অথর্ব্ব এই চারি বেদ, মহাভারত, নারদ পঞ্চরাত্র ও মূল রামায়ণ এই কয়টীকে শাস্ত্র বলে।

(৪) ব্রহ্মই উপনিদের তাৎপর্য্য।

৪ সূঃ তত্তু সমন্বয়াৎ।

জৈমিনি বলেন বেদে কেবল কর্ম্ম উপদেশ। কর্ম্ম ছাড়া আর যাহা উপদেশ তাহা অনর্থক। "তু" জৈমিনির এই সিদ্ধান্ত ঠিক নহে কারণ "তৎ" ব্রহ্ম সমন্বয়াৎ সমন্বয় হেতু সর্ব্ব উপনিষদের তাৎপর্য্য বা পর্য্যবসান। উপক্রম উপসংহার, অভ্যাস, অপূর্ব্বতা, ফল, অর্থবাদ ও উপপত্তি এই ছয়টী লিঙ্গ দ্বারা তাৎপর্য্য নির্ণয় করিতে হয়। (১) উপক্রম উপসংহার প্রারম্ভে ও শেষে যাহার বিবৃতি (২) অভ্যাস পুনঃ পুনঃ যাহার উল্লেখ (৩) অপূর্ব্বতা নূতনত্ব (৪) ফল মোক্ষই ফল। (৫) অর্থবাদ প্রশংসা (৬) উপপত্তি যুক্তি। এই ছয়টী লিঙ্গ দ্বারা তাৎপর্য্য নির্ণয় করিতে হয়। ইহার নাম সমন্বয়।

(১) উপক্রম-উপসংহার প্রকরণের আদিতে ও অন্তে যে বস্তুর নির্দ্দেশ করা যায়, সেইটী প্রতিপাদ্য বুঝিতে হইবে। ছান্দোগ্যের ষষ্ঠ প্রপাঠকে পিতা ভৃগু পুত্র শ্বেতকেতুকে প্রকরণের আদিতে একমেবাদ্বিতীয়ম্ অর্থাৎ ত্রিবিধ-ভেদ-শূন্য এবং প্রকরণের অন্তে এতৎ আত্মন্ ইদম্ সর্ব্বম্ সমস্ত আত্মময় বলিয়াছেন, ইহা দ্বারা অদ্বিতীয় ব্রহ্ম প্রতিপাদ্য বুঝিতে হইবে।

(২) অভ্যাস। পুনঃ পুনঃ প্রতিপাদন করার নাম অভ্যাস। যে বস্তু পুনঃ পুনঃ প্রতিপাদিত হইয়াছে, সেই বস্তু প্রকরণের প্রতিপাদ্য বুঝিতে হইবে। উক্ত প্রপাঠকে নয় বার তত্ত্বমসি বাক্য দ্বারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অদ্বিতীয় ব্রহ্ম শ্বেতকেতুকে বুঝান হইয়াছে। ইহা দ্বারা অদ্বৈত ব্রহ্মই প্রতিপাদ্য বুঝিতে হইবে।

(৩) অপূর্ব্বতা। প্রতিপাদ্য বস্তু যদি অন্য প্রমাণের বিষয় না হয়, তাহা হইলে সেই বস্তুর অপূর্ব্বতা সিদ্ধ হয় এবং সেই প্রমাণের তাহা প্রতিপাদ্য বুঝিতে হইবে। তং তু উপনিষদং পৃচ্ছামি অর্থাৎ ব্রহ্ম মাত্র উপনিষদ্ বেদ্য বলা হইয়াছে। ইহা দ্বারা অদ্বিতীয় ব্রহ্ম প্রতিপাদ্য বুঝিতে হইবে। অসংসারী আত্মার জ্ঞান ছাড়া অন্য যাহা কিছুর জ্ঞান সংস্কার বশে জানা হয়। যেরূপ জাত মাত্রের স্তন্য পানাদির জ্ঞান সংস্কারবশে জ্ঞাত হয়। সেইরূপ কর্ম্মের জ্ঞানও সংস্কার বশে জ্ঞাত হয়। কিন্তু পরমাত্ম জ্ঞান উপনিষৎ ও গুরু ছাড়া হয় না।

(৪) ফল। প্রকরণের অনুশীলনের ফল দ্বারা প্রতিপাদ্য বুঝিতে হইবে। মুক্তিই ব্রহ্মজ্ঞানের ফল বলা হইয়াছে। তরতি শোকম্ আত্মবিৎ আত্মজ্ঞ ব্যক্তি সংসার অতিক্রম করেন। ব্রহ্ম বেদ ব্রহ্ম ভবতি যিনি ব্রহ্মকে জানেন তিনি ব্রহ্ম হইয়া যান। ইহা দ্বারা অদ্বিতীয় ব্রহ্মই প্রতিপাদ্য বুঝিতে হইবে।

(৫) অর্থবাদ। অর্থবাদ অর্থাৎ প্রশংসা বাক্য। যে বস্তুর প্রশংসা করা হয় সেই বস্তুই প্রতিপাদ্য বুঝিতে হইবে। অদ্বিতীয় ব্রহ্মকেই উক্ত প্রপাঠকে প্রশংসা করা হইয়াছে। যথা—"যেন অশ্রুতং শ্রুতং ভবতি অমতং মতম্ অবিজ্ঞাতং বিজ্ঞাতম্।" যাহা শ্রুত হইলে অশ্রুত বিষয় শ্রুত হয়। যাহা মত হইলে অমত বিষয় মত হয়। যাহা বিজ্ঞাত হইলে অবিজ্ঞাত বিষয় বিজ্ঞাত হয়। এই প্রশংসা বাক্য দ্বারা বুঝা যায় যে অদ্বিতীয় ব্রহ্মই তাৎপর্য্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬) উপপত্তি। প্রতিপাদনের যোগ্য যুক্তি কে উপপত্তি বলে। যুক্তির সহায়ে প্রতিপাদ্য বুঝিতে হইবে। যথা "একেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাৎ বাচারম্ভণং বিকারঃ নামধেয়ং মৃত্তিকৈব সত্যম্। একটী মৃৎপিণ্ড জানিলে সমস্ত মৃণ্ময় পদার্থ জানা যায়। ঘট শরাব মৃত্তিকা মাত্র। বিকার কেবল বাক্য দ্বারা আরব্ধ হয়। উহা নাম মাত্র। যুক্তি দ্বারা বৈকারিক নিরাকৃত হইয়াছে এবং ব্রহ্মের পারমার্থিকতা বুঝান হইয়াছে। ইহা দ্বারা বুঝা যায় অদ্বিতীয় ব্রহ্ম বস্তুই প্রতিপাদ্য। উপরোক্ত কয়েকটি লিঙ্গ দ্বারা বুঝা যায় শ্রুতিতে অদ্বিতীয় ব্রহ্মই প্রতিপাদিত হইয়াছে।

যাঁহা হইতে জগতের সৃষ্টি স্থিতি প্রলয় হইতেছে, তিনিই ব্রহ্ম। উপনিষদ্ ছাড়া অন্য কোন উপায়ে ব্রহ্মকে জানা যায় না, অর্থাৎ উপনিষৎই ব্রহ্মের একমাত্র প্রতিপাদক। ব্রহ্ম উপদেশই উপনিষদের আদি অন্ত মধ্য। সেই ব্রহ্মকে জানিলে মোক্ষ লাভ হয়। মোক্ষ অপেক্ষা অন্য পুরুষার্থ শ্রেষ্ঠ হইতে পারে না, কারণ উহা অবিনশ্বর। যে সে ব্রহ্ম বিচার করিবে ইহা ঠিক নহে। যাঁহার অন্তঃকরণ নিতান্ত নির্ম্মল, তিনিই ব্রহ্ম বিচার করিবেন। প্রথম চারিটী সূত্রের ইহাই মর্ম্মার্থ।

(৫) প্রধান জগৎ কারণ নহে ব্রহ্ম জগৎকারণ।

সৃষ্টি আলোচনা পূর্ব্বক

৫ সূঃ ঈক্ষতে র্নাশব্দম্।

"ন" প্রধান জগৎ কারণ নহে, প্রধান অচেতন। অশব্দম্ অচেতন প্রধান জগৎ কারণ শ্রুতিতে প্রতিপাদিত হয় নাই। কারণ ঈক্ষতেঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগৎকারণ আলোচক চেতন বলিয়া কথিত। ছান্দোগ্যে তদৈক্ষত বহুস্যাং প্রজায়েয় তিনি আলোচনা করিলেন বহু হইব উৎপন্ন হইব।

ঈক্ষণ গৌণ নহে।

৬ সূঃ গৌণশ্চেন্নাত্মশব্দাৎ।

অচেতন প্রধানই জগৎ কারণ। ঈক্ষণ কর্ত্তৃত্ব বিশেষণ আছে বটে তাহা গৌণঃ ঔপচারিক। উপচার ক্রমে বলা হইয়াছে তিনি ঈক্ষণ করিলেন, চেৎ ন ইহা যদি বল তাহা হইতে পারে না, আত্মশব্দাৎ কারণ তাঁহাতে আত্ম শব্দ বিশেষণ রহিয়াছে। অচেতনে আত্ম শব্দের প্রয়োগ হইতে পারে না।

মোক্ষোপদেশ।

৭ সূঃ তন্নিষ্ঠস্য মোক্ষোপদেশাৎ।

তন্নিষ্ঠস্য ব্রহ্মনিষ্ঠের মোক্ষোপদেশাৎ মোক্ষ হয়, শাস্ত্রে কথিত হইয়াছে, সেজন্য ব্রহ্ম গৌণ কারণ নহে, কিন্তু মুখ্য কারণ। "তত্ত্বমসি" তুমিই সেই এই বাক্যে চেতনে নিষ্ঠা কথিত হইয়াছে, অচেতনে নিষ্ঠা করিতে বলা হয় নাই। অতএব জগৎ কারণ অচেতন হইতে পারে না। অচার্য্যবান পুরুষো বেদ আচার্য্যবান পুরুষ এই তত্ত্ব জানিতে পারেন। তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেহথ সম্পৎস্যে তাঁহার সেই কাল পর্য্যন্ত বিলম্ব যে পর্য্যন্ত না তাঁহার দেহপাত হয়। দেহপাত হইলেই তিনি ব্রহ্ম প্রাপ্ত হয়েন।

নেতি নেতি দ্বারা সর্ব্ব ত্যাগ।

৮ সূঃ হেয়ত্বাবচনাচ্চ।

আত্মার হেয়ত্বাবচনাৎ আত্মার হেয়ত্ব কথিত হয় নাই। নেতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নেতি বাক্য দ্বারা দেহ নহে মন নহে প্রাণ নহে ইত্যাদি সব ছাড়িয়া পরমাত্মা ব্রহ্মের উপদেশ দেওয়া হইয়াছে।

সুষুপ্তিতে আত্মায় জীবের লয়।

৯ সূঃ স্বাপ্যয়াৎ।

"স্ব" নিজেতে আত্মাতে অপ্যয়াৎ লয় হয়। সুষুপ্তিকালে জীব আত্মাতে লীন হয়েন প্রকৃতিতে লীন হয়েন না। অতএব ব্রহ্ম মূখ্য। প্রধান সৎ নহে। সতা সৌম্য তদা সম্পন্নো ভবতি তিনি সতের সহিত একীভূত হয়েন।

ব্রহ্ম জগৎ কারণ সর্ব্ব বেদান্ত সম্মত।

১০ সূঃ গতি সামান্যাৎ।

ব্রহ্ম মূল কারণ "গতি" এই অবগতি "সামান্যাৎ" সর্ব্ব বেদান্তে রহিয়াছে। ব্রহ্ম মূল কারণ সর্ব্ব বেদান্ত সম্মত। তস্মাৎ বা এতস্মা-দাত্মনঃ আকাশঃ সম্ভূতঃ সেই এই আত্মা হইতে আকাশ আবির্ভূত হইয়াছে।

শ্রুতিতে ব্রহ্ম জগৎ কারণ।

১১ সূঃ শ্রুতত্বাচ্চ।

ব্রহ্ম মূল কারণ "শ্রুত" শ্বেতাশ্বতর উপনিষদে কথিত হইয়াছে। সর্ব্বজ্ঞ মীশ্বরং প্রকৃত্যকারণং কারণাধিপাধিপো ন চাস্য কশ্চিৎজনিতা ন চাধিপঃ। সেই সর্ব্বজ্ঞ ঈশ্বরই জগতের কারণ এবং জীবগণের অধিপতি। তাঁহার জনক নাই, অধিপতি নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬) ব্রহ্ম আনন্দময়।

আনন্দময়

১২ সূঃ আনন্দ ময়োঽভ্যাসাৎ।

অভ্যাসাৎ শাস্ত্রে পুনঃ পুনঃ উপদেশ রহিয়াছে ব্রহ্ম আনন্দময়ঃ আনন্দময়। রসোবৈ সঃ তিনি রস স্বরূপ। আনন্দং ব্রহ্ম ব্রহ্ম আনন্দ স্বরূপ। আনন্দং ব্রহ্মনো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন সে ব্রহ্মানন্দ পাইলে কিছুতে ভয় থাকে না। বিজ্ঞানং আনন্দং ব্রহ্ম ব্রহ্ম বিজ্ঞান ও আনন্দ। ব্রহ্ম আনন্দময় অতএব প্রধান আনন্দময় নহে।

প্রচুর অর্থে ময়ট্ প্রত্যয়।

১৩ সূঃ বিকার শব্দান্নেতি চেন্ন প্রাচুর্য্যাৎ।

"বিকারশব্দাৎ ন" ময়ট্ শব্দ দ্বারা সবিকার প্রধান বা জীব বুঝায়, ব্রহ্ম বুঝায় না, "ইতিচেৎ ন" ইহা বলিতে পার না, প্রাচুর্য্যাৎ ময়ট্ শব্দ প্রাচুর্য্যার্থে ব্যবহৃত হয়। আনন্দময় অর্থাৎ আনন্দ প্রচুর। ব্রহ্মই আনন্দময়।

আনন্দ দাতা।

১৪ সূঃ তদ্ধেতু ব্যপদেশাচ্চ।

"তৎ" তস্য আনন্দ প্রচুরের হেতুব্যপদেশাৎ হেতু নির্দ্দেশ আছে। এষহ্যেবানন্দয়তি ইনি আনন্দ দান করিয়া থাকেন। তিনি আনন্দ প্রচুর বলিয়া আনন্দ দান করিতে পারেন। ব্রহ্মই আনন্দের মূল।

শ্রুতিতে ব্রহ্ম আনন্দ।

১৫ সূঃ মান্ত্র বর্ণিকমেব চ গীয়তে।

মান্ত্রবর্ণিকম্ মন্ত্র শ্রুতি বর্ণ ব্রাহ্মণ। মন্ত্র সূত্রভূত শ্লোক বর্ণ বা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রাহ্মণ তাহার ব্যাখ্যা। মন্ত্রে ও বর্ণে অর্থাৎ সূত্রে ও ব্যাখ্যায় সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম বলিয়া গীয়তে পরিগীত হইয়াছেন। অতএব আনন্দময় ব্রহ্ম।

জীব আনন্দময় নহে

১৬ সূঃ নেতরো নোপপত্তেঃ।

ইতরঃ জীব, জীব আনন্দময় একথা ন উপপত্তেঃ কোন শ্রুতিতে উপপন্ন হয় নাই।

জীব ও ব্রহ্মে ভেদ।

১৭ সূঃ ভেদ ব্যপদেশাচ্চ।

রসোবৈ সঃ রসং হ্যেবায়ং লব্ধা নন্দী ভবতি তিনিই রস। তিনি সেই রস লাভ করিয়া আনন্দিত হয়েন। ভেদ ব্যবদেশাৎ ভেদ নির্দ্দেশ হেতু পরমাত্মা লব্ধব্য জীব লব্ধা, এইরূপ জীব ও পরমাত্মার ভেদ কথিত হইয়াছে। সেজন্য ব্রহ্মই আনন্দময় জীব আনন্দময় নহে।

কামনা বা ইচ্ছাপূর্ব্বক সৃষ্টি।

১৮ সূঃ কামাচ্চ নানুমানাপেক্ষা।

"কামাৎ" ব্রহ্ম ইচ্ছা পূর্ব্বক সৃষ্টি করিলেন শ্রুতিতে রহিয়াছে, অতএব ন অনুমানাপেক্ষা অতএব প্রধানকে জগৎ কারণ বলিবার অপেক্ষা নাই। সোঽকাময়ত বহুস্যাং তিনি কামনা করিলেন বহু হইব।

জীবের ব্রহ্মে যোগ।

১৯ সূঃ অস্মিন্নস্য চ তদ্যোগং শাস্তি।

অস্মিন্ ব্রহ্মে অস্য জীবের যোগং শাস্তি যোগ উপদেশ রহিয়াছে "তৎ" সেহেতু ব্রহ্ম আনন্দময়। যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যেঽনাত্ম্যেঽ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিরুক্তেঽনিলয়নে অভয়ং প্রতিষ্ঠাং বিন্দতে অথ সোঽভয়ং গতো ভবতি এই জীব যখন স্থূলপ্রপঞ্চাতীত অশরীর বাক্যের অগোচর মায়াতীত অব্যয় ব্রহ্ম ভাব প্রতিষ্ঠা লাভ করে, তখন সে ব্রহ্মত্ব প্রাপ্ত হয়। শ্রুতি বলিয়াছেন আনন্দময় আত্মাকে জানিলে জীবের আনন্দময় ভাব অর্থাৎ মুক্তি লাভ হয়। সেহেতু ব্রহ্মই আনন্দময়, জীব বা প্রধান আনন্দময় নহে।

(৭) আদিত্য মণ্ডলবর্ত্তি হিরণ্ময় পুরুষ ঈশ্বর।

আদিত্য মণ্ডলবর্ত্তি পুরুষ ঈশ্বর।

২০ সূঃ অন্তস্তদ্ধর্ম্মোপদেশাৎ।

অন্তঃ আদিত্যান্তর্গত পুরুষের "তদ্ধর্ম্ম" ঈশ্বরত্ব "উপদেশাৎ" উপদেশ আছে, ইহার হেতু ঐখানেই পাপমুক্ততা প্রভৃতি পরমাত্মার লক্ষণ কথিত হইয়াছে। ছান্দোগ্য ব্রাহ্মণে যিনি আদিত্যের অন্তরে উপাস্য-রূপে উপদিষ্ট হইয়াছেন তিনি পরমাত্মা। অথ য এষোঽন্তরাদিত্যে হিরণ্ময়ঃ পুরুষো দৃশ্যতে হিরণ্যশ্মশ্রু র্হিরণ্যকেশ আপ্রনখাৎ সর্ব্বঃ এব স্থবর্ণ তস্য যথা কপ্যাসম্ পুণ্ডরীক মেব মক্ষিণী তস্যোদিতি নাম স এষ সর্ব্বেভ্যঃ পাপেভ্যঃ উদিতঃ উদেতি হবৈ সর্ব্বেভ্যঃ পাপ্মভ্যো য এবং বেদেত্যধিদৈবতমথাধ্যাত্ম মপ্যথ য এষোঽন্তরক্ষিণি পুরুষো দৃশ্যতে আদিত্য মণ্ডলে তাহার অভ্যন্তরে উপাসকগণ কর্ত্তৃক হিরণ্ময় জ্যোতির্ম্ময় পুরুষ দৃষ্ট হন উপাসিত হন, সেই হিরণ্ময় পুরুষের শ্মশ্রু হিরণ্ময় কেশ ও হিরণ্ময়, অধিক কি তাঁহার নখাগ্র পর্য্যন্ত সমস্তই হিরণ্ময়, তাঁহার চক্ষুদ্বয় মর্কটপুচ্ছ মূলবর্ণের পুণ্ডরীক সদৃশ সদ্য বিকশিত রক্তোৎপল তুল্য। তাঁহার নাম "উৎ"। যে উপাসক ইহা জানে সে উৎ সর্ব্ব পাপ মুক্ত হয়। আদিত্য দেবতা অধিকার করিয়া, উঁহারই অধ্যাত্ম উপাসনা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিতেছি, এই নেত্রে নেত্রের অভ্যন্তরে যে পুরুষ উপাসক কর্ত্তৃক দৃষ্ট-হন উপাসিত হন ইত্যাদি।

জীব ও ঈশ্বর ভেদ .

২১ সূঃ ভেদব্যপদেশাচ্চান্যঃ।

আদিত্য শরীরের আদিত্য জীব। ভেদ ব্যপদেশাৎ কিন্তু ভেদ উপদেশ হেতু হিরণ্ময় পুরুষের ঈশ্বরত্ব বিশেষিত হইতেছে। শ্রুতিতে ঈশ্বর আদিত্যশরীরাভিমানী জীব হইতে পৃথক বলিয়া উপদিষ্ট হওয়ায়, আদিত্যান্তর্গত উপাস্য পুরুষ জীব নহে, অন্যঃ পরমেশ্বর। যে শরীরে যে অভিমানী সে শরীরের সেই জীব। কিন্তু ভেদ উপদেশ হেতু হিরণ্ময় পুরুষ ঈশ্বর। য আদিত্যে তিষ্ঠন্ আদিত্যাদন্তরো যমাদিত্যো ন বেদ যস্যাদিত্যঃ শরীরং য আদিত্য মন্তরো যময়ত্যেষ ত আত্মাহন্ত-র্যাম্যমৃত। যিনি আদিত্যস্থ রশ্ম্যাদি নহেন, অথচ আদিত্যে আছেন, আদিত্য যাঁহাকে জানে না, অথচ আদিত্য যাঁহার শরীর, যিনি আদি-ত্যের অন্তরে থাকিয়া, আদিত্যকে নিয়মন করেন, তিনিই তোমার আত্মা, তিনি অন্তর্য্যামী ও অমৃত পুরুষ।

(৮) আকাশ শব্দে ব্রহ্ম বুঝিতে হইবে।

২২ সূঃ আকাশ স্তল্লিঙ্গাৎ।

"আকাশ" অর্থাৎ চতুর্দ্দিকে যাহার প্রকাশ হইতেছে এই শব্দ তল্লিঙ্গাৎ ব্রহ্ম সূচক। ছান্দোগ্যে শালাবত্য নামক ব্রাহ্মণ জৈবলি নামক রাজাকে প্রশ্ন করেন অস্য লোকস্য কা গতি রিত্যাকাশ ইতি হোবাচ সর্ব্বানি হবা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপদ্যন্তে আকাশং প্রত্যস্তং যন্তি আকাশো হ্যেবৈভ্যো জ্যায়ানাকাশঃ পরায়ণ মিতি শালাবত্য প্রশ্ন করেন, ঐ সকল লোকের আশ্রয় কি? জৈবলি উত্তর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেন আকাশ। আকাশ হইতেই এই সকল ভূত জন্মে, আকাশেই অস্তমিত হয়। আকাশ এই সমুদায়ের জ্যেষ্ঠ এবং আকাশ এই সমুদায়ের আশ্রয় মূলাধার।

(৯) প্রাণ শব্দে ব্রহ্ম বুঝিতে হইবে।

২৩ সূঃ অত এব প্রাণঃ।

অতএব ব্রহ্মলিঙ্গ থাকা হেতু প্রাণ শব্দে ব্রহ্ম বুঝিতে হইবে। ওঙ্কারে ব্রহ্মবুদ্ধি অর্পণ পূর্ব্বক সামগান পূর্ব্বক ব্রহ্ম উপাসনা করার নাম উদ্‌গীথ উপাসনা। ছান্দোগ্যের উদ্‌গীথ প্রকরণে প্রস্তোতর্বা দেবতা হে প্রস্তোতঃ ধ্যানের জন্য যে দেবতা অনুগত আছেন, ইহার পর, কত মা সো দেবতা ইতি প্রাণ ইতি হোবাচ সর্ব্বানি হবা ইমানি ভূতানি প্রাণমেবাভিসংবিশন্তি প্রাণ মভ্যুজ্জিহতে সৈষা দেবতা। সে দেবতা কি? এই প্রশ্নের উত্তর দেওয়া হইয়াছে তাহা প্রাণ, কেননা এই সব ভূত প্রাণে লয় প্রাপ্ত হয়, আবার প্রাণ হইতে জন্মে, প্রাণই প্রস্তাবে (সামগণের অংশ বিশেষ) অনুগত আছে।

(১০) জ্যোতি শব্দে ব্রহ্ম বুঝিতে হইবে।

জ্যোতি ব্রহ্ম।

২৪ সূঃ জ্যোতিশ্চরণাভিধানাৎ।

জ্যোতিঃ জ্যোতি শব্দে চরণাভিধানাৎ ব্রহ্মের চরণাভিধান (নাম) থাকা হেতু জ্যোতি শব্দে ব্রহ্ম বুঝায়। পাদোঽস্য সর্ব্বভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি। বিশ্ব তাঁহার এক পাদ আর ত্রিপাদ অমৃত। ছান্দোগ্যোক্ত জ্যোতি শব্দ ব্রহ্ম বোধক, ভৌতিক জ্যোতিবোধক নহে। ঐ জ্যোতির পাদ এই বিশ্ব এইরূপ অভিহিত হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছন্দ নহে।

২৫ সূঃ ছন্দো ভিধানান্নেতি চেন্ন তথা চেতোর্পণ নিগদাত্তথাহি দর্শনং।

ছন্দোভিধানাৎ গায়ত্রী বলিলে গায়ত্রী ছন্দ অভিহিত হওয়ায়, ন. ব্রহ্ম নহে, ইতিচেৎন তাহা হইতে পারে না। তথা চেতোঽর্পণ নিগদাৎ কারণ ঐ বাক্যে গায়ত্রী অবলম্বন পূর্ব্বক ব্রহ্মে চিত্তার্পণ করিবার উপদেশ আছে। গায়ত্রী বা ইদম্ সর্ব্বম্ এ সমস্তই গায়ত্রী। তথাহি দর্শনং অন্য শ্রুতিতেও অন্যান্য বিকার অবলম্বন পূর্ব্বক ব্রহ্মোপাসনা করিবার বিধান দৃষ্ট হয়। এতং হ্যেব বহ্বৃচা মহত্যুক্‌থে মীমাংসন্ত এতমগ্নাবধ্বর্য্যব এতং মহাব্রতে ছন্দোগা। ঋগ্বেদীরা এই পরমাত্মাকে উক্‌থে (স্তুতি মন্ত্র বিশেষে), যজুর্বেদীরা অগ্নিতে, সামবেদীরা যজ্ঞে উপাসনা করেন।

ত্রিপাদ অমৃত।

২৬ সূঃ ভূতাদি পাদ ব্যপদেশোপপত্তে শৈচবং।

ভূতাদিপাদব্যপদেশ ভূতাদি অর্থাৎ ভূত, পৃথিবী, শরীর ও হৃদয় এই চারিটি গায়ত্রীর পাদ উপদেশ আছে বটে, "এবং উপপত্তে" কিন্তু এই চারিটি ব্রহ্ম ভিন্ন অন্য পদার্থে সম্ভব হয় না, পাদোঽস্য বিশ্বভূতানি ত্রিপদস্যামৃতং দিবি বিশ্ব তাঁহার এক পাদ, আর ত্রিপাদ অমৃত; অতএব গায়ত্রী শব্দ ব্রহ্ম বোধক।

জ্যোতি পর ব্রহ্ম।

২৭ সূঃ উপদেশ ভেদান্নেতি চেন্নোভয়স্মিন্নপ্য বিরোধাৎ।

উপদেশ ভেদাৎ পঞ্চমী বা সপ্তমী উপদেশ বিভিন্ন থাকায়, "ন" ব্রহ্ম অর্থ নহে, ইতি চেৎ ন তাহা নহে, উভয়স্মিন্ অপি অবিরোধাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উভয় প্রয়োগে অবিরোধ হেতু, জ্যোতি শব্দের বাচ্য পরব্রহ্ম। দিবো পরম্ জ্যোতিঃ দিবঃ পঞ্চমী বিভক্তি, ত্রিপদস্যামৃতং দিবি দিবি সপ্তমী বিভক্তি, এই রূপ বিভক্তি ভেদ হইলেও, "দিবি ব্রহ্ম" "দিবের উপরে ব্রহ্ম" অর্থ ভেদ হইতেছে না। বৃক্ষাগ্রাৎ পরতঃ শ্যেনঃ, বৃক্ষাগ্রে শ্যেনঃ, বৃক্ষের অগ্রে শ্যেন, বৃক্ষের উপরে শ্যেন, উভয় একার্থ প্রতিপাদক। অতএব জ্যোতি ব্রহ্মবোধক।

(১১) প্রাণ শব্দ ব্রহ্মবোধক

প্রাণ ব্রহ্ম

২৮ সূঃ প্রাণ স্তথানুগমাৎ

তথা কৌষীতকি উপনিষদে যে প্রাণোপাসনা কথিত আছে, সে প্রাণঃ প্রাণ ব্রহ্ম। অনুগমাৎ অন্বয়াগমহেতু শব্দার্থ পর্য্যালোচনা করিলে, প্রাণ শব্দে ব্রহ্ম অর্থ হয়। ইন্দ্র প্রতর্দ্দনকে বলিয়াছিলেন প্রাণোস্মি আমি প্রাণ। স এব প্রাণঃ তিনিই প্রাণ।

অহং ব্রহ্ম

২৯ সূঃ ন বক্তু রাত্মোপদেশাদিতি চেদধ্যাত্ম সম্বন্ধ ভূমাহ্যস্মিন্॥

ত্বং মামায়ুরমৃতমুপাসস্ব তুমি আমাকে আয়ু, অমৃতরূপ, উপাসনা কর। বক্তুঃ ইন্দ্র প্রাণকে উপাস্য না বলিয়া, আত্মোপদেশাৎ আপনাকে উপাস্য বলিতেছেন, ইতি চেৎ ইহা যদি বল, অস্মিন্ ঐ অধ্যায়ে অধ্যাত্মসম্বন্ধভূমা হি প্রত্যগাত্মা সম্বন্ধে ভূমা বাহুল্য বহু পরমাত্মাবোধক উপদেশ আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বামদেববৎ

৩০ সূঃ শাস্ত্র দৃষ্ট্যাতূপদেশো বামদেববৎ ॥

শাস্ত্রদৃষ্ট্যা তু শাস্ত্রদৃষ্টিতে ব্রহ্মাস্মি জ্ঞান দ্বারা বামদেববৎ বামদেব ঋষির ন্যায় উপদেশঃ ইন্দ্র ঐ রূপ উপদেশ প্রতর্দ্দনকে দিয়াছিলেন। বামদেব শিষ্যকে ব্রহ্মৈবাস্মি, ব্রহ্মৈবাহং আমি ব্রহ্ম উপদেশ দিয়াছিলেন। ইন্দ্র বামদেব ঋষির ন্যায় ঐ বাক্য বলিয়াছিলেন। বামদেব ব্রহ্ম সাক্ষাৎ করার পর বলিয়াছিলেন আমিই মনু আমিই সূর্য্য।

প্রাণ ব্রহ্ম

৩১ সূঃ জীবমুখ্য প্রাণ লিঙ্গান্নেতি চেন্নোপাসা ত্রৈবিধ্যা-শ্রিতত্বাদিহ তদ্‌যোগাৎ ॥

ন বাচং বিজিজ্ঞাসীত বক্তারং বিদ্যাৎ বাক্যকে জানিও না, যে বক্তা তাহাকে জানিও। অথ খলু প্রাণ এব প্রজ্ঞাত্মেদং শরীরং পরিগৃহ্যোত্থাপয়তি প্রাণই প্রজ্ঞাত্মা জীব এবং প্রাণই শরীরকে বিধৃত রাখিয়াছে। জীব-মুখ্য-প্রাণ-লিঙ্গাৎ জীব বোধক ও মুখ্য প্রাণ বোধক ধর্ম্ম দৃষ্ট হইতেছে বলিয়া, "ন" ব্রহ্মোপদেশ নহে, ইতি চেৎ ন ইহা বলিও না, উপাসনাত্রৈবিধ্যাশ্রিতত্বাৎ তাহা হইলে এক বাক্যে জীব প্রাণ ও ব্রহ্ম এই তিনের উপাসনা বিধান স্বীকার করিতে হয়, সেজন্য পূর্ব্বে যেমন প্রাণ শব্দ ব্রহ্মপর ব্যাখ্যা করিয়াছে, সেইরূপ ব্রহ্ম পর ব্যাখ্যা করিতে হইবে, তদ্‌যোগাৎ ব্রহ্ম লিঙ্গ যোগ হেতু ব্রহ্মোপদেশ বলিয়া স্বীকার করিতে হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় পাদ

(১) ব্রহ্ম উপাস্য

ব্রহ্ম উপাস্য

১ সূঃ সর্ব্বত্র প্রসিদ্ধোপদেশাৎ

"সর্ব্বত্র" সকল উপনিষদে "প্রসিদ্ধ" পরমাত্মার "উপদেশাৎ" উপাসনা উপদিষ্ট হইয়াছে। সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলান্ এসমুদায় ব্রহ্ম যেহেতু সমুদায় তজ্জ তল্ল তদন্ এ সমুদায় ব্রহ্ম যেহেতু তাঁহা হইতে জন্মে তাঁহাতে লয় হয় এবং তাঁহাতে স্থিতি করে। সেজন্য রাগদ্বেষবর্জ্জিত হইয়া উপাসনা করিবে।

তিনি সত্যসংকল্প।

২ সূঃ বিবক্ষিত গুণোপপত্তেশ্চ

যেহেতু বিবক্ষিতগুণ উপাদেয় গুণ সত্যসংকল্পত্বাদি গুণ পরমাত্মাতেই উপপত্তেঃ উপপন্ন হয়, জীবে উপপন্ন হয় না। অতএব পরমাত্মাই উপাস্য। য আত্মাঽপহতপাপ্মা সত্যকামঃ সত্যসংকল্পঃ সৃষ্টি স্থিতি সংহারের অপ্রতিহত শক্তি থাকায়, ব্রহ্ম সত্য সংকল্প, তিনি পাপরহিত।

জীব উপাস্য নহে

৩ সূঃ অনুপপত্তে স্তু ন শারীরঃ ॥

শারীরঃ জীব "ন" উপাস্য নহে, কারণ অনুপপত্তেঃ সত্যসংকল্পত্বাদি গুণ জীবে উপপন্ন নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্ম প্রাপ্য জীব প্রাপক

৪ সূঃ কর্ম্ম-কর্ত্তৃ ব্যপদেশাচ্চ ॥

প্রাপ্য-প্রাপক ব্যপদেশ থাকা হেতু, জীব উপাস্য নহে, ব্রহ্মই উপাস্য। শ্রুতি উপাস্য আত্মাকে উপাসক শারীরের প্রাপ্য বলিয়াছেন, সেহেতু পরমাত্মা উপাস্য। এতমিতঃ প্রেত্যাভি সম্ভবিতাস্মি আমি দেহ পাতের পর ইহাঁকে প্রাপ্ত হইয়াছি।

জীব ভিন্ন

৫ সূঃ শব্দবিশেষাৎ।

বোধক শব্দের ভিন্নতা থাকাতে, জীব উপাস্য নহে ব্রহ্মই উপাস্য। ব্রীহি বা যবো বা শ্যামাকো বা শ্যামাক তণ্ডুলো এবময়মন্তরাত্মন্ পুরুষো হিরণ্ময়ঃ ব্রীহি বা শ্যামাক শ্যামাকতণ্ডুল যদ্রূপ অন্তরাত্মায় হিরণ্ময় পুরুষ ও তদ্রূপ। এই শ্রুতিতে জীবকে অন্তরাত্মায় সপ্তমী বিভক্তি, উপাস্য ব্রহ্মকে প্রথমা বিভক্তি উপদেশ করিয়াছেন। এই ভেদ উভয়ের ভেদবোধক।

জীবের হৃদয়স্থ ঈশ্বর

৬ সূঃ স্মৃতেশ্চ।

গীতা শাস্ত্রে হৃদিস্থ ঈশ্বরকে জীব হইতে ভিন্ন করিয়াছেন, অতএব জীব উপাস্য নহে। ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশে অর্জ্জুন তিষ্ঠতি ঈশ্বর সর্ব্বভূতের হৃদয়ে রহিয়াছেন।

ব্রহ্ম সর্ব্বগত হইলেও উপাস্য।

৭ সূঃ অর্ভকৌক স্ত্বাত্তদ্ ব্যপদেশাচ্চ নেতিচেন্ন নীচায্যত্বাদেবং ব্যোমবচ্চ ॥

অর্ভকৌকস্ত্বাৎ অর্ভক অল্প ওকঃ স্থান যাহার, শ্রুতিতে তৎ আত্মার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অণুত্ব ব্যপদেশাৎ উক্ত আছে, অতএব ন জীব উপাস্য ব্রহ্ম নহে, ইতি চেৎ ন ইহা বলিও না, নীচায্যত্বাৎ চিন্তনীয় বলিয়া, এবং ব্যোমবৎ সর্ব্বব্যাপী আকাশের ন্যায় ব্রহ্ম পরিচ্ছিন্নদেশগত হইলেও উপাস্য।

জীব ভোক্তা ব্রহ্ম অভোক্তা

৮ সূঃ সম্ভোগ প্রাপ্তি রিতি চেন্ন বৈশেষ্যাৎ ॥

সম্ভোগপ্রাপ্তিঃ সর্ব্ব প্রাণীহৃদয়ে জীব ও ব্রহ্ম থাকেন এবং উভয় চিদ্রূপ অতএব জীবের ন্যায় পরমাত্মারও সুখাদির ভোগ সম্ভব, ইতি চেৎ ন ইহা বলিও না, বৈশেষ্যাৎ বিশেষ প্রভেদ আছে জীব সুখাদির ভোক্তা ব্রহ্ম ভোক্তা নহে। জীব ধর্ম্মাধর্ম্মযুক্ত ব্রহ্ম ধর্ম্মাধর্ম্মশূন্য।

(২) ব্রহ্ম জগৎ সংহর্ত্তা।

ব্রহ্ম হর্ত্তা

৯ সূঃ অত্তা চরাচর গ্রহণাৎ ॥

"অত্তা" কঠ শ্রুতিতে যাঁহাকে অত্তা ভক্ষক বলা হইয়াছে তিনি পরমাত্মা, চরাচরগ্রহণাৎ এই চরাচর তাঁহার অন্নরূপ কথিত হইয়াছে। চরাচরের সংহর্ত্তা ব্রহ্ম, জীব বা অগ্নি নহে। যস্য ব্রহ্ম চ ক্ষত্রঞ্চোভে ভবতঃ ওদনং মৃত্যুর্যস্যো পসেচনং ক ইত্থা বেদ যত্র সঃ ব্রাহ্মণ ও ক্ষত্রিয় যাহার ওদন অন্নভোজ্য, মৃত্যু যাহার উপসেচন ঘৃতাদি যাহা অন্নের সহিত মাখিয়া খাইতে হয়, সেই অত্তা বা ভক্ষক যাহাতে আছেন, তিনি যাহা, যে প্রকার, তাহা কে জানে! ব্রহ্মক্ষত্র চরাচর। চ জগৎ। পরমেশ্বর মৃত্যু মাখিয়া জগৎ ভোজন করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীব অত্তা নহে।

১০ সূঃ প্রকরণাচ্চ ॥

প্রকরণাৎ যেহেতু পরমাত্মার প্রস্তাবে অত্তা সংহর্ত্তা শব্দ কথিত হইয়াছে, এজন্য অত্তা শব্দে জীব বা অগ্নি নহে। অত্তা শব্দ ব্রহ্ম। ক ইত্থা বেদ কে তাঁহাকে জানিবে? এই দুর্জ্ঞেয়ত্ব ব্রহ্মবোধক।

(৩) জীব ও ব্রহ্ম হৃদ্‌গুহাগত।

জীব ও ব্রহ্ম হৃদ্‌গুহাগত

১১ সূঃ গুহাং প্রবিষ্টাবাত্মনৌ হি তদ্দর্শনাৎ ॥

গুহাং প্রবিষ্টৌ আত্মনৌ কঠ শ্রুতিতে দুইটী আত্মা গুহানিহিত কহিয়াছেন একটী জীব একটী পরমাত্মা। তদ্দর্শনাৎ শ্রুতিস্মৃতি দুই পদার্থ গুহাপ্রবিষ্ট বলিয়াছেন। দুইটী আত্মা জীবাত্মা ও পরমাত্মা হইতেছে। ঋতং পিবন্তৌ সুকৃতস্য লোকে গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধে ছায়াতপৌ ব্রহ্মবিদো বদন্তি পঞ্চাগ্নয়ো যে চ ত্রিনাচিকেতা সুকৃতের লোকে কর্ম্মজনিতদেহে পরমে পরার্দ্ধে ব্রহ্মদর্শনাযোগ্য হৃদয়প্রদেশে গুহা বিবর আছে। সেই বিবরে দুই ঋতপানকারী কর্ম্মফলভোগী প্রবিষ্ট আছে। ইহারা ছায়া ও আতপের ন্যায় পরস্পর বিরোধী। ব্রহ্মজ্ঞানী, কর্ম্মী, ও ত্রিনাচিকেতগণ (অর্থাৎ যাহারা নাচিকেত বাক্য অধ্যয়ন করিয়াছে) বলিয়া থাকেন অর্থাৎ জ্ঞাত আছেন!

জীব গন্তা ব্রহ্ম গন্তব্য

১২ সূঃ বিশেষণাচ্চ ॥

বিশেষণাৎ গন্তা ও গন্তব্য বিশেষণ জীব ও পরমাত্মার পক্ষেই সঙ্গত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়, সুতরাং জীব ও পরমাত্মা কথিত হইয়াছে। গন্তৃ গন্তব্য বিশেষ থাকায় জীব ও পরমাত্মা গুহাপ্রবিষ্ট, বুদ্ধি নহে। আত্মানং রথিন বিদ্ধি আত্মাকে রথী বলিয়া জানিবে।

(৪) ছায়াপুরুষ জীব বা অন্য দেব উপাস্য নহেন উপাস্য পরব্রহ্ম।

অক্ষি পুরুষ পরমেশ্বর

১৩ সূঃ অন্তর উপপত্তেঃ ॥

অন্তরঃ ছান্দোগ্য শ্রুতিতে চক্ষুতে যে আভ্যন্তর পুরুষ উপদিষ্ট হইয়াছে সে পুরুষ পরমেশ্বর। উপপত্তেঃ কারণ ঐ বাক্যে আত্মত্বাদি বিশেষণ উপপন্ন হয়। য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যতে এষ আত্মেতি হোবাচ। এই যে পুরুষ নেত্রগোলকে দৃষ্ট হইতেছেন, ইনি আত্মা। সংশয় ছায়াপুরুষপ্রতিবিম্বের উপদেশ ? কি নেত্রাধিষ্ঠাত্রী সূর্য্যদেবতার উপদেশ করিতেছেন ! ঐ বাক্যে সমস্ত বিশেষণ পরমেশ্বর অর্থে সঙ্গত হয়, অন্য অর্থে নহে।

উপাসনা নিমিত্ত অক্ষিপুরুষ

১৪ সূঃ স্থানাদি ব্যপদেশাচ্চ ॥

স্থানাদিব্যপদেশাৎ অন্য শ্রুতিতে ধ্যানের জন্য স্থান নাম রূপ উপদেশ দেওয়া হয়, এখানেও উপাসনার নিমিত্ত স্থান বিশেষ উপদিষ্ট হইয়াছে। স্থান বিশেষ ব্যপদেশ হইলেও সর্ব্বগত ঈশ্বরই অক্ষিপুরুষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়া উপদিষ্ট যশ্চক্ষুষি তিষ্ঠন্ তস্যোদিতি নাম হিরণ্যশ্মশ্রুঃ যিনি চক্ষুতে বর্ত্তমান, তাঁহার নাম উৎ, তিনি হিরণ্যশ্মশ্রু ইত্যাদি।

সুখ স্বরূপ

১৫ সূঃ সুখবিশিষ্টাভিধানাদেব চ॥

সুখবিশিষ্টাভিধানাৎ সুখ বিশিষ্ট অভিধান থাকায় ব্রহ্ম সুখস্বরূপ বলিয়া কথিত হওয়ায়, অক্ষিপুরুষ পরব্রহ্ম। জাবালের শিষ্য উপকোশল, জাবাল তীর্থ পর্য্যটনে গমন করেন। উপকোশল অগ্নি পরিচর্য্যার ভার লয়েন। শিষ্য ১২ বৎসর অগ্নির পরিচর্য্যা করিলে অগ্নি তুষ্ট হইয়া প্রাণ ব্রহ্ম সুখ ব্রহ্ম আকাশ ব্রহ্ম উপদেশ দেন। অবশেষে বলেন তোমার গুরু ব্রহ্ম বিষয়ক উপদেশ দিবেন। জাবাল প্রত্যাগত হইয়া উপদেশ দেন "য এষঃ অক্ষিণি"। সুতরাং অগ্নি প্রোক্ত ব্রহ্ম বিদ্যার সহিত জাবালোক্ত গতি বাক্যের একার্থতা আছে! সে জন্য অক্ষিপুরুষ ব্রহ্ম।

ব্রহ্মবেত্তার দেবযানগতি

১৬ সূঃ শ্রুতোপনিষৎকস্য গত্যভিধানাচ্চ॥

শ্রুতোপনিষৎকস্য সগুণব্রহ্মবেত্তার গতি অভিধানাৎ দেবযান গতি এই বাক্যে কথিত হওয়ায়, অক্ষিপুরুষ ব্রহ্ম ইহা নিশ্চিত হয়। অথ যদু চৈবাস্মিন্ শব্যং কুর্বন্তি যদু চ নার্চ্চিষমেবাভিসম্ভবন্তি ব্রহ্ম-মানব মরিলে তৎপুত্ররা শব সংস্কার করুক, আর না করুক, সে অর্চ্চি প্রাপ্ত হইবেই হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছায়াপুরুষ অক্ষিপুরুষ নহে।

১৭ সূঃ অনবস্থিতের সম্ভবাচ্চ নেতরঃ ॥

অনবস্থিতেঃ সর্ব্বদা অবর্ত্তমানত্ব হেতু ও অসম্ভবাৎ অসম্ভব হেতু ছায়াত্মা চক্ষুতে প্রতিবিম্বিত পুরুষ ন ইতরঃ জীব নহে। ছায়াত্মাদি অনিত্য সুতরাং তাহাদের অমৃতত্বাদি গুণ অসঙ্গত।

(৫) ঈশ্বর অন্তর্য্যামী

পরমাত্মা অন্তর্য্যামী, অধিদৈব নহে।

১৮ সূঃ অন্তর্য্যাম্যধি দৈবাদিষু তদ্ধর্ম্ম ব্যপদেশাৎ ॥

অধিদৈবাদিষু অধিদৈবত যিনি সকল দেবতায় আছেন। অধি-দৈবাদির মধ্যে অন্তর্য্যামি যিনি অন্তর্যামী কথিত হইয়াছেন, তিনি পরমেশ্বর তদ্ধর্ম্মব্যপদেশাৎ সেখানে যে সকল গুণের উপদেশ আছে সে সমস্ত গুণ পরমেশ্বরের। বৃহদারণ্যকের অন্তর্যামী ব্রাহ্মণে— যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো যং পৃথিবী ন বেদ যস্য পৃথিবী শরীরং য পৃথিবী মন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃত ইত্যাদি যিনি পৃথিবী হইতে ভিন্ন, অথচ পৃথিবীতে আছেন, পৃথিবী যাঁহাকে জানে না, পৃথিবী যাঁহার শরীর, যিনি অন্তরে থাকিয়া পৃথিবীকে নিয়মিত করিতেছেন, তিনিই তোমার আত্মা অমৃত অন্তর্যামী।

প্রধান অন্তর্যামী নহে

১৯ সূঃ ন চ স্মার্ত্তমতদ্ধর্ম্মাভিলাপাৎ ॥

স্মার্ত্তম্ ন চ স্মার্ত্ত প্রধান অন্তর্যামী পদবাচ্য নহে, অতদ্ধর্ম্মাভিলাপাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ ঐ বাক্যে চেতন ধর্ম্মের অভিলাপ কথন আছে। অতৎ ন-তৎ অপ্রধান অর্থাৎ চেতন ধর্ম্মের কথন আছে। প্রধান অচেতন অতএব দর্শনকারী অন্তর্যামী হইতে পারে না।

জীব অন্তর্যামী নহে।

২০ সূঃ শারীরশ্চোভয়েপি হি ভেদে নৈনমধীয়তে ॥

শারীরঃ জীব অন্তর্যামী ন বাচ্য নহে। উভয়ে অপি কাণ্ব ও মাধ্বন্দিন উভয় শাখাতে ভেদেন এবম অধীয়তে জীব নিযম্য ও পরমাত্মা নিযামক অন্তর্যামী এইরূপ ভেদোক্তি আছে। অধীয়ন্তে গীত হইয়াছে এইরূপ গান করিতে দেখা যায়। কাণ্ব শাখাতে আছে যো বিজ্ঞানে তিষ্ঠন্, মাধ্বন্দিন শাখাতে আছে য আত্মনি তিষ্ঠন্, যিনি বিজ্ঞানে থাকিয়া অর্থাৎ জীবে থাকিয়া, যিনি আত্মাতে অর্থাৎ জীবে থাকিয়া।

(৬) ঈশ্বর ভূতযোনি

ঈশ্বর ভূতযোনি

২১ সূঃ অদৃশ্যত্বাদি গুণকো ধর্ম্মোক্তেঃ ॥

অদৃশ্যত্বাদি গুণকঃ মুণ্ডক শ্রুতিতে যিনি অদৃশ্য অগ্রাহ্য অগোত্র প্রভৃতি বিশেষণ দ্বারা অভিহিত হইয়াছেন, তিনি পরমেশ্বর। ধর্ম্মোক্তেঃ কারণ পরমেশ্বর সম্বন্ধীয় অসাধারণ ধর্ম্মের উপদেশ আছে। মুণ্ডক শ্রুতিতে আছে অথ পরা যয়া তদক্ষর মধিগম্যতে। যত্তদ দ্রেশ্য মগ্রাহ্য মগোত্র মবর্ণম চক্ষুঃ শ্রোত্রং তদপাণিপাদং নিত্যং বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং তদব্যয়ং যদ্ ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরা ইতি যাহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছায়াপুরুষ অক্ষিপুরুষ নহে।

১৭ সূঃ অনবস্থিতের সম্ভবাচ্চ নেতরঃ ॥

অনবস্থিতেঃ সর্ব্বদা অবর্ত্তমানত্ব হেতু ও অসম্ভবাৎ অসম্ভব হেতু ছায়াত্মা চক্ষুতে প্রতিবিম্বিত পুরুষ ন ইতরঃ জীব নহে। ছায়াত্মাদি অনিত্য সুতরাং তাহাদের অমৃতত্বাদি গুণ অসঙ্গত।

(৫) ঈশ্বর অন্তর্য্যামী

পরমাত্মা অন্তর্য্যামী, অধিদৈব নহে।

১৮ সূঃ অন্তর্য্যাম্যধি দৈবাদিষু তদ্ধর্ম্ম ব্যপদেশাৎ ॥

অধিদৈবাদিষু অধিদৈবত যিনি সকল দেবতায় আছেন। অধি-দৈবাদির মধ্যে অন্তর্য্যামি যিনি অন্তর্যামী কথিত হইয়াছেন, তিনি পরমেশ্বর তদ্ধর্ম্মব্যপদেশাৎ সেখানে যে সকল গুণের উপদেশ আছে সে সমস্ত গুণ পরমেশ্বরের। বৃহদারণ্যকের অন্তর্যামী ব্রাহ্মণে— যঃ পৃথিব্যাং তিষ্ঠন্ পৃথিব্যা অন্তরো যং পৃথিবী ন বেদ যস্য পৃথিবী শরীরং য পৃথিবী মন্তরো যময়ত্যেষ ত আত্মান্তর্যাম্যমৃত ইত্যাদি যিনি পৃথিবী হইতে ভিন্ন, অথচ পৃথিবীতে আছেন, পৃথিবী যাঁহাকে জানে না, পৃথিবী যাঁহার শরীর, যিনি অন্তরে থাকিয়া পৃথিবীকে নিয়মিত করিতেছেন, তিনিই তোমার আত্মা অমৃত অন্তর্যামী।

প্রধান অন্তর্যামী নহে

১৯ সূঃ ন চ স্মার্ত্তমতদ্ধর্ম্মাভিলাপাৎ ॥

স্মার্ত্তম্ ন চ স্মার্ত্ত প্রধান অন্তর্যামী পদবাচ্য নহে, অতদ্ধর্ম্মাভিলাপাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ ঐ বাক্যে চেতন ধর্ম্মের অভিলাপ কথন আছে। অতৎ ন-তৎ অপ্রধান অর্থাৎ চেতন ধর্ম্মের কথন আছে। প্রধান অচেতন অতএব দর্শনকারী অন্তর্যাগী হইতে পারে না।

জীব অন্তর্যামী নহে।

২০ সূঃ শারীরশ্চোভয়েপি হি ভেদে নৈরমধীয়তে ॥

শারীরঃ জীব অন্তর্যামী ন বাচ্য নহে। উভয়ে অপি কাণ্ব ও মাধ্বন্দিন উভয় শাখাতে ভেদেন এবম অধীয়তে জীব নিযম্য ও পরমাত্মা নিযামক অন্তর্যামী এইরূপ ভেদোক্তি আছে। অধীয়ন্তে গীত হইয়াছে এইরূপ গান করিতে দেখা যায়। কাণ্ব শাখাতে আছে যো বিজ্ঞানে তিষ্ঠন্, মাধ্বন্দিন শাখাতে আছে য আত্মনি তিষ্ঠন্, যিনি বিজ্ঞানে থাকিয়া অর্থাৎ জীবে থাকিয়া, যিনি আত্মাতে অর্থাৎ জীবে থাকিয়া।

(৬) ঈশ্বর ভূতযোনি

ঈশ্বর ভূতযোনি

২১ সূঃ অদৃশ্যত্বাদি গুণকো ধর্ম্মোক্তেঃ ॥

অদৃশ্যত্বাদি গুণকঃ মুণ্ডক শ্রুতিতে যিনি অদৃশ্য অগ্রাহ্য অগোত্র প্রভৃতি বিশেষণ দ্বারা অভিহিত হইয়াছেন, তিনি পরমেশ্বর। ধর্ম্মোক্তেঃ কারণ পরমেশ্বর সম্বন্ধীয় অসাধারণ ধর্ম্মের উপদেশ আছে। মুণ্ডক শ্রুতিতে আছে অথ পরা যয়া তদক্ষর মধিগম্যতে। যত্তদ দ্রেশ্য মগ্রাহ্য মগোত্র মবর্ণম চক্ষুঃ শ্রোত্রং তদপাণিপাদং নিত্যং বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মং তদব্যয়ং যদ্ ভূতযোনিং পরিপশ্যন্তি ধীরা ইতি যাহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বারা সেই অক্ষর ব্রহ্মকে জানা যায়, তাহাই পরাবিদ্যা। যাহা অদৃশ্য জ্ঞানেন্দ্রিয়ের অবিষয়, অগ্রাহ্য কর্ম্মেন্দ্রিয়েরও অবিষয়, অগোত্র বংশরহিত আদিপুরুষ, অবর্ণ ব্রাহ্মণাদি-ধর্ম্ম-রহিত, অচক্ষুশ্রোত্র, অপদ, অহস্ত, নিত্য, প্রভু, সর্ব্বব্যাপী, সূক্ষ্ম ভূতযোনি উৎপন্ন বস্তুর উপাদানকারণ, কেবল যাহাকে ধীরগণ জানেন তাহাই অক্ষর।

জীব বা প্রধান ভূতযোনি নহে

২২ সূঃ বিশেষণ ভেদ ব্যপদেশাভ্যাং চ নেতরৌ ॥

ইতরৌ ন জীব বা প্রধান ভূতযোনি নহে, কারণ বিশেষণ ভেদ ব্যাপদেশাভ্যাং জীব নহে কারণ দিব্য অমূর্ত্ত প্রভৃতি বিশেষণ রহিয়াছে, এবং প্রধান নহে কারণ ভেদ নির্দ্দেশ রহিয়াছে, অতএব ব্রহ্মই ভূতযোনি। "বিশেষণ"—দিব্যোহ্যমূর্ত্তঃ পুরুষঃ স বাহ্যোভ্যন্তরো হ্যজঃ অপ্রাণো হ্যমনাঃ শুভ্রঃ তিনি দিব্য স্বয়ংজ্যোতি অমূর্ত্ত পূর্ণ পুরুষ আত্মা, তিনি বাহিরেও আছেন অন্তরেও আছেন, স্থূল সূক্ষ্ম কারণ সমস্ত বস্তুতে অবস্থিত; তাহার প্রাণ নাই, মন নাই, তিনি শুদ্ধ অর্থাৎ নির্লেপ। "ভেদ"—অক্ষরাৎ পরতঃ পরঃ অক্ষর হইতে ভিন্ন। অক্ষর শব্দের অর্থ স্থূলভূতের বীজস্বরূপ শক্তিস্বরূপ সূক্ষ্মভূত নামে প্রসিদ্ধ।

সৃষ্ট বস্তু ভূতযোনির রূপ

২৩ সূঃ রূপোপন্যাসাচ্চ ॥

রূপোপান্যাসাৎ সৃষ্ট বস্তু সকল ভূতযোনির রূপ অর্থাৎ অঙ্গ বলিয়া কথিত হওয়ায়, ভূতযোনি ঈশ্বর। অগ্নি মূর্দ্ধা চক্ষুষী চন্দ্রসূর্য্যৌ দিশঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রোত্রে বাগ বিবৃতাশ্চ বেদাঃ বায়ুঃ প্রাণো হৃদয়ং বিশ্বমস্য পদ্ভ্যাং পৃথিবী হ্যেষ সর্ব্ব ভূতান্তরাত্মা ঐ স্বর্গ তাঁহার মূর্দ্ধা, চন্দ্র সূর্য্য তাঁহার চক্ষু, দিক্ সকল তাঁহার শ্রোত্র, শব্দ তাঁহার ব্যক্ত বাক্য, বায়ু তাঁহার প্রাণ, এই ব্রহ্মাণ্ড বিবর তাঁহার হৃদয়, পৃথিবী তাঁহার পদ, ইনি সকল ভূতের অন্তরাত্মা।

(৭) বৈশ্বানর ব্রহ্ম।

অগ্নি বা অগ্নি দেবতা নহে

২৪ সূঃ বৈশ্বানরঃ সাধারণ শব্দ বিশেষাৎ॥

বৈশ্বানরঃ বৈশ্বানর সাধারণ শব্দ বিশেষাৎ সাধারণ অগ্নি অগ্নিদেবতা বা জঠরাগ্নি নহে, কারণ বিশেষ বিশেষণ দ্বারা ইহা ব্রহ্মবোধক। যিনি বিশ্বের পাপ নষ্ট করেন তিনিই বৈশ্বানর। প্রাচীনশাল, সত্যযজ্ঞ, ইন্দ্রদ্যুম্ন, জনক, বুড়িল এই পাঁচ ব্যক্তি ব্রহ্ম কি? বিচার করিতে ছিলেন। তাঁহারা উপকোশলের নিকট জিজ্ঞাসা করিলেন। উপকোশল কৈকেয় রাজার নিকট উহাদের লইয়া গেলেন এবং রাজাকে জিজ্ঞাসা করিলেন। রাজা তাহাদের জিজ্ঞাসা করিলেন তোমরা কাহাকে আত্মভাবে ধ্যান কর? কেহ বলিল দ্যুলোক, কেহ বলিল সূর্য্য, কেহ বায়ু, কেহ আকাশ, কেহ জল, কেহ পৃথিবী বলিল। রাজা বলিলেন ঐ সকল বৈশ্বানর নহে, ঐ সকল বৈশ্বানরের এক একটী অঙ্গ। ঐ রূপ প্রত্যেক অঙ্গের উপাসনার নিন্দা করিয়া, সর্ব্বাঙ্গসমেত বৈশ্বানরের উপদেশ দিলেন।

স্মৃত্যুক্ত বৈশ্বানর ব্রহ্ম।

২৫ সূঃ স্মর্য্যমান মনু মানং স্যাদিতি॥

স্মৃতিতে পরমেশ্বরের ত্রৈলোক্যরূপ বর্ণিত আছে। স্মর্য্যমানম্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুমানম্ স্যাৎ, ইতি হেতু সূচক, স্মৃতি শ্রুতি অনুমান করাইয়া বৈশ্বানরের পরমেশ্বরত্ব প্রতিপাদন করে। স্মৃত্যুক্ত বৈশ্বানর শব্দে পরমেশ্বরানুমান সঙ্গত অর্থাৎ পরমেশ্বর বোধক। স্মৃতিতে আছে

ষস্যাগ্নিরাস্যং দ্যৌমূর্দ্ধা খং নাভি শ্চরণৌ ক্ষিতিঃ
সূর্য্যশ্চক্ষুর্দিশঃ শ্রোত্রে তস্মৈ লোকাত্মনে নমঃ॥

অগ্নি যাহার মুখ, স্বর্গ যাহার মস্তক, আকাশ নাভি, ক্ষিতি চরণদ্বয়, সূর্য্য চক্ষু, দিক্ কর্ণ, এই লোকমূর্ত্তি পরমেশ্বরকে প্রণাম। এই স্মৃতি স্বীয় মূলভূত শ্রুতি অনুমান করাইয়া, বৈশ্বানরের পরমেশ্বরত্ব প্রতিপাদন করিতেছে।

বৈশ্বানর অগ্নি নহে কারণ উপাস্য।

২৬ সূঃ শব্দাদিভ্যোঽন্তঃ প্রতিষ্ঠানান্নেতি চেন্ন তথাদৃষ্ট্যুপ-দেশাদ সম্ভবাৎ পুরুষমপি চৈনম ধীয়তে।

শব্দাদিভ্যঃ বৈশ্বানর অগ্নি শব্দ হেতু, অন্তঃ প্রতিষ্ঠানাৎ পুরুষান্ত প্রতিষ্ঠিত বলা হেতু, "ন" বৈশ্বানর শব্দ ও অগ্নি শব্দ পরমেশ্বর অর্থের পোষক নহে বলিয়া বৈশ্বানর পরমেশ্বর নহে, ইতি চেৎ ন ইহা বলিও না, কারণ দৃষ্ট্যুপদেশাৎ উপাসনার উক্তি রহিয়াছে এবং এনম্ পুরুষম্ অধীয়তে পুরুষ বিশেষণে উক্ত হওয়ায় অসম্ভবাৎ দোষ পড়ে। বৈশ্বানর জঠরাগ্নি বলিতে পায় না হেতু (১) শাস্ত্রে দেখিবার অর্থাৎ জানিবার বা উপাসনা করিবার উপদেশ রহিয়াছে, পরমেশ্বরে উপাসনা উপদেশ রহিয়াছে (২) স যো হৈতমগ্নি বৈশ্বানরং পুরুষং পুরুষবিধং পুরুষে অন্ত প্রতিষ্ঠিতং বেদ সেই এই অগ্নি বৈশ্বানর, যে উপাসক পুরুষে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতিষ্ঠিত ও পুরুষ বৈশ্বানর কে জানে উপাসনা করে, সে সর্ব্বভোগী হয়। পুরুষবিধ পুরুষ তুল্য।

বৈশ্বানর অগ্নি দেবতা নহে

২৭ সূঃ অতএব ন দেবতা ভূতঞ্চ ॥

অতএব বৈশ্বানর ন দেবতা অগ্নিদেবতা ভূতম্ অগ্নি উভয়ের কিছুই নহে। বৈশ্বানর ব্রহ্ম।

জৈমিনির মতে বৈশ্বানর পরমেশ্বর

২৮ সূঃ সাক্ষাদপ্য বিরোধং জৈমিনিঃ ॥

জৈমিনিঃ জৈমিনি বলেন সাক্ষাৎ ঈশ্বরোপসনা উপদিষ্ট হইয়াছে বলিলে অবিরোধং কোন প্রকারে বিরোধ (দোষ) হয় না। জঠরাগ্নি প্রতীক বা জঠরাগ্নি উপাধি ঈশ্বর, তাঁহার উপাসনা বলিলে অর্থাৎ প্রতীক ও উপাধি ত্যাগ করিয়া সাক্ষাৎ পরমেশ্বরের উপাসনা স্বীকার করিলে, কোন দোষ হয় না। বিশ্ব—সমস্ত, নর-জীব, যিনি জীবঘন বা সর্ব্ব জীবাত্মক। বিশ্ব সমস্ত সৃষ্ট বস্তু, নর-কর্ত্তা। যিনি সৃষ্ট পদার্থের স্রষ্টা তিনি বৈশ্বানর। অগ্নি অঙ্গয়তি প্রাপয়তি কর্ম্মণঃ ফলম্ যিনি উচ্চাবচ সমস্ত কর্ম্ম ফলের প্রাপক তিনি অগ্নি।

আশ্মরথ্য মতে উপাসনার জন্য প্রাদেশ শ্রুতি।

২৯ সূঃ অভিব্যক্তে রিত্যাশ্মরথ্যঃ ॥

আশ্মরথ্য ঋষি বলেন পরমেশ্বর মহান হইলেও, উপাসকগণের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাদেশপ্রমাণ হৃদয়ে অভিবক্তেঃ অভিব্যক্ত বা উপস্থিত হয়েন, তদনুসারে প্রাদেশ শ্রুতি।

বাদরায়ণ মতে অনুস্মৃতির জন্য প্রাদেশ শ্রুতি

৩০ সূঃ অনুস্মৃতে র্বাদরিঃ ॥

বাদরিঃ বাদরায়ণের মতে অনুস্মৃতেঃ প্রাদেশপ্রমাণ উক্তি পরমেশ্বরের অনুস্মৃতির জন্য। পরমেশ্বর প্রাদেশপ্রমাণ হৃদয়ের অর্থাৎ মনের দ্বারা স্মৃত হয়েন বলিয়া তাঁহাকে প্রাদেশ প্রমাণ বলা হয়।

জৈমিনি মতে ধ্যানের জন্য প্রাদেশ শ্রুতি

৩১ সূঃ সম্পত্তে রিতি জৈমিনি স্তথাহি দর্শয়তি।

জৈমিনিঃ জৈমিনি বলেন সম্পত্তেঃ প্রাদেশশ্রুতি সম্পত্তি অনুসারিণী তথাহি দর্শয়তি হেতু এই তাঁহাকে সম্পত্তি প্রণালী অবলম্বন করিয়া উপদেশ করিয়াছেন। সম্পত্তি ধ্যান দ্বারা অভেদ নিষ্পত্তি। যত্নের দ্বারা অকল্পিত পদার্থের ভেদজ্ঞান নিবারিত হইলে, তাহাকে সম্পত্তি বলা যায়, যেমন শালগ্রামে বিষ্ণুবুদ্ধি করা হয়। চিবুক হইতে মস্তক পর্য্যন্ত এক বিঘৎ স্থান প্রাদেশ। প্রাদেশমাত্রমিব হবৈ দেবাঃ সুবিদিতা অভি সম্পন্না তথা নু ব এতান্ বক্ষ্যামি যথা প্রাদেশ মাত্র মেবাঽভিসম্পাদয়িষ্যামি। পূর্ব্বকালে দেবগণ অপরিচ্ছিন্ন পরমেশ্বরকে কল্পিত সম্পত্তির দ্বারা বিদিত হইয়াছিলেন। সেই কারণে আমি তোমাদিগকে তাঁহার স্বর্গাদি অবয়বের কথা বলিব এবং যে প্রকারে প্রাদেশ প্রমাণ সম্পত্তি হয় তাহা দেখাইব। এই বলিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মস্তক দেখাইলেন, এই স্বর্গলোক বৈশ্বানরের মস্তক। চক্ষু দেখাইয়া বলিলেন বৈশ্বানরের সূর্য্য চক্ষু। নাসিকা দেখাইয়া বলিলেন ইহা বায়ু বৈশ্বানর। মুখাকাশ দেখাইয়া বলিলেন আকাশ বৈশ্বানর। লালা দেখাইয়া বলিলেন জল বৈশ্বানর। চিবুক দেখাইয়া বলিলেন পৃথিবী বৈশ্বানর। কৈকেয় রাজা বহুদিন ধ্যান করিয়া মস্তকজ্ঞান লুপ্ত করিয়া স্বর্গজ্ঞান লাভ করিয়াছেন। চিবুকজ্ঞান লুপ্ত করিয়া পৃথিবী জ্ঞান করিয়াছেন। স্বর্গ বৈশ্বানরের মস্তক এই জ্ঞান দৃঢ় করিয়াছেন। রাজার ইহা সম্পত্তি জ্ঞান। ইহা এক প্রকার উপাসনা।

বারানসী ঈশ্বরের স্থান।

৩২ সূঃ আমনন্তি চৈনমস্মিন্॥

জাবাল উপনিষদে অস্মিন্ নিদর্শিত প্রাদেশ প্রমান স্থানে আমনন্তি পরমেশ্বরের উপদেশ আছে। জাবালও এনম্ বৈশ্বানরের প্রাদেশ মাত্রত্ব স্বীকার করেন। জাবাল বলেন বারণায়াং নাশ্যাঞ্চ মধ্যে প্রতিষ্ঠিতঃ বারণা ও নাশী কোথায়? ভ্রূমধ্যস্থান, ঐ ভ্রূ ও নাসিকার মধ্যবর্ত্তী স্থান। য এষোঽনন্তোঽব্যক্ত আত্মা সোঽবিমুক্তে প্রতিষ্ঠিতঃ সেই এই অনন্ত অব্যক্ত আত্মা ইনি অবিমুক্তে প্রতিষ্ঠিত অবস্থিত। অবিমুক্ত কোথায়? অবিমুক্ত বারণা ও নাশী এই দুইয়ের মধ্যে। যে ইন্দ্রিয়কৃত পাপ নিবারণ করে সে বারণা, যে ইন্দ্রিয়কৃত কাম নাশ করে সে নাশী। অবিমুক্ত জীব কামাদি দ্বারা বদ্ধ। পরমাত্মা এই অবিমুক্তে অহং অধ্যাস পূর্ব্বক অবস্থিতি করিতে-ছেন। অধ্যাস ত্যাগ করিয়া অভেদজ্ঞান অবলম্বন পূর্ব্বক তাঁহাকে উপাসনা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর। অহং ব্রহ্ম এই ধ্যান কর। নাসিকা ও ভ্রূ এই দুই স্থানের মধ্যে ঈশ্বরের স্থান। এই ধ্যানে পাপ নাশ হয়। পার্থিব বারানসী ও ঈশ্বর শিবের স্থান। ইহা পাপনাশিনী। আধ্যাত্মিক বারানসী স্বর্গ ও ব্রহ্মলোকের সন্ধি স্থান। ব্রহ্মত্ব জ্ঞানে ব্রহ্ম লোক, ঈশ্বরত্ব জ্ঞানে স্বর্গলোক লাভ হয়। যে শিব বারানসীতে আছেন, তাহার উপাসনায় দুই ফল, নির্গুন জ্ঞানে মোক্ষ, সগুণ জ্ঞানে কৈলাস।

তৃতীয় পাদ।

(১) আয়তন শব্দ ব্রহ্ম বুঝিতে হইবে।

আয়তন ব্রহ্ম

১ সূঃ দ্যুভ্বাদ্যায়তনং স্বশব্দাৎ।

"দ্যুভ্বাদ্য" দ্যু স্বর্গ ভূ পৃথিবী আদির "আয়তনং" অধার ব্রহ্ম কারণ স্ব শব্দাৎ "স্ব" আত্মা শব্দ রহিয়াছে। মুণ্ডক শ্রুতিতে আছে যস্মিন্ দ্যৌঃ পৃথিবী চান্তরীক্ষ মোতং মনঃ সহ প্রাণৈ শ্চ সর্ব্বৈ তমেবৈকং জানথ আত্মানমন্যা বাচো বিমুঞ্চথ" স্বর্গ পৃথিবী অন্তরীক্ষ ইন্দ্রিয়গণের সহিত মন এ সকল যাঁহাতে প্রোথিত (কল্পিত) সেই অদ্বয় আত্মাকে জান, অন্য কথা ত্যাগ কর।

মুক্তলব্ধব্য

২ সূঃ মুক্তোপসৃপ্য ব্যপদেশাৎ ॥

মুক্তোপসৃপ্য ব্যপদেশাৎ মুক্ত পুরুষ কর্ত্তৃক লব্ধব্য ব্যপদেশ থাকায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মই পৃথিবী স্বর্গের আয়তন অর্থাৎ অধার। মুক্ত পুরুষরা যাঁহাকে আত্ম অভেদে প্রাপ্ত হন, সেই প্রত্যগভিন্ন পরব্রহ্মের উল্লেখ থাকায় প্রোক্ত আয়তন পরব্রহ্ম। ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্ব সংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে। সেই পরব্রহ্ম দৃষ্ট হইলে হৃদয়গ্রন্থি থাকে না, সমস্ত সংশয় ছিন্ন হয়, কর্ম্ম ক্ষয় হয়।

প্রকৃতি আয়তন নহে

৩ সূঃ নানুমান মতচ্ছব্দাৎ ॥

অনুমানম ন প্রকৃতিকে আয়তন বলিয়া অনুমান সঙ্গত নহে "অতৎ শব্দাৎ" কারণ প্রকৃতি আয়তন বলিয়া শ্রুতিতে নাই। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ যিনি সর্ব্বজ্ঞ সর্ব্ববেত্তা।

জীব আয়তন নহে

৪ সূঃ প্রাণ ভৃচ্চ ॥

প্রাণ ভৃৎ প্রাণ ধারী জীবকে আয়তন বলা যায় না কারণ জীব অসর্ব্বজ্ঞ।

জ্ঞাতৃজ্ঞেয় ভেদ

৫ সূঃ ভেদ ব্যপদেশাৎ ॥

ভেদ ব্যপদেশাৎ জ্ঞাতৃজ্ঞেয় ভেদ উপদেশ থাকায়, জীবকে আয়তন বলা যায় না। তমেবৈকং জানথ আত্মানম্ সেই অদ্বয় আত্মাকে জান।

পরমাত্মার প্রকরণ

৬ সূঃ প্রকরণাৎ ॥

প্রকরণাৎ পরমাত্মার প্রকরণে আয়তন শব্দ প্রযুক্ত হওয়ায়, আয়তন শব্দ ব্রহ্ম বোধক। কস্মিন্নু ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতি। হে ভগবন্ কোন বস্তু জানিলে এ সমস্ত জানা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বাসুপর্ণা শ্রুতি

৭ সূঃ স্থিত্যদনাভ্যাঞ্চ ॥

"স্থিতি" উদাসীনভাবে অবস্থান ও "অদন" কর্ম্মফলভোগ এতদুভয় দ্বারা জীবের আয়তন সিদ্ধ হয় না। দ্বাসুপর্ণা সযুজা সখায়া তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্তি অনশ্নন্নন্যোহ ভিচাকসীতি এই বৃক্ষে দুই পক্ষী আছে। উহারা পরস্পর সখা ও সহযোগী। ঐ দুইয়ের মধ্যে একটী সুস্বাদু পিপ্পল কর্ম্মফল ভক্ষণ করে, অপরটী ভক্ষণ করে না, কেবল প্রকাশ করিতে থাকে।

(২) ভূমা ব্রহ্ম প্রাণ নহে

পরমাত্মা ভূমা

৮ সূঃ ভূমা সংপ্রসাদাদ ধ্যুপদেশাৎ ॥

সংপ্রসাদাৎ অধি উপদেশাৎ সংপ্রসাদ বা সুষুপ্তিস্থানাতীত তুরীয় উপদেশ থাকায়, পরমাত্মাই ভূমা ভূমাশব্দবাচ্য প্রাণ নহে। ছান্দোগ্য শ্রুতিতে যে ভূমা জানিবার কথা আছে, সে ভূমা পরমাত্মা; হেতু এই উপদিষ্ট ভূমা সুষুপ্তি-অতীত তুরীয় বলা হইয়াছে। যো বৈ ভূমা তৎসুখং নাল্পে সুখমস্তি সেই ভূমাই সুখ, পরিছিন্ন পদার্থে সুখ নাই।

ভূমা প্রাণ নহে

৯ সূঃ ধর্ম্মোপপত্তেশ্চ ॥

শ্রুতিতে সত্যাদি যে সব ধর্ম্ম (গুণ) কথিত আছে, তাহাব্রহ্মে উপপন্না হয়, প্রাণে উপপন্ন হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) অক্ষর ব্রহ্ম প্রণব নহে

অক্ষর ব্রহ্ম

১০ সূঃ অক্ষর মম্বরান্ত ধৃতেঃ ॥

অম্বরান্ত ধৃতেঃ আকাশাদি ভূত সমূহের ধারণ হেতু অক্ষরম্ অক্ষর শব্দে পরমাত্মা। কস্মিন্নু খল্বকাশ ওতশ্চ প্রোতশ্চেতি স হোবাচৈ তদ্বৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা অভিবদন্তি। গার্গী—আকাশ কিসে ওতপ্রোত? যাজ্ঞবল্ক্য—আকাশ অক্ষরে ওতপ্রোত।

শাসন পরমেশ্বরের

১১ সূঃ সা চ প্রশাসনাৎ।

সা ধৃতি সেই ধৃতি প্রশাসনাৎ শাসন পূর্ব্বক ধৃতি বা ধারণ এই রূপ উক্তি আছে, সে কারণ পরমেশ্বর ভিন্ন অপর কেহ সম্ভব নহে। পরমাত্মারই ধৃতি, কেননা তাঁহার শাসনে সূর্য্য উদিত হইতেছেন। এতস্য বাক্ষরস্য প্রশাসনে গার্গি সূর্য্যাচন্দ্র মসৌ বিধৃতৌ তিষ্ঠতঃ হে গার্গি! এই অক্ষরের প্রকৃষ্ট শাসন প্রভাবে চন্দ্র সূর্য্য বিধৃত আছে।

অক্ষর চেতন

১২ সূঃ অন্য ভাব ব্যাবৃত্তেশ্চ।

অন্যভাব ব্যাবৃত্তেঃ যেহেতু অক্ষরের অচেতন ভাব নিষেধ করিয়াছেন, সেহেতু অক্ষর প্রধান নহে। তদ্বা এতদক্ষরং গার্গ্যি দৃষ্টং দ্রষ্টৃ অশ্রুতং শ্রোতৃ অমতং মন্তৃ অবিজ্ঞাতং বিজ্ঞাতৃ। হে গার্গি সেই এই অক্ষর অদৃষ্ট অথচ দ্রষ্টা, অশ্রুত অথচ শ্রোতা, অমত অথচ মন্তা, অবিজ্ঞাত অথচ বিজ্ঞাতা। প্রকৃতি জড়া, সেজন্য দ্রষ্টা বিজ্ঞাতা হইতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) প্রণবস্বরূপ ব্রহ্ম ধ্যেয়

প্রণব সগুন ও নির্গুণ।

১৩ সূঃ ঈক্ষতি কর্ম্মব্যপদেশাৎ সঃ ॥

ঈক্ষতি কর্ম্মব্যপদেশাৎ সাক্ষাৎকার কর্ম্ম ব্যপদেশ থাকায় সঃ পরমেশ্বর কথিত হইয়াছেন। পিপ্পলাদ শিষ্য সত্যকামকে বলেন এতদ্ বৈ সত্যকাম পরঞ্চাপরঞ্চ ব্রহ্ম যদোঙ্কার স্তস্মাদ্ বিদ্বান্ এতেন এব আয়তনেন একতরম্ অন্বেতি যঃ পুনরেতং ত্রিমাত্রে ণৌ মিত্যেতেনৈবাক্ষরেণ পরং পুরুষং অভিধ্যায়ীত। সত্যকাম! এই যে ওঙ্কার ইহাই পর অপর সগুণ নির্গুণ ব্রহ্ম। যে এই ওঙ্কারকে ব্রহ্ম বলিয়া জানে, ব্রহ্মবোধে উপাসনা করে, সে উপাসক এই আয়তনের (ব্রহ্ম প্রাপ্তির সোপান স্বরূপ) প্রণবের দ্বারা একতর ব্রহ্ম প্রাপ্ত হয়। যে ব্যক্তি এই ত্রিমাত্র ওঙ্কারে পরপুরুষ ধ্যান করে, সে সূর্য্যলোক হইয়া ব্রহ্মলোক গমন করে। পিপ্পলাদ ওঙ্কারে যাহাকে ধ্যান করিতে বলিয়াছেন, তিনি নির্গুণ পরমাত্মা। হেতু এই ঐ বাক্যের শেষে সেই ধ্যাতব্য পুরুষ ব্রহ্মলোক প্রাপ্ত উপাসকের ঈক্ষনীয় বলিয়া অভিহিত হইয়াছেন। ঈক্ষণ—সাক্ষাৎকার করে।

(৫) দহর ব্রহ্ম।

দহর ব্রহ্ম।

১৪ সূঃ দহর উভরেভ্যঃ।

ছান্দোগ্য শ্রুতিতে দহর শব্দ আছে, দহরঃ দহর ব্রহ্মবোধক, উত্তরেভ্যঃ কারণ প্রস্তাবের শেষে যে বাক্য আছে, তাহার দ্বারা দহর ব্রহ্ম বলিয়া নিশ্চিত হয়। অথ যদিদমস্মিন্ ব্রহ্ম পুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম দহরো-স্মিন্নন্তরাকাশ তস্মিন্ যদন্তস্তদন্বেষ্টব্যং তদ্বাব বিজিজ্ঞাসিতব্যম্ এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্ম পুরে দেহে "দহর" অল্প পদ্ম গৃহ আছে অর্থাৎ হৃদ্‌পদ্মরূপ গৃহ আছে, তন্মধ্যে যে দহর আকাশ তাহা অন্বেষণ কর।

দহর গতি।

১৫ সূঃ গতি শব্দাভ্যাং তথাহি দৃষ্টং লিঙ্গঞ্চ।

দহর শব্দ পরমাত্মা কেননা গতি শব্দাভ্যাং "গতি" দহর ব্রহ্ম লোক ও জীবপ্রাপ্য বলিয়া কথিত হইয়াছে, শব্দাভ্যাং অন্য শ্রুতিতে অহরহ দৈনন্দিন জীবের ব্রহ্ম গতি দৃষ্টং দৃষ্ট হয়। লিঙ্গং দহর শব্দ ব্রহ্মবোধক বলিয়া শ্রুতিতে উক্ত হইয়াছে। ইমাঃ সর্ব্বাঃ প্রজাঃ অহরহ র্গচ্ছন্ত্য এতং ব্রহ্মলোকং ন বিন্দন্তি। এই প্রজা প্রত্যহ এই ব্রহ্মলোক (দহরাকাশ) প্রাপ্ত হয় অথচ জানে না।

দহর ধৃতি

১৬ সূঃ ধৃতেশ্চ মহিম্নোঽস্যাস্মিন্নুপলব্ধেঃ ॥

ধৃতেঃ দহর কর্ত্তৃক জগৎ ধৃত আছে, অস্মিন্ এ বাক্যে দহর শব্দ ব্রহ্ম-বোধক। অন্য শ্রুতিও বলিয়াছেন অস্য মহিম্নঃ উপলব্ধেঃ জগদ্ বিধারণ পরমেশ্বরের মহিমা অন্যের নহে। অথ য আত্মা স সেতু র্বিধৃতি রেষাং লোকানাম সম্ভেদায়। যিনি আত্মা তিনিই এই সমুদায় লোকের বিধারক সাঙ্কর্য্যনিবারক সেতু। সেই এই আত্মাই বিধৃতি। এষ সেতু র্বিধরণ এষাং লোকানাম সম্ভেদায় ইনিই সমুদায় লোকের সাঙ্কর্য্য নিবারক বিধারক সেতু।

দহরাকাশ

১৭ সূঃ প্রসিদ্ধেশ্চ ॥

শাস্ত্রে আকাশ শব্দের পরমেশ্বর অর্থে প্রসিদ্ধি দেখা যায়, তদনুসারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দহরাকাশ পরমেশ্বর। সর্ব্বানি চ বা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপদ্যন্তে এ সমস্ত ভূত আকাশ হইতে উৎপন্ন হইয়াছে।

দহর জীব নহে।

১৮ সূঃ ইতর পরামর্শাৎ স ইতি চেন্নাসম্ভবাৎ ॥

ইতর পরামর্শাৎ বাক্যের শেষে ইতর জীবের পরামর্শ কথনহেতু "সঃ" দহর জীব, ইতি চেৎ ন ইহা বলিও না, অসম্ভবাৎ কারণ জীবে শেষোক্ত নিষ্পাপত্বাদি ধর্ম্ম সম্ভব হইতে পারে না। আত্মা এষ সম্প্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতি রূপসম্পদ্য স্বেন রূপেনাভিনিষ্পদ্যতে এষ আত্মেতি হোবাচ যে এই সম্প্রসাদ সুষুপ্তি অবস্থান্বিত, যিনি এই শরীর হইতে উঠিয়া, শরীরের অভিমান ত্যাগ করিয়া, পর জ্যোতি প্রাপ্ত হইয়া, স্বীয় রূপে নিষ্পন্ন হয়েন, তিনিই আত্মা।

(৬) অক্ষিপুরুষ ব্রহ্ম

অক্ষিপুরুষ ব্রহ্ম

১৯ সূঃ উত্তরাচ্চেদাবির্ভূত স্বরূপস্তু ॥

উত্তরাৎ প্রজাপতি কথিত বাক্য শেষে উক্ত দহর শব্দে জীব, চেৎ যদি বল "তু" তাহা নহে, আবির্ভূত স্বরূপঃ কারণ সে বাক্যে জীবের স্বরূপাবির্ভাব বা পারমার্থিক রূপ কথিত আছে। স্বরূপাবির্ভাব ও ব্রহ্ম এক কথা। য এষোঽক্ষিণি পুরুষো এষ আত্মা চক্ষুতে এই যে দৃষ্ট পুরুষ দেখা যাইতেছে, ইনি তোমার আত্মা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীব ব্রহ্ম

২০ সূঃ অন্যার্থশ্চ পরামর্শঃ ॥

অন্যার্থঃ দহর বাক্যে যে জীবভাবের বর্ণনা আছে, জীবের পরমেশ্বর ভাব প্রতিপাদন করাই, পরামর্শঃ সে বর্ণনার উদ্দেশ্য।

দহর হৃদয়াকাশ

২১ সূঃ অল্পশ্রুতে রিতি চেত্তদুক্তং ॥

অল্পশ্রুতেঃ দহর শব্দের অর্থ অল্প, পরমেশ্বর অর্থে তাহা সঙ্গত হয় না, হৃৎপদ্মের মধ্যে দহরাকাশ আকাশের অল্পত্ব শ্রুত হয়, ইতি চেৎ উক্তম্ এই অল্প শ্রুতির আপত্তির বিষয় পূর্ব্বে ১।২।৭ সূত্রে বলা হইয়াছে।

(৭) আত্মাই সর্ব্বাবভাসক

আত্মা সর্ব্বাবভাসক স্বপ্রকাশ

২২ সূঃ অনুকৃতে স্তস্য চ ॥

তস্য চ অনুকৃতেঃ সমস্তই তাঁহার অনুকরণ। মুণ্ডক শ্রুতিতে যাহাকে সূর্য্য প্রভৃতির অপ্রকাশ্য কহিয়াছে, তিনি স্বপ্রকাশ আত্মা, হেতু এই তিনি সর্ব্বাবভাসক। এ সমস্ত তাঁহার জ্ঞানে ভান্ত। ন তত্র সূর্য্যো ভাতি ন চ চন্দ্র তারকম্ তমেব ভান্ত মনুভাতি সর্ব্বং সূর্য্য চন্দ্র তারকা বিদ্যুৎ ইহার ভাসক নহে, তিনি স্বপ্রকাশ, তাই এ সমস্ত অনুপ্রকাশিত হইতেছে।

স্বপ্রকাশ গীতাতেও আছে

২৩ সূঃ অপি চ স্মর্য্যতে ॥

স্মৃতি গীতা শাস্ত্রেও ঈশ্বর প্রকাশক বলিয়া উল্লেখ আছে। ন তৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ। যদ্ গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম। সূর্য্য চন্দ্র অগ্নি কেহই সে বস্তু প্রকাশিত করে না। সে স্থানে গেলে পুনরাগমন নিবৃত্ত হয়, তাহাই আমার পরমধাম।

(৮) অঙ্গুষ্ঠ পুরুষ পরমাত্মা।

অঙ্গুষ্ঠ পুরুষ পরমাত্মা

২৪ সূঃ শব্দাদেব প্রমিতঃ ॥

শব্দাৎ ঈশানাদি শব্দের প্রয়োগ হেতু, প্রমিতঃ অঙ্গুষ্ঠ মাত্র পরিমিত পুরুষ পরমাত্মা। কঠ উপনিষদে যে অঙ্গুষ্ঠ প্রমাণ পুরুষ উপদিষ্ট হইয়াছেন, তিনি জীব নহেন, কিন্তু পরমাত্মা, কারণ তাঁহাকে ভূতভবিষ্যৎ ঈশান অর্থাৎ নিয়ন্তা বলা হইয়াছে। অঙ্গুষ্ঠ মাত্রঃ পুরুষো জ্যোতিরিবা ধূমকঃ ঈশানো ভূতভব্যস্থ স এবাত্ত উ শ্ব এতদ্ বৈতৎ ইতি চ অঙ্গুষ্ঠপ্রমাণ পুরুষ ধূমবর্জ্জিত পাবকের ন্যায়। ইনি ভূতভবিষ্যতের নিয়ন্তা। ইনি আজও আছেন কালও আছেন। তুমি যাঁহাকে জানিতে ইচ্ছুক তিনি ই বা ইনি।

হৃদয়ে অবস্থান

২৫ সূঃ হৃদ্যপেক্ষয়া তু মনুষ্যাধিকারত্বাৎ ॥

মনুষ্যের হৃদয় অঙ্গুষ্ঠমাত্র। অঙ্গুষ্ঠমাত্র হৃদয় স্থানেই তাঁহার বিশেষ অভিব্যক্তি। মনুষ্যাধিকারত্বাৎ মনুষ্যাধিকার প্রযুক্ত হৃদ্যপেক্ষয়া পরমাত্মার অঙ্গুষ্ঠ পরিমাণ। পরমাত্মা সর্ব্বত্র অবস্থিত হইলেও উপাসকের হৃদয়ানুসারে তৎপরিমাণ বলা যায়, যেমন আকাশকে বংশপর্ব্বানুসারে হস্ত প্রমাণ বলা যায়। সর্ব্বব্যাপী পরমেশ্বর হৃদয়াপেক্ষায় হৃদয়পরিমাণ বলা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৯) দেবগণের নির্গুণ বিদ্যায় অধিকার।

দেবগণের ব্রহ্ম বিদ্যায় অধিকার।

২৬ সূঃ তদুপর্য্যপি বাদরায়ণঃ সম্ভবাৎ ॥

তদুপরি মনুষ্যের উপরি দেবগণ মনুষ্যাপেক্ষা শ্রেষ্ঠ জীব ও ব্রহ্ম বিদ্যায় অধিকারী বাদরায়ণঃ ইহা বাদরায়ণ বলেন, সম্ভবাৎ অধিকারের কারণ প্রার্থনাদি দেবতাদেরও সম্ভব।

দেবতারা নানা শরীর ধারী

২৭ সূঃ বিরোধঃ কর্ম্মণীতি চেন্নানেকরূপ প্রতিপত্তে দর্শনাৎ

কর্ম্মণি বিরোধ দেবতার মূর্ত্তি থাকা অধিকার বিরুদ্ধ না হইলেও কর্ম্মবিরুদ্ধ, ইতি চেৎ ন ইহা বলিতে পার না, কারণ অনেক রূপপ্রতিপত্তেঃ দেবগণ এক সময় নানা রূপ ধারণ করিতে পারেন। দেবতা বহু শরীর ধারণ করিতে পারেন, শ্রুতি স্মৃতি পুরাণে সর্ব্বত্র অভিহিত হইয়াছে। বহু যজমান যজ্ঞ করিতেছে—ইন্দ্র এক, বহু সমীপবর্ত্তি হইবেন কিরূপে? ইহার উত্তর, ইন্দ্র এক হইলেও বহু শরীর পরিগ্রহ করিতে পারেন। দর্শনাৎ ক্ষমতা প্রাপ্ত যোগীরা বহু শরীর ধারণ করিতে পারেন, তখন জন্মসিদ্ধ দেবতার বহু শরীর ধারণ সম্ভব।

শব্দ পূর্ব্বক সৃষ্টি

২৮ সূঃ শব্দ ইতি চেন্নাতঃ প্রভবাৎ প্রত্যক্ষানুমানাভ্যাম্ ॥

দেবতার শরীর যজ্ঞকর্ম্মবিরুদ্ধ না হয় না হউক, কিন্তু "শব্দে" শব্দ বিরুদ্ধ হইবে না কেন? ইতি চেৎ ন ইহা বলিও না, কারণ প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রুতি স্মৃতি দ্বারা জানা যায় অতঃ বৈদিক শব্দ হইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবাদির প্রভবাৎ উৎপত্তি। 'শব্দে' বেদে দেবতার শরীর বৈদিক-শব্দবিরুদ্ধ নহে. কারণ সমস্ত জগৎ বৈদিক শব্দমূলক শব্দপূর্ব্বক সমুৎপন্ন। প্রাথমিক নাম ব্যবহার বৈদিক শব্দ লইয়াই হইয়াছিল।

নামরূপে চ ভূতানাং কর্ম্মণাঞ্চ প্রবর্ত্তনং
বেদ শব্দেভ্য এবাদৌ নির্ম্মমে স মহেশ্বরঃ।

পরমেশ্বর সৃষ্টির পূর্ব্বে, বৈদিক শব্দ স্মরণ করিয়া, ভূত সমূহের নামের রূপের ও কর্ম্মের প্রবর্ত্তন করিয়াছিলেন। কোন বস্তু সৃষ্টি করিতে গেলে তদ্‌বাচক শব্দ অগ্রে স্মরণ করিতে হয়। প্রজাপতি ভূ শব্দ স্মরণ ও উচ্চারণ করিয়া পশ্চাৎ ভূলোকের সৃষ্টি করিয়াছিলেন। শব্দ কি ? স্ফোটই শব্দ। শব্দ শ্রবণের পর বর্ণানুভবজনিত সংস্কারযুক্ত চিত্তে গৌ ইত্যাকার এক জ্ঞানের বিষয় রূপে স্ফুটিত হয়। শব্দ যতবার ও যত জন কর্ত্তৃক উচ্চারিত হউক না কেন, শুনিবামাত্র সেই শব্দ এরূপ প্রত্যভিজ্ঞা হইবে। এই প্রত্যভিজ্ঞাই স্ফোট শব্দের অস্তিত্ব বিষয়ে প্রমাণ। এই স্ফোট শব্দ নিত্য অনাদি অবিনাশী। এই অনাদি বাচক শব্দই বাচ্য বাঙ্ময় জগতের উৎপত্তি স্থান, ইহা হইতেই বাঙ্‌ময় জগৎ ব্যবহারযোগ্য হইয়াছে।

বেদ নিত্য

২৯ সূঃ অতএব চ নিত্যত্বম্ ॥

অতএব যেহেতু নির্দ্দিষ্ট আকৃতিমান দেবতা প্রভৃতি বেদ শব্দ হইতে উৎপত্তি ব্যবহার রূপ জন্ম প্রাপ্ত হইয়াছে, নিত্যত্বং সেহেতু বেদ নিত্য অর্থাৎ অনাদি অনন্ত। বৈদিক শব্দ হইতে দেবগণের উৎপত্তি শ্রুত হওয়ায়, বেদ শব্দ সকল নিত্য। বেদ প্রলয় কালে অন্তর্হিত ছিল, মহর্ষিরা তপস্যা দ্বারা লাভ করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যুগান্তেঽন্তর্হিতান্ বেদান্ সেতিহাসান্ মহর্ষয়ঃ
লেভিরে তপস্যা পূর্ব্ব মনুজ্ঞাতঃ স্বয়ম্ভুবা ॥

ইতিহাসযুক্ত বেদ প্রলয় কালে অন্তর্হিত ছিল। মহর্ষিগণ সে সকল তপস্যা দ্বারা ও স্বয়ম্ভুর কৃপায় লাভ করিয়াছিলেন অর্থাৎ জ্ঞান গোচর করিয়াছিলেন।

পূর্ব্ব সৃষ্টির অনুরূপ সৃষ্টি

৩০ সূঃ সমান নামরূপত্বাচ্চা বৃত্তাবপ্য বিরোধঃ দর্শনাৎ স্মৃতেশ্চ ॥

সমান নাম রূপত্বাৎ কল্পাবসানে বস্তু সকলের আত্যন্তিক ধ্বংস হয় না। বীজরূপ সংস্কার থাকে, আবৃত্তৌ অবিরোধঃ এ জন্য শব্দার্থ নিত্যতা অবিরুদ্ধ। পূর্ব্ব সৃষ্টির অনুরূপ পরসৃষ্টি হইয়া থাকে। এ কল্পের সৃষ্টি পূর্ব্ব কল্পের সমান। সুতরাং কল্পকালে এ সকলের ধ্বংস হইয়া বীজভাবে থাকে। যেহেতু এ সকল আত্যন্তিক অনিত্য নহে, সেহেতু শব্দার্থ নিত্যতা অবিরুদ্ধ। সুপ্ত স্বপ্নং ন কঞ্চন পশ্যত্য থাঽস্মিন্ প্রাণ এবৈকধা ভবতি সুপ্ত পুরুষ যখন কোন কিছু দেখে না, স্বপ্ন দেখে না, এ সকল তখন প্রাণে গিয়া একত্ব প্রাপ্ত হয়। যদা স প্রতিবুধ্যতে এতস্মাৎ আত্মনঃ সর্ব্বেপ্রাণাঃ সেই পুরুষ যখন প্রবুদ্ধ হয়, তখন হিরণ্যগর্ভ হইতে দেবতা, দেবতা হইতে লোক সকল উৎপন্ন হয়। দর্শনাৎ দৈনন্দিন সৃষ্টি পূর্ব্ব সৃষ্টির অনুরূপ ইহা দেখা যায়, স্মৃতেঃ এবং স্মৃতিতেও পাওয়া যায়। পূর্ব্বকালে চন্দ্র সূর্য্য যেরূপ ছিল, এ কালেও ধাতা সেইরূপ করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধু বিদ্যায় দেবগণের অনধিকার

৩১ সূঃ মধ্বাদিষ্ব সম্ভবাদ নধিকারং জৈমিনিঃ ॥

মধ্বাদিষু অসম্ভবাৎ মধুবিদ্যা ছান্দোগ্যে বর্ণিত আছে। ইহা সূর্য্যের উপাসনা। আদিত্য আবার কোন আদিত্যের উপাসনা করিবেন? অতএব মধু বিদ্যাতে দেবগণের অধিকার নাই। মধু বিদ্যাতে যখন দেবগণের অধিকার নাই, অনধিকারং তখন ব্রহ্ম বিদ্যাতে ও থাকিতে পারে না; জৈমিনিঃ ইহা জৈমিনির মত।

অচেতনে বিদ্যা সম্ভব নহে

৩২ সূঃ জ্যোতিষি ভাবাচ্চ ॥

হস্তপদাদি বিশিষ্ট দেবতা নাই। সূর্য্য চন্দ্র শুক্র প্রভৃতি জ্যোতিঃ পিণ্ড। সূর্য্যাদি জ্যোতিষ্ক পদার্থের ব্রহ্ম বিদ্যায় অধিকার সম্ভবে না। জ্যোতিপিণ্ড জড়, জড়ের অধিকার কি করিয়া হইবে। জ্যোতিষি ভাবাৎ সূর্য্যাদির ভাব অস্তিত্ব জ্যোতিষি জ্যোতিষ্কে।

দেবগণের অধিকার আছে

৩৩ সূঃ ভাবন্তু বাদরায়ণোঽস্তি হি ॥

ভাবঃ তু বাদরায়ণঃ বাদরায়ণের মতে আদিত্যাদি শব্দ ঐশ্বর্য্যবান চেতন দেবতা হইতেছেন। তাঁহারা জ্যোতিষ্করূপে অবস্থান করিতে ও ইচ্ছানুরূপ দেহ ধারণ করিতে সমর্থ। সূর্য্য পুরুষরূপে কুন্তীতে উপগত হইয়াছিলেন। অতএব অস্তি হি বাদরায়ণের মতে দেবগণের ব্রহ্ম বিদ্যায় অধিকার আছে। সূর্য্যাদি জ্যোতিষ্ক পদার্থে চেতন দেবতার অধিষ্ঠান আছে। দেবগণের শরীর প্রত্যক্ষমূলক। ব্যসাদি দেবগণের সহিত কথোপকথন করিতেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১০) শূদ্রগণের ব্রহ্মবিদ্যায় অনধিকার।

জানশ্রুতি জাতি শূদ্র নহে

৩৪ সূঃ শুগস্য তদনাদর শ্রবণাত্তদাদ্রবণাৎ সূচ্যতে হি।

জানশ্রুতি নামক রাজা গ্রীষ্মকালে ছাদে শয়ান ছিলেন। কতকগুলি ঋষি হংসরূপ ধরিয়া সেখানে আসিলেন। এক হংস বলিল ইহাকে লঙ্ঘন করিও না, ইহার তেজে দগ্ধ হইবে। অপর হংস বলিল এ কি রৈক্ক? ইহার জ্ঞান নাই, উপাসনা নাই, এ ব্যক্তি তুচ্ছ। জ্ঞানশ্রুতি ইহা শুনিয়া বিষণ্ণ হইলেন এবং রৈক্কের নিকট জ্ঞানার্জ্জনার্থ গমন করিলেন। ৬০০ গাভী ও স্বর্ণ রথ উপঢৌকন দিলেন। রৈক্ক বলিলেন শূদ্র! আমি গৃহস্থ নহি এ সকল দ্রব্যে আমার প্রয়োজন কি? রৈক্ক জানশ্রুতির খেদ জ্ঞান বলে জানিতে পারিয়া, বলিয়াছিলেন "শূদ্র" শূচ্+দ্রু+অ শোক হেতু গমন। শোক জানশ্রুতিকে রৈক্ক সমীপগামী করিয়াছিল। বেদাধ্যয়ন না থাকায়, শূদ্রের বৈদিক ব্রহ্মজ্ঞানে অধিকার নাই। রৈক্ক জানশ্রুতিকে শূদ্র বলিয়া সম্বোধন করেন। অতএব জানশ্রুতি জাতি শূদ্র এবং শূদ্রের জ্ঞানাধিকার আছে এই সংশয় হইতেছে। শুক্ অস্য জানশ্রুতির শোক তদনাদর শ্রবণাৎ জানশ্রুতির অনাদর বাক্য শ্রবণ হেতু আদ্রবণাৎ শোকাভিগমন হেতু রৈক্ক তাঁহাকে শূদ্র বলিয়া ছিলেন। তৎ সূচ্যতে হি রৈক্কের প্রকৃত জ্ঞান থাকা সূচিত হইতেছে। জানশ্রুতি জাতি শূদ্র ছিলেন না, ক্ষত্রিয় ছিলেন।

জানশ্রুতির ক্ষত্রিয়ের সহিত ভোজনোপবেশন।

৩৫ সূঃ ক্ষত্রিয়ত্বাবগতে শ্চোত্তরত্র চৈত্ররথেন লিঙ্গাৎ।

উত্তরত্র পর বাক্যে চৈত্ররথেন চিত্ররথ বংশীয় অভিপ্রতারি নামা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষত্রিয়ের সহিত জানশ্রুতির লিঙ্গাৎ একত্র ভোজনোপবেশনাদির পরিচয়ে তাঁহাকে জাতি শূদ্র বলা যায় না। ক্ষত্রিয়ত্বাবগতেঃ তিনি ক্ষত্রিয় ছিলেন অবগত হওয়া যায়। শূদ্র শব্দের অর্থ শোক প্রাপ্ত, জাতি শূদ্র নহে।

উপনয়ন বিনা ব্রহ্ম বিদ্যায় অনধিকার

৩৬ সূঃ সংস্কার পরামর্শাত্তদভাবা ভিলাপাচ্চ।

সংস্কার পরামর্শাৎ উপনয়ন সংস্কার না হইলে, ব্রহ্ম বিদ্যায় অধিকার হয় না। এবং তদভাবাভিলাপাৎ শূদ্রের উপনয়ন নাই এরূপ অভিধান আছে, এই দুই কারণে শূদ্রের বিদ্যাধিকার নাই।

সত্যকামের উপনয়নের পর ব্রহ্মবিদ্যা

৩৭ সূঃ তদভাব নির্দ্ধারণে চ প্রবৃত্তেঃ ॥

ছান্দোগ্যে আছে জবালার পুত্র সত্যকাম। গৌতম তাঁহার কি গোত্র? জিজ্ঞাসা করিলে, সত্যকাম বলেন, আমি জবালার পুত্র, আমি গোত্র জানি না, আমার মাতা যৌবন কালে আমাকে লাভ করেন। তিনি আমার পিতাকে কোন গোত্র তাহা জিজ্ঞাসা করেন নাই। গৌতম বলিলেন ন তদ ব্রাহ্মণো বিবক্তুমর্হতি। ব্রাহ্মণ না হইলে এরূপ সরল কথা বলিতে পারে না। গৌতম যখন বুঝিলেন সমীপাগত সত্যকাম শূদ্র নহে, তখন তাহাকে উপনীত করিতে প্রবৃত্ত হইলেন। তদভাবনির্দ্ধারণে সত্যকামের শূদ্রত্বের অভাব জানিয়া, প্রবৃত্তেঃ গৌতম তাঁহাকে সংস্কার দিতে প্রবৃত্ত হইলেন।

স্মৃতিতে শূদ্রদের বেদধিকার নাই।

৩৮ সূঃ শ্রবণাধ্যয়নার্থ প্রতিষেধাৎ স্মৃতেশ্চাস্য ॥

শ্রবণাধ্যয়নার্থ প্রতিষেধাৎ বেদ শ্রবণ ও অর্থগ্রহ করিতে শূদ্রের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিষেধ আছে, স্মৃতেশ্চ একথা পুরাণেও আছে, সুতরাং বেদার্থের জ্ঞান ও অনুষ্ঠান নিষিদ্ধ। অস্য বেদমুপশৃন্বতঃ ত্রপুজতুভ্যাং শ্রোত্র পরিপূরণম্ বেদ শ্রবণকারী শূদ্রের কর্ণে ত্রপু রাঙ্ ও জতু গালা দ্বারা পূর্ণ করিবেক। বিদুর ও ধর্ম্ম ব্যাধ শূদ্র হইলেও জ্ঞানোৎপত্তি হইয়াছিল। কেহই তাঁহাদের জ্ঞানফল রোধ করিতে পারে নাই। তাঁহারা পূর্ব্ব জন্মে দ্বিজ ছিলেন। শূদ্র ইতিহাস ও পুরাণ দ্বারা জ্ঞান আয়ত্ত করিবে।

(১১) প্রাণ শব্দ পরমেশ্বর।

৩৯ সূঃ কম্পনাৎ।

কম্পনাৎ কঠ উপনিষদে আছে যাহার আশ্রিত হইয়া, এসকল কম্পিত হয়, সেই কম্পনাশ্রয় পরমেশ্বর। জগতের চালনা করা বজ্রাদির সঙ্গত নহে, প্রাণ এজতি মহদ্‌ভয়ং বজ্রম্ যা কিছু জগৎ এ সমস্তই প্রাণে এজিত কম্পিত। সেই প্রাণই মহৎ বজ্র উদ্যত বজ্রের ন্যায় ভয় স্থান। ভয়াদস্যাগ্নি স্তপতি ভয়াত্তপতি সূর্য্যঃ। অগ্নি তাহার ভয়ে তাপ প্রদান করেন, সূর্য্য আতপ প্রদান করেন।

(১২) জ্যোতি ব্রহ্ম।

৪০ সূঃ জ্যোতি দর্শনাৎ।

দর্শনাৎ ছান্দোগ্যের প্রজাপতি বাক্যে অপহতপাপ্মা উত্তমপুরুষ ইত্যাদি বিশেষণ থাকা হেতু, জ্যোতিঃ জ্যোতি শব্দ ব্রহ্মবোধক। পরং জ্যোতি রূপসম্পদ্য স্বেন রূপেণ অভিনিষ্পদ্যতে পরজ্যোতিপ্রাপ্ত ও আপন স্বরূপ পরিনিষ্ঠিত হয়েন। য অপহত পাপ্মা যিনি আত্মা তিনি নিষ্পাপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৩) আকাশ ব্রহ্ম

৪১ সূঃ আকাশোঽর্থান্তরত্বাদি ব্যপদেশাৎ ॥

অর্থান্তরত্বাদি ব্যপদেশাৎ নামরূপের ভেদ ব্যপদেশ থাকায়, আকাশঃ আকাশ শব্দে ব্রহ্মই উপলব্ধ হয়েন। ভূতাকাশ নামরূপ হইতে ভিন্ন হইতে পারে না। ছান্দোগ্যে আকাশ শব্দ ব্রহ্মবোধক, কারণ শ্রুতি তাহাতে নামরূপের নির্ব্বাহক, অর্থাৎ নাম রূপ হইতে ভিন্ন বলিয়াছেন। আকাশ হবৈ নাম নামরূপয়ো র্নির্ব্বহিতা তে যদন্তরা তদ্ ব্রহ্ম তদমৃতং স আত্মেতি শ্রূয়তে। আকাশই নামরূপের নির্ব্বাহক্, যাহা ব্রহ্ম তাহা নাম ও রূপ হইতে ভিন্ন। যাহা ব্রহ্ম, তাহা অমৃত ও আত্মা।

(১৪) বিজ্ঞানময় ব্রহ্ম।

বিজ্ঞানময় ব্রহ্ম

৪২ সূঃ সুষুপ্ত্যুৎক্রান্ত্যো র্ভেদেন।

সুষুপ্তি উৎক্রান্ত্যোঃ ব্রহ্ম সুষুপ্তি ও উৎক্রান্তি হইতে ভেদেন ভিন্ন। জীব সুষুপ্তিতে ব্রহ্মে একত্ব প্রাপ্ত হয়, এবং উৎক্রমণ কালে পরমাত্মার অনুগত হইয়া দেহ ত্যাগ করে। সুষুপ্তি ও উৎক্রান্তি দুই বিষয়ে জীব ও পরমাত্মা ভিন্ন হওয়ায়, বিজ্ঞানময় পুরুষ ব্রহ্ম। বৃহদারণ্যকের ষষ্ঠ প্রপাঠকে কতমাত্মেতি যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তর্জ্যোতিঃ পুরুষঃ জনক জিজ্ঞাসা করিলেন আত্মা কি? যাজ্ঞবল্ক্য বলিলেন ইন্দ্রিয়গণের মধ্যে যিনি বিজ্ঞানময় অথচ ইন্দ্রিয়ের ও বুদ্ধির অতিরিক্ত, পুরুষ অর্থাৎ পূর্ণ, হৃদয়ের মধ্যে জ্যোতি স্বরূপ সর্ব্বপ্রকাশক।

অধিপতি ব্রহ্ম।

৪৩ সূঃ পত্যাদি শব্দেভ্যঃ ॥

ঐ বাক্যে পতি আদি শব্দেভ্য অধিপতি ইত্যাদি শব্দ দ্বারা ব্রহ্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতিপন্ন হয়েন। জীব হইতে পারে না কারণ জীব নিরতিশয় অধিপতি হইতে পারে না। স সর্ব্বস্য বশী সর্ব্বস্য ঈশান। সর্ব্বস্য অধিপতিঃ তিনি সকলের বশকর্ত্তা নিয়ন্তা ও অধিপতি।

চতুর্থ পাদ।

(১) সূক্ষ্ম শরীরই অব্যক্ত।

কাঠক অব্যক্ত প্রধান নহে

১ সূঃ আনুমানিক মপ্যে কেষামিতি চেন্ন শারীর-রূপক-বিন্যস্ত-গৃহীতের্দর্শয়তি চ।

আনুমানিকম্ প্রধান অনুমানগম্য বটে, কিন্তু একেষাম্ কঠ শাখায় তাহার প্রয়োগ আছে, অতএব বৈদিক, ইতি চেৎন ইহা বলিও না, কারণ শরীর-রূপক-বিন্যস্ত-গৃহীতেঃ কঠ শাখায় শরীরকে রথ বলা হইয়াছে, সেই রূপক শব্দ গ্রহণ হেতু, সাংখ্যোক্ত প্রধান শ্রুতিতে উল্লিখিত হয় নাই। আত্মানং রথিনং বিদ্ধি শরীরং রথমেব তু॥ বুদ্ধিং তু সারথিং বিদ্ধি মন প্রগ্রহমেব চ॥ ইন্দ্রিয়ানি হয়ানাহু র্বিষয়াং স্তেষু গোচরান্॥ আত্মেন্দ্রিয় মনযুক্তং ভোক্তেত্যাহুর্মনীষিণঃ॥ ইন্দ্রিয়েভ্যো পরাহ্যর্থা, অর্থেভ্যশ্চ পরং মনঃ॥ মনসস্ত পরা বুদ্ধি বুদ্ধে রাত্মা মহান্ পরঃ॥ মহতঃ পরম-ব্যক্ত মব্যক্তাৎ পুরুষঃ পরঃ॥ পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্টা সা পরাগতিঃ॥ আত্মাকে রথী, শরীরকে রথ, বুদ্ধিকে সারথী, মনকে লাগাম, ইন্দ্রিয়গণ অশ্ব, শব্দস্পর্শাদি বিষয় সমূহ গোচরস্থান ভ্রমনস্থান বলিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানিবে। ইন্দ্রিয়ের পর অর্থ বিষয়। অর্থের পর মন, মনের পর বুদ্ধি, বুদ্ধির পর মহান্ আত্মা (হিরণ্যগর্ভ)। মহান্ আত্মার (মহৎ মূল বুদ্ধি) পর অব্যক্ত (কর্ম্মবীজ সংস্কার), অব্যক্তের পর পুরুষ চিৎ। দর্শয়তি চ এবং জানাইতেছেন যো ব্রহ্মাণং বিদধাতি পূর্ব্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ যিনি ব্রহ্মাকে সৃষ্টি করিয়া তাঁহাতে বেদ প্রদান অর্থাৎ বেদজ্ঞান আবির্ভাবন করিয়াছিলেন !

অব্যক্ত সূক্ষ্ম শরীর

২ সূঃ সূক্ষ্মন্তুতদর্হত্বাৎ ॥

তৎ অব্যক্ত শব্দে সূক্ষ্ম শরীর অর্হত্বাৎ যোগ্য। যাহা সূক্ষ্ম তাহাই অব্যক্ত শব্দের যোগ্য। অব্যাকৃতমাসীৎ জগৎ পূর্ব্বে নামরূপ বর্জ্জিত ছিল।

সূক্ষ্মশরীর ঈশ্বরাধীন।

৩ সূঃ তদধীনত্বাদর্থবৎ ॥

তদধীনত্বাৎ সূক্ষ্মশরীর স্বতন্ত্র স্বাধীন নহে কিন্তু ঈশ্বরাধীন, বন্ধ মোক্ষ ব্যবহার সূক্ষ্মশরীরের অধীন, অর্থবৎ সুতরাং সিদ্ধান্ত হানি দোষ হয় না। অব্যাকৃত অব্যক্ত অবস্থা যদি জগৎকারণ হইল, তাহা হইলে সাংখ্যের প্রধানবাদ স্থাপিত হইল, না তাহা নহে, আমাদের মতে সে পূর্ব্বাবস্থা ঈশ্বরাধীন, সাংখ্যের ন্যায় স্বাধীন নহে।

সাংখ্যোক্ত অব্যক্ত জ্ঞেয় নহে।

৪ সূঃ জ্ঞেয়ত্বাবচনাচ্চ ॥

শ্রুতিতে সাংখ্যোক্ত অব্যক্তের জ্ঞেয়ত্বাবচনাৎ জ্ঞেয়ত্ব কথিত হয় নাই অর্থাৎ তাহাকে জানিতে বলেন নাই। সাংখ্যোক্ত অব্যক্ত জ্ঞেয় নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মারই জ্ঞেয়ত্ব।

৫ সূঃ বদতীতি চেন্ন প্রাজ্ঞোহি প্রকরণাৎ ॥

বদতি শ্রুতিতে সাংখ্যোক্ত অব্যক্তের জ্ঞেয়ত্ব আছে, ইতি চেৎ ন ইহা বলা যায় না, প্রাজ্ঞঃ হি শ্রুতিতে প্রাজ্ঞের আত্মারই জ্ঞেয়ত্ব অর্থাৎ জানিতে বলা হয়, প্রকরণাৎ উহা আত্মারই প্রকরণ। সাংখ্যোক্ত প্রধান জ্ঞান দ্বারা মৃত্যু অতিক্রম করা যায় না। পুরুষকে জানিলেই মৃত্যু অতিক্রম করা যায়। অশব্দ মস্পর্শ মরূপ মব্যয়ং তথাহরসং নিত্যম গন্ধবচ্চ যৎ অনাদ্যনন্তং মহতঃ পরং ধ্রুবং নিচায্য তং মৃত্যুমুখাৎ প্রমুচ্যতে। শব্দবর্জ্জিত, স্পর্শবর্জ্জিত, রূপবর্জ্জিত, ক্ষয়রহিত, রস বর্জ্জিত, গন্ধশূন্য, নিত্য, অনাদি, অনন্ত মহতের পর নির্ব্বিকার, তাঁহাকে উপাসনা করিয়া মৃত্যু গ্রাস হইতে মুক্ত হয়।

অব্যক্ত সূক্ষ্ম

৬ সূঃ ত্রয়াণামেব চৈবমুপন্যাসঃ প্রশ্ন শ্চ।

ত্রয়াণামেব কঠোপনিষদে নচিকেতা যমকে অগ্নি, জীব ও পরমাত্মা এই তিন বিষয়ের প্রশ্ন করেন, যম উপন্যাস উত্তর দেন। জীব বিষয়ক উত্তর দ্বারা জানা যায় অব্যক্ত শব্দে প্রাজ্ঞ বা সূক্ষ্ম। যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষ্যোহস্তি ইতি একে নায়মস্তি ইতি চৈকে এতদ্ বিদ্যাম্ অনুশিষ্টস্ত্বয়াহং বরাণামেষ বরস্তৃতীয়ঃ মনুষ্য মরিলে যে সন্দেহ করে, থাকে বা থাকে না, সেই সন্দেহ আমার বিদূরিত হউক, তোমার উপদেশে আমি যেন উহার তথ্য জ্ঞাত হই, ইহাই আমার তৃতীয় প্রর্থনা। যোনি মধ্যে প্রপদ্যন্তে শরীরত্বায় দেহিনঃ স্থানু মধ্যেহনুসংযন্তি যথাকর্ম্ম যথাশ্রুতম। যেমন কর্ম্ম যেমন-জ্ঞান, মরণপ্রাপ্ত আত্মা তদনুরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গতি প্রাপ্ত হয়। দেহীগণ পুনঃ শরীর প্রাপ্তির জন্য ভিন্ন ভিন্ন যোনি প্রাপ্ত হয়। ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ বিদ্বান জন্মে না মরে না।

বৈদিক মহান্ পৃথক্

৭ সূঃ মহদ্ বচ্চ ॥

মহদ্‌বৎ যেমন বৈদিক মহৎ শব্দ সাংখোক্ত মহৎ শব্দ হইতে পৃথক, সেইরূপ বৈদিক অব্যক্ত শব্দ ও সাংখ্যোক্ত অব্যক্ত শব্দ হইতে পৃথক্। বুদ্ধেরাত্মা মহান্ পরঃ বুদ্ধি অপেক্ষা মহান আত্মা শ্রেষ্ঠ। বেদাহমেতং পুরুষম্ মহান্তম্ আমি মহান্ পুরুষ কে জানি।

(২) অজা প্রকৃতি নহে

অজা প্রকৃতি নহে

৮ সূঃ চমসবদ বিশেষাৎ ॥

অবিশেষাৎ বিশেষ কারণ না থাকায়, অজা শব্দ চমসবৎ চমস শব্দের ন্যায় অর্থহীন অর্থ। চমস শব্দের অর্থ অধোগভীর উর্দ্ধে উচ্চ, কিন্তু এরূপ কোন বস্তু নাই। অজাং একাং অজাকে প্রধান বলিবার কোন কারণ নাই। শ্রুত্যুক্ত অজা শব্দ প্রধান অর্থে প্রযুক্ত, অন্য অর্থে নহে, ইহা বলিতে পার না, কারণ সেরূপ নিশ্চয়ার্থক পোষক প্রমাণ নাই। অজাং একাং লোহিত শুক্ল কৃষ্ণাং বহ্বীঃ প্রজাঃ সৃজমানাং স্বরূপাং অজোহ্যেকো জুষমানোঽনুশেতে জহাত্যেনাং ভুক্ত ভোগাম্‌-জোঽন্যঃ। কোন কোন অজ আত্মা লোহিত-শুক্ল-কৃষ্ণ বর্ণা ও স্বসদৃশ বহু সন্তান প্রসবিনী অজার প্রতি প্রীতি বিশিষ্ট হইয়া তাহারই অনুরূপ হইয়া আছে। অন্য অজ তাহাকে ভোগ করিয়া পরিত্যাগ করিতেছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীব নানা নহে, জীবের বন্ধ মোক্ষ ব্যবস্থা প্রদর্শন করাই ঐ মন্ত্রের অভিপ্রেত।

তেজোবন্ন অজা

৯ সূঃ জ্যোতিরুপক্রমা তু তথাহ্যধীয়ত একে ॥

একে ছান্দোগ্য শ্রুতিতে জ্যোতিরুপক্রমা লোহিত-শুক্ল-কৃষ্ণ তেজ-অপ্-অন্নকে অজা অধীয়তে বলে। কারণ ঐ তিন দ্বারা বহু প্রজা সৃষ্ট হয়। তু নিশ্চয়ার্থে। সূক্ষ্ম ভূত ত্রয়ই অজা। তে ধ্যান যোগানুগতা অপশ্যন্ দেবাত্মশক্তিং স্বগুণৈ নির্গূঢ়াম্ প্রঃ ব্রহ্ম কোন শক্তি বিশেষ? উঃ তাহারা ধ্যান যোগে দেখিয়াছেন জানিয়াছেন আত্ম দেবের শক্তি গুণ দ্বারা আবৃত জগৎকর্ত্রী ঐশী শক্তি। মায়াং তু প্রকৃতিং বিদ্যাৎ মায়াই প্রকৃতি তদধিষ্ঠাতা পরমেশ্বর। যো যোনিং যোনিমধিতিষ্ঠতি যিনি প্রত্যেক যোনিতে অধিষ্ঠিত। এই সকল প্রমাণ হেতু অজা শব্দ প্রধান নহে।

'জ' কে অজা বলা

১০ সূঃ কল্পনোপদেশাচ্চ মধ্বাদিবদবিরোধঃ ॥

মধ্বাদিবৎ সূর্য্যদেব মধু নহে, তথাপি উপসনাতে সূর্য্যকে মধু কল্পনা করা হয়, সেইরূপ তেজ প্রভৃতি জায়মান ভূত সূক্ষ্মকে কল্পনোপদেশাৎ অবিরোধঃ অজা কল্পনায় বিরোধ নাই। যাহা জন্মবান তাহা "জ"। "জ" কে অজা বলা হয়। জায়মান ব্যক্ত অজা হইতে পারে না।

(৩) প্রাণ চক্ষু শ্রোত্র মন অন্ন—পঞ্চজন

সাংখ্যের পঁচিশ তত্ত্ব বৈদিক নহে

১১ সূঃ ন সংখ্যোপসং গ্রহাদপি নানাভাবাদতিরেকাচ্চ ॥

যস্মিন্ পঞ্চ পঞ্চজনা আকাশশ্চপ্রতিষ্ঠিতঃ তমেবমন্যঃ আত্মানং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিদ্বান্ ব্রহ্মামৃতোঽমৃতম্ যাঁহাতে পাঁচ পাঁচ জন ও আকাশ প্রতিষ্ঠিত সেই অমৃত ব্রহ্মাত্মাকে জানিয়া অমৃত হও। ন সংখ্যোপ সংগ্রহাৎ অপি ওই শ্রুতি বাক্যে পাঁচ পাঁচ বলা হইয়াছে। পাঁচ পাঁচ বলিলেই পঁচিশ বুঝায়। অতএব সাংখ্যোক্ত পঁচিশ তত্ব শ্রুতিসিদ্ধ বলিতে পার না। কারণ অতিরেকাৎ ঐ শ্রুতিতে আকাশ অতিরিক্ত রহিয়াছে, কাযেই ছাব্বিশ বলিতেছে, তত্ব সংখ্যাগণনাতে একটী অতিরিক্ত হয়। নানাভাবাৎ সাংখ্যের নানাভাব এজন্য প্রধানাদি শাব্দ নহে। বিশেষতঃ সাংখ্যোক্ত পুরুষতত্বটী পঁচিশের অন্তর্গত, কিন্তু শ্রুতিতে আত্মা আধার বলিতেছে, আধার আধেয় এক হইয়া পড়ে। সাংখ্যের পঁচিশের মধ্যে এমন কোন পঞ্চক নাই, যাহা পরস্পর ব্যাবর্ত্তকধর্ম্ম বিশিষ্ট হয়। সাংখ্যের নানাভাব।

প্রাণাদি পঞ্চ জন।

১২ সূঃ প্রাণাদয়ো বাক্য শেষাৎ ॥

বাক্যশেষাৎ পঞ্চজন মন্ত্রের পরমন্ত্রে যে প্রাণ প্রভৃতির উল্লেখ আছে প্রাণাদয়ঃ সেই প্রাণই পঞ্চজন শব্দের বোধ্য। প্রাণ পঞ্চকই পঞ্চজন বলা হইয়াছে। প্রাণ চক্ষু শ্রোত্র অন্ন ও মন এই পাঁচ জন বলা হইয়াছে। প্রাণস্য প্রাণমুত চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রমন্নস্যান্নং মনসো মনঃ বিদুঃ যিনি প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু, শ্রোত্রের শ্রোত্র, মনের মন, অন্নের অন্ন জানেন।

জ্যোতি অন্ন

১৩ সূঃ জ্যোতিষৈ কেষাম সত্যন্নে ॥

একেষাম্ কান্ব শাখাতে অন্নে অসতি প্রাণাদি পঞ্চ মধ্যে অন্ন গণনা স্থলে জ্যোতিষা জ্যোতিকে গণনা করে। তাহাতেই পঞ্চ সংখ্যাপূরণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়। তদ্দেবা জ্যোতিষাম্ জ্যোতিঃ দেবগণ সেই জ্যোতির জ্যোতিকে উপাসনা করেন।

(৪) বেদান্ত বাক্যে স্রষ্টার ভিন্নতা নাই

স্রষ্টা এক

১৪ সূঃ কারণত্বেন চাকাশাদিষু যথা ব্যপদিষ্টোক্তেঃ ॥

সৃষ্টি বিষয়ে বিভিন্ন উপদেশ থাকিলেও স্রষ্টা বিষয়ে বিরোধ বা ভিন্ন মত নাই। আকাশাদিষু আকাশাদি সৃজ্যমানের ব্যপদিষ্টোক্তেঃ ভিন্ন ভিন্ন উক্তি হইলেও অর্থাৎ ভিন্ন ভিন্ন প্রণালীতে সৃষ্টির উক্তি থাকিলেও কারণত্বেন স্রষ্টা বিষয়ে উপদেশের ভিন্নতা নাই। কোন শ্রুতিতে আত্মনঃ আকাশ আত্মা হইতে আকাশ। কোন শ্রুতিতে তত্তে জোঽসৃজত তিনি তেজ সৃষ্টি করিলেন, স প্রাণমসৃজত তিনি প্রাণ সৃজন করিলেন, অসদেবে দমগ্র আসীৎ তদ্ সদাসীৎ পূর্ব্বে অসৎ ছিল পরে সৎ হইয়াছে। সদেব সৌম্য ইদমগ্র আসীৎ হে সৌম্য সৃষ্টির পূর্ব্বে এ সকল এক মাত্র সৎ ছিল, একমেবাদ্বিতীয়ম্ এক অদ্বিতীয় পদার্থ ছিল, তদৈক্ষত বহুস্যাং প্রজায়েয় তিনি আলোচনা করিলেন বহু হইব উৎপন্ন হইব।

জগৎ কারণে মত ভেদ নাই

১৫ সূঃ সমাকর্ষাৎ ॥

যাহা জগৎ কারণ তাহাতে মত ভেদ নাই। কারণ সেই সেই স্থানে সমাকর্ষাৎ সতের সমাকর্ষণ আছে। সকল উপনিষদে সতের সমভাবে আকর্ষণ আছে। অসদ্ বা ইদমগ্র আসীৎ এ স্থলে অভাব পদার্থকে কারণ বলা হয় নাই। ঐ বাক্যে অসন্নেব স ভবত্য সৎ ব্রহ্মেতি বেদ চেৎ যে ব্রহ্মকে অসৎ বলে সে নিজে অসৎ হয়। তৎসত্য মিত্যাচক্ষত এই জন্য তাঁহাকে সত্য নাম দেওয়া হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) প্রাণ জীব ও পরমাত্মা এই তিনের মধ্যে পরব্রহ্মই কর্ত্তা

পুরুষ শব্দে জগৎ অর্থ

১৬ সূঃ জগদ্বাচিত্বাৎ ॥

জগদ্ বাচিত্বাৎ কৌষিতকি উপনিষদে পুরুষাণাং কর্ত্তা যস্য বৈতৎ কর্ম্ম স বৈবেদিতব্যঃ যিনি পুরুষের কর্ত্তা এ সকল যাঁহার কর্ম্ম তাঁহাকে বিদিত হও। পুরুষ শব্দে জগৎ বুঝিতে হইবে।

প্রাণ পরমেশ্বর

১৭ সূঃ জীবমুখ্যপ্রাণ লিঙ্গান্নেতি চেৎ তদ্ ব্যাখ্যাতম্ ॥

জীবমুখ্য প্রাণ লিঙ্গাৎ বাক্য শেষে জীব বোধক ও প্রাণ বোধক কথা আছে বলিয়া "ন" পরমেশ্বর অর্থ গ্রহণ হইবে না, ইতি চেৎ ইহা যদি বল, তদ্ ব্যাখ্যাতম্ এ কথার বিচার পূর্ব্বে হইয়াছে। ১।১।৩১ সূত্রে বিশেষরূপে বিচারিত হইয়াছে জীব বা প্রাণ বুঝায় না, পরমেশ্বরের উপাসনাই বুঝায়।

ব্রহ্ম বুঝাইবার জন্য জীবভাবের উপদেশ

১৮ সূঃ অন্যার্থন্তু জৈমিনিঃ প্রশ্ন ব্যাখ্যানাভ্যামপি চৈব মেকে।

জৈমিনিঃ জৈমিনি বলেন প্রশ্ন ব্যাখ্যানাভ্যাম্ প্রশ্ন উত্তর দ্বারা জানা যায় অন্যার্থম্ ব্রহ্ম বুঝাইবার জন্য জীবভাবের উপদেশ এবম্ একে বাজসনেয়ীগণের ঐ মত। কৌষিতকি ব্রাহ্মণে কৈষ এতদ্ বালাকে পুরুষোহশয়িষ্ট ক্ব বা এতদ্ ভূ কুতঃ এতদগাৎ যদা সুপ্তঃ স্বপ্নং ন কঞ্চন পশ্যত্যথাস্মিন্ প্রাণ এবৈকধা ভবতি। প্রঃ বালাকে! এই পুরুষ কোন আশ্রয়ে সুপ্ত ছিল? এ কোথায় ছিল! এ কোথা হইতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আসিল ? উঃ সুপ্ত পুরুষ যখন কোন প্রকার স্বপ্ন দেখে না তখন সে প্রাণে গিয়া একত্ব প্রাপ্ত হয়। প্রাণপ্রলয়ের আধার আত্মা, সেই আত্মা হইতে প্রাণ ইন্দ্রিয় সকল যথা স্থানে পুনরাগমন করে। বাজসনেয়ী শাখাতে য এষঃ বিজ্ঞানময়ঃ পুরুষঃ ক্বৈষ তদভূৎ কুত এতদগাৎ যএষোহন্ত হৃদয় আকাশ স্তস্মিন্ শেতে। প্রঃ এই বিজ্ঞানময় পুরুষঃ ইনি তখন স্বাপকালে কিসে ছিলেন ? কোথা হইতে আসিলেন ? উঃ এই দেবের অন্তরে আকাশ (ব্রহ্ম) ইহাতেই তিনি সুপ্ত ছিলেন। অতএব ব্রহ্ম উপদেশের জন্য জীবভাবের উপদেশ।

(৬) পরমাত্মাই শ্রবণ মননাদির বিষয়

ব্রহ্মের শ্রবণ মনন

১৯ সূঃ বাক্যান্বয়াৎ ॥

বাক্যান্বয়াৎ মহাবাক্যের তাৎপর্য্য নিশ্চয় কালে প্রোক্ত বাক্যের ব্রহ্ম পরতাই সিদ্ধ হয়। মৈত্রেয়ী ব্রাহ্মণে ন বা অরে পত্যুঃ কামায় পতি প্রিয় আত্মনস্ত কামায় সর্ব্বং প্রিয় ভবতি আত্মা বা অরে দ্রষ্টব্য মন্তব্য নিদিধ্যাসিতব্য অরে মৈত্রেয়ি ! স্ত্রীর পতির সুখের জন্য পতি প্রিয় হয় না। সবই আত্মসুখার্থ প্রিয়। অতএব আত্মাই দ্রষ্টব্য শ্রোতব্য মন্তব্য ও নিদিধ্যাসিতব্য।

জীবতত্ত্ব জ্ঞানে ব্রহ্মতত্ত্ব সিদ্ধি

২০ সূঃ প্রতিজ্ঞাসিদ্ধে র্লিঙ্গ মাশ্মরথ্যঃ ॥

আশ্মরথ্যঃ আশ্মরথ্য বলেন লিঙ্গম্ প্রিয় শব্দ দ্বারা জীবাত্মার সূচনা করিয়াছেন, প্রতিজ্ঞাসিদ্ধেঃ তাহাই প্রতিজ্ঞা সিদ্ধির বোধক। প্রতিজ্ঞা সিদ্ধির জন্য এইরূপ উপদেশ। আত্মনি বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতি আত্মা বিজ্ঞাত হইলে সমুদায় বিজ্ঞাত হয়, এ প্রতিজ্ঞা জীবভাব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপদেশ দ্বারা সিদ্ধ হয়। আত্মা বিজ্ঞাত হইলে সমুদায় বিজ্ঞাত হয়। জীব ও ব্রহ্ম এক, সুতরাং জীবতত্ত্ব জ্ঞানে ব্রহ্ম তত্ত্ব জ্ঞান সিদ্ধ হয়।

মুক্ত হইলে জীব ও ব্রহ্ম এক

২১ সূঃ উৎ ক্রমিষ্যত এবং ভাবাদি ত্যৌডুলোমিঃ ॥

ঔডুলোমিঃ ঔডুলোমি বলেন উৎক্রমিষ্যতে যখন জীব উৎক্রান্ত মুক্ত হয় এবং ভাবাৎ তখন আর জীব ভাব থাকে না। ব্রহ্মই দেহ ইন্দ্রিয় মন ও বুদ্ধি দ্বারা কলুষিত হইয়া জীব আখ্যা প্রাপ্ত হন। তিনি যখন ঐ সব উপাধি হইতে মুক্ত হয়েন, তখন আর জীব ভাব থাকে না, সুতরাং সেখানে জীব ও ব্রহ্ম এক। এই অভেদ উপদেশ করিবার জন্য শ্রুতি অভেদোক্তি করিয়াছেন। এষ সম্প্রসাদোঽস্মাৎ শরীরাৎ সমুত্থায় পরং জ্যোতি রুপসম্পদ্য স্বেন রূপেনাভিনিষ্পদ্যতে এই স্বচ্ছতা-প্রাপ্ত জীব শরীর হইতে উত্থিত হইয়া পরজ্যোতি সম্পন্ন হওয়ায় স্বরূপ প্রতিষ্ঠিত হয়েন।

জীব ও ব্রহ্ম এক

২২ সূঃ অবস্থিতে রিতি কাশ কৃৎস্নঃ ॥

কাশকৃৎস্নঃ কাশকৃৎস্ন বলেন অবস্থিতেঃ পরমাত্মাই জীবভাবে অবস্থিতি করিতেছেন। জীব ও পরমাত্মার একত্বই শ্রুতির অভিপ্রায়। অনেন জীবে নাত্ম নানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি ব্রহ্ম আলোচনা করিলেন আমি জীবরূপে অনুপ্রবিষ্ট হইয়া নামরূপের বিকাশ করিব।

(৭) ব্রহ্ম নিমিত্ত ও উপাদান কারণ

নিমিত্তোপাদান উভয় কারণ ব্রহ্ম

২৩ সূঃ প্রকৃতিশ্চ প্রতিজ্ঞাদৃষ্টান্তানু পরোধাৎ ॥

প্রকৃতিঃ নিমিত্ত ও উপাদান উভয় কারণ ব্রহ্ম, ইহা প্রতিজ্ঞাদৃষ্টান্তানু-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরোধাৎ প্রতিজ্ঞা ও দৃষ্টান্ত উভয় দ্বারা অনুপরোধ অবাধা সাধিত হয়। প্রতিজ্ঞা যেন অশ্রুতং শ্রুতং ভবতি অমতং মতম বিজ্ঞাতং বিজ্ঞাতম্ যাহা শুনিলে জানিলে শুনিবার ও জানিবার অবশেষ থাকে না। দৃষ্টান্ত—একেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃণ্ময়ং বিজ্ঞাতং স্যাৎ বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেব সত্যং বিকার সকল নাম মাত্র। নাম সকল বাক্যসৃষ্ট সুতরাং মৃত্তিকাই সত্য। নাম সকল মিথ্যা। একেন লৌহ মণিনা সর্ব্বং লৌহময়ং বিজ্ঞাতং স্যাৎ একেন নখকৃন্তেন সর্ব্বং কার্ষ্ণায়সং বিজ্ঞাতং স্যাৎ লৌহ জানা হইলে সমুদায় লৌহজ দ্রব্য জানা হয়, একটী নরুণ জানিলে সমস্ত ইস্পাত জানা হয়।

সৃষ্টি সংকল্প তিনি উভয় কারণ

২৪ সূঃ অভিধ্যোপদেশাচ্চ ॥

অভিধ্যোপ দেশাৎ সৃষ্টি সংকল্প বিষয় যেরূপ উপদেশ আছে, তদ্বারা নিমিত্ত ও উপাদান উভয় কারণ ব্রহ্ম প্রতিপন্ন হন। সোঽ কাময়ত বহু স্যাং তিনি কামনা করিলেন বহু হইব। সেজন্য নিমিত্ত ও উপাদান উভয় কারণ।

উৎপত্তি প্রলয় উভয়—ব্রহ্ম

২৫ সূঃ সাক্ষাচ্চোভয়াম্নানাৎ ॥

"সাক্ষাৎ" ব্রহ্ম উভয়াম্নানাৎ উৎপত্তি প্রলয় কথন হেতু ব্রহ্ম উৎপত্তি প্রলয় উভয়ের কারণ ইহা বলায় ব্রহ্ম নিমিত্ত উপাদান উভয় কারণ। সর্ব্বাণিহ বা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপত্যন্তে আকাশং প্রত্যস্তং যন্তি এই সমুদয় ভূত আকাশ (ব্রহ্ম) হইতে উৎপন্ন আবার আকাশেই লয় প্রাপ্ত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্ম নিজেই পরিণত হয়েন।

২৬ সূঃ আত্মকৃতেঃ পরিণামাৎ ॥

আত্মকৃতেঃ নিজের অনুকরণ হেতু পরিণামাৎ প্রকৃতি পরিণাম। ব্রহ্ম আপনাকেই আপনি পরিণত করিয়াছেন। ব্রহ্ম প্রকৃতিতে পরিণত এজন্য নিমিত্ত ও উপাদান উভয় কারণ বলা যায়। সচ্চত্যচ্চাভবৎ নিরুক্তঞ্চানিরুক্তঞ্চ ব্রহ্মই প্রত্যক্ষ অপ্রত্যক্ষ বাক্যগোচর বাক্যাগোচর সমস্তই হইয়াছেন।

ব্রহ্ম বিশ্ব যোনি

২৭ সূঃ যোনিশ্চ হি গীয়তে ॥

যোনিঃ ব্রহ্ম বিশ্বযোনি বলিয়া গীয়তে পরিগীত হয়েন। যোনি প্রকৃতি রূপা শব্দ উক্ত থাকায় ব্রহ্ম নিমিত্ত ও উপাদান। কর্ত্তারমীশং পুরুষং ব্রহ্মযোনিং তিনি কর্ত্তা নিয়ন্তা পুরুষ আত্মা পূর্ণ যোনি অর্থাৎ প্রকৃতি।

(৮) পরমাণু কারণ বাদ নিরাস

পরমাণু কারণ নহে

২৮ সূঃ এতেন সর্ব্বে ব্যাখ্যাতাঃ ব্যাখ্যাতাঃ ॥

এতেন যে যে প্রমাণ দ্বারা প্রধান কারণ বাদ নিরাকৃত হইয়াছে সেই সেই প্রমাণ দ্বারা সর্ব্বে ব্যাখ্যাতাঃ পরমাণুবাদ শূন্যকারণবাদ নিরাকৃত হইবে। সাংখ্য প্রধান জগৎকারণ বলে, বৈশেষিক পরমাণু জগৎকারণ বলে, বৌদ্ধ শূন্য জগৎকারণ কলে। প্রধান পরমাণু শূন্য কেহই জগৎ কারণ নহে। ব্যাখ্যাতাঃ দ্বিত্ব অধ্যায় সমাপ্তি সূচক।

—*—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায়

প্রথম পাদ

(১) সাংখ্যবাদ মন্বাদির অনভিমত।

সাংখ্য মন্বাদির অনভিমত

১ সূঃ স্মৃত্যনবকাশ দোষ প্রসঙ্গ ইতি চেন্নান্য
স্মৃত্যনবকাশ দোষ প্রসঙ্গাৎ ॥

স্মৃতৌ অনবকাশ দোষ প্রসঙ্গ ইতি চেন্নান্য স্মৃত্যনবকাশ দোষ প্রসঙ্গাৎ স্মৃতৌ অনবকাশ দোষ প্রসঙ্গঃ বেদান্তের ঈশ্বর কারণ বাদ যদি স্বীকার কর, তাহা হইলে সাংখ্য স্মৃতি অপ্রমাণ হইয়া পড়ে, ইতি চেৎন তাহা বলিও না, কারণ অন্য স্মৃতি অনবকাশ দোষ প্রসঙ্গাৎ মন্বাদি অপর স্মৃতি ও অপ্রমাণ হইয়া পড়িবে। প্রধান কারণ বাদ কেবল বেদান্তে নাই, তাহা নহে, মন্বাদি শাস্ত্রেও নাই। যে স্থলে স্মৃতি শ্রুতি-বিরুদ্ধ হয় সে স্থলে স্মৃতির অপ্রমাণ্য হয়। শ্রুতিতে আছে বটে ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্ত্তি জায়মানশ্চ পশ্যেৎ যে দেব প্রথম প্রসূত কপিলকে জন্মিবামাত্র ঋষি ও জ্ঞানী করিয়াছিলেন, সেই পরম দেব ঈশ্বরকে জ্ঞান গোচর করিবে। কপিল শব্দ সামান্য বাচি। কোন কপিল তাহার স্থিরতা নাই। কপিল নানাত্মবাদ প্রচার করিয়াছেন, কিন্তু মনু বলিয়াছেন

সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি
সমং পশ্যন্ আত্মযাজী স্বারাজ্যমধিগচ্ছতি ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে উপাসক সমানরূপে আপনাকে সমস্ত ভূতে ও সমস্ত ভূত আপনাতে সন্দর্শন করে, সেই আত্মজ্ঞানী উপাসক স্বর্গরাজ্য প্রাপ্ত হয়।

মহত্তত্ব কোন স্মৃতিতে দৃষ্ট হয় না।

২ সূঃ ইতরেষাঞ্চানুপলব্ধেঃ ॥

ইতরেষাম্ সাংখোক্ত মহত্তত্ব অহঙ্কার অনুপলব্ধেঃ অন্য কোথায় দৃষ্ট হয় না। সে জন্য তাহা লোকে ও বেদে সর্ব্বত্র অপ্রসিদ্ধ। প্রধান যখন অপ্রসিদ্ধ মহত্তত্ত্বের সঙ্গে পরিপঠিত, তখন প্রধান অপ্রামাণ্য।

(২) অবৈদিক যোগ শাস্ত্র ও প্রতিষিদ্ধ

যোগ শাস্ত্র ও অবৈদিক

৩ সূঃ এতেন যোগঃ প্রত্যুক্তঃ ॥

এতেন যে সকল প্রমাণানুসারে সাংখ্য স্মৃতির অপ্রামাণ্য সেই সকল যুক্তিতে যোগঃ প্রত্যুক্তঃ যোগ শাস্ত্রের প্রধান কারণবাদ মহত্তত্ত্বাদি ও নানাত্মবাদ অপ্রামাণ্য।

(৩) ব্রহ্ম জগৎ কারণ

ব্রহ্ম চেতন, জগৎ জড়, অতএব কারণ নহে।

৪ সূঃ ন বিলক্ষণ ত্বাদস্য তথাত্বঞ্চ শব্দাৎ ॥

ব্রহ্ম চেতন ও শুদ্ধ কিন্তু জগৎ অচেতন ও অশুদ্ধ, সুতরাং সমলক্ষণ নহে। ব্রহ্ম জগতের উপাদান বলিতেছ। উপাদান কারণ ও কার্য্য সমলক্ষণ হওয়া উচিত। "ন" ব্রহ্ম জগৎ কারণ নহে। বিলক্ষণত্বাৎ কারণ জগৎ ব্রহ্ম হইতে বিলক্ষণ অর্থাৎ জগৎ জড়। অস্য জগতের তথাত্বম্ জড়ত্ব শব্দাৎ শ্রুতিতে উক্ত হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভিমানিনী দেবতা আছেন

৫ সূঃ অভিমানি ব্যপদেশস্তু বিশেষানুগতিভ্যাম্ ॥

অভিমানি ব্যপদেশঃ পৃথিবী আদির অভিমানিনী দেবতার উল্লেখ আছে। ইহা বিশেষানুগতিভ্যাং বিশেষতঃ জড় চেতন ভোক্তা ভোগ্য এইরূপ পার্থক্য ও অনুগতি পুরাণাদি এই দুই দ্বারা প্রতিপন্ন। তে হে মে প্রাণাঃ অহং শ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মুঃ সেই সকল ইন্দ্রিয় আপন আপন শ্রেষ্ঠার্থ বিবাদ করিল, পরে ব্রহ্মার নিকট গমন করিল।

চেতন হইতে অচেতনের দৃষ্টান্ত।

৬ সূঃ দৃশ্যতে তু ॥

জগৎ অচেতন, ব্রহ্ম চেতন, জগৎ ব্রহ্মপ্রভব নহে "তু" এ আপত্তি হইতে পারে না। কারণ চেতন হইতে চেতন, অচেতন হইতে অচেতন এরূপ নিয়ম নাই। দৃশ্যতে লৌকিক দৃষ্টান্ত চেতন হইতে অচেতন কেশাদি ও অচেতন গোময় হইতে বৃশ্চিকাদি চেতন দেখিতে পাওয়া যায়।

সৃষ্টির পূর্ব্বে জগৎ ছিল না

৭ সূঃ অসদিতি চেন্ন প্রতিষেধ মাত্রত্বাৎ ॥

সৃষ্টির পূর্ব্বে "অসৎ" কার্য্য ছিল না, ইতি চেৎন ইহা বলিও না, প্রতিষেধমাত্রত্বাৎ এ নিষেধ নিরর্থক। কার্য্য কারণ রূপে ছিল বলিতে হইবে। কার্য্য কারণ রূপে উৎপত্তির পূর্ব্বে ছিল, উৎপত্তির পরেও রহিয়াছে। কার্য্য কারণাত্মক। শ্রুতি বলিয়াছেন সর্ব্বং তং পরাদোদ্ যোঽন্যত্রাত্মন সর্ব্বং বেদ যে ব্যক্তি এ সমুদায়কে আত্মাতিরিক্ত দেখে এ সমুদায় তাহাকে আক্রমু (আচ্ছন্ন) করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রলয়ে জগৎ ব্রহ্মে

৮ সূঃ অপীতৌ তদ্‌বৎ প্রসঙ্গাদ সমঞ্জসম্ ॥

প্রশ্ন—অপীতৌ প্রলয়ে তদ্‌বৎ প্রসঙ্গাৎ কার্য্যবৎ, প্রলয়ে কার্য্য কারণে থাকে এই উক্তি অসমঞ্জসম্ অসমীচীন। অচেতন জগৎ প্রলয়ে ব্রহ্মে থাকিলে ব্রহ্ম অচেতন হয়েন।

জগৎ ব্রহ্মকে দূষিত করে না।

৯ সূঃ ন তু দৃষ্টান্ত ভাবাৎ ॥

উত্তর—ন তু প্রলয় কালে জগৎ ব্রহ্মকে দূষিত করে না দৃষ্টান্তভাবাৎ ইহার দৃষ্টান্ত আছে। ঘট শরাব লয় কালে মৃত্তিকাকে দূষিত করে না। অলঙ্কার লয় কালে স্বর্ণকে দূষিত করে না। চতুর্বিধ দেহ লয় কালে পৃথিবীকে দূষিত করে না। সেইরূপ জগৎ ও লয় কালে ব্রহ্মকে জগৎ ধর্ম্ম বিশিষ্ট করে না।

সাংখ্য মতে ও এই দোষ

১০ সূঃ স্বপক্ষ দোযাচ্চ ॥

সাংখ্য মতে ও স্বপক্ষ দোষাৎ উক্ত দোষ সম্ভব হইতে পারে। প্রধান শব্দাদি বিহীন, জগৎ শব্দাদিমান, সুতরাং বিলক্ষণ। বৈলক্ষণ্য হেতু যদি জগৎ ব্রহ্মপ্রভব না বল, বৈলক্ষণ্য হেতু জগৎ প্রধানপ্রভব বলিতে পার না।

তর্ক দ্বারা তত্ব অবগত হওয়া যায় না।

১১ সূঃ তর্কাপ্রতিষ্ঠানাদপ্যন্যথানুমেয়মিতি চেদেবমপ্য বিমোক্ষ প্রসঙ্গঃ ॥

তর্কাপ্রতিষ্ঠানাৎ তর্কের প্রতিষ্ঠা স্থিরত্ব নাই। বুদ্ধি অনুসারে কল্পনা। এক পণ্ডিতের কল্পনায় অন্য পণ্ডিত ভ্রান্তি প্রদর্শন করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধি বিচিত্র কল্পনাও বিচিত্র। কপিল অভ্রান্ত, অতএব তাঁহার যুক্তি অভ্রান্ত, ইহা বলিতে পার না। কণাদ গৌতম সকলেই খ্যাতনামা ঋষি। তাঁহাদের পরস্পর মত বৈপরীত্য আছে। ইতি চেৎ ইহা যদি বল অন্য থানুমেয়ম্ অনুমান দ্বারা এরূপ তর্ক উদ্‌ভাবিত করিব যাহার প্রতিষ্ঠা আছে; সকল তর্কই প্রতিষ্ঠাহীন না হইতে পারে। এবম্ অপি বিষয় বিশেষে প্রতিষ্ঠিত তর্ক থাকিতে পারে। কিন্তু ব্রহ্ম কারণের প্রতিষ্ঠিত তর্ক নাই। অবিমোক্ষ প্রসঙ্গঃ তর্কের মোক্ষ বা সমাপ্তি নাই। রূপ না থাকায় ব্রহ্ম প্রত্যক্ষ নহে, লিঙ্গ না থাকায় তিনি অনুমানের অবিষয়। তর্কের স্থিরতা নাই। যথার্থ অনুমেয় হইলেও তর্কের অপ্রতিষ্ঠা দোষের মোচন হয় না। মনু বলিয়াছেন—

প্রত্যক্ষানুমানঞ্চ শাস্ত্রঞ্চ বিবিধাগমম্
ত্রয়ং সুবিদিতং কার্য্যং ধর্ম্মশুদ্ধিমভীপ্সতা
আর্ষং ধর্ম্মোপদেশঞ্চ বেদশাস্ত্রাবিরোধিনা
যস্তর্কে নানু সন্ধত্তে সর্ব্বং বেদ নেতরঃ ॥

যাঁহারা ধর্ম্মশুদ্ধি ইচ্ছা করেন, তাঁহারা প্রত্যক্ষ অনুমান ও বিবিধ শাস্ত্র উত্তমরূপে বিদিত হইবেন। বেদ শাস্ত্রের অবিরোধি তর্ক দ্বারা আর্ষ ধর্ম্মোপদেশ যিনি অনুসন্ধান করেন, তিনি ধর্ম্ম অবগত হয়েন, অপরে নহে। তর্কে সম্যক্ জ্ঞান দুরূহ। তদ্দ্বারা সংসার মোচন হয় না। উপনিষদ জ্ঞান দ্বারাই মুক্তি হয়।

(৪) বৈশেষিকাদি নিরাস

বৈশেষিক নিরাস

১২ সূঃ এতেন শিষ্টাপরিগ্রহা অপি ব্যাখ্যাতাঃ ॥

এতেন সাংখ্য নিরাস দ্বারা শিষ্টাপরিগ্রহাঃ শিষ্ট মন্বাদির অপরিগ্রহাঃ যাহা অপরিগৃহীত কাণাদ বৌদ্ধাদি ও নিরস্ত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) ব্রহ্ম ভোক্তা ও ভোগ্য হইলেও অদ্বৈত।

ব্রহ্মই ভোক্তা ভোগ্য।

১৩ সূঃ ভোক্ত্রাপত্তে রবিভাগ শ্চেৎ স্যাল্লোকবৎ ॥

ভোক্ত্রাপত্তেঃ অমুক ভোক্তা অমুক ভোগ্য এ ব্যবস্থার অবিভাগঃ চেৎ অভেদ শঙ্কা হয় না, লোকবৎ স্যাৎ লোক মধ্যেও অভিন্ন পদার্থের ভেদ ব্যবহার দৃষ্ট হয়। ভোক্তৃভোগ্য অবিভাগ অভেদ বলিয়া শঙ্কা করা যায় না, কারণ অভেদে ভেদ লোকপ্রসিদ্ধ। জীব ভোক্তা ও বিষয় ভোগ্য। ব্রহ্ম ভিন্ন দ্বিতীয় বস্তু নাই। যেমন সমুদ্রের ফেন তরঙ্গ লহরী জল ছাড়া আর কিছু নহে, সমুদ্র ভিন্ন অপর কিছু নহে, প্রস্তাবিত স্থলে ঠিক সেই রূপ জানিবে।

(৬) ভেদাভেদ ব্যবহারিক অদ্বিতীয়ত্ব পারমার্থিক

কার্য্য কারণ অভেদ

১৪ সূঃ তদন ন্যত্বমারম্ভণ শব্দাদিভ্যঃ ॥

অমুক ভোক্তা অমুক ভোগ্য এ বিভাগ ব্যবহারিক, পারমার্থিক নহে। পরমার্থ পক্ষে কোন বিভাগ নাই। "তৎ" তাহাদের কার্য্য কারণের অনন্যত্বম্ একত্ব আরম্ভণ শব্দাদিভ্যঃ বাচারম্ভণ বিকার নামধেয় ইত্যাদি শব্দ দ্বারা অবগত হওয়া যায় অর্থাৎ কার্য্যকারণ অভিন্ন জানা যায়, কার্য্য কারণাতিরিক্ত নহে। স্বপ্ন দর্শন মিথ্যা হইলেও ব্যবহারিক সত্যতা আছে। শ্রুতিতে আছে যদা কর্ম্মসু কাম্যেষু স্ত্রিয়ং স্বপ্নেষু পশ্যতি সমৃদ্ধিং তত্র জানীয়াৎ তস্মিন্ স্বপ্ন নিদর্শনে। কাম্য কর্ম্মকালে স্বপ্নে স্ত্রীদর্শন করিলে বুঝিতে হইবে, সমৃদ্ধি অর্থাৎ কাম্যকর্ম্ম নির্ব্বিঘ্নে নির্ব্বাহ হইবে। অথ য স্বপ্নে পুরুষং কৃষ্ণং কৃষ্ণদন্তং পশ্যতি স এনং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হন্তি যে ব্যক্তি স্বপ্নে কৃষ্ণবর্ণ ও কৃষ্ণদন্ত বিকট পুরুষ দেখে সেই পুরুষ তাহাকে বিনাশ করে। কেষু চিদরিষ্টেষু জাতেষু ন চিরমিব জীবিষ্যতি কোন অরিষ্ট দর্শন করিলে অরিষ্টদর্শক শীঘ্র মরিবে। অসত্য স্বপ্ন সত্য মরণের সূচক।

কারণের সত্বায় কার্য্যের সত্বা।

১৫ সূঃ ভাবে চোপলব্ধেঃ ॥

ভাবে কারণের ভাবে অস্তিত্বে বা সত্বায় উপলব্ধেঃ কার্য্যের অস্তিত্ব উপলব্ধ হয়। কারণ থাকিলে কার্য্যের জ্ঞান হয়। কারণ না থাকিলে কার্য্যের জ্ঞান হয় না।

কার্য্য কারণে থাকে

১৬ সূঃ সত্ত্বাচ্চাবরস্য ॥

উৎপত্তি হইবার পূর্ব্বে অবরস্য কার্য্য সত্বাৎ কারণে থাকে। উৎপত্তি হইবার পূর্ব্বে জগৎ সতে ব্রহ্মে ছিল, সদেব সৌম্য ইদমগ্র আসীৎ এ সকল অগ্রে সৎই ছিল।

অসৎ অর্থাৎ নামরূপ অব্যক্ত

১৭ সূঃ অসদ্ ব্যপদেশান্নেতি চেন্ন ধর্ম্মান্তরেণ বাক্যশেষাৎ ॥

অসদ্ ব্যপদেশাৎ অসৎ এব ইদম্ অগ্র আসীৎ সৃষ্টির পূর্ব্বে অসৎ ছিল। অসৎ শব্দে কার্য্য সত্বা কিরূপে উপলব্ধি হইবে, ইতি চেৎন ইহা বলিও না। বাক্য শেষাৎ শ্রুতির বাক্য শেষে সৎকে লক্ষ্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়াছে। অসৎ শব্দের "নাত্মক" অর্থ নহে। উহার ধর্ম্মান্তরেণ অর্থান্তর আছে। অসৎ শব্দের অর্থ অব্যক্ত। সমস্ত অব্যক্ত ছিল ইহাই শ্রুতির অর্থ। নামরূপ বিস্পষ্ট ছিল না, এজন্য অব্যক্ত। এব শব্দ ইব অর্থ, অসৎপ্রায়। অব্যাকৃত নামরূপ ছিল।

কার্য্য ও কারণ অভিন্ন

১৮ সূঃ যুক্তেঃ শব্দান্তরাচ্চ ॥

যুক্তেঃ যুক্তি ও শব্দান্তরাৎ সৎ বাচক শব্দ দ্বারা কার্য্য সত্বা উপলব্ধ হয়। সদেব সৌম্যে দমগ্র আসীৎ এই শ্রুতি দ্বারা কার্য্যের সত্বা ও কারণ অভিন্ন উপপন্ন হয়। যুক্তি ও সৎ শব্দ দ্বারা কারণ রূপে থাকা সিদ্ধ হয়।

যেমন সংবেষ্টিত ও প্রসারিত পট

১৯ সূঃ পটবচ্চ ॥

পটবৎ সংবেষ্টিত ও প্রসারিত বস্ত্রের দৃষ্টান্তে কার্য্য কারণাতিরিক্ত নহে। পটের দৃষ্টান্তে ও কার্য্য সত্বা উপলব্ধি হয়। সংবেষ্টিত পট ও প্রসারিত পট ভিন্ন নহে। গুটান বস্ত্র স্পষ্টরূপে জ্ঞান গোচর হয় না, বস্ত্র কি অন্য দ্রব্য তাহা বুঝা যায় না, কিন্তু প্রসারিত হইলে, বস্ত্র বলিয়া প্রতীত হয়।

যেরূপ প্রাণ নিরুদ্ধ ও বৃত্তি বিশিষ্ট

২০ সূঃ যথা চ প্রাণাদি ॥

যথা প্রাণাদি প্রাণাদি বায়ু অনন্যকার্য্যকারণের দৃষ্টান্ত। প্রাণায়াম দ্বারা প্রাণ অপান ব্যান উদান সমান পঞ্চ বায়ুকে রুদ্ধ করিলে, এক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাণ মাত্র কারণরূপে অবস্থান করে অর্থাৎ জীবিত বেঁচে থাকা বলে। পরে আবার প্রাণ পঞ্চক বৃত্তিমান হইলে, আকুঞ্চন প্রসারণ হইয়া থাকে। কার্য্য কারণ ভিন্ন নহে, ইহা প্রাণ দৃষ্টান্তে নিশ্চয় হয়।

(৭) ব্রহ্ম সর্ব্বজ্ঞ সেজন্য জীবসংসার মিথ্যা। নির্লেপ সেজন্য হিতাহিত ভাগ দোষ হইতে পারে না।

ব্রহ্ম জীব এক

২১ সূঃ ইতর ব্যপদেশাদ্ধিতাকরণাদি দোষ প্রসক্তিঃ ॥

ইতর ব্যপদেশাৎ ইতর জীব ব্যপদেশ হেতু জীব ও ব্রহ্ম এক, তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ ব্রহ্ম সৃষ্টি করিয়া সৃষ্ট পদার্থে প্রবিষ্ট আছেন, অতএব নিজের হিতাকরণ দোষ প্রসক্তিঃ হিত অকরণ দোষ পড়ে। তিনি আপনার অহিত করিলেন কেন? তিনি স্বতন্ত্র হইয়া নিজ কারাগারের সৃষ্টি করিলেন কেন?

ব্রহ্ম জীবাধিক

২২ সূঃ অধিকং তু ভেদ নির্দ্দেশাৎ ॥

'তু' উপরের কথিত আশঙ্কা হইতে পারে না, কারণ অধিকং ব্রহ্ম জীবাধিক। ভেদ নির্দেশাৎ ভেদ নির্দ্দেশ থাকায়, ব্রহ্ম জীব হইতে অধিক। আমরা নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্তস্বভাব সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি ব্রহ্মকে জগৎ কারণ বলি, জীবকে জগৎ কারণ বলি না।

যেমন মূল্যবান পাথর ও লোষ্ট্র

২৩ সূঃ অশ্মাদি বচ্চ তদনুপপত্তিঃ ॥

বিশেষত অশ্মাদিবৎ প্রস্তরের দৃষ্টান্তে তদনুপপত্তিঃ উক্ত দোষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপপন্ন হয় না। কোন প্রস্তর হীরক অতীব মূল্যবান, কোন প্রস্তর লোষ্ট্রমাত্র কিন্তু উভয়ই পার্থিব।

(৮) অদ্বিতীয় ব্রহ্ম হইতে নানাবিধ সৃষ্টি

আপনা আপনি পরিণাম

২৪ সূঃ উপসংহার দর্শনান্নেতি চেন্ন ক্ষীরবদ্ধি ॥

ন উপসংহার দর্শনাৎ উপকরণের অভাব ইতি চেৎন আশঙ্কা হয় না, ক্ষীর বৎ হি দুগ্ধ যেমন আপনা আপনি দধি হয়, জল আপনা আপনি হিমানী হয়, সেইরূপ ব্রহ্ম হইতে জগৎ হইয়াছে। উপসংহার উপকরণ সংগ্রহের প্রয়োজন নাই। দুগ্ধ বা জল যেমন বাহ্য সাধন অপেক্ষা করে না, অথচ দধি ও হিমানী রূপে পরিণত হয়, তেমনি অদ্বয় ব্রহ্ম ও সাধনান্তর সংগ্রহ ব্যতীত জগৎ সৃষ্টি করেন। পরাস্য শক্তি বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবল ক্রিয়া চ তিনি পূর্ণ বিচিত্রশক্তি স্বতঃ সিদ্ধ-জ্ঞানশক্তি ক্রিয়াশক্তি থাকা কথিত আছে।

দেবাদির ন্যায় কার্য্য সৃষ্টি

২৫ সূঃ দেবাদিবদপি লোকে ॥

দেবাদিবৎ লোকে দেবাদির দৃষ্টান্তে অসহায় ব্রহ্মে কার্য্য সৃষ্টি সঙ্গত হয়। দেবগণ সংকল্প মাত্র বহু শরীর নির্ম্মাণ করিতে পারেন। চেতন ব্রহ্ম একক অসহায় হইয়া দেবতার দৃষ্টান্তে বিনা সাধনে সৃষ্টি করিতে পারেন।

(৯) ঈশ্বরই উপাদানরূপে পরিণাম কারণ

ব্রহ্ম নিরবয়ব।

২৬ সূঃ কৃৎস্ন প্রসক্তি র্নিরবয়বত্ত্ব শব্দ কোপো বা ॥

কৃৎস্ন প্রসক্তিঃ ব্রহ্ম কৃৎস্ন সর্ব্বতোভাবে জগতে পরিণত, নিরবয়বত্ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শব্দকোপঃ নিরবয়বত্ব শ্রুতিবিরুদ্ধ হয়! কারণ ব্রহ্মের ব্রহ্মত্ব নষ্ট হইয়া জগৎ হইয়াছে। তাঁহাকে জানিবার প্রয়াস করিবার প্রয়োজন থাকে না। যেহেতু ব্রহ্ম নিরবয়ব, সেহেতু সমুদায় ব্রহ্মই জগৎ রূপে পরিণত হইয়াছেন। ব্রহ্ম যদি সাবয়ব হইতেন, তাহা হইলে বুঝা যাইত ব্রহ্মের একাংশ জগৎ হইয়াছে, অবশিষ্টাংশ অবিকৃত আছে। তিনি সাবয়ব নহেন। নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্ দিব্যোহ্যমূর্ত্তঃ পুরুষঃ স বাহ্যাভ্যন্তরো হ্যজঃ॥ ব্রহ্ম নিষ্কল নিরবয়ব নিষ্ক্রিয়, শান্ত অনিন্দনীয় নিরঞ্জন নির্লেপ। সেই দিব্য পুরুষ অমূর্ত্ত জন্মাদিবর্জ্জিত। তিনি বাহিরে ও অন্তরে পরিপূর্ণ বিদ্যমান।

ব্রহ্মের একাংশ জগৎ

২৭ সূঃ শ্রুতেস্তু শব্দ মূলত্বাৎ

তু উপরোক্ত আশঙ্কা অমূলক, কারণ শ্রুতেঃ শব্দ মূলত্বাৎ শ্রুতি ব্রহ্ম হইতে জগতের উৎপত্তি এবং জগৎ ব্যতিরেকে ব্রহ্মের অবস্থান বলিয়াছেন। শ্রুতি প্রমাণে কৃৎস্ন প্রসক্তি দোষাপত্তি হয় না। ব্রহ্মের একাংশে জগতের অবস্থান উপদেশ আছে। পাদোঽস্য বিশ্বা ভূতানি ত্রিপাদ স্যামৃতং দিবি এই সমস্ত ভূত তাঁহার একপাদ, অপর তিনপাদ মুক্ত স্বর্গে অবস্থিত।

পরমাত্মার স্বরূপ নষ্ট হয় না

২৮ সূঃ আত্মনি চৈবং বিচিত্রাশ্চ হি ॥

আত্মনি বিচিত্রাঃ পরমাত্মা হইতে নানা বস্তু সৃষ্ট হইলেও এবং তাঁহার স্বরূপ বিনষ্ট হয় না। স্বপ্নে নানা বস্তু প্রতীত হইলেও আত্মার স্বরূপ যথাযথ থাকে। ন তত্র রথা ন রথযোগ ন পন্থানো ভবন্ত্যথ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রথান্ রথযোগান্ পথঃ সৃজতে। সেখানে রথ নাই রথবাহী অশ্ব নাই পথ ও নাই, স্বপ্নদ্রষ্টা রথ অশ্ব পথ সৃজন করেন।

সাংখ্যের প্রধান ও নিরবয়ব

২৯ সূঃ স্বপক্ষ দোষাচ্চ ॥

স্বপক্ষ দোষাৎ সাংখ্যের স্বপক্ষে ও উক্ত দোষাপত্তি হয়। সাংখ্যের প্রধানও নিরবয়ব। যাহা নিজ পক্ষে থাকে, তাহা পরপক্ষের প্রসঞ্জিত করা অন্যথা।

(১০) ঈশ্বর অশরীরী হইলেও মায়াবী

বিচিত্র শক্তি

৩০ সূঃ সর্ব্বোপেতা চ তদ্দর্শনাৎ ॥

সর্ব্বোপেতা ব্রহ্ম সর্ব্ব শক্তি সম্পন্ন সেজন্য বিচিত্র সৃষ্টি তদ্দর্শনাৎ ইহা উপনিষদে দৃষ্ট হয়, স সর্ব্বকর্ম্মা সত্যসংকল্পো তিনি সর্ব্বকর্ম্মা সর্ব্বকাম ও সত্য সঙ্কল্প।

ইন্দ্রিয় হীন

৩১ সূঃ বিকরণত্বান্নেতি চেত্তদুক্তম্ ॥

বিকরণত্বাৎ ন করণ বা ইন্দ্রিয়হীন বলিয়া তাঁহাতে সর্ব্ব শক্তি থাকা অসম্ভব ইতি চেৎ ইহা যদি বল, তদুক্তম্ তাহা পূর্ব্বে মীমাংসিত হইয়াছে। অপাণি পাদোজবনো গ্রহীতা অচক্ষুষ্কম শ্রোত্র মবাগ্ মনাঃ তিনি পাদ শূন্য হইলেও গমন করেন, পাণিশূন্য হইলেও গ্রহণ করেন, তিনি অচক্ষু অশ্রোত্র অবাক্ অমনাঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১১) ঈশ্বর নিত্যতৃপ্ত প্রয়োজন বিনা জগৎ।

স্থষ্টির কোন প্রয়োজন নাই।

৩২ সূঃ ন প্রয়োজনবত্ত্বাৎ ॥

স্থষ্টিতে ঈশ্বরের ন প্রয়োজনবত্বাৎ কোন প্রয়োজন লক্ষিত হয় না। তিনি আপ্তকাম, সেজন্য নিজের প্রয়োজনে স্থষ্টি করেন নাই।

স্থষ্টি তাঁহার লীলা।

৩৩ সূঃ লোকবত্তু লীলা কৈবল্যম্ ॥

'তু' পূর্ব্বপক্ষ ব্যাবৃত্তি সূচক। লীলা কৈবল্যম্ স্থষ্টিকার্য্য ঈশ্বরের লীলামাত্র। লোকবৎ লৌকিকেও প্রতীত হয়, সমৃদ্ধিশালী বিনা প্রয়োজনে লীলায় অনেক কার্য্য করেন। স্থতরাং ঐ পূর্ব্বপক্ষ স্থান প্রাপ্ত হয় না।

(১২) বৈষম্য বিচার

তার বৈষম্য নৈর্ঘৃণ্য নাই।

৩৪ সূঃ বৈষম্যনৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বাৎ তথাহি দর্শয়তি ॥

জগতে কেহ স্থখী কেহ দুঃখী এইরূপ বৈষম্য। কাহাকে দুঃখ প্রদান করেন ও সংহার করেন এইরূপ নির্দয়ত্ব। বৈষম্য নৈর্ঘৃণ্যে বৈষম্য ও নৈর্ঘৃণ্য ন সাপেক্ষত্বাৎ এই দুইটীর জন্য ব্রহ্মের অপেক্ষা নাই, তথাহি দর্শয়তি তাহাই প্রদর্শিত হইতেছে। স্থষ্টি কার্য্যে নিমিত্তান্তর আছে। ঈশ্বর সাধারণ কারণ, জীবের ধর্ম্মাধর্ম্ম বৈষম্যের কারণ। ঈশ্বর মেঘের ন্যায় সাধারণ কারণ, মেঘ যবাদি শস্যোৎপত্তির সাধারণ কারণ, বীজাদির সামর্থ্যই যেমন বৈষম্যের হেতু, এব হ্যেব সাধু কর্ম্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারয়তি তং যমেভ্য লোকেভ্য উন্নিনীষত এষ উ হ্যেবা সাধু কর্ম্ম কারয়তি তং যমধো নিনীষতে। ঈশ্বর যাহাকে ঊর্দ্ধ লোকে লইবার ইচ্ছা করেন, তাহাকে সৎ কর্ম্ম করান, যাহাকে লোক হইতে অধঃপাতিত করিবার ইচ্ছা করেন, তাহাকে অসৎ কর্ম্ম করান।

বৈষম্য কর্ম্মনিমিত্তক।

৩৫ সূঃ ন কর্ম্মাবিভাগা দিতি চেন্নানাদিত্বাৎ ॥

ন কর্ম্মাবিভাগাৎ উৎপত্তির পূর্ব্বে কর্ম্ম বিভাগ ছিল না, কেবল এক কারণ ছিলেন। কেন বিষম সৃষ্টি হইল? ইতি চেৎন তাহা নহে। অনাদিত্বাৎ সংসার অনাদি। সৃষ্টি বৈষম্য কর্ম্ম নিমিত্তক।

কৃতনাশ ও অকৃতাভ্যাগম।

৩৬ সূঃ উপপদ্যতেচা প্যুপ লভ্যতে চ ॥

সংসার অনাদি উপপদ্যতে ইহা যুক্তি যুক্ত এবং অত্র উপলভ্যতে শ্রুতি স্মৃতিতে ইহা উপলব্ধ হয়। সংসার অনাদি না হইলে, কৃতনাশ যে কর্ম্ম করা হইল তাহার নাশ অর্থাৎ ফল হইল না, এবং অকৃতাভ্যাগম যে কর্ম্ম করা হইল না তাহার ফল হইল এই দোষ হয়। শ্রুতি সূর্য্যা-চন্দ্রমসৌ ধাতা যথা পূর্ব্বম কল্পয়ৎ বিধাতা পূর্ব্ব কল্পানুসারে চন্দ্রসূর্য্যের সৃষ্টি করিলেন। গীতা—নান্তো ন চাদি র্ন চ সংপ্রতিষ্ঠা। এই সংসারের আদি নাই অন্ত নাই ইহার সংপ্রতিষ্ঠা নাই।

(১৩) নির্গুণ ব্রহ্মের বিবর্ত্ত রূপে প্রকৃতিত্ব

৩৭ সূঃ সর্ব্বধর্ম্মোপপত্তে শ্চ ॥

বিবর্ত্ত রূপে প্রকৃতিত্ব

সর্ব্বধর্ম্মোপপত্তেঃ সকল কারণ ধর্ম্মই ব্রহ্মে উপপন্ন হয়। যে কিছু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ ধর্ম্ম সমস্তই ব্রহ্ম কারণে সঙ্গত হয়, সুতরাং ব্রহ্মকারণবাদ নির্দ্দোষ। চেতন ব্রহ্মকে জগতের উপাদান ও নিমিত্ত কারণ বলিলে সর্ব্বজ্ঞতা সর্ব্বশক্তিতা মহামায়াবিত্ব প্রভৃতি উপপন্ন হয়। সেহেতু বেদান্ত দর্শন সর্ব্ব আশঙ্কার অতীত।

দ্বিতীয় পাদ ॥

(১) প্রধান জগতের হেতু নহে।

শিল্পী ভিন্ন এরূপ রচনা অসম্ভব।

১ সূঃ রচনানুপপত্তে শ্চ নানুমানম্ ॥

রচনানুপত্তেঃ বিশ্বরচনা হেতু অনুমানং প্রধানের অনুমান "ন" উপপন্ন হয় না। "চ" ঈক্ষতে র্নাশব্দম্ (১।১।৫)। চেতনের প্রেরণা ব্যতীত এরূপ বিচিত্র ও সুশৃঙ্খল জগৎ রচনা করা অচেতন প্রধানের পক্ষে অসম্ভব, সেই হেতু জগৎ কার্য্য দেখিয়া অচেতন প্রধানের অনুমান অসিদ্ধ।

অচেতনের প্রবৃত্তি হয় না।

২ সূঃ প্রবৃত্তেশ্চ ॥

বিশ্ব রচনায় প্রধানের প্রবৃত্তিঃ প্রবৃত্তি উপপন্ন হয় না। কার্য্যোন্মুখ হওয়াকে প্রবৃত্তি বলে। অচেতন কারণ পক্ষে প্রবৃত্তির অনুপপত্তি আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুগ্ধের প্রবর্ত্তন বৎসের অধীন।

৩ সূঃ পয়োঽম্বুবচ্চেত্তত্রাপি ॥

পয়োম্বুবৎ অচেতন দুগ্ধ বৎস মুখে ক্ষরিত হয়, জল বৃষ্টি রূপে পতিত হয়, সেরূপ প্রধান পুরুষার্থ সাধন নিমিত্ত প্রবৃত্ত হইয়া পরিণাম প্রাপ্ত হয়। ইতি চেৎ ইহা যদি বল, তত্রাপি পয়োম্বু দৃষ্টান্তে চেতনের অধিষ্ঠান থাকা দৃষ্ট হয়। দুগ্ধের প্রবর্ত্তন বৎসের অধীন জলের প্রবর্ত্তন চেতনাধীন অনুমান করিতে পারি।

সাংখ্যের নিয়মিত প্রবর্ত্তক নাই।

৪ সূঃ ব্যতিরেকানবস্থিতে শ্চানপেক্ষত্বাৎ ॥

অনপেক্ষত্বাৎ কর্ম্ম ও প্রধানের ক্রোড়স্থ, প্রধানের রূপ বিশেষ সেজন্য তাহার নিয়মিত প্রবর্ত্তক নাই। সাংখ্য মতে সৃষ্টি কার্য্যে পুরুষের প্রবর্ত্তকতা নাই। তাহা হইলে ব্যতিরেকানবস্থিতেঃ ব্যতিরেকে অনবস্থান হেতু কর্ম্মের যদি নিয়ামকতা না থাকিল, তাহা হইলে কখন সৃষ্টি কখন প্রলয় হয় কেন? কখন সৃষ্টি কখন প্রলয় হওয়া সঙ্গত নহে। সাংখ্য মতে সৃষ্টি প্রলয় অসম্ভব হয়! গুণত্রয়ের সাম্যাবস্থা প্রধান। তাহাকে কার্য্যপ্রবৃত্ত সৃষ্টন্মোখ ও কার্য্যনিবৃত্ত প্রলয়োন্মুখ করার এমন কিছু নাই। পুরুষ উদাসীন নিষ্ক্রিয় সেজন্য প্রবর্ত্তক বা নিবর্ত্তক নহেন। সুতরাং প্রধান কাহার অপেক্ষা করেন না অথচ প্রবৃত্ত হন। তাহা যদি হয়, কখন প্রধান পরিণত হন, কখন হন না, ইহা অন্যায্য।

তৃণ ভক্ষিত হইয়া দুগ্ধ হয়।

৫ সূঃ অন্যত্রাভাবাচ্চ ন তৃণাদিবৎ ॥

তৃণাদিবৎ তৃণাদির দৃষ্টান্তে প্রধানের অনপেক্ষতা ন উপপন্ন হয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না। তৃণাদির নিমিত্তান্তর আছে। অন্যত্র অভাবাৎ তৃণাদির দুগ্ধ রূপে পরিণাম ধেনু কর্ত্তৃক ভক্ষিত হইয়া হয়, অন্য তৃণে হয় না। তৃণাদির দুগ্ধ পরিণাম প্রধানের স্বতঃ পরিণামের দৃষ্টান্ত হইতে পারে না।

প্রধানের প্রয়োজনের প্রতীক্ষা নাই।

৬ সূঃ অভ্যুপগমেঽপ্যর্থাভাবাৎ ॥

অভ্যুপগমে অপি প্রধানের স্বতঃ প্রবৃত্তি স্বীকার করিলে, অর্থাভাবাৎ প্রধান যেমন আপনা আপনি প্রবৃত্ত হয়, অন্য কাহার অপেক্ষা রাখে না স্বীকার করিলে, স্বীকার করিতে হইবে প্রধান কোন রূপ প্রয়োজনের প্রতীক্ষা রাখে না। তাহা হইলে প্রধান পুরুষার্থ সাধন করিতে প্রবৃত্ত হয় এ প্রতিজ্ঞা হানি হয়।

বাক্ শক্তি পঙ্গুর প্রবর্ত্তক

৭ সূঃ পুরুষাশ্মবদিতি চেৎ তথাপি ॥

পুরুষাশ্মবৎ অন্ধপঙ্গু পুরুষ ও চুম্বক অশ্ম বা প্রস্তরের দৃষ্টান্তে ও ইতি চেৎ তথাপি প্রধানের স্বতঃ প্রবৃত্তি উপপন্ন হয় না। বাক্ শক্তি পঙ্গুর প্রবর্ত্তক ব্যাপার। চুম্বককে পরিমার্জ্জন ও সমসূত্রে স্থাপন না করিলে লৌহকে প্রবর্ত্তিত করিতে পারে না।

অঙ্গাঙ্গীভাব অনুপপন্ন

৮ সূঃ অঙ্গিত্বানুপপত্তেশ্চ ॥

"অঙ্গিত্ব" সাংখ্যোক্ত গুণত্রয়ের অঙ্গাঙ্গিভাব উপকার্য্য উপকারকভাব অনুপপত্তেঃ উপপন্ন হয় না। সাংখ্য মতে গুণ সকল পরস্পর পরস্পরের সাহায্যে সৃষ্টি করে। কিন্তু গুণত্রয় যখন অঙ্গাঙ্গিভাব ত্যাগ করিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমান ভাবে থাকে, সাংখ্য মতে তাহাই প্রধান। অঙ্গাঙ্গিভাব থাকিলে সাম্যাবস্থা থাকিবে না। কাজেই অঙ্গাঙ্গিভাব অনুপপন্ন।

গুণ সকল সাপেক্ষ নহে

৯ সূঃ অন্যথানুমিতৌ চ জ্ঞশক্তিবিয়োগাৎ ॥

যদি বল গুণ সকল সম্পূর্ণ অনপেক্ষ স্বভাব নহে এরূপ স্বীকার করিলে পূর্ব্ব সূত্রের দোষ পরিহার হয় বটে, কিন্তু জ্ঞান শক্তি না থাকায় প্রধানের দ্বারা এরূপ সুশৃঙ্খলাযুক্ত বিচিত্র জগৎ রচনা অসম্ভব। অন্যথানুমিতৌ গুণ সকলের সাপেক্ষত্ব স্বীকার করা যায় না, জ্ঞশক্তি বিয়োগাৎ কেননা প্রধানের জ্ঞান শক্তি নাই।

সাংখ্যদের নিজেদের মধ্যে সামঞ্জস্য নাই

১০ সূঃ বিপ্রতিষেধাচ্চাসমঞ্জসম্ ॥

অসমঞ্জসম্ প্রধানের জগৎ রচনা অসঙ্গত। কোন সাংখ্য সপ্ত ইন্দ্রিয় বাদী কোন সাংখ্য একাদশ ইন্দ্রিয় বাদী। কোন সাংখ্য মহত্তত্ত্ব হইতে তন্মাত্র সৃষ্ট হয়, কোন সাংখ্য অহঙ্কার হইতে তন্মাত্র সৃষ্ট হয় বলেন। কোন সাংখ্য বলেন অন্তঃকরণ তিন। অপর সাংখ্য বলেন অন্তঃকরণ এক। বিপ্রতিষেধাৎ ইহা ছাড়া ঈশ্বরবাদিনী শ্রুতি স্মৃতির সহিত সাংখ্যমতের বিরোধ স্পষ্ট। এই সমস্ত কারণে সাংখ্য শাস্ত্র অসমঞ্জস অর্থাৎ ভ্রান্ত।

২) বৈশেষিক দৃষ্টান্ত

পরিমাণ সংখ্যা হইতে জন্মে।

১১ সূঃ মহদ্ দীর্ঘবদ্ বা হ্রস্ব পরিমণ্ডলাভ্যাম্ ॥

বায়ু অগ্নি জল পৃথ্বী চারি জাতি অসংখ্য পরমাণু প্রলয়কালে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিশ্চল ও অসংযুক্ত থাকে। সৃষ্টিকালে অদৃষ্টবান জীবাত্মার প্রভাব বিশেষে সচল হয়। যেই সচল হয় সেই তাহারা সংযুক্ত হইতে থাকে। পরে দ্বণুক ত্র্যণুক ভিন্ন ভিন্ন দ্রব্যের সৃষ্টি হয়। প্রত্যেক কারণ দ্রব্যের গুণ প্রত্যেক কার্য্য দ্রব্যে সদৃশ গুণ জন্মায়। এই প্রণালীতে জড়জগৎ উৎপন্ন হইয়াছে। যে সময় দুটী পরমাণু দ্বণুক জন্মায়, সেই সময় পরমাণুনিষ্ট শুক্লাদি গুণ বিশেষ অন্য শুক্লাদি গুণ জন্মায়। কেবল পরমাণুনিষ্ট অন্য গুণ পরিমাণ্ডল্য জন্মায় না। পরিমাণ্ডল্য পরমাণুর গুণ। বৈশেষিকরা বলেন দ্বণুকের পরিমাণ অনুহ্রস্ব। দুইটী দ্বণুক চতুরণুক জন্মায়, কিন্তু অনুহ্রস্ব গুণটী অন্ত অনুহ্রস্ব পরিমাণ জন্মায় না। এই প্রক্রিয়া সর্ব্বত্র সমান। কার্য্য দ্রব্যের পরিমাণ কারণ দ্রব্যের সংখ্যা হইতে জন্মে, পরিমাণ হইতে জন্মে না। পরমাণুনিষ্ঠ গুণ স্বজাতীয় গুণ জন্মায়, কেবল পরিমাণ গুণ জন্মায় না। হ্রস্বপরিমণ্ডলাভ্যাং দুইটী পরমাণু দুই হ্রস্বপরমাণু দ্বনুক হইতে "মহদ্দীর্ঘবৎ" মহদ্দীর্ঘ ত্র্যণুকাদি জাত হয়।

(৩) পরমাণু সংযোগে জগদুৎপত্তি মত খণ্ডন।

সংযোগের নিমিত্ত নাই।

১২ সূঃ উভয়থাপি ন কর্ম্মা ত স্তদ ভাবঃ ॥

উভয়থা কারণ অঙ্গীকারে বা অনঙ্গীকারে ন কর্ম্ম ক্রিয়া হয় না অতঃ সেজন্য তদভাবঃ সৃষ্টি প্রক্রিয়ার অভাব হয়। উভয় প্রকারেই বৈশেষিকের সৃষ্টি প্রক্রিয়ার দোষাপত্তি হয়, এজন্য বৈশেষিকের সৃষ্টি প্রক্রিয়া অযুক্ত। সংযোগের নিমিত্ত কারণ ক্রিয়া। সৃষ্টির প্রথমে নিমিত্তাভাববশতঃ পরমাণু সংযোজক ক্রিয়া অসম্ভব। নিমিত্তের অভাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রিয়ার অভাব। ক্রিয়ার অভাবে সংযোগবিয়োগ অসম্ভব। সেকারণ সৃষ্টি প্রলয় হইতে পারে না। এজন্য পরমাণু কারণ বাদ অযুক্ত। বৈশেষিক মতে প্রলয়কালে পৃথিব্যাদি থাকে না। অনন্ত পরমাণু থাকে, অবয়ব থাকে না। উৎপত্তি কালে বায়বীয় পরমাণু হইতে ক্রিয়া আরম্ভ হইয়া অগ্নি জল ও মৃত্তিকা উৎপন্ন হয়। পরমাণু যে অন্য পরমাণুতে যুক্ত হয়, সে সংযোগ কি সার্ব্বত্রিক কি আংশিক? সার্ব্বত্রিক সংযোগ হইলে যে পরমাণু সেই পরমাণু থাকে, বড় বা স্থূল হইতে পারে না। আংশিক সংযোগ যদি বল, পরমাণুর অংশ মানিতে হইবে। মানিলে পরমাণু লক্ষণ থাকে না, কারণ যাহার অংশ বা বিভাগ নাই, তাহাই পরমাণু।

সমবায় স্বীকার করিলে অনবস্থা দোষ হয়

১৩ সূঃ সমবায়াভ্যুপগমাচ্চ সাম্যাদনবস্থিতেঃ ॥

পূর্ব্ব সূত্রে সংযোগের নিমিত্তাভাব বলা হইয়াছে। সমবায়াভ্যুপ গমাৎ সমবায় স্বীকার করিলে সাম্যাৎ সমান হেতু অনবস্থিতেঃ অনবস্থা দোষ হয়। বৈশেষিকরা সমবায় নামক পদার্থ স্বীকার করেন। অবয়বীর সহিত অবয়বের, গুণ ও ক্রিয়ার সহিত দ্রব্যের, জাতির সহিত ব্যক্তির, বিশেষের সহিত নিত্য দ্রব্যের যে সম্বন্ধ, তাহার নাম সমবায়। ঘটের অবয়ব কপাল, বস্ত্রের অবয়ব তন্তু। কপাল ও তন্তুতে ঘট ও পটের সম্বন্ধ সমবায়। সমবায় দ্বারা দুই পরমাণু যুক্ত হইয়া দ্বণুক উৎপন্ন করে। বৈশেষিক সমবায় ভিন্ন পদার্থ বলেন, পরমাণু এক পদার্থ, দ্বণুক অন্য পদার্থ। সমবায় এতদুভয়কে সম্বন্ধ করিয়া দ্বণুক প্রতীত করায়। ঘটপটাদি দ্রব্য পরমাণুপুঞ্জ স্বরূপ নহে, পরমাণুপুঞ্জ সমারব্ধ দ্রব্যান্তর। ঐ দ্রব্যান্তরের নাম অবয়বী। যাহার অবয়ব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে তাহার নাম অবয়বী। দ্ব্যণুক যেমন পরমাণু হইতে ভিন্ন হইয়াও সমবায় দ্বারা সম্বন্ধ হয়, সমবায়ও সেইরূপ সমবায়ীপদার্থ হইতে ভিন্ন, সুতরাং তাহা অন্য সমবায় দ্বারা সমবেত হইতে না পারিবে কেন? সে সমবায় দ্বারা অন্য সমবায় এইরূপ মূল নষ্ট হইতে পারে, এবং তাহা হইলে সমবায় অসিদ্ধ হইলেই, পরমাণুদ্বয়ে দ্ব্যণুকের উৎপত্তি অসিদ্ধ হয়

পরমাণু নিত্য হইলে উৎপত্তি প্রলয় হয় না।

১৪ সূঃ নিত্যমেব চ ভাবাৎ ॥

নিত্যম্ পরমাণুকে নিত্য একভাবাপন্ন বলিলে, ভাবাৎ কেবল উৎপত্তি হইবে, উৎপত্তি প্রলয় পৃথকভাবে উপপন্ন হয় না। পরমাণুরাশি হয় প্রবৃত্তি স্বভাব, নয় নিবৃত্তি স্বভাব, নয় উভয় স্বভাব, নয় অনুভয় স্বভাব (নিঃস্বভাব)। প্রবৃত্তি স্বভাব হইলে প্রলয় হইতে পারে না। নিবৃত্তি স্বভাব হইলে সৃষ্টি হইতে পারে না। একাধারে প্রবৃত্তি-নিবৃত্তি উভয় স্বভাব হইতে পারে না। নিঃস্বভাব হইলে নিমিত্ত বশতঃ প্রবৃত্তি নিবৃত্তি ঘটিতে পারে সত্য। নিমিত্ত কাল, অদৃষ্ট, ও ঈশ্বর এই তিন নিমিত্ত নিত্য সন্নিহিত। কিন্তু সে পক্ষেও নিত্য প্রবৃত্তি ও নিত্য নিবৃত্তি আপত্তি হইতে পারে। অতএব পরমাণু কারণবাদ অনুপপন্ন।

পরমাণু রূপবান বলিলে অনিত্য হয়।

১৫ সূঃ রূপাদিমত্বাচ্চ বিপর্য্যয়ো দর্শনাৎ ॥

রূপাদিমত্বাৎ রূপাদি বিশিষ্ট পদার্থ স্থূল ও বিপর্য্যয়ঃ অনিত্য দর্শনাৎ দৃষ্ট হয়। যেহেতু পরমাণুর রূপ স্বীকার করিলে পরমাণুর পরমাণুত্ব ও নিত্যত্ব বিদূরিত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুণের উপচয় অপচয় হইলে পরমাণুত্ব থাকে না।

১৬ সূঃ উভয়থা চ দোষাৎ ॥

উভয়থা—পরমাণুর উপচয় অপচয় কমিবেশি এতদুভয়েই দোষাৎ দোষ পড়ে। পৃথিবী স্থূল ও স্পর্শ রূপ রস গন্ধ গুণ আছে। পৃথিবী অপেক্ষা জল সূক্ষ্ম, স্পর্শরূপরস বিশিষ্ট। তেজ জল অপেক্ষা সূক্ষ্ম, তেজ স্পর্শ বিশিষ্ট। এইরূপ ভূত উপচিত-অপচিত গুণ বিশিষ্ট ও অল্পাধিক স্থূল সূক্ষ্ম বিশিষ্ট। পরমাণুতে ঐরূপ উপচিত-অপচিত গুণ, ও গুণের বৃদ্ধি হ্রাস কল্পনা করিতে গেলে, পরমাণুর পরমাণুত্ব থাকে না, কারণ বৃত্তির উপচয়-অপচয় ব্যতীত গুণের উপচয়-অপচয় হইতে পারে না। যে যত অধিকগুণ সে তত স্থূল। যদি বল এক গুণ, তাহা হইলে কারণনিষ্ঠ গুণ কার্য্য দ্রব্যের গুণ জন্মায় এই নিয়মে তেজে স্পর্শগুণ, জলে স্পর্শ রূপ, এ সকল প্রতীতিভঙ্গ হইবে। যদি চতুর্বিধ পরমাণুতে প্রত্যেকের এই চারিগুণ আছে বল, তাহা হইলে জলে গন্ধের উপলব্ধি হয় না কেন? এই কারণে পরমাণুবাদ অযৌক্তিক।

পরমাণু মন্বাদির অপরিগৃহীত।

১৭ সূঃ অপরিগ্রহাচ্চা ত্যন্তমনপেক্ষা ॥

পরমাণুবাদ মন্বাদির অপরিগ্রহাৎ পরিগৃহীত নহে, এজন্য অত্যন্তম্ অনপেক্ষা অত্যন্ত অনাদরণীয়।

(৪) সর্ব্বাস্তিত্ববাদী বৌদ্ধ মত খণ্ডন

মেলন অসম্ভব।

১৮ সূঃ সমুদায় উভয় হেতুকেঽপি তদপ্রাপ্তিঃ ॥

বৌদ্ধগণ বলেন (১) রূপ (২) বিজ্ঞান (৩) বেদনা (৪) সংজ্ঞা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) সংস্কার এই স্কন্ধপঞ্চকরূপে সবিষয় ইন্দ্রিয়গ্রাম। (১) বিষয় সকল বাহিরে সত্য, কিন্তু দেহস্থ ইন্দ্রিয় দ্বারা গৃহীত হয়, সেজন্য আধ্যাত্মিক। (২) বিজ্ঞান প্রবাহ বিজ্ঞান আমি আমি এইরূপ অবিচ্ছিন্ন প্রবাহের নাম আলয় বিজ্ঞান। (৩) গো মানুষ নামরঞ্জিত জ্ঞান সংজ্ঞা। (৪) রাগ দ্বেষ মোহ ধর্ম্মাধর্ম্ম সংস্কার। (৫) সুখাদি অনুভব বেদনা। বিজ্ঞান চিত্ত ও আত্মা, অন্য চারিটী চৈত্ত। উভয় হেতুকে সমুদায়ে চতুর্ব্বিধ বায়ু তেজ জল পৃথ্বী পরমাণু মূলক বহিঃপ্রপঞ্চ ও চিত্ত মূলক অন্তঃপ্রপঞ্চ এই দুইএর সমুদায় বা মিলনে সমস্ত ব্যবহার নির্ব্বাহ হইতেছে। তদপ্রাপ্তেঃ সমুদায় অনুপপন্ন। কারণ পরমাণু অচেতন, স্কন্ধ পঞ্চক ও অচেতন। এমন কোন স্থির চেতন নাই, যে তাহার প্রভাবে ঐ সকল সংহত হইবে। তাহারা স্বতঃ প্রবৃত্ত হইলে, অবিশ্রান্ত সৃষ্টি হইতে পারে, প্রলয় ও মোক্ষ হইতে পারে না। ক্ষণিক পদার্থের জন্মাতিরিক্ত ব্যাপার নাই, জন্মিয়া মরে, সুতরাং তাহার প্রবৃত্তি অসম্ভব। তাঁহাদের মতে ঐ সমস্তের মেলন হইতেই পারে না। তাঁহারা ক্ষণিকবাদী, তাঁহাদের মতে পূর্ব্বক্ষণীয় পদার্থ পরক্ষণে থাকে না, সুতরাং সমুদায়ত্ব মেলন বা সংঘাত অনুপপন্ন।

অবিদ্যাদি উৎপত্তির কারণ হইলেও মেলনের কারণ হইতে পারে না।

১৯ সূঃ ইতরেতর প্রত্যয়ত্বাদিতি চেন্নোৎপত্তি মাত্র নিমিত্তত্বাৎ ॥

অবিদ্যা যাহা ক্ষণিক তাহাকে স্থির বলিয়া জানা। সংস্কার রাগদ্বেষ মোহ। বিজ্ঞান অহং অহং এই জ্ঞান। নাম গর্ভস্থ মিলিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুক্র শোণিতকলল বুদ্‌বুদ্। রূপ শুক্রশোণিত। ষড়ায়তন সেন্দ্রিয় দেহ। স্পর্শ নামরূপ ও ইন্দ্রিয়ের পরস্পর সম্বন্ধ। বেদনা সুখাদির অনুভব। তৃষ্ণা বিষয় স্পৃহা। উপাদান প্রবৃত্তি চেষ্টা। ভব পুনঃপুন উৎপত্তি ধর্ম্মাধর্ম্ম। জাতি দেহ। জরা। মরণ। শোক। পরিদেবনা শোকজনিত দুঃখ। দুর্ম্মনস্তা মনব্যথা মানাপমান ক্লেশ। ইতরেতর প্রত্যয়ত্বাৎ বৌদ্ধমতে অবিদ্যাদির মধ্যে পরস্পর পরস্পরের প্রতি হেতুসম্ভাব থাকায় তাহাতেই লোকযাত্রা নিষ্পন্ন হইতে পারে, ইতি চেৎ ন ইহা বলিতে পার না, উৎপত্তি মাত্র নিমিত্তত্বাৎ অবিদ্যাদি ইতরেতর বা পরস্পরের উৎপত্তির কারণ মাত্র হইতে পারে, কিন্তু সংঘাত বা মেলনের কারণ হইতে পারে না। ক্ষণ ধ্বংসিতাই তাহার প্রতিবন্ধক।

পূর্ব্ব পূর্ব্ব পদার্থ পর পর পদার্থ জন্মাইতে পারে না।

২০ সূঃ উত্তরোৎপাদে চ পূর্ব্বনিরোধাৎ ॥

পূর্ব্ব নিরোধাৎ পূর্ব্ব পূর্ব্ব বস্তুর বিনাশে উত্তরোৎপাদে পর পর বস্তুর উৎপত্তি হয়। সুতরাং পূর্ব্ব পূর্ব্ব পদার্থ (অবিদ্যাদি) পর পর পদার্থ জন্মাইতে পারে না।

কারণ অভাবে কার্য্যোৎপত্তি প্রতিজ্ঞাহানি।

২১ সূঃ অসতি প্রতিজ্ঞোপরোধো যৌগপদ্য মন্যথা ॥

অসতি কারণ অভাবে কার্য্যোৎপত্তি বলিলে চতুর্ব্বিধান্ হেতূন্ প্রতীত্য চিত্ত চৈত্তা উৎপদ্যন্তে চার প্রকার কারণে চিত্ত চৈত্ত জন্মে প্রতিজ্ঞোপরোধঃ এ প্রতিজ্ঞার হানি হয়, যৌগপদ্যম্ আর কার্য্য কারণের যুগপদবস্থিতি স্বীকার করিলে অন্যথা বা একক্ষণের অধিক থাকে না এই প্রতিজ্ঞাহানি দোষ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিচ্ছেদ হেতু অভাব হয় না।

২২সূঃ প্রতিসংখ্যাঽপ্রতিসংখ্যা নিরোধাপ্রাপ্তি রবিচ্ছেদাৎ ॥

অবিচ্ছেদাৎ একটী তরঙ্গ অন্য তরঙ্গ জন্মাইয়া নষ্ট হয়, সেটী আবার অপর তরঙ্গ জন্মাইয়া নষ্ট হয়, এইরূপ চিরকাল জন্ম বিনাশের স্রোত বহিতেছে। কারণ ও কার্য্যের সন্তানিকা অবিচ্ছেদ বলিলে প্রতি সংখ্যাঽ প্রতি সংখ্যা নিরোধ প্রাপ্তিঃ প্রতি সংখ্যা নিরোধ ও অপ্রতি সংখ্যা নিরোধ সঙ্গত হইতে পারে না। বুদ্ধি পূর্ব্বক বিনাশের নাম প্রতি সংখ্যা নিরোধ। অবুদ্ধি পূর্ব্বক বিনাশের নাম অপ্রতি সংখ্যা নিরোধ। আবরণাভাবের নাম আকাশ। প্রতি সংখ্যা নিরোধ অপ্রতি সংখ্যা নিরোধ ও আকাশ এই তিনটী ব্যতীত সমস্ত উৎপাদ্য ক্ষণিক ও বুদ্ধি বোধ্য। সংলগ্ন পরম্পর কার্য্য কারণ ধারার বিচ্ছেদ হয় না, এজন্য সৌগত মতে বুদ্ধি পূর্ব্বক বা অবুদ্ধি পূর্ব্বক বিনাশ বা অভাব উভয়ই অসম্ভব। অভাব অসম্ভব কেন? কারণ প্রবাহের বিচ্ছেদ নাই, সন্তানী বা বস্তুর অভাব বা নিরন্বয় নাশ হয় না।

মোক্ষ অযুক্ত

২৩ সূঃ উভয়থা চ দোষাৎ ॥

উভয়থা—প্রতি সংখ্যা নিরোধ ও অপ্রতি সংখ্যা নিরোধ উভয় প্রকারেই দোষাৎ দোষাপত্তি হয়, এজন্য সৌগত মত অযুক্ত। অবিদ্যাদির নিরোধ (অভাবে) মোক্ষ। অবিদ্যাদির নিরোধ কি জ্ঞান দ্বারা হয়? তাহা বলিলে সমুদায় পদার্থ ক্ষণ বিনাশী এ প্রতিজ্ঞা ত্যাগ করিতে হইবে। যদি বল আপনা আপনি হয়? তাহা হইলে অবিদ্যাদির নিরোধ উপদেশ করা অনর্থক অতএব অযুক্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকাশ বস্তু

২৪ সূঃ আকাশে চাবিশেষাৎ ॥

আকাশে বৌদ্ধ আকাশকে অভাব বস্তু বলেন তাহা ন্যায্য নহে কারণ অবিশেষাৎ নিরোধ দ্বয়ের ন্যায় আকাশ ও বস্তু। বৌদ্ধ বলেন আকাশ আবরণাভাব যেহেতু অভাব সেহেতু তুচ্ছ। বৌদ্ধ মতে একটী পক্ষীর উড্ডয়ন কালে অন্য পক্ষীর উড্ডয়ন অসম্ভব। কিন্তু আকাশ আবরণাভাব নহে, পরন্তু বস্তু, আকাশ শব্দ গুণের আশ্রয়।

অনুভব কর্ত্তা স্থায়ী

২৫ সূঃ অনুস্মৃতেশ্চ ॥

অনুস্মৃতেঃ অনুভব কর্ত্তাতেই পূর্ব্বানুভব বা অনুস্মৃতি প্রাপ্তি হয়। অনুভবজনিত স্মরণ অনুভব কর্ত্তাতেই হয়, সুতরাং অনুভব কর্ত্তার স্থায়িত্ব অবশ্য স্বীকার্য্য।

অভাব হইতে ভাবের উৎপত্তি হয় না।

২৬ সূঃ নাসতোঽদৃষ্টত্বাৎ ॥

অসতঃ খপুষ্পতুল্য নিতান্ত তুচ্ছ অভাব হইতে ন ভাবের উৎপত্তি হয় না, অদৃষ্টত্বাৎ ইহা কুত্রাপি দৃষ্ট হয় না, এজন্য বৈনাশিক মত অন্যায্য। অভাব হইতে ভাবের উৎপত্তি দৃষ্ট হয় না।

নিশ্চেষ্ট পুরুষের সিদ্ধি

২৭ সূঃ উদাসী নানামপি চৈবং সিদ্ধিঃ ॥

অভাব হইতে ভাবের সিদ্ধি হইলে উদাসীনানামপি উদাসীন বা নিশ্চেষ্ট পুরুষের ও এবং সিদ্ধিঃ বিনা চেষ্টায় অভিলাষ সিদ্ধি হইত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) বিজ্ঞানবাদী বৌদ্ধ মত নিরাস।

বাহ্য বস্তুর অভাব নাই।

২৮ সূঃ নাভাব উপলব্ধেঃ ॥

উপলব্ধেঃ বৌদ্ধ বলেন বাহিরে কিছু নাই সমস্তই অন্তরে। কিন্তু প্রত্যেক জ্ঞানেই বহিঃ পদার্থ ভাসমান হয় অতএব অভাবঃ ন জ্ঞানের গোচর হয়, অথচ তাহা নাই, ইহা হইতে পারে না।

জাগ্রত জ্ঞান বিনাবলম্বনে হয় না।

২৯ সূঃ বৈধর্ম্ম্যাচ্চন স্বপ্নাদিবৎ ॥

বৌদ্ধ বলেন স্বাপ্ন বিজ্ঞান বিনা বাহ্যবস্তুতে অবভাসিত হয়। তদ্রূপ স্তম্ভাদি জাগ্রদ্ বিজ্ঞান ও বিনা বাহ্যাবলম্বনে অবভাসিত হইয়া থাকে। বৈধর্ম্মাৎ স্বাপ্ন জ্ঞান ও জাগ্রদ জ্ঞান পরস্পর বিরুদ্ধ স্বভাব, স্বপ্নাদিবৎ স্বপ্ন জ্ঞানের ন্যায় জাগ্রদ্ জ্ঞান "ন" বিনাবলম্বনে উৎপন্ন হইতে পারে না।

বাহ্যবস্তুর অভাবে বাসনা হইতে পারে না।

৩০ সূঃ ন ভাবোঽনুপলব্ধেঃ ॥

বৌদ্ধ বলেন বাহ্য বস্তু নাই, না থাকিলেও জ্ঞানের বিচিত্রতা অসম্ভব হয় না। বিচিত্র বাসনা থাকাতেই বিচিত্র জ্ঞানেব বিচিত্রতা। ইহা অনুপপন্ন কারণ বৌদ্ধ মতে অনুপলব্ধেঃ বাহ্যার্থ না থাকায়, সে বিষয়ের উপলব্ধি হইতে পারে না। উপলব্ধির অভাবে ন ভাবঃ বাসনা হইতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিজ্ঞান ক্ষণিক অতএব বাসনা হইতে পারে না

৩১ সূঃ ক্ষণিকত্বাচ্চ ॥

ক্ষণিকত্বাৎ বৌদ্ধমতে সমস্ত ক্ষণিক সেহেতু আলয় বিজ্ঞান ও ক্ষণিক। যেহেতু বিজ্ঞান ক্ষণিক সেহেতু বাসনার আশ্রয় হইতে পারে না।

বৌদ্ধমত অযৌক্তিক

৩২ সূঃ সর্ব্বথানুপপত্তে শ্চ ॥

অনুপপত্তেঃ বৌদ্ধমতের পোষক কোন যুক্তির উপপত্তি হয় না। সর্ব্বথা সর্ব্বপ্রকারে যুক্তি বহির্ভূত।

(৬) জৈন মত নিরাস।

এক বস্তুতে বিরুদ্ধ ধর্ম্মের সমাবেশ হইতে পারে না

৩৩ সূঃ নৈকস্মিন্ন সম্ভবাৎ ॥

একস্মিন্ ন এক বস্তুতে যুগপদ্ সদসৎ ধর্ম্ম সমাবেশ অসঙ্গত। অসম্ভবাৎ একরূপেএক অন্যরূপে অনেক। একরূপে নিত্য অন্যরূপে অনিত্য ঐ মত যুক্তি বিরুদ্ধ। এক বস্তু যুগপৎ শীতোষ্ণ হইতে পারে না। সেইরূপ এক বস্তু সৎ অসৎ হইতে পারে না।

আত্মা শরীর প্রমাণ অযৌক্তিক

৩৪ সূঃ এবং চাত্মাকাৎ´স্ন্যম্ ॥

এবং যেমন এক বস্তুতে বিরুদ্ধ ধর্ম্ম দ্বয়ের সমাবেশ অযৌক্তিক সেইরূপ আত্মা আত্মার অকাৎ´স্ন্যম্ মধ্যম পরিমাণ অর্থাৎ শরীর পরিমাণ অযৌক্তিক। মানবাত্মা মানব শরীর পরিমিত কর্ম্মানুসারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হস্তি জন্ম পাইলে সে আত্মা হস্তি শরীর ব্যাপিতে পারে না। বল্মীক শরীর পাইলেই বা কিরূপে সে আত্মা পর্য্যাপ্ত হইবে? জন্মান্তর দূরে থাকুক বাল্য যৌবন বার্দ্ধক্য যুক্ত শরীরেও ঐ দোষ আপতিত হইবে।

আত্মা অবয়বি বলিলে বিকারিত্ব দোষ পড়ে

৩৫ সূঃ ন চ পর্য্যায়াদপ্য বিরোধো বিকারাদিভ্যঃ ॥

পর্য্যায়াৎ অবয়বের পর্য্যায় বা হ্রাস বৃদ্ধি যদি স্বীকার করা যায় "ন" অবিরোধঃ তাহা হইলেও জীব যে দেহ পরিমিত তাহা সিদ্ধ হইতে পারে না। বিকারাদিভ্যঃ আত্মার অবয়বের হ্রাস বৃদ্ধি স্বীকার করিলে আত্মার বিকারিত্ব দোষ প্রাপ্তি হইবে। জীবকে অনিত্য বলিলে বন্ধ মোক্ষের ব্যবস্থা নষ্ট হইবে।

মুক্ত অবস্থায় আত্মা এক বলিলে শরীর পরিমাণ বলা যায় না।

৩৬ সূঃ অন্ত্যাবস্থিতে শ্চোভয়নিত্যত্ত্বাদবিশেষঃ ॥

অন্ত্যাবস্থিতেঃ অন্ত্যকে অবস্থিত মুক্তাবস্থা একরূপ বলিলে উভয়নিত্যত্বাৎ আদ্য মধ্য ও অবস্থিত অবিশেষাৎ কোন বিশেষ থাকে না। জৈন মোক্ষ কালিক জীব পরিমাণের নিত্যতা মানেন তদনুসারে আদ্য মধ্য জীব পরিমাণ ও নিত্য হইতে পারে। তাহা হইলে জীব শরীর পরিমাণ বিশিষ্ট এই মত রক্ষিত হইবে না। আত্মার এক শরীর পরিমাণতাই সঙ্গত হয়, বৃহৎ ক্ষুদ্র শরীর প্রাপ্তি সঙ্গত হয় না।

(৭) তটস্থ ঈশ্বরবাদ অযুক্ত। শৈব মত নিরাস।

ঈশ্বর কেবল নিমিত্ত কারণ

৩৭ সূঃ পত্যুরসামঞ্জস্যাৎ ॥

পত্যুঃ ঈশ্বর স্বতন্ত্র প্রকৃতি পুরুষের অধিষ্ঠাতা হইয়া জগৎ সৃষ্টি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেন সুতরাং তিনি জগতের অধিষ্ঠাতা ও নিমিত্তকারণ অসামঞ্জস্যাৎ এ মত সঙ্গত নহে। ঈশ্বর নিমিত্ত কারণ এরূপবাদ অযুক্ত। তিনি স্বতন্ত্র স্বভাব হইয়া হীন মধ্যম উত্তম প্রাণী সৃজন করিয়াছেন। ইহাতে তাঁহার বিষম কারিত্ব প্রকাশ পাইতেছে।

সংযোগ সমবায় হইতে পারে না

৩৮ সূঃ সম্বন্ধানুপপত্তে শ্চ ॥

সম্বন্ধানুপপত্তেঃ ঈশ্বরের সহিত প্রধানাদির সম্বন্ধ থাকা স্বীকার না করিলে ঈশ্বরের ঈশ্বরত্ব নিযন্তৃত্ব সিদ্ধ হইবে না। ঈশ্বরে সংযোগ সমবায়াদি সম্বন্ধ উপপন্ন হয় না। ঈশ্বর জীব প্রধান তিনই নিরবয়ব অতএব সংযোগ হইতে পারে না। ঐ তিন পদার্থ কেহ কাহার আশ্রিত, গন্ধ যেমন পুষ্পের, না হওয়ায় সমবায় সম্বন্ধ ও বক্তব্য নহে।

অধিষ্ঠাতৃত্ব অযৌক্তিক

৩৯ সূঃ অধিষ্ঠানানুপপত্তে শ্চ ॥

"অধিষ্টান" প্রকৃতিতে ঈশ্বরের অধিষ্ঠাতৃত্ব অনুপপত্তেঃ উপপন্ন হয় না। ঈশ্বর প্রকৃতিকে ধারণ করেন একথা অযোগ্য। কুম্ভকার মৃত্তিকার অধিষ্ঠাতা হইয়া ঘট রচনা করে, ঈশ্বরের সেরূপ অধিষ্ঠাতৃত্ব যুক্ত নহে। কারণ অপ্রত্যক্ষ রূপাদিবিহীন প্রধানও অধিষ্ঠেয় হইবার যোগ্য নহে।

জীবাত্মা যেরূপ ইন্দ্রিয়গণের অধিষ্ঠাতা ঈশ্বর সেরূপ অধিষ্ঠাতা নহে।

৪০ সূঃ করণ বচ্চে ন্ন ভোগাদিভ্যঃ ॥

করণবৎ রূপাদিবিহীন পুরুষ বা জীবাত্মা যেরূপ ইন্দ্রিয়গণের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধিষ্ঠাতা সেইরূপ ঈশ্বর প্রধানের অধিষ্ঠাতা চেৎন ইহা বলা যায় না, ভোগাদিভ্যঃ কেন না ইন্দ্রিয়ের সহিত জীবের অধিষ্ঠাতৃত্ব সুখ দুঃখ ভোগাদি দ্বারা জানা যায়। কিন্তু ঈশ্বরের ভোগ জানা যায় না। অতএব অধিষ্ঠাতা নহে। তার্কিকগণ, লৌকিক ঈশ্বর রাজা দেখিয়া ঈশ্বর অনুমান করেন, কিন্তু ঈশ্বরের শরীর থাকা প্রমাণ করিতে পারিবেন না।

ঈশ্বর সর্ব্বজ্ঞ হইতে পারে না

৪১ সূঃ অন্তবত্ত্বম সর্ব্বজ্ঞতা বা ॥

তার্কিকরা যে ভাবে ঈশ্বরকে উপস্থাপিত করেন, সে ভাবে উপস্থাপিত করিলে, অন্তবত্বম্ প্রধানের বিনাশিত্ব ও অসর্ব্বজ্ঞতা ঈশ্বরের অসর্ব্বজ্ঞতা স্বীকার্য্য হইয়া পড়ে। পরন্তু তাহা হইতে পারে না। ঈশ্বর, প্রধান, জীব তিন যদি ভিন্ন হয়, সংসারে যাহা যাহা ইয়ত্তা-পরিছিন্ন তাহা নশ্বর, যে সকল বস্তু পরস্পর ভিন্ন সে সমস্ত নিশ্চিত পরিমাণ, যেমন ঘটাদি, অতএব উহা অযৌকিক।

(৮) ভাগবত মত নিরাস।

বাসুদেব হইতে সংকর্ষণের উৎপত্তি অসম্ভব

৪২ সূঃ উৎপত্ত্য সম্ভবাৎ ॥

ইহারা বলেন ঈশ্বরই প্রকৃতি ও নিমিত্ত, এখানে কোন বিরোধ নাই। ভাগমত মতে চতুর্ব্যূহ বাসুদেব সঙ্কর্ষণ প্রদ্যুম্ন অনিরুদ্ধ। বাসুদেব পরমাত্মা, সংকর্ষণ জীব, প্রদ্যুম্ন মন, অনিরুদ্ধ অহঙ্কার। ভাগবত বলেন "উৎপত্তি অসম্ভবাৎ" বাসুদেব হইতে সংকর্ষণের উৎপত্তি হয়, ইহা অসম্ভব। সেহেতু ভাগবত মত অযুক্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীব হইতে করণের উৎপত্তি অসম্ভব।

৪৩ সূঃ ন চ কর্ত্তুঃ করণম্ ॥

তাহারা বলেন সংকর্ষণ কর্ত্তা জীব হইতে প্রদ্যুম্ন করণের উৎপত্তি হয়। কর্ত্তুঃ জীব হইতে করণম্ ইন্দ্রিয় ন উৎপন্ন হয় না। জীব হইতে করণের উৎপত্তি দেখা যায় না, অতএব ভাগবত মত অন্যায্য।

ঈশ্বর শক্তি স্বীকার করিলেও উৎপত্তি সম্ভব হয় না।

৪৪ সূঃ বিজ্ঞানাদিভাবে বা তদ প্রতিষেধঃ ॥

বিজ্ঞানাদি ভাবে বাসুদেব সংকর্ষণ প্রদ্যুম্ন অনিরুদ্ধ চারিজনের ঐশী শক্তি স্বীকার করিলেও তৎ-অপ্রতিষেধঃ উৎপত্তি দোষ নিবারিত হয় না। হেতু এই তরতম (অতিশয়) না থাকায় বাসুদেব হইতে সংকর্ষণের, সংকর্ষণ হইতে প্রদ্যুম্নের, প্রদ্যুম্ন হইতে অনিরুদ্ধের জন্ম হইতে পারে না। কার্য্যকারণের মধ্যে তরতম থাকাই নিয়ম। মৃত্তিকা ও ঘট। অতিশয় না থাকিলে কোনটী কারণ কোনটী কার্য্য নির্দ্দেশ করা যায় না। ভগবানের চারিটি ব্যূহ নহে, ভগবানের অসংখ্য ব্যূহ।

ভাগবত শ্রুতি বিরোধী।

৪৫ সূঃ বিপ্রতিষেধাচ্চ ॥

তিনি নিজেই গুণ নিজেই গুণী ইহা অযৌক্তিক। বিপ্রতিষেধাৎ চ ভাগবত মত ও শ্রুতি বিরোধী। চতুর্ষু বেদেষু পরং শ্রেয়োঽলব্ধ্বা শাণ্ডিল্য ইদং শাস্ত্র মধীতবান্। চতুর্ব্বেদে শাণ্ডিল্য মোক্ষ না লাভ করিয়া এই ভক্তি শাস্ত্র লাভ করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় পাদ

(১) আকাশ বিচার।

আকাশের উৎপত্তি নাই

১ সূঃ ন বিয়দশ্রুতেঃ ॥

জীবের ন্যায় আকাশ ও অনুৎপন্ন অর্থাৎ নিত্য। ন বিয়ৎ আকাশের উৎপত্তি নাই। অশ্রুতেঃ কারণ ছান্দোগ্য শ্রুতিতে উৎপত্তি প্রকরণে আকাশের উৎপত্তি নাই।

আকাশের উৎপত্তি আছে

২ সূঃ অস্তি তু ॥

ছান্দোগ্যে আকাশের উৎপত্তি নাই "তু" কিন্তু অন্য শ্রুতিতে অস্তি আকাশের উৎপত্তি আছে। তৈত্তিরীয়তে তস্মাৎ বা এতস্মাৎ আত্মনঃ আকাশঃ সম্ভূতঃ আত্মা হইতে আকাশ সম্ভূত হইয়াছে।

উৎপত্তি গৌণী

৩ সূঃ গৌণ্য সম্ভবাৎ ॥

অসম্ভবাৎ আকাশের উৎপত্তি অসম্ভব এ জন্য গৌণী তৈত্তিরীয় শ্রুতির অর্থ গৌণী অর্থাৎ উপচারিক মুখ্যা নহে! আকাশের উৎপত্তি অসম্ভব সেই কারণে ছান্দোগ্যের অর্থ মুখ্য তৈত্তিরীয় শ্রুতির অর্থ উপচারিক। তৈত্তিরীয় শ্রুতির অর্থ ছান্দোগ্য শ্রুতির অনুরূপ করিয়া লইতে হইবেক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রুতি দ্বারা অনুৎপত্তি সিদ্ধ হয়।

৪ সূঃ শব্দাচ্চ ॥

শব্দাৎ কেবল যুক্তি দ্বারা নহে, শব্দ শ্রুতি দ্বারা আকাশের অনুৎপত্তি সিদ্ধ হয়। আকাশবৎ সর্ব্বগত শ্চ নিত্য আত্মা আকাশের ন্যায় সর্ব্বগত ও নিত্য। আকাশ আত্মার বিশেষণ।

এক স্থানে গৌণ, অপর স্থানে মূখ্য হইতে পারে।

৫ সূঃ স্যা চ্চৈকস্য ব্রহ্ম শব্দবৎ ॥

একস্য স্যাৎ "সম্ভূত" শব্দ একবার মাত্র প্রযুক্ত হইয়াছে। সেই একই সম্ভূত শব্দ তেজঃ প্রভৃতিতে অনুগমন করিবে। তবে তাহার কি প্রকারে একস্থানে গৌণ অন্য স্থানে মূখ্যার্থ হইতে পারে? বাদী উত্তর দিতেছেন পারে। ব্রহ্ম শব্দবৎ যেমন এক ব্রহ্ম শব্দ অন্নাদিতে গৌণ এবং আনন্দে মুখ্য, সেইরূপ এক সম্ভূত শব্দ আকাশে গৌণ এবং তেজ প্রভৃতিতে মূখ্য। অন্নংব্রহ্ম অন্নব্রহ্ম আনন্দং ব্রহ্ম আনন্দ ব্রহ্ম।

আকাশ ব্রহ্ম সম্ভুত

৬ সূঃ প্রতিজ্ঞাঽহানির ব্যতিরেকাচ্ছব্দেভ্যঃ ॥

অব্যতিরেকাৎ কার্য্য কারণের অভেদ এই যুক্তিতে এবং শব্দেভ্যঃ সর্ব্বং খল্বিদং ব্রহ্ম সমস্ত ব্রহ্ম এই শ্রুতি বাক্য দ্বারা, এক ব্রহ্ম জানিলে সব জানা যায়, এই দুই দ্বারা প্রতিজ্ঞা হানি দোষ নিবারিত হয়। সমস্ত পদার্থ ব্রহ্মসম্ভূত সেজন্য ব্রহ্ম জানিলে সব জানা যায়, কারণ কার্য্য কারণাত্মক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে কিছু জন্মবান তাহা বিভক্ত।

৭ সূঃ যাবদ্বিকারন্তু বিভাগো লোকবৎ ॥

লোকবৎ লৌকিকে দৃষ্ট হয় যাবৎ বিকারম্ বিকারী বস্তু বিভাগঃ বিভাগ বিশিষ্ট। যাবৎ বিকার তাবৎ বিভাগ। আকাশ পৃথিবী হইতে বিভক্ত অর্থাৎ পৃথক ভাবে স্থিত। যেহেতু বিভক্ত সেহেতু বিকারবান অর্থাৎ উৎপত্তিমান। আত্মা আকাশাদি হইতে বিভক্ত সেহেতু আত্মা জন্মবান বলা যায় না, কারণ আকাশ আত্মা হইতে সম্ভূত। আকাশের উৎপত্তি অসম্ভব নহে অনুমান প্রমাণ প্রমিত হয়। যে কিছু জন্মবান তাহা বিভক্ত। যাহা জন্মবান নহে তাহা বিভক্ত নহে। এই অনুমান দ্বারা আকাশের উৎপত্তি স্থাপক।

(২) বায়ু বিচার।

বায়ুর উৎপত্তি

৮ সূঃ এতেন মাতরিশ্বা ব্যাখ্যাতঃ ॥

এতেন যে যুক্তি দ্বারা আকাশ উৎপত্তিমান. মাতরিশ্বা বায়ু ব্যাখ্যাতঃ সেই যুক্তি দ্বারা বায়ু উৎপত্তিমান।

(৩) ব্রহ্ম জন্য নহে জনক।

ব্রহ্ম জন্য নহে ।

৯ সূঃ অসম্ভব স্তু সতোঽনুপপত্তেঃ ॥

সতঃ ব্রহ্ম সৎ কেবল সুতরাং তাহার উৎপত্তি অসম্ভবঃ অসম্ভব অনুপপত্তেঃ সৎ স্বরূপ ব্রহ্মের উৎপত্তি উপপন্ন হয় না। স কারণং করণাধিপাধিপো ন চাস্য কশ্চিজ্জনিতা ন চাধিপঃ তিনি কারণ জীবের অধিপতি, তাহার জনক নাই, অধিপতি নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেজের সৃষ্টি।

১০ সূঃ তেজোঽতস্তথাহ্যাহ ॥

অতঃ এই বায়ুভূত ব্রহ্ম হইতে তেজঃ তেজের উৎপত্তি। হি যেহেতু তথা আহ শ্রুতি বলিয়াছেন। বায়োরগ্নিঃ বায়ু হইতে অগ্নি।

(৫) জলের উৎপত্তি।

১১ সূঃ আপঃ ॥

যে যুক্তিতে তেজ বায়ুমূলক সেই যুক্তিতে জল তেজ মূলক। অগ্নেরাপঃ অগ্নি হইতে জল।

(৬) পৃথিবীর উৎপত্তি।

১২ সূঃ পৃথিব্যধিকার রূপ শব্দান্তরেভ্যঃ ॥

পৃথিবী তা অন্নম সৃজন্ত তাহারা অন্নের সৃজন করিল। ছান্দোগ্যে অন্ন শব্দে পৃথিবী। ইহা অধিকাররূপ শব্দান্তরেভ্যঃ ইহা "অধিকার" প্রসঙ্গ "রূপ" কৃষ্ণবর্ণ "শব্দান্তর" অদ্‌ভ্যঃ পৃথিবী জল হইতে পৃথিবী অন্য শ্রুতি দ্বারা জানা যায়।

কার্য্যরূপ ব্রহ্ম হইতে উত্তরোত্তর কার্য্যসিদ্ধি।

১৩ সূঃ তদভি ধ্যানাদেব তু তল্লিঙ্গাৎ সঃ ॥

আকাশাদিভূত অচেতন তাহারা স্বতঃ প্রবৃত্ত হয় না ও নিমিত্ত বুঝিতে হইবে। পরমেশ্বর সেই সেই রূপে অবস্থিত হইয়া সেই সেই বিকার সৃজন করিয়াছেন। এ জন্য ঐ সব কার্য্যে পরমেশ্বর বোধক চিহ্ন আছে। সঃ ঈশ্বর ভূতাদিরূপে অবস্থিত তদভিধ্যানাৎ অভিধ্যান আলোচনা ও তল্লিঙ্গাৎ লিঙ্গ নিদর্শন দ্বারা জানা যায়, তদা ঐক্ষত বহুস্যাং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রজায়েয় তিনি আলোচনা করিলেন বহু হইব উৎপন্ন হইব। নাম্যোঽতোঽস্তি দ্রষ্টা ব্রহ্ম ব্যতীত অন্য দ্রষ্টা নাই।

(৭) প্রলয় ক্রম।

১৪ সূঃ বিপর্য্যয়েণ তু ক্রমোঽত উপপদ্যতেচ ॥

ক্রমতঃ উপপদ্যতে যে ক্রমে ভূতগণ উৎপন্ন, বিপর্য্যয়েণ তাহার বিপর্য্যয় বা বিপরীত ক্রমেই তাহাদের লয় উপপন্ন হয়।

(৮) প্রাণাদি ভূতগণে অন্তর্ভুক্ত।

মন বুদ্ধি ভৌতিক।

১৫ সূঃ অন্তরা বিজ্ঞান মনসী ক্রমেণ তল্লিঙ্গাদিতি চেন্না বিশেষাৎ ॥

ক্রমেণ ভূতগণের উৎপত্তি ক্রম বলা হইয়াছে। তল্লিঙ্গাৎ সৃষ্টি বাক্য হইতে এতস্মাৎ জায়তে প্রাণমনো সর্ব্বেন্দ্রিয়াণি আত্মা হইতে প্রাণ মন সর্ব্বেন্দ্রিয় জাত হইয়াছে, মধ্যে বুদ্ধি ও মনের উৎপত্তি কথিত হইয়াছে। শঙ্কা হয় পূর্ব্বে যে ক্রম বলা হইয়াছে, তাহা বিরুদ্ধ। ইহার নিরসনার্থ সূত্রকার বলিতেছেন মন ও বুদ্ধি ও ভৌতিক এবং ভূতের অন্তর্নিবিষ্ট। "অন্তরা" আত্মা ও ভূতগণের মধ্যে "বিজ্ঞানমনসী" মন বুদ্ধির পৃথক উৎপত্ত্যাদি ইতি চেৎ ন শঙ্কিত হয় না, অবিশেষাৎ মন বুদ্ধি ভূতগণ হইতে বিশেষ নহে।

শরীরের জন্মমৃত্যু জীবের নহে।

১৬ সূঃ চরাচর ব্যপা শ্রয়স্তু স্যাৎ তদ্ ব্যপদেশো ভাক্তস্তদ্ ভাব ভাবিত্বাৎ ॥

"তু" শঙ্কা নিরাসক। চরাচর ব্যপাশ্রয় স্যাৎ চরাচরের আশ্রয় শরীর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদ্ব্যপদেশঃ ভাক্তঃ চরাচরের জীবের জন্ম-মরণ উল্লেখ ভাক্ত লৌকিক। চরাচর ব্যপাশ্রয় কারণ জীব চরাচর দেহকে আশ্রয় করিয়া আছে, জীব জন্মে ও মরে এই উল্লেখ মুখ্য নহে কিন্তু গৌণ। এই দুই শব্দ চরাচর দেহের ভাবাভাব লক্ষ্য করিয়া প্রযুক্ত হয় তৎ সম্পর্কবিশিষ্ট জীবে তাহা উপচরিত হয়। তদ্ভাবভাবিত্বাৎ দেহের ভাবে অর্থাৎ জন্মে জীবের জন্মত্ব হেতু। দেহের জন্ম মৃত্যুতে দেহভাবাপন্ন জীবের জন্ম-মৃত্যু বলা যায় কিন্তু তাহা ভাক্ত বা গৌণ। জীবাপেতং বাব কিলেদং ম্রিয়তে ন জীবো ম্রিয়তে জীবপরিত্যক্ত দেহই মরে জীব মরে না।

জীব নিত্য তাহার জন্ম উপাধি বশতঃ।

১৭ সূঃ নাত্মাঽশ্রুতে নি্ত্যত্বাচ্চ তাভ্যঃ ॥

আত্মা জীবাত্মার ন উৎপত্তি হয় না অশ্রুতেঃ শ্রুতিতে আত্মার উৎপত্তি নাই। আত্মা আকাশাদির ন্যায় উৎপন্ন পদার্থ নহে। শ্রুতি আত্মার উৎপত্তি বলেন নাই। তাভ্যঃ শ্রুতি দ্বারা নিত্যত্বাৎ জীবের নিত্যত্ব উপলব্ধ হয়। ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ আত্মা জন্মে ন মরে না।

(১০) জীব চৈতন্য স্বরূপ।

১৮ সূঃ জ্ঞোঽত এব ॥

অতঃএব আত্মা উৎপত্তিবান নহে সেহেতু জ্ঞঃ নিত্য চৈতন্য। অত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতি ভবতি সেই সময় সেই পুরুষ স্বয়ম্প্রকাশ।

(১১) জীব অণু নহে জীব সর্ব্বগত।

জীব অণু

১৯ সূঃ উৎক্রান্তি গত্যাগতীনাং ॥

পূর্ব্ব পক্ষ। উৎক্রান্তি গত্যাগতিনাং উৎক্রমণ গতি ওআগতি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বারা জীবকে অণু বলি। জীব উৎক্রান্ত হয়, দেহের বাহিরে যায়, পরলোকে যায়, আবার ফিরে আসে। ক্ষুদ্র পরিমাণ ব্যতীত গত্যাগতি ঘটে না। সর্ব্বব্যাপীর চলন নাই, গত্যাগতি নাই, অতএব জীব ক্ষুদ্র পরিমাণ।

জীবের গতাগতি।

২০ সূঃ স্বাত্মনাচোত্তরয়োঃ ॥

পূর্ব্ব পক্ষ। উত্তরয়ো গতি ও আগতি ও দুইটী স্বাত্মনা কর্ত্তার সহিত সম্বন্ধ। কর্ত্তার চলন ব্যতীত গমনাগমন অসম্ভব। অতএব জীব অণু।

ব্রহ্ম মহান্ জীব অণু

২১ সূঃ নাণুরতচ্ছ্রুতে রিতি চেন্নে তরাধিকারাৎ ॥

ন অণুরতচ্ছ্রুতেঃ জীব অণু নহে কারণ শ্রুতি অণু বলেন নাই ইতি চেৎ ন ইহা বলিও না। ইতরাধিকারাৎ কারণ ব্রহ্মের অধিকারে মহৎ প্রযোগ আছে। শ্রুতিতে মহৎ পরিমাণ কথিত হওয়ায়, জীব অণু নহে এরূপ বলা যায় না, কেননা সে কথা ব্রহ্ম প্রকরণে কথিত। তাহা ব্রহ্মের পরিমাণ। তাহা জীবাণু পরিমাণের বিরোধ নহে। জীব অণু নহে, মহান বলিয়া শঙ্কা করা যায় না, কারণ ব্রহ্মের প্রকরণে মহৎ প্রয়োগ শ্রুত হয়। আত্মা অজো মহান্ আত্মা অজ ও মহান্।

জীব অণু হইতে অণু।

২২ সূঃ স্ব শব্দোন্মানাভ্যাং চ ॥

স্ব শব্দ উন্মানাভ্যাং শ্রুতিতে স্ব অর্থাৎ অণু শব্দ প্রয়োগ করিয়া জীবের উল্লেখ করেন এবং উন্মান অল্প হইতে অল্প শ্রুতিতে ও জীবের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অণুত্ব লক্ষিত হয়। এই দ্বিবিধ প্রয়োগ থাকায় জীবের অণুত্বই সিদ্ধই হয়। এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যঃ এই সূক্ষ্ম আত্মা চিত্তের দ্বারা জ্ঞাতব্য। বালাগ্র শত ভাগস্য শতধা কল্পিতস্য তু কেশের অগ্রভাগ বিভক্ত করিলে তাহার এক ভাগ পরিমাণ জীব। আরাগ্র মাত্রো লৌহের কাঁটার প্রমাণ দৃষ্ট হন।

চন্দন বিন্দু বৎ

২৩ সূঃ অবিরোধ শ্চন্দন বৎ ॥

আত্মা অণু হইলেও চন্দনবৎ চন্দন স্পর্শ দৃষ্টান্তে অবিরোধঃ তাহার দেহব্যাপী কার্য্যের বাধা হয় না। চন্দনের দৃষ্টান্তে জীব অণু। চন্দন বিন্দু যেরূপ দেহব্যাপি সেইরূপ চৈতন্য দেহব্যাপি হইলেও আত্মা অণু হইতে পারেন। পূর্ব্ব পক্ষ।

আত্মার হৃদয়াবস্থান।

২৪ সূঃ অবস্থিতি বৈশেষ্যাদিতি চেন্নাভ্যু পগমাদ্ধৃদি হি ॥

অবস্থিতি বৈশেষ্যাৎ চন্দন অল্প তাহার একস্থানে অবস্থান প্রত্যক্ষ, সে কারণ তাহা দৃষ্টান্ত হইতে পারে না, ইতি চেৎ ন ইহা বলিও না হৃদি অভ্যুপগমাৎ কারণ আত্মার হৃদয়াবস্থান নিশ্চিত আছে। চন্দনের দৃষ্টান্ত বলা যায়। হৃদযে জীবের অবস্থান উপনিষদে শ্রুত হয়। হৃদি অভ্যুপগমাৎ হৃদয়ে উপলব্ধি হয়। হৃদি হ্যেষ আত্মা এই আত্মা হৃদয়ে।

প্রদীপ প্রভা

২৫ সূঃ গুণাদ্ বা লোকবৎ ॥

বা আলোকবৎ অথবা আলোকের দৃষ্টান্তে জীব অণু হইলেও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুণাৎ চৈতন্য গুণ দ্বারা সর্ব্ব শরীরব্যাপী বলা যাইতে পারে। দীপ অল্প কিন্তু তাহার প্রভা সকল গৃহ ব্যাপিয়া থাকে। জীবের চৈতন্য গুণ হেতু দেহ ব্যাপী কার্য্য নির্ব্বাহ হয়। ইহা অনুমান করা যাইতে পারে! পূর্ব্বপক্ষ।

চৈতন্য অণুজীবের

২৬ সূঃ ব্যতিরেকো গন্ধবৎ ॥

গন্ধবৎ গন্ধের দৃষ্টান্তে ব্যতিরেকঃ চৈতন্যগুণের ব্যতিরেক প্রতীত হইতে পারে। গন্ধ যেমন স্বাশ্রয় দ্রব্য ব্যতিরেকে অবস্থান করে জীব অণু হইলেও তাঁহার চৈতন্য গুণ সমস্ত দেহে বিস্তৃত হইতে পারে। গন্ধাশ্রয় দ্রব্য আঘ্রাত হইতেছে এরূপ প্রতীতি না হইয়া, গন্ধ আঘ্রাত হইতেছে, এইরূপ প্রতীতি হইয়া থাকে। অতএব অণু জীব হইতে চৈতন্য গুণের ব্যতিরেক সঙ্গত বলা হউক। পূর্ব্বপক্ষ।

জীব সর্ব্বগত

২৭ সূঃ তথাচ দর্শয়তি

তথাচ জীবের সর্ব্বব্যাপিত্ব দর্শয়তি শ্রুতি ও প্রদর্শন করিয়াছেন। আলোমেভ্য আনখাগ্রেভ্যঃ লোম পর্য্যন্ত নখাগ্র পর্য্যন্ত এই শ্রুতি দ্বারা তাঁহার সর্ব্বশরীর ব্যাপ্তি দেখাইতেছেন।

চৈতন্য দ্বারা শরীর ব্যাপিতা।

২৮ সূঃ পৃথগুপদেশাৎ ॥

এ বিষয় "পৃথক" 'শ্রুত্যুপদেশ' পাওয়া যায়। প্রজ্ঞয়া শরীরং সমারুহ্য প্রজ্ঞা দ্বারা শরীরে সমারূঢ় হইয়া এই শ্রুতিতে আত্মাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ত্তা ও প্রজ্ঞাকে করণ বলায় বুঝা যাইতেছে চৈতন্য গুণের দ্বারা আত্মার শরীর ব্যাপিতা।

আত্মা অণু নহে।

২৯ সূঃ তদ্‌গুণ সারত্বাত্তু তদ্ ব্যপদেশঃ প্রাজ্ঞবৎ ॥

তু পূর্ব্বপক্ষ নিষেধক। আত্মা অণু নহে। প্রাজ্ঞবৎ প্রাজ্ঞ পরমাত্মার ন্যায় তদ্‌গুণ সারত্বাৎ উপাধি গুণ প্রাধান্যে তদ্‌ব্যপদেশঃ অণুত্ব ব্যপদেশঃ তিনি শ্রুতিতে অণু বলিয়া কথিত হইয়াছেন। সে কথন বুদ্ধি উপাধি অনুসারে। পরমাত্মা যেমন সগুণ উপাসনার জন্য সূক্ষ্মাদপি সূক্ষ্ম অভিহিত হন, তেমনি জীব ও বুদ্ধিপ্রাধান্য পরিচ্ছিন্ন ও সংসারী বলিয়া কথিত। বালাগ্র শতভাগ শ্রুতিতে জীবের অণু পরিমাণ বলা হইয়াছে বটে, স চানন্ত্যায় কল্পতে সেই জীব অনন্ত অসীম বলিয়াছেন।

সংসারী আত্মায় বুদ্ধি সংযোগ

৩০ সূঃ যাবদাত্ম ভাবিত্বাচ্চ ন দোষ স্তদ্দর্শনাৎ ॥

যাবৎ আত্মভাবিত্বাৎ যত কাল আত্মা সংসারী থাকিবেন, ততকাল বুদ্ধি সংযোগ থাকিবেক। ন দোষঃ অণু উক্তিতে দোষ হয় না। তদ্দর্শনাৎ শাস্ত্র বুদ্ধি সংযোগ ও আত্মার সাংসারিত্ব সমস্থায়ী দেখাইয়াছেন। তাদাত্ম্য তত্ত্বমসি ভাব না হওয়া পর্য্যন্ত জীবের উপাধি থাকে, এ জন্য অণু উক্তিতে দোষ হয় না। তমেব বিদিত্বা তি মৃত্যু মেতি নান্যপন্থা বিদ্যতে অয়নায়। জীব ইহাকে জানিয়া মৃত্যু অতিক্রম করিতে পারে, তাঁহাকে জানা ছাড়া মোক্ষের অন্য উপায় নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বুদ্ধি বীজভাবে থাকে।

৩১ সূঃ পুংস্বাদি বত্তস্য সতোঽভিব্যক্তি যোগাৎ ॥

পুংস্বাদিবৎ বাল্যকালে পুংচিহ্ন শ্মশ্রু ও শুক্র বীজ ভাবে থাকে! তস্য সতঃ অভিব্যক্তি যোগাৎ যৌবনে পুংচিহ্নাদি প্রকট হয়। সেইরূপ প্রলয় ও সুষুপ্তিতে বুদ্ধি সূক্ষ্ম বীজ ভাবে থাকে, জাগ্রত ও সৃষ্টিকালে তাহা প্রকট হয়।

অন্তঃকরণ স্বীকার করিতে হইবে।

৩২ সূঃ নিত্যোপলব্ধ্যনুপলব্ধি প্রসঙ্গোঽন্যতর নিয়মো বা ঽন্যথা ॥

অন্যতর নিয়ম আত্মার উপাধি অন্তঃকরণ। অন্তঃকরণ স্বীকার না করিলে নিত্যোপলব্ধি অনুপলব্ধি প্রসঙ্গঃ নিত্য উপলব্ধি নিত্য অনুপলব্ধি ঘটিতে পারে। আত্মা, ইন্দ্রিয়, বিষয় আছে। সুতরাং সর্ব্বদাই বস্তু উপলব্ধি হইতে পারে। কিন্তু তাহা হয় না। সেজন্য মনকে স্বীকার করিতেই হইবে। বুদ্ধি ব্যক্ত ভাবে থাকে ইহা অস্বীকার করিলে, সর্ব্বদা জ্ঞান ও জ্ঞানাভাব স্বীকার করিতে হয়। অন্যথা বা কিম্বা একের শক্তি স্তম্ভ মানিতে হইবে। কিন্তু উভয়ই অন্যায্য। যদি মন না মান, কখন উপলব্ধি হয় কখন হয় না এই দৃষ্ট ঘটনা রক্ষার্থ আত্মার বা ইন্দ্রিয়ের শক্তি প্রতিবন্ধ মানিতে হয়। অন্যত্র মনা অভূবং নাদর্শ মন্যত্র মনা অভূবং নাশ্রৌষম্ মন অন্যাসক্ত ছিল তাই দেখি নাই! অন্য মনস্ক ছিলাম, তাই শুনিতে পাই নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীব কর্ত্তা।

জীবের কর্ত্তৃত্ব।

৩৩ সূঃ কর্ত্তা শাস্ত্রার্থবত্ত্বাৎ ॥

কর্ত্তা বুদ্ধি অচেতন তাহার বোধ নাই, সুতরাং জীবই কর্ত্তা। জীব কর্ত্তা না হইলে শাস্ত্রার্থবত্ত্বাৎ শাস্ত্রের সাফল্য হয় না। যজেত দদ্যাৎ জুহুয়াৎ এই সব শাস্ত্র বাক্য সার্থক হয়।

জীবের কর্ত্তৃত্ব স্বপ্নে

৩৪ সূঃ বিহারোপদেশাৎ ॥

জীব স্বপ্নে বিহার করেন সঞ্চরণ করেন এ হেতুতে জীবের কর্ত্তৃত্ব নির্দ্ধারিত হয়। স্বপ্নে জীবের সঞ্চরণ উপদেশ আছে। স ঈয়তে অমৃতো যত্র কামম্ সেই অমৃত আত্মা যথা ইচ্ছা গমন করেন।

জীব ইন্দ্রিয়গণকে গ্রহণ করিয়া সুপ্ত হন।

৩৫ সূঃ উপাদানাৎ ॥

উপাদানাৎ যেহেতু জীব ইন্দ্রিয়গণকে উপাদান গ্রহণ করিয়া সুপ্ত হন, সেহেতু জীব কর্ত্তা।

বিজ্ঞান জীব

৩৬ সূঃ ব্যপদেশাচ্চ ক্রিয়ায়াং ন চেন্নির্দ্দেশ বিপর্য্যয়ঃ ॥

ক্রিয়ায়াং লৌকিক বৈদিক ক্রিয়াতে বিজ্ঞান শব্দে ব্যবদেশাৎ জীব অর্থ ন চেৎ না করিলে নির্দ্দেশ বিপর্য্যয়ঃ নির্দ্দেশ বিপর্য্যয় হয়। বিজ্ঞানং যজ্ঞং তনুতে কর্ম্মানি তনুতেঽপি বিজ্ঞানই যজ্ঞ করে ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লৌকিক কার্য্য করে। শ্রুতি বিজ্ঞান শব্দিত জীবকে কর্ত্তা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যদি বিজ্ঞান শব্দে বুদ্ধিকে বলিতেন তাহা হইলে বিজ্ঞানং না বলিয়া বিজ্ঞানেন করণ কারকের উল্লেখ করিতেন।

আত্মা যেমন বুঝেন তেমন করেন।

৩৭ সূঃ উপলব্ধিবদ নিয়মঃ ॥

উপলব্ধিবৎ আত্মা অনিয়মিতরূপে ইষ্টানিষ্ট বুঝেন অনিয়মঃ সেজন্য অনিয়মিতরূপে আপনার ইষ্টানিষ্ট করেন। ইষ্ট ভ্রান্তিতে অনিষ্ট করেন অনিষ্ট ভ্রমেও ইষ্ট করেন। যেমন বুঝেন তেমন করেন। সুতরাং ঐ আপত্তি অকিঞ্চিৎ কর।

জীব কর্ত্তা বুদ্ধি করণ।

৩৮ সূঃ শক্তি বিপর্য্যয়াৎ ॥

জীব কর্ত্তা। বুদ্ধিকে কর্ত্তা বলিলে শক্তি বিপর্য্যয়াৎ তাহার করণ শক্তি লোপ ও কর্তৃ শক্তি থাকার আপত্তি হইবে।

জীব কর্ত্তা না হইলে শাস্ত্র সাফল্য হয় না।

৩৯ সূঃ সমাধ্য ভাবাচ্চ ॥

সমাধি অভাবাৎ সমাধি উপদেশ নিরর্থক হয়! এ জন্য জীব কর্ত্তা। শাস্ত্র আত্মতত্ত্ব জ্ঞানের উদ্দেশ্যে সমাধির উপদেশ করিয়াছেন। আত্মার কর্তৃত্ব না থাকিলে সে বিধান বিফল হইবে। আত্মা বা অরে দ্রষ্টব্য শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ আত্মা দ্রষ্টব্য শ্রোতব্য মন্তব্য ও নিদিধ্যাসিতব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবের কর্ত্তৃত্ব বাস্তবিক নহে অধ্যাস মাত্র।

সূত্রধর বাসী লইয়া কর্ম্ম করে জীব ইন্দ্রিয় লইয়া কর্ম্ম কয়ে

৪০ সূঃ যথা চ তক্ষো ভয় থা ॥

তক্ষা সূত্রধার যথা যেরূপ উভয়থা বাসি লইয়া পরিশ্রম করিয়া দুঃখ অনুভব করে। গৃহাগত হইয়া বাসি ত্যাগ করিয়া সুখ অনুভব করে। আত্মা ও জাগ্রত ও স্বপ্ন কালে ইন্দ্রিয় দিগকে লইয়া কর্ত্তা হইয়া দুঃখী হয়। সুষুপ্তি ও মোক্ষ কালে সে সব ত্যাগ করিয়া অকর্ত্তা হওয়ায় সুখী হন।

(১৩) জীব ঈশ্বর পরতন্ত্র।

জীবের কর্ত্তৃত্ব পরমাত্মার অধীন।

৪১ সূঃ পরাত্তু তচ্ছ্রুতেঃ ॥

পরাৎ কি কর্ত্তৃত্ব কি ভোক্তৃত্ব সমস্তই পরমাত্মার অধীন। তচ্ছ্রুতেঃ কারণ শ্রুতি পরমেশ্বরকে সমস্ত প্রবৃত্তির কারণ বলিয়াছেন। এষ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্যো উন্নিনীষতে এষ হ্যেবাসাধু কর্ম্ম কারয়তি তং যমধো নিনীষতে ঈশ্বর যাহাকে এলোক হইতে উচ্চ লোকে লইবার ইচ্ছা করেন, তাহাকে তিনি শোভন কর্ম্ম করান। যাহাকে অধোগামী করিবার ইচ্ছা করেন তাহাকে অশোভন কর্ম্ম করান।

জীবের ধর্ম্মাধর্ম্মানুসারে ঈশ্বর জীবকে কর্ম্মে প্রবৃত্ত করেন।

৪২ সূঃ কৃত প্রযত্নাপেক্ষস্তু বিহিত প্রতিষিদ্ধাবৈয়র্থাদিভ্যঃ ॥

কৃতপ্রযত্নাপেক্ষঃ ঈশ্বর জীবকৃত প্রযত্নাপেক্ষ জীবের প্রযত্নের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধীন। বিহিত প্রতিষিদ্ধাবৈয়র্থ্যাদিভ্যঃ নতুবা বিধিনিষেধ শাস্ত্র ও আদি পুরুষার্থ ব্যর্থ হয়। জীবের প্রযত্ন ধর্ম্মাধর্ম্ম সঞ্চয় করে। ঈশ্বর তদনুসারে তাহাকে কার্য্যে প্রবৃত্ত করান। সুতরাং দোষের উদ্ধার হয় এবং শাস্ত্র সাফল্য বজায় থাকে।

(১৪) জীব ঈশ্বর ব্যবহার ঔপধিক।

জীব ব্রহ্মের অংশ।

৪৩ সূঃ অংশো নানা ব্যপদেশাদন্যথা চাপিদাশ কিতবাদিত্ব মধীয়ত একে ॥

জীব ঈশ্বরে সম্বন্ধ কিরূপ? সেব্য সেবক সম্বন্ধ? না অগ্নি বিস্ফু লিঙ্গের ন্যায় অংশাংশি ভাব ভেদাভেদ সম্বন্ধ? ইহার সিদ্ধান্ত "অংশঃ" জীব ব্রহ্মের অংশ নানাব্যপদেশাৎ অন্যথা অপি কারণ শ্রুতিতে ভেদ ও ভেদাভেদ কথন উভয় আছে "একে" কোন শাখায় দাস কিতবাদিত্বং ব্রহ্ম দাস ভাবে কিতবভাবে অধীয়তে বর্ণিত আছে অর্থাৎ দাসাদি ব্রহ্ম এইরূপ কথন আছে। ত্বং স্ত্রী ত্বং পুমান্ ত্বং কুমার উত বা কুমারী ত্বং জীর্ণেন দণ্ডেন বঞ্চসি ত্বং জাতোসি বিশ্বতোমুখঃ তুমি স্ত্রী তুমি পুরুষ তুমি কুমার তুমি কুমারী তুমি বৃদ্ধ যষ্টি ধরিয়া গমন কর। তুমি জন্ম গ্রহণ কর ও তুমি সর্ব্ব প্রধান। ব্রহ্ম দাসা ব্রহ্ম দাসা ব্রহ্মৈমে কিতবা উত দাস ব্রহ্ম কৈবর্ত্ত ব্রহ্ম এই সব ছলকারী এরাও ব্রহ্ম।

জীব ব্রহ্মাংশ

৪৪ সূঃ মন্ত্রবর্ণাচ্চ ॥

বেদের মন্ত্র বর্ণে ও অংশাংশি প্রতীতি হইতে পারে। পাদোঽস্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্বভূতানি ত্রিপাদ স্যামৃতং দিবি সমুদায় ভূত তাঁহার একপাদ একাংশ অন্য ত্রিপাদ মুক্ত এবং স্বর্গীয়।

গীতাতে ও আছে

৪৫ সূঃ অপি চ স্মর্য্যতে ॥

গীতাতে ও অংশাংশি ভাব জানা যায়। মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ আমারই সনাতন অংশ জীবলোকে জীবভাবে অবস্থান করিতেছে।

বুদ্ধিহেতু জীবের দুঃখ

৪৬ সূঃ প্রকাশাদি বন্নৈবং পরঃ ॥

প্রকাশাদিবৎ যেমন সৌরলোক প্রভৃতি অঙ্গুলি উপাধি দ্বারা বক্রভাব প্রাপ্ত হয়, তাহাদের স্বরূপে যে সকলের অভাব আছে, সেইরূপ বুদ্ধ্যাদি উপাধি সংসর্গে জীবাংশের দুঃখ দৃষ্ট হইলেও সে দুঃখের দ্বারা ন এবং পরঃ ঈশ্বর সেরূপ উপাধিমান হন না। অংশী পরমেশ্বর দুঃখিত হন না। কেননা স্বরূপে তাহার অভাব আছে, পরমেশ্বরের দুঃখ নাই। ভ্রান্ত জীবের ভ্রমবশতঃ দুঃখ হয়।

ঈশ্বরের দুঃখ নাই।

৪৭ সূঃ স্মরন্তি চ ॥

জীবের দুঃখ পরমাত্মায় স্পৃষ্ট হয় না, ইহা ব্যসাদি ঋষি বলিয়াছেন।

তত্র য পরমাত্মা হি স নিত্যো নির্গুণঃ স্মৃতঃ
ন লিপ্যতে ফলৈশ্চাপি পদ্মপত্র মিবাম্ভসা ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তন্মধ্যে যিনি পরমাত্মা তিনি নিত্য ও নির্গুণ। পদ্মপত্র যেরূপ জলে লিপ্ত হয় না গুণাতীত পরমেশ্বরও কর্ম্মফলে লিপ্ত হন না।

দেহ সম্বন্ধ হেতু বিধি নিষেধ।

৪৮ সূঃ অনুজ্ঞা পরিহারৌ দেহ সম্বন্ধাজ্ জ্যোতি রাদিবৎ ॥

দেহ সম্বন্ধাৎ দেহ সম্বন্ধ হেতু জ্যোতিরাদিবৎ আলোক প্রভৃতির দৃষ্টান্তে অনুজ্ঞা পরিহারৌ জীবের প্রতি শাস্ত্রীয় বিধিনিষেধবাক্য সঙ্গত হয়। ঋতৌ ভার্য্যামুপেয়াৎ ঋতুকালে ভার্য্যাতে উপগত হইবে। মা হিংস্যাৎ সর্ব্বভূতানি সর্ব্বভূতের হিংসা বর্জ্জন করিবে। দেহ সম্বন্ধ হেতু বিধিনিষেধ বাক্য সঙ্গত হয়। যেমন অগ্নি এক হইলেও শ্মশান অগ্নি ত্যাগ ও অন্য অগ্নি গ্রহণ করিয়া থাকে। মৃদ্‌বিকার অথচ হীরকাদির গ্রহণ দেহাদির পরিবর্জ্জন করা হয়। সেইরূপ দেহ উপাধি বশতঃ বিধিনিষেধ সঙ্গত হয়।

আত্মা এক হইলেও দেহ ও বুদ্ধি ভিন্ন সেজন্য কর্ম্মফল ভিন্ন ভিন্ন।

৪৯ সূঃ অসন্ততে শ্চাব্যতিকরঃ ॥

জীবগণের আত্মা এক হইলেও একের কর্ম্মে অন্যের ভোগ হইতে পারে। অমুক স্বর্গী অমুক নারকী এ ব্যবস্থা থাকে না। এ আপত্তি করিও না, কারণ অসন্ততেঃ জীবগণের দেহ ও বুদ্ধি এক না হওয়ায় অর্থাৎ ভিন্ন প্রযুক্ত অব্যতিকরঃ কর্ম্মফল ব্যতিকর বা সাঙ্কর্য্য হয় না। যে বুদ্ধ্যুপহিত জীব যে কর্ম্ম করে সে সেই কর্ম্মের ফলভোগ করে, অন্য জীব তাহাতে উদাসীন থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীব বুদ্ধি প্রতিবিম্বিত চিৎ

৫০ সূঃ আভাস এব চ ॥

জীব কি ? জীব পরমাত্মার আভাস বা প্রতিবিম্ব। জলে যেরূপ সূর্য্য প্রতিবিম্ব সেইরূপ জীবও বুদ্ধিতে পরমাত্মার প্রতিবিম্ব।

সাংখ্যমতে অমুকের এই অদৃষ্ট এ নিয়ম নাই

৫১ সূঃ অদৃষ্টা নিয়মাৎ ॥

অমুক আত্মার এই অদৃষ্ট এরূপ চিহ্নিত গমক হেতু না থাকায় প্রদত্ত দোষ তদবস্থ থাকে। সাংখ্য মতে বহু আত্মা শরীরে শরীরে অবস্থিত হইয়া ধর্ম্মাধর্ম্ম নামক অদৃষ্ট উৎপন্ন করে। সেই অদৃষ্ট প্রকৃতিতে অবস্থিতি করে। কিন্তু কোন আত্মার কোন অদৃষ্ট এরূপ নিয়ম হইতে পারে না, এই কারণে সাংখ্য মতে সাংকর্য্য দোষাপত্তি হয়।

ইচ্ছা অভিসন্ধি পৃথক্ এজন্য অদৃষ্টের নিয়ম আছে।

৫২ সূঃ অভি সন্ধ্যাদি ষ্বপি চৈবম্ ॥

আত্মা ও মনের সংযোগে প্রবৃত্তি উৎপন্ন হয়। এজন্য অভিসন্ধি সাধারণ ও নির্ব্বিশেষ। অভিসন্ধ্যাদিষু "অভিসন্ধি" "আদি" ইচ্ছা ইত্যাদির বিচারে "এবং" বেদান্তে সাংকর্য্য হয় না।

কাণাদমতে আত্মার প্রদেশ বাদ

৫৩ সূঃ প্রদেশাদিতি চেন্নান্তর্ভাবাৎ ॥

কাণাদ মতে আত্মা বহু এবং সর্ব্ব শরীরে সর্ব্ব আত্মার অবস্থিতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রদেশাৎ সর্ব্বগত সর্ব্ব আত্মার সেই সেই দেহ প্রদেশ পরিচ্ছেদ হেতু জ্ঞানের উৎপত্তি হয় ইতি চেৎন ইহা বলিও না অন্তর্ভাবাৎ কারণ কাণাদি মতে সকল আত্মা এক দেহে অন্তর্ভুক্ত। কাণাদ মতে শরীরাবচ্ছিন্ন আত্মপ্রদেশেই মনের সংযোগে অভিসন্ধি অদৃষ্ট ও সুখদুঃখাদি হইয়া থাকে, এজন্য অভিসন্ধি আদিকে নিয়মিত বলা যায়। কিন্তু আত্মা যখন সমুদায় শরীরে অন্তর্ভুত, তখন আত্মার শরীরাবচ্ছিন্ন প্রদেশ নিরূপন বৈশেষিকের সঙ্গত নহে। এই আত্মার এই শরীর এরূপ কোন নিয়ম সিদ্ধ হইতে পারে না। আত্মার প্রদেশ বিশেষ স্বীকার করিলে স্বর্গাদিভোগ উপপন্ন হয় না সম প্রদেশে অথচ বহু এরূপ কোন দ্রব্য হইতে পারে না। এজন্য আত্মার বহুত্ব সিদ্ধ হয় না।

বৈশেষিক দর্শনের মতে আত্মা অসংখ্য এবং সকল আত্মাই বিভু। অন্তরে বাহিরে কোনও স্থানে কোনও আত্মার অভাব নাই। সর্ব্বত্রই সর্ব্ব আত্মা আছে। যেখানে আমার মন আমার শরীর সেইখানেই আমার আত্মা তোমার আত্মা অন্যান্য আত্মা সকল আত্মাই আছে। অতএব শরীরাবচ্ছিন্ন আত্মপ্রদেশ ও মনঃ সংযোগ এই দুইটী সাধারণ অর্থাৎ সকল আত্মার পক্ষে সমান। সুতরাং সকল প্রদেশই এতচ্ছরীরাবচ্ছিন্ন এবং সমুদায় আত্ম প্রদেশেই মনের স্থিতি। ইহা বৈশেষিকের ইচ্ছা না থাকিলেও স্বীকার্য্য এবং স্বীকার্য্য বলিয়াই বৈশেষিকের মতে সুখদুঃখভোগের সাঙ্কর্য প্রাপ্তি অনিবার্য্য। অদৃষ্ট স্বীকার করিলেও সাঙ্কর্য্য বারণ হয় না। কেননা যে আত্ম প্রদেশে অদৃষ্টোৎপত্তি হয়, সে আত্ম প্রদেশ এখানে সেখানে চলিয়া বেড়ায় না, ইহা অবশ্য বৈশেষিককে মানিতে হইবে। তাহা মানিলে ইহাও মানিতে হইবে যে সেই প্রদেশে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্যের অদৃষ্টও আছে। তাহার কারণ সেই প্রদেশেই অন্যের ভোগ দেখা যায়। অপিচ অচলত্ব নিবন্ধন সে প্রদেশ স্বর্গে না যাওয়ায় ও স্বর্গীয় শরীরাবচ্ছিন্ন প্রদেশে অদৃষ্ট না থাকায় স্বর্গ ভোগ অসম্ভব হয়। আরও কথা এই যে কর্ত্তার বিভুত্ব অসিদ্ধ। অহং আমি এই অনুভব কর্ত্তার পরিমিত পরিমাণ থাকার সাধক।

চতুর্থ পাদ

(১) ইন্দ্রিয়গণ ব্রহ্ম হইতে উৎপন্ন তাহারা অনাদি নহে।

প্রাণ ব্রহ্ম হইতে উৎপন্ন

১ সূঃ তথা প্রাণাঃ ॥

আকাশাদির ন্যায় প্রাণ ও ব্রহ্ম হইতে উৎপন্ন। এখানে প্রাণ শব্দে ইন্দ্রিয়।

উৎপত্তি গৌণী নহে

২ সূঃ গৌণ্যসম্ভবাৎ ॥

গৌণী প্রাণের উৎপত্তি বিষয়িনী শ্রুতি গৌণী অসম্ভবাৎ বলা সঙ্গত নহে। মুখ্যার্থই বলিতে হইবে। প্রাণ সত্য সত্যই উৎপন্ন পদার্থ।

আকাশাদির পূর্ব্বে প্রাণের উৎপত্তি

৩ সূঃ তৎ প্রাক্ শ্রুতেঃ ॥

তৎ প্রাক্ আকাশাদির উৎপত্তির পূর্ব্বে প্রাণের উৎপত্তি শ্রুতেঃ শ্রুত হয়। স প্রাণ ম স্বজত তিনি প্রাণ সৃষ্টি করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাক্য মনের ন্যায় প্রাণের জন্ম মূখ্য।

৪ সূঃ তৎ পূর্ব্বকত্বাদ্বাচঃ ॥

"বাচঃ" "তৎপূর্ব্বকত্বাৎ" বাক্য প্রাণ মন, এই তিন ব্রহ্ম মূলক কথিত থাকায়, বাক্যের ও মনের ন্যায় প্রাণের ও মুখ্য জন্ম বুঝা যায়। অন্নময়ং হি সৌম্য মন আপোময় প্রাণ স্তেজময়ী বাক্ হে সৌম্য ! মন অন্নময় প্রাণ জলময় ও বাগিন্দ্রিয় তেজোময়।

(২) ইন্দ্রিয় সংখ্যা একাদশ।

ইন্দ্রিয় সপ্ত

৫ সূঃ সপ্তগতে র্বিশেষিত ত্বাচ্চ ॥

গতেঃ যেহেতু শ্রুতিতে দেখা যায় সেহেতু "সপ্ত" প্রাণের সংখ্যা সপ্ত ন্যূনাধিক নহে। বিশেষিতত্বাৎ সপ্ত শব্দ বিশেষণ থাকায় ইন্দ্রিয় সংখ্যা সপ্ত হইতে পারে। সপ্ত প্রাণাঃ প্রভবন্তি তস্মাৎ তাহা হইতে সপ্ত প্রাণ জন্মিয়াছে।

ইন্দ্রিয় একাদশ।

৬ সূঃ হস্তাদয়স্তু স্থিতেঽতো নৈবম্ ॥

হস্তাদয়ঃ শ্রুতিতে হস্তাদি প্রাণের উল্লেখ থাকায় অতঃ ন এবম্ ইন্দ্রিয় সংখ্যা সপ্তই স্থির ইহা বলিতে পার না একাদশ সংখ্যাও শ্রুতির অভিপ্রেত। হস্তবৈ গ্রহঃ হস্ত ও এক প্রকার "গ্রহ" প্রাণ।

(৩) ইন্দ্রিয় সর্ব্বগত নহে পরিচ্ছিন্ন।

ইন্দ্রিয় সূক্ষ্ম বা অণু

৭ সূঃ অণবশ্চ ॥

অণবঃ প্রাণ সকল সূক্ষ্ম। ইন্দ্রিয়গণ অণু বা সূক্ষ্ম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪) মুখ্যপ্রাণ অনাদি নহে ।

মুখ্য প্রাণ উৎপত্তিবান

৮ সূঃ শ্রেষ্ঠশ্চ ॥

শ্রেষ্ঠঃ মুখ্য প্রাণ ও অন্যান্য প্রাণের ন্যায় ব্রহ্মপ্রভব। প্রাণোবাচ জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠশ্চ প্রাণ জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ।

(৫) প্রাণ সাধারণ বায়ু নহে।

মুখ্য প্রাণ ভৌতিক বিকার বা ইন্দ্রিয় ক্রিয়া নহে

৯ সূঃ ন বায়ুক্রিয়ে পৃথগুপদেশাৎ ॥

ন বায়ুক্রিয়ে মুখ্য প্রাণ কোন বায়ু ভৌতিক বিকার বা ইন্দ্রিয়ক্রিয়া নহে। পৃথকগুপদেশাৎ ইহা পৃথক বস্তু বলিয়া উপদিষ্ট আছে। প্রাণ ব্রহ্মণ শ্চতুর্থঃ পাদঃ স বায়ুনা জ্যোতিষা ভাতি চ তপতি চ প্রাণ ব্রহ্মের চতুর্থ পাদ প্রাণ বায়ুরূপ জ্যোতিদ্বারা অভিব্যক্ত হইয়া তাপ প্রদ কার্য্যক্ষম হয়।

মুখ্য প্রাণ ইন্দ্রিয়ের ন্যায়

১০ সূঃ চক্ষুরাদি বত্তু তৎসহ শিষ্ট্যাদিভ্যঃ ॥

"তু" প্রাণের স্বতন্ত্রতা নাই, চক্ষুরাদিবৎ চক্ষু আদির যেরূপ স্বতন্ত্র্যতা নাই। তৎসহ ইন্দ্রিয়গণের সহ শিষ্টি-আদিভ্যঃ "শিষ্টি" শাসন উপদেশ "আদি" সংহতত্ব অচেতনত্ব উপদেশ থাকায়। মুখ্য প্রাণ জীবের ন্যায় নহে কিন্তু চক্ষুরাদির ন্যায়। জীব যেমন শরীরের কর্ত্তা ভোক্তা মুখ্য প্রাণ সেইরূপ কর্ত্তা ভোক্তা নহে কিন্তু জীবের ভোগোপকরণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুখ্য প্রাণ জীবের ভোগোপকরণ

১১ সূঃ অকরণ ত্বাচ্চ ন দোষ স্তথাহি দর্শয়তি ॥

অকরণত্বাৎ চক্ষুরাদি যেমন জ্ঞান ক্রিয়ায় করণ মুখ্য প্রাণ সেরূপ করণ নহে ন দোষ করণ না হইলেও দোষ হয় না, তথাহি দর্শয়তি তাহাই প্রর্শিত হইতেছে।

প্রাণের পঞ্চবৃত্তি

১২ সূঃ পঞ্চবৃত্তি র্মনোবদ্ ব্যপদিশ্যতে ॥

মনোবদ্ মনের পাঁচ বৃত্তি (১) প্রমাণ প্রত্যক্ষ অনুমান শব্দজনিত যথার্থ জ্ঞান (২) বিপর্য্যয় ভ্রমজ্ঞান (৩) বিকল্প বস্তুশূন্য জ্ঞান যেমন খপুষ্প নরশৃঙ্গ শশবিষাণ (৪) নিদ্রা (৫) স্মৃতি। মনের ন্যায় পঞ্চবৃত্তিঃ ব্যপদিশ্যতে প্রাণের পঞ্চবৃত্তি উক্ত আছে। শ্রুতিঃ প্রাণোঽপানো ব্যান উদানঃ সমানঃ (১) প্রাগ্ বৃত্তির নাম প্রাণ, কার্য্য উচ্ছ্বাস (২) অবাগ্ বৃত্তির নাম অপান কার্য্য উৎসর্গ (৩) প্রাণ ও অপানের সন্ধিস্থলে বৃত্তিবান সন্ধিবৃত্তির নাম ব্যান, কার্য্য চালন (৪) উর্দ্ধবৃত্তির নাম উদান, কার্য্য উৎক্রমণ (৫) সমবৃত্তি, নাম সমান, কার্য্য সমীকরণ ভুক্তান্ন রক্তাদি ভাব প্রাপ্ত হয়।

(৬) প্রাণ ইন্দ্রিয়ের ন্যায় অদৃশ্য ও অণু

প্রাণ সূক্ষ্ম

১৩ সূঃ অণুশ্চ ॥

মুখ্য প্রাণ অন্যান্য প্রাণের ন্যায় অণু বা সূক্ষ্ম।

৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৭) ইন্দ্রিয়গণ অধিষ্ঠাত্রী দেবতাধীন

ইন্দ্রিয় অধিষ্ঠাত্রী দেবতাধীন

১৪ ঃসূ জ্যোতিরাদ্য ধিষ্ঠানম্ তু তদামননাৎ ॥

জ্যোতিঃ আদি অগ্নি প্রভৃতি দেবতাগণ অধিষ্ঠানাৎ ইন্দ্রিয় সকলের অধিষ্ঠাতা বলিয়া তদামননাৎ উপনিষদে উক্ত আছে। ইন্দ্রিয়গণ আপন মহিমায় কার্য্যে প্রবৃত্ত হয় না। অগ্নি আদি দেবতার অধিষ্ঠান থাকায় তাহাদের প্রেরণায় স্বকার্য্য করিতে ক্ষমবান হয়। অগ্নি র্বাগ ভূত্বা মুখং প্রবিশৎ বায়ুঃ প্রাণো ভূত্বা নাসিকে প্রবিশৎ অগ্নি বাক্ হইয়া মুখে প্রবিষ্ট হইলেন বায়ু প্রাণ হইয়া নাসিকাতে প্রবিষ্ট হইলেন।

জীবের ভোক্তৃত্ব।

১৫ সূঃ প্রাণবতা শব্দাৎ ॥

প্রাণবতা জীবের সহিত ইন্দ্রিয়গণের সম্বন্ধ থাকা শব্দাৎ উপনিষদে পরিজ্ঞাত হইয়া থাকে। অধিষ্ঠাত্রী দেবতা থাকিলেও জীবের সহিতই প্রাণগণের সম্বন্ধ ইহা শাস্ত্র প্রমাণে পাওয়া যায়। সুতরাং জীবেরই ভোক্তৃত্ব দেবতার নহে। দর্শনায় চক্ষু গন্ধায় ঘ্রাণম্ সেই পুরুষের রূপজ্ঞানার্থ চক্ষু গন্ধ জ্ঞানের নিমিত্ত ঘ্রাণেন্দ্রিয়।

প্রাণের সহিত সম্বন্ধ নিত্য।

১৬ সূঃ তস্য চ নিত্যত্বাৎ ॥

উৎক্রান্তি কালে দেখা যায় প্রাণের সহিত আত্মার সম্বন্ধ নিত্য। সে কারণ জীব ভোক্তা, অধিষ্ঠাত্রী দেবতা ভোক্তা নহে। তমুৎক্রান্তম্ প্রাণোঽনূৎক্রামতি জীব উৎক্রামণে প্রবৃত্ত হইলে, প্রাণ তাহার পশ্চাৎগামী হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮) মুখ্য প্রাণ পৃথক

প্রাণ ও ইন্দ্রিয় পৃথক

১৭ সূঃ ত ইন্দ্রিয়াণি তদ্ ব্যপ দেশাদন্যত্র শ্রেষ্ঠাৎ ॥

শ্রেষ্ঠাৎ অন্যত্র মুখ্য প্রাণ ব্যতীত "তে" অন্য একাদশ প্রাণ "ইন্দ্রিয়াণি" ইন্দ্রিয় পদবাচ্য, তদ্ ব্যপদেশাৎ কারণ তাহারা ইন্দ্রিয় অভিহিত হইয়াছে। এতস্মাৎ জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি তাহা হইতে প্রাণ মন সমুদায় ইন্দ্রিয় হইল।

মুখ্য প্রাণ ও ইন্দ্রিয়-ভিন্ন

১৮ সূঃ ভেদ শ্রুতেঃ ॥

শ্রুতিতে বাগাদি ইন্দ্রিয়গণকে প্রাণ হইতে ভিন্ন বলিয়াছে সেহেতু মুখ্য প্রাণ ও ইন্দ্রিয় ভিন্ন। অথ হেমমাসন্যং প্রাণ মূচুঃ অনন্তর তাহারা মুখ ভব মুখ্য প্রাণকে বলিল।

ইন্দ্রিয় ও প্রাণ বিলক্ষণ।

১৯ সূঃ বৈলক্ষণ্যাচ্চ ॥

বিরুদ্ধ ধর্ম্ম থাকায় মুখ্য প্রাণ ও ইতর প্রাণের ভেদ নির্ণীত হয়। সুপ্তেষু বাগাদিষু মুখ্য একো জাগর্ত্তি অন্য ইন্দ্রিয়গণ সুপ্ত হইলে প্রাণ জাগরিত থাকেন। ইন্দ্রিয়গণ রূপরসাদিতে সন্নিবিষ্ট হয়, মুখ্য প্রাণের বিষয় সন্নিবেশ নাই।

(৯) সৃষ্টি ঈশ্বরের জীবের সাধ্য নহে।

ঈশ্বর ত্রিবৃৎকারী।

২০ সূঃ সংজ্ঞা মূর্ত্তিক্লৃপ্তি স্তু ত্রিবৃৎ কুর্ব্বত উপদেশাৎ ॥

'তু' জীবের নহে। সংজ্ঞা মূর্ত্তিক্লৃপ্তিঃ সংজ্ঞা গো অশ্ব ইত্যাদি নাম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই সেই মূর্ত্তিরূপ সমস্তই ত্রিবৃৎকুর্ব্বতঃ ত্রিবিৎকারী স্থূল সূক্ষ্ম ভূত সৃষ্টি কারী ঈশ্বরের "ক্ৰপ্তি" কল্পনা, উপদেশাৎ শ্রুতিতে ঐরূপ উপদেশ আছে। তেজ অপ্ অন্ন এই তিন হইতে নামরূপের প্রকাশ। তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকাং করবাণি এই তিন দেবতার প্রত্যেককে অর্থাৎ ত্র্যাত্মক তেজ জল পৃথিবী ইহাদিগকে মিশ্রিত করিব।

ত্রিবৃৎ শব্দে ত্র্যাত্মক কিন্তু পঞ্চীকৃত বুঝিতে হইবে।

২১ সূঃ মাংসাদি ভৌমং যথাশব্দ মিতরয়োশ্চ ॥

মাং সাদি ভৌমং মাংসাদি ভূবিকার ইতরয়ো মূত্রশোণিত জলবিকার প্রাণ তেজবিকার বাক্ মন পঞ্চীকৃত তেজ প্রভৃতি প্রভব যথাশব্দং শ্রুতি দ্বারা অবধারিত হয়। ত্রিবৃৎ শব্দে পঞ্চীকৃত বুঝিতে হইবে। অন্নমশিতং ত্রেধা বিধীয়তে তস্য যঃ স্থবিষ্ঠো ধাতু স্তৎ পুরীষং ভবতি যো মধ্যম স্তন্মাংসং যোঽণিষ্ঠস্তন্মনঃ ভক্ষিত অন্ন তিন ভাগে বিভক্ত হয় স্থূলাংশ পুরীষ মধ্যমাংশ মাংস এবং সূক্ষ্মাংশ মন। ভূমিজাত ভক্ষিত হইয়া মাংস জন্মে, মূত্র পুরীষ জলের কার্য্য, বাক্ মন তেজের বিকার।

বাহুল্য হেতু পৃথিবী জল নাম।

২২ সূঃ বৈশেষ্যাত্তু তদ্বাদ স্তদ্বাদঃ ॥

বৈশেষ্যাৎ বাহুল্য জন্য তদ্বাদ পৃথ্বী জল অগ্নি বায়ু আকাশ ইত্যাদি তত্তৎনামে অভিহিত হয়। নিজ নিজ ভাগের আধিক্য থাকাতে তদ্বাদঃ সেই সেই নাম উল্লেখ হয়। জলে অন্যান্য ভূতের ভাগ অল্প, জল ভাগ অধিক সেজন্য জল নামে খ্যাত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় অধ্যায়

প্রথম পাদ

(১) জীবের দেহান্তর গতি

সূক্ষ্মভূত পরিবেষ্টিত জীবের বীজরূপ ভাবি শরীর প্রাপ্তি

জীব সূক্ষ্মভূত পরিবেষ্টিত হইয়া পরলোকগামী হয়।

১ সূঃ তদন্তর প্রতিপত্তৌ রংহতি সংপরিষ্বক্তঃ প্রশ্ননিরূপণাভ্যাম্ ॥

রাজা প্রবাহন ও শ্বেত কেতুর আখ্যায়িকা।

জৈবলি অর্থাৎ জিবলের পুত্র রাজা প্রবাহন পাঞ্চালধিপতি ছিলেন। পাঞ্চালদেশে এক সভা আহুত হয়। গৌতম গোত্র আরুণির পুত্র শ্বেতকেতু সেই সভায় উপস্থিত হয়েন। রাজা জিজ্ঞাসা করিলেন, রাজা—কুমার! তোমার পিতা তোমাকে শিক্ষিত করিয়াছেন।

শ্বেত—হাঁ আমি অনুশিষ্ট হইয়াছি।

রাজা—[১] এই লোক হইতে প্রজারা উর্দ্ধে কোথায় গমন করে ইহা কি তুমি জান? শ্বেত—না, জানি না।

রাজা—[২] প্রজারা পরলোকে গনম করিয়া পরলোক হইতে কিরূপে প্রত্যাবৃত্ত হয়, তাহা কি তুমি জান?

শ্বেত—না জানি না।

রাজা—[৩] পরলোক গমনের পথ কিছু দূর পর্য্যন্ত একরূপ থাকিয়া পরে দেবযান ও পিতৃযান দুই রূপে বিভক্ত হইয়াছে। যে স্থান উভয় পথে পৃথক হইয়াছে, তাহা কি তুমি জান?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্বেত—না, জানি না।

রাজা—[৪] অনবরত ইহলোক হইতে পরলোকে যাইতেছে। তবু পরলোক পূর্ণ হয় না কেন, ইহা কি তুমি জান?

শ্বেত—না, জানি না।

রাজা—[৫] জল কিরূপে পঞ্চমী আহুতিতে পুরুষাখ্যা প্রাপ্ত হয়, তাহা কি তুমি জান?

শ্বেত—না, জানি না।

রাজা বলিলেন তবে তুমি কিরূপে বলিলে শিক্ষিত হইয়াছ। শ্বেত কেতু তিরস্কৃত হইয়া পিতার নিকট আসিয়া সব নিবেদন করিলেন। পিতা পাঁচটী প্রশ্ন শুনিয়া বলিলেন, বৎস আমি ইহার একটী ও উত্তর দিতে পারি না! গৌতম আরুণি রাজার নিকট যাইয়া এই বিদ্যার প্রার্থী হইলেন। রাজা প্রবাহন বলিলেন অপনি আমার নিকট দিন কতক বাস করুন। এ যাবৎ এ বিদ্যা ক্ষত্রিয় রাজাদের মধ্যে আবদ্ধ আছে। ব্রাহ্মণরা ঐ বিদ্যা জানেন না। যাহা হউক আমি আপনাকে এ বিদ্যা শিক্ষা দিব, যাহাতে আপনা হইতে ব্রাহ্মণরা এ বিদ্যা লাভ করিবে। গৌতম রাজার নিকট বহুদিন বাস করিয়া এ বিদ্যা রাজার নিকট লাভ করেন।

প্রশ্ন নিরূপণাভ্যাং রাজা প্রবাহনের ও শ্বেতকেতুর প্রশ্ন ও প্রত্যুত্তরে জানা যায় সংপরিষ্বক্তঃ ভূতসূক্ষ্মপরিবেষ্টিত হইয়া রংহতি পরলোকগামী হয়। তদন্তর প্রতিপত্তৌ শরীরান্তর প্রাপ্তিতে সূক্ষ্মভূত দ্বারা পরিবেষ্টিত হইয়া রংহতি গমন করে। পঞ্চাগ্নি বিদ্যা একপ্রকার উপাসনা। দিব্‌ পর্জ্জন্য পৃথিবী পুরুষ যোষিৎ এই পাঁচ অগ্নি। ইহাতে শ্রদ্ধা, সোম, বৃষ্টি, অন্ন, রেত এই পাঁচ আহুতি কল্পনা করিতে হয়। এই প্রকার ভাবনা করিতে হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চাগ্নি বিদ্যা।

পয়ঃ প্রভৃতি দ্রব দ্রব্য দ্বারা অগ্নিহোত্র হোমাদি সম্পাদিত হয়। আহুতিভূত দ্রব দ্রব্য যজমানে সূক্ষ্মভাবে অবস্থিত থাকে। যজমান মৃত হইলে প্রথমত দ্যুলোকে নীত হয়।

(১) এই দ্যুলোককে অগ্নিরূপে চিন্তা করিবে। দেবতারা দ্যুলোক রূপ অগ্নিতে অগ্নিহোত্রাহুতির পরিণামভূত সূক্ষ্মজল হুত করেন। চন্দ্র এই আহুতির পরিণাম। অর্থাৎ অগ্নিহোত্রাহুতির জল সূক্ষ্মভাবাপন্ন হইয়া দ্যুলোকাগ্নিতে হুত হইলে উহা চন্দ্ররূপে পরিণত হয় বা চন্দ্রলোকে শরীররূপে পরিণত হয়। যজমান এই জলময় শরীর দ্বারা চন্দ্রলোকে অগ্নিহোত্রের ফলভোগ করিয়া থাকে।

(২) ভোগাবসানে অগ্নিহোত্রাহুতির পরিণামভূত সূক্ষ্ম জল পর্জন্যে মিলিত হয়। এই পর্জন্যকে অগ্নিরূপে চিন্তা করিবে। প্রথম পর্য্যায়ে সূক্ষ্ম জল সোমাকারে পরিণত হইয়া দ্বিতীয় পর্য্যায়ে পর্জন্যাগ্নিতে হুত হইয়া উহা বৃষ্টিরূপে পরিণত হয়।

(৩) বৃষ্টি পৃথিবীতে পতিত হয় সুতরাং পৃথিবীকে অগ্নিরূপে চিন্তা করিবে। তৃতীয় পর্য্যায়ে ঐ সূক্ষ্ম জল পৃথিবীরূপ অগ্নিতে হুত হইলে ব্রীহি যবাদি অন্ন উৎপন্ন হয়।

(৪) পুরুষ অন্ন ভোজন করে। অতএব পুরুষকে অগ্নিরূপে চিন্তা করিবে। চতুর্থ পর্য্যায়ে ব্রীহি যবাদিরূপ অন্ন পুরুষরূপ অগ্নিতে হুত হইয়া রসরক্তাদিক্রমে রেতোরূপে পরিণত হয়।

(৫) পঞ্চম পর্য্যায়ে স্ত্রীকে অগ্নিরূপে চিন্তা করিবে। রেত স্ত্রীরূপ অগ্নিতে হুত হইয়া গর্ভরূপে পরিণত হয়।

ইহার নাম পঞ্চাগ্নি বিদ্যা। অর্থাৎ দ্যুলোক, পর্জন্য, পৃথিবী,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষ ও স্ত্রীকে অগ্নিরূপে এবং অগ্নিহোত্রাহুতিভূত জলাদিকে আহুতি রূপে চিন্তা করার নাম পঞ্চাগ্নি বিদ্যা।

সমুদায় ভূতের সূক্ষ্মাংশ সঙ্গে যায়।

২ সূঃ ত্র্যাত্মকত্বাত্তু ভূয়স্ত্বাৎ॥

এমন বুঝিতে হইবে না যে আপ সূক্ষ্মাংশই সঙ্গে যায়, ভূতান্তরের সূক্ষ্মাংশ যায় না। সমুদায় ভূতেরই সূক্ষ্মাংশ সঙ্গে যায়। "তু" শঙ্কা-নিরাসার্থ। ভূয়স্ত্বাৎ জলের বাহুল্যহেতু ত্র্যাত্মকত্বাৎ ত্র্যাত্মক সূচিত হইতেছে। তেজ অপ্ অন্ন তেজোবন্ন তেজ অপ্ ক্ষিতি বাত পিত্ত শ্লেষ্মা—শরীরের এই তিন ধাতু। জল পৃথিবী তেজ এই তিন মিশ্রিত। আধিক্য অনুসারে জলের নামোল্লেখ হয়।

ভূত পঞ্চকের সহিত প্রাণের গতি হয়!

৩ সূঃ প্রাণগতেশ্চ।

প্রাণগতেঃ প্রাণের গতি শুনা যায়। ইন্দ্রিয়ের সঙ্গে প্রাণের গমন শুনা যায়। প্রাণের নিরাশ্রয় গতি সম্ভবে না। আশ্রয়ীভূত ভূত-পঞ্চকের গমন স্বীকার্য্য।

অগ্নিতে বাগের গতি ভাক্ত।

৪ সূঃ অগ্ন্যাদিগতিশ্রুতে রিতি চেন্ন ভাক্ত ত্বাৎ॥

অগ্ন্যাদিগতি শ্রুতেঃ মরণকালে বাগাদি ইন্দ্রিয় অগ্ন্যাদি দেবতায় গমন করে, এই শ্রুতি দেখিয়া সে সকল পুনর্জন্মগ্রহণার্থী জীবের সহিত গমন করে না, ইতি চেৎ ন এরূপ বলিতে পার না, ভাক্তত্বাৎ অগ্নি প্রভৃতিতে ইন্দ্রিয়গণের গতি ভাক্ত বা গৌণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রদ্ধা শব্দের অর্থ আপ।

৫ সূঃ প্রথমেঽ শ্রবণাদিতি চেন্ন তা এব হ্যুপপত্তেঃ ॥

প্রথমে প্রথমাগ্নিতে অশ্রবণাৎ আহুতিদ্রব্য উল্লেখ না থাকায় ইতি চেৎ ন ইহা বলিও না হি যেহেতু তা এব আপ বুঝিতে হইবে উপপত্তেঃ শ্রদ্ধা শব্দের অর্থ আপ করিলে পূর্ব্বাপর সঙ্গতি হয়। পঞ্চাগ্নির প্রথম অগ্নির আহুতি শ্রদ্ধা আপ্ নহে। কিন্তু শ্রদ্ধা শব্দের আপ্ অর্থ বুঝিতে হইবে। তাহা হইলেই অর্থ সঙ্গতি হয়।

আপের সহিত জীবের গতি।

৬ সূঃ অশ্রুতত্বাদিতি চেন্নেষ্টাদিকারিণাং প্রতীতেঃ ॥

অশ্রুতত্বাৎ জীব জলের সহিত যায় ইহা শ্রুত নহে ইতি চেৎ ন ইহা বলিতে পার না ইষ্টাদিকারিনাং ইষ্টকর্ম্মকারী জীবের গতি প্রতীতেঃ প্রতীত হয়। আপ পরিবেষ্টিত জীবের গতি শ্রুতিতে অশ্রুত নহে। ইষ্টাপূর্ত্তকর্ম্মকারী জীব ধূমাদি অবলম্বনে পিতৃযান পথে চন্দ্রলোকে গমন করে এই বাক্যে আপের সহিত জীবের গমন প্রতীত হয়। অথ যে ইমে গ্রামে ইষ্টাপূর্ত্তে দাতুমিতি উপাসতে তে ধূমমভি সম্ভবন্তি ইষ্টাপূর্ত্ত কর্ম্মকারী জীব প্রথমে ধূম প্রাপ্ত হয়।

স্বর্গে দেবতাদের অন্ন হয়, ইহা মূখ্য নহে।

৭ সূঃ ভাক্তং বাঽনাত্মবিত্বাত্ত থাহি দর্শয়তি ॥

ভাক্ত তাহাদের অন্নত্ব কথন অন্ন শব্দ ভাক্ত বা গৌণ মূখ্য নহে। অনাত্মবিত্বাৎ অনাত্মবিদের পশুবৎ দেবভোগ্যতা দর্শয়তি দেখাইতেছেন। চন্দ্রলোক প্রাপ্ত পুণ্যকর্ম্মকারী জীব দেবতার অন্ন ভক্ষ্য হয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ কথা মূখ্য নহে। যেহেতু তাহারা পঞ্চাগ্নি বিদ্যা বিদিত নহে, সেইহেতু শ্রুতি তাহাদিগকে পশুর ন্যায় দেবভোগ্য বলিয়াছেন। দেবতারা পশু চর্ব্বণ করেন না। তাহাদের দ্বারা মাত্র তৃপ্তি আহরণ করেন। দেবানামন্ন তদ্দেবা ভক্ষয়ন্তি। তে চন্দ্রং প্রাপ্য অন্ন ভবতি। তাংস্তত্র ভক্ষয়ন্তি। ইনি দেবতাদের অন্ন। দেবতারা ইহাকে ভক্ষণ করেন। তাহারা চন্দ্র প্রাপ্ত হইয়া অন্ন হয়। দেবতারা তাহাকে ভক্ষণ করেন।

(২) চন্দ্রলোক হইতে গমন

জীবের অবরোহ

৮ সূঃ কৃতাত্যয়েঽনুশয়বান্ দৃষ্টস্মৃতিভ্যাং যথেত মনেবঞ্চ ॥

কৃতাত্যয়ে পুণ্যক্ষয়ে অনুয়শ বান চন্দ্রগত জীব কর্ম্মাবশেষ সহ যথেতম্ যথাগত অনেবম্ তৎ বিপর্য্যয় মার্গে অবতরণ করে। দৃষ্ট স্মৃতিভ্যাঃ ইহা শ্রুতি ও স্মৃতি দ্বারা প্রতীত হয়। যাহারা ইষ্টাদি কর্ম্মের দ্বারা পুণ্য সঞ্চয় করিয়া দেহান্তে চন্দ্রলোকে গিয়াছে, সেখানে পুণ্যক্ষয় শেষ থাকিতে থাকিতে এতল্লোকে আগমন করে। তাহারা যে পথে চন্দ্রারোহণ করিতেছিল, সেই ক্রমে পৃথিবী অবরোহণ করে। অবতরণ ক্রমে ২।১টী অধিক পদার্থ আছে, অবভ্র আকাশ প্রভৃতি কয়েকটি।

অনুশয় যোনি প্রাপ্তির হেতু।

৯ সূঃ চরণাদিতি চেৎ নোপলক্ষণার্থে তিকার্ষ্ণাজিনিঃ ॥

চরণাৎ শ্রুতিতে অনুশয় শব্দ নাই চরণ শব্দ আছে। চরণ অর্থ শীল। অনুশয় দ্বারা যোনি প্রাপ্তি হয় না ইতি চেৎ ন ইহা বলিও না চরণ শ্রুতি উপলক্ষণার্থা উপলক্ষক ইতি কার্ষ্ণজিনিঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কার্ষ্ণজিনির এই মত। তদ্ য ইহ রমনীয় চরণাঃ কপূয় চরণাঃ রমনীয় চরণ কপূয় চরণ অশোভন কর্ম্মকারী। চরণ অর্থে শীল, আচরণ। তাহার দ্বারাই জীবের যোনি প্রাপ্তি হয়। অনুশয় শব্দ না থাকায় অনুশয় দ্বারা যোনি প্রাপ্তি এ সিদ্ধান্ত প্রমাণ শূন্য বলিতে পার না। চরণ শব্দ অনুশর শব্দের উপলক্ষক অর্থাৎ বোধক ইহাই কার্ষ্ণ জিনির মত।

সদাচার নিরর্থক নহে।

১০ সূঃ আনর্থক্য মিতি চেন্ন তদপেক্ষত্বাৎ ॥

যদি চরণ শব্দে অনুশয় হইল তাহা হইলে চরণ শব্দের আনর্থক্যম্ সার্থকতা নাই ইতি চেৎ ন ইহা বলিও না তদপেক্ষত্বাৎ শ্রৌতাদি কর্ম্ম শীলাপেক্ষ। যদি চরণ শব্দের আচরার্থ ত্যাগ করিয়া গৌণ অনুশয় অর্থ গ্রহণ কর। তবে আচার বিধানের প্রয়োজন কি? সদাচার বিধান নিরর্থক। সদাচার বিধান নিরর্থক নহে কারণ শ্রৌতস্মার্ত্ত কর্ম্ম সদাচার সাপেক্ষ। আচার কৃত না হইলে, কর্ম্মাধিকার হয় না, কৃত কর্ম্মের ফল পাওয়া যায় না।

চরণ শব্দে সুকৃত দুষ্কৃত।

১১ সূঃ সুকৃত দুষ্কৃতে এবেতি তু বাদরিঃ ॥

সুকৃত দুষ্কৃতে এব চরণ শব্দে সুকৃত দুষ্কৃত কর্ম্ম বুঝায় ইতি তু বাদরিঃ ইহা কিন্তু বাদরির মত।

(৩) পাপীদের যমলোকে গমন।

নিন্দিত কর্ম্মকারী চন্দ্রলোকে যায়!

১২ সূঃ অনিষ্টাদি কারিণামপি চ শ্রুতম্ ॥

অনিষ্টাদি কারিণাম্ নিন্দিত কর্ম্মকারীরা অপি ও চন্দ্রগমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এ কথা মূখ্য নহে। যেহেতু তাহারা পঞ্চাগ্নি বিদ্যা বিদিত নহে, সেইহেতু শ্রুতি তাহাদিগকে পশুর ন্যায় দেবভোগ্য বলিয়াছেন। দেবতারা পশু চর্ব্বণ করেন না। তাহাদের দ্বারা মাত্র তৃপ্তি আহরণ করেন। দেবানামন্ন তদ্দেবা ভক্ষয়ন্তি। তে চন্দ্রং প্রাপ্য অন্ন ভবতি। তাংস্তত্র ভক্ষয়ন্তি। ইনি দেবতাদের অন্ন। দেবতারা ইহাকে ভক্ষণ করেন। তাহারা চন্দ্র প্রাপ্ত হইয়া অন্ন হয়। দেবতারা তাহাকে ভক্ষণ করেন।

(২) চন্দ্রলোক হইতে গমন

জীবের অবরোহ

৮ সূঃ কৃতাত্যয়েহনুশয়বান্ দৃষ্টস্মৃতিভ্যাং যথেত মনেবঞ্চ ॥

কৃতাত্যয়ে পুণ্যক্ষয়ে অনুয়শ বান চন্দ্রগত জীব কর্ম্মাবশেষ সহ যথেতম্ যথাগত অনেবম্ তৎ বিপর্য্যয় মার্গে অবতরণ করে। দৃষ্ট স্মৃতিভ্যাঃ ইহা শ্রুতি ও স্মৃতি দ্বারা প্রতীত হয়। যাহারা ইষ্টাদি কর্ম্মের দ্বারা পুণ্য সঞ্চয় করিয়া দেহান্তে চন্দ্রলোকে গিয়াছে, সেখানে পুণ্যক্ষয় শেষ থাকিতে থাকিতে এতল্লোকে আগমন করে। তাহারা যে পথে চন্দ্রারোহণ করিতেছিল, সেই ক্রমে পৃথিবী অবরোহণ করে। অবতরণ ক্রমে ২।১টী অধিক পদার্থ আছে, অবভ্র আকাশ প্রভৃতি কয়েকটি।

অনুশয় যোনি প্রাপ্তির হেতু।

৯ সূঃ চরণাদিতি চেৎ নোপলক্ষণার্থে তিকার্ষ্ণাজিনিঃ ॥

চরণাৎ শ্রুতিতে অনুশয় শব্দ নাই চরণ শব্দ আছে। চরণ অর্থ শীল। অনুশয় দ্বারা যোনি প্রাপ্তি হয় না ইতি চেৎ ন ইহা বলিও না চরণ শ্রুতি উপলক্ষণার্থা উপলক্ষক ইতি কার্ষ্ণজিনিঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কার্ষ্ণজিনির এই মত। তদ্ য ইহ রমনীয় চরণাঃ কপূয় চরণাঃ রমনীয় চরণ কপূয় চরণ অশোভন কর্ম্মকারী। চরণ অর্থে শীল, আচরণ। তাহার দ্বারাই জীবের যোনি প্রাপ্তি হয়। অনুশয় শব্দ না থাকায় অনুশয় দ্বারা যোনি প্রাপ্তি এ সিদ্ধান্ত প্রমাণ শূন্য বলিতে পার না। চরণ শব্দ অনুশর শব্দের উপলক্ষক অর্থাৎ বোধক ইহাই কার্ষ্ণ জিনির মত।

সদাচার নিরর্থক নহে।

১০ সূঃ আনর্থক্য মিতি চেন্ন তদপেক্ষত্বাৎ ॥

যদি চরণ শব্দে অনুশয় হইল তাহা হইলে চরণ শব্দের আনর্থক্যম্ সার্থকতা নাই ইতি চেৎ ন ইহা বলিও না তদপেক্ষত্বাৎ শ্রৌতাদি কর্ম্ম শীলাপেক্ষ। যদি চরণ শব্দের আচরার্থ ত্যাগ করিয়া গৌণ অনুশয় অর্থ গ্রহণ কর। তবে আচার বিধানের প্রয়োজন কি ? সদাচার বিধান নিরর্থক। সদাচার বিধান নিরর্থক নহে কারণ শ্রৌতস্মার্ত্ত কর্ম্ম সদাচার সাপেক্ষ। আচার কৃত না হইলে, কর্ম্মাধিকার হয় না, কৃত কর্ম্মের ফল পাওয়া যায় না।

চরণ শব্দে সুকৃত দুষ্কৃত।

১১ সূঃ সুকৃত দুষ্কৃতে এবেতি তু বাদরিঃ ॥

সুকৃত দুষ্কৃতে এব চরণ শব্দে সুকৃত দুষ্কৃত কর্ম্ম বুঝায় ইতি তু বাদরিঃ ইহা কিন্তু বাদরির মত।

(৩) পাপীদের যমলোকে গমন।

নিন্দিত কর্ম্মকারী চন্দ্রলোকে যায় !

১২ সূঃ অনিষ্টাদি কারিণামপি চ শ্রুতম্ ॥

অনিষ্টাদি কারিণামু নিন্দিত কর্ম্মকারীরা অপি ও চন্দ্রগমন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে তাহারা চন্দ্রলোকে যায় শ্রুতম্ ইহা শ্রুতিতে আছে। (সংশয় সূত্র) যে বৈ কে চাস্মাল্লোকাৎ প্রয়ন্তি চন্দ্র মস মেব তে সর্ব্বে গচ্ছন্তি যে কেহ এ লোক হইতে প্রয়াণ করে, তাহারা সকলেই চন্দ্রলোকে যায়। "যে কেহ" এইরূপ সাধারণ উল্লেখ থাকায়, ইহা বলা যাইতে পারে।

পাপীরা যমলোকে যায়

১৩ সূঃ সংযমনেত্বনুভূয়েতরেষামারোহাবরোহৌ তদ্গতিদর্শনাৎ ॥

'তু' পূর্ব্ব পক্ষ নিরসার্থ। সংযমনে যমপুরে ইতরেষাম্ পাপীদের আরোহাবরোহৌ যামীযাতনা ভোগ করিয়া পুনরাগমন করে তদ্গতি দর্শনাৎ ইহাই শ্রুতিতে দৃষ্ট হয়। বৈবস্বতং সঙ্গমনং জনানাম্ ন সম্পরায়ঃ পাপীরা যমপুরে যায় তাহাদের স্বর্গ প্রাপ্তি হয় না।

পুরাণে পাপীদের যম লোকে গমন।

১৪ সূঃ স্মরন্তি চ ॥

স্মৃতি বা পুরাণাদিতে ও পাপীদের যমলোকগমন ও পাপকর্ম্মের ফলভোগ জানা যায়।

সপ্ত নরক

১৫ সূঃ অপি চ সপ্ত ॥

পুরাণে রৌরব মহারৌরব প্রভৃতি সপ্ত নরক বর্ণিত আছে। সেই সকল স্থানে পাপীদের গমন ও যাতনা হওয়ার কথা আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহারৌরব যমের অধীন।

১৬ সূঃ তত্রাপি চ তদ্‌ব্যাপারাদবিরোধঃ ॥

তত্রাপি সেই সপ্ত নরকে তদ্‌ব্যাপারাৎ পুরাণে চিত্রগুপ্তাদির উল্লেখ আছে, সেই সব মহারৌরবাদিতে সব যমেরই কর্ত্তৃত্বাধীন অতএব অবিরোধঃ স্মৃতিবিরুদ্ধ নহে।

তৃতীয় পথের উক্তি।

১৭ সূঃ বিদ্যাকর্ম্মণোরিতি তু প্রকৃতত্বাৎ ॥

তু পূর্ব্বোক্তি নিরাসক। বিদ্যা কর্ম্মনোঃ জ্ঞান ও কর্ম্ম দেবযান ও পিতৃযান দুই পথের প্রাপক কারণ প্রকৃতত্বাৎ জ্ঞান ও কর্ম্মের প্রস্তাবে উহা কথিত। ঐ প্রস্তাবে তৃতীয় পথের উক্তি আছে। প্রশ্ন—বেত্থ যথা সৌ লোকো ন সম্পূর্য্যতে তুমি কি জান যে প্রকারে চন্দ্রলোক পূর্ণ হয় না। উত্তর—অথ এতয়ো পথো র্ন কতরেণ চ ন তানীমানি ক্ষুদ্রাণ্য সকৃদাবর্ত্তীনি ভূতানি ভবন্তি জায় স্ব ম্রিয়াস্বে ত্যেতৎ তৃতীয়ং স্থানং তেনাসৌ লোকোন সম্পূর্য্যতে যে সকল জীব দেবযান ও পিতৃযান এই দুই পথের অন্যতর পথের অনুপযুক্ত তাহারা পুন পুন জন্ম মরণ যুক্ত তৃতীয় স্থানস্থ এই সকল ক্ষুদ্র জীব দংশ মশকাদি হয়, ইহারা জন্মে আবার শীঘ্র মরে ইহারা তৃতীয় স্থানে থাকে, চন্দ্রে গমন করে না, সেজন্য চন্দ্রলোক পূর্ণ হয় না।

কীট পতঙ্গাদি শরীরের জন্য আহুতি নিয়ম নাই।

১৮ সূঃ ন তৃতীয়ে তথোপ লব্ধেঃ ॥

ন তৃতীয়ে তৃতীয় স্থান. অর্থাৎ কীটপতঙ্গাদি শরীর লাভের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিমিত্ত আহুতি নিয়ম নাই। তথা উপলব্ধেঃ বিনা আহুতিতে ঐ সকল জীবের দেহ হইতে দেখা যায়।

পুরাণে অযোনি সম্ভবের কথা আছে।

১৯ সূঃ স্মর্য্যতেঽপি চ লোকে ॥

লোকে ভারতাদিতে স্মর্য্যতে অযোনি সম্ভব ব্যক্তিগণের পরিচয় পাওয়া যায়। দ্রোণ ধৃষ্টদ্যুম্ন সীতা দ্রৌপদী ইহাঁরা অযোনিসম্ভব। আবার দেখাও যায় বকী বিনা রেতঃ সেকে গর্ভিনী হয়। ঋতুমতী বকী মৈথুন্য ধর্ম্মে গর্ভিনী হয় না মেঘ গর্জ্জন শ্রবণে গর্ভিনী হয়।

পিপীলিকা বিনা মৈথুনে উৎপন্ন হয়।

২০ সূঃ দর্শনাচ্চ ॥

পিপীলিকাদির বিনা মৈথুনে উৎপত্তি দৃষ্ট হইয়া থাকে। উদ্ভিজ্জ বিনা মৈথুনে উৎপত্তি হয়।

উদ্ভিজ্জ শব্দ দ্বারা স্বেদজ গ্রহণ।

২১ সূঃ তৃতীয়.শব্দাবরোধঃ সংশোকজস্য ॥

তৃতীয় উদ্ভিজ্জ শব্দ দ্বারা সংশোকজস্য স্বেদজ শব্দের শব্দাবরোধঃ অর্থগ্রহ করিতে হইবে।

আকাশাদির সমভাব প্রাপ্তি·

২২ সূঃ সাভাব্যা পত্তিরূপপত্তেঃ॥

অবতরণকালে জীবের আকাশাদির সাভাব্যাপত্তিঃ সমভাব প্রাপ্তি। সাভাব্যঃ সমভাব। জীব আকাশের সমান হয় আকাশ হয় না উপপত্তেঃ ইহা উপপন্ন হয়। অথৈত মেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথেত মাকাশমাকাশাদ্ বায়ুং বায়ু ভূর্ত্বা ধূমো ভবতি ধূমো ভূত্বাঽভ্রং ভবত্য ভ্রং ভূত্বা মেঘো ভবতি মেঘো ভূত্বা প্রবর্ষতি তাহারা প্রথমে আকাশ প্রাপ্ত হয় আকাশ হইতে বায়ু বায়ু হইতে ধূম ধূমের পর অবভ্র হয় অবভ্র হইয়া মেঘ হয় মেঘ হইয়া বর্ষণ করে।

(৪) অবতরণত্বরা স্বর্গ হইতে বৃষ্টি, বৃষ্টি হইতে পুরুষ, পুরুষ হইতে স্ত্রী

আকাশ হইতে ব্রীহি ভাব প্রাপ্তি

২৩ সূঃ নাতি চিরেণ বিশেষাৎ ॥

নাতি চিরেণ অনতিবিলম্বে জীব আকাশাদি ভাব হইতে ব্রীহি আদি ভাব প্রাপ্ত হয়। অনুশয়ী জীব শীঘ্র শীঘ্র আকাশাদি ভাব হইতে নিষ্ক্রান্ত হইয়া পৃথিবীতে আসে। পৃথিবীতে আসিলে শস্যাদিভাব প্রাপ্ত হয়। বিশেষাৎ সে অবস্থা শীঘ্র যায় না। পূর্ব্ব পূর্ব্ব অবস্থা শীঘ্র শীঘ্র অতিক্রান্ত হয়। ধান্যাদি অবস্থা বিলম্বে অতিক্রান্ত হয়। দুর্নিস্প্রপতরং দুঃখ নিষ্ক্রমণ। জীব অতি দুঃখে ব্রীহি হইতে নিষ্ক্রান্ত হয়।

(৫) শস্যাদিতে জন্ম সংশ্লেষ মাত্র

ব্রীহ্যাদিভাব সংশ্লেষমাত্র

২৪ সূঃ অন্যাধিষ্ঠিতে পূর্ব্ববদভিলাপাৎ ॥

অন্যাধিষ্ঠিতে জাতি স্থাবর ব্রীহ্যাদিতে পূর্ব্ববৎ সংসর্গ মাত্র প্রাপ্ত হয়। অভিলাপাৎ শ্রুতির উক্তি দ্বারা জানা যায়। ব্রীহ্যাদিভাব আকাশাদিভাবের মত সংশ্লেষ মাত্র। জীব জাতি স্থাবর হয় না। জাতি স্থাবরে সংশ্লেষ মাত্র হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাগাদির জন্য ব্রীহ্যাদিভাব হয় না।

২৫ সূঃ অশুদ্ধমিতি চেন্ন শব্দাৎ ॥

অগ্নীষোমীয়ং পশুমালভেত অগ্নি সোম দেবতার উদ্দেশ্যে পশু ঘাত করিবে। যাগাদিতে পশু হিংসা করিতে হয় বলিয়া যাগাদিকে অশুদ্ধম্ অশুদ্ধ ইতি চেৎ ন ইহা বলিও না। শব্দাৎ কারণ যাগাদি শাস্ত্রীয়। যাগাদি করণ জন্য পাপ জন্য ব্রীহ্যাদি পাপ জন্ম হয় না।

ব্রীহ্যাদির পর রেতসিক্ সম্বন্ধ হয়।

২৬ সূঃ রেতঃসিগ্ যোগোঽথ ॥

অথ ব্রীহ্যাদি ভাব প্রাপ্তির পর অনুশয়ীর রেতঃসিক্ যোগঃ ব্রীহ্যাদিতে সংশ্লিষ্ট হইয়া জীব পরে শুক্র সিঞ্চনের সংশ্লিষ্ট হন।

যোনির উর্দ্ধদেশে শরীর জন্মে।

২৭ সূঃ যোনেঃ শরীরম্ ॥

রেতঃসিক্ ভাব প্রাপ্তির পর যোনিঃ যোনিদেশের ও রেত উপদানে অনু শয়ীদের শরীরং শরীর জন্মে। যোনির উর্দ্ধদেশে জীবের উৎপত্তি হইয়া থাকে। শ্রুতিতে আছে যোনেঃ শরীরম্ যোনির শরীর।

দ্বিতীয় পাদ

(১) স্বপ্ন সৃষ্টির মিথ্যাত্ব

স্বপ্ন সৃষ্টি সত্য।

১ সূঃ সন্ধ্যে সৃষ্টি রাহ হি ॥

সন্ধ্যে সৃষ্টিঃ সন্ধ্যাবস্থায় (স্বপ্ন ও প্রদ্যোতন) সৃষ্টিকে প্রকৃত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৃষ্টি বলা যাইতে পারে। জাগ্রত ও সুষুপ্তির অন্তরাল স্বপ্ন, মৃত্যু ও পুনর্জন্মের অন্তরাল প্রদ্যোতন। তখনকার সৃষ্টি জাগ্রত সৃষ্টির ন্যায় সত্য। "আহ" শ্রুতি তাহাই বলিয়াছেন। সংশয় সূত্র।

আত্মা সৃষ্টি করেন।

২ সূঃ নির্ম্মাতারম্ চৈকে পুত্রাদয়শ্চ ॥

"একে" কোন শাখায় উক্ত আছে "পুত্রাদয়ঃ" পুত্রাদি যে কাম্য নির্ম্মাণ হয় তাহার "নির্ম্মাতারম্" কর্ত্তা আত্মা। সংশয় সূত্র। য এব সুপ্তেষু জাগর্ত্তি কামং কামং পুরুষো নির্ম্মিমাণঃ যখন সুপ্ত হইতে জাগরিত হয়েন তখন কাম পুরুষ নির্ম্মাণ করেন।

স্বাপ্নিক মায়াময়।

৩ সূঃ মায়ামাত্রন্তু কার্ৎস্ন্যেনা নভি ব্যক্ত স্বরূপত্বাৎ ॥

সিদ্ধান্ত সূত্র। স্বাপ্নিক সৃষ্টি মায়া মাত্রম্ মায়া মাত্র তথ্যরূপা নহে—কারণ জাগ্রত পদার্থীয় ধর্ম্ম সমূহের দ্বারা প্রকাশিত নহে। কারণ এরূপ স্বপ্ন সৃষ্টিতে কার্ৎস্ন্যেন দেশকালাদির নিমিত্তের অপেক্ষা নাই। কার্ৎস্ন্যেন অবাধিতরূপে অনভিব্যক্ত স্বরূপত্বাৎ অভিব্যক্ত স্বরূপ প্রতীয়মান হয় না।

স্বপ্ন শুভাশুভ সূচক।

৪ সূঃ সূচকশ্চ হিশ্রুতে রাচক্ষতে চ তদ্বিদঃ ॥

স্বপ্ন মায়াময় বটে কিন্তু সূচকঃ ভালমন্দের সূচক শ্রুতেঃ শ্রুতিতে ইহা দেখা যায়। তদ্বিদঃ স্বপ্ন পণ্ডিতরা ব্যাচক্ষতে ইহা বলিয়া থাকেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বপ্ন শাস্ত্রবিৎ পণ্ডিতগণ বলেন স্বপ্ন শুভাশুভ সূচক। যদা কাম্যেষু কর্ম্মসু স্ত্রিয়ং স্বপ্নেষু পশ্যতি সমৃদ্ধিং তত্র জানীয়াৎ যদি স্বপ্নে কাম্য কর্ম্ম বিষয়ে স্ত্রী দর্শন করে সেই স্বপ্ন দর্শন দ্বারা কার্য্যের সুসিদ্ধি হইবে। পুরুষং কৃষ্ণদন্তং পশ্যতি স এনং হন্তি স্বপ্নে যদি কৃষ্ণদন্ত ও কৃষ্ণবর্ণ পুরুষ দেখে সেই কৃষ্ণবর্ণ পুরুষ তাহাকে বিনষ্ট করে। স্বপ্নে কুঞ্জরা-রোহণ শুভ গর্দ্দভারোহণ অশুভ। মন্ত্র, দেবতানুগ্রহ, ওষধি সেবন দ্বারা যে স্বপ্ন দৃষ্ট হয় তাহার অনেকগুলি সত্য।

জীবের ঐশ্বর্য্যশক্তি তিরোহিত।

৫সূঃ পরাভিধ্যানাত্তু তিরোহিতং ততো হ্যস্য বন্ধবিপর্য্যয়ৌ ॥

জীবই পরমেশ্বর তখন তাহার সঙ্কল্পে সত্য সৃষ্টি হইবে না কেন? জীব ঈশ্বর হইলেও তাহার ঐশ্বর্য্যশক্তি পরাভিধ্যানাৎ পরমেশ্বরের সংকল্প হেতু তিরোহিতং তিরোহিত হইয়াছে। ততঃ সেহেতু অস্য জীবের বন্ধ বিপর্য্যয়ৌ বন্ধ মোক্ষ।

দেহ যোগবশতঃ জ্ঞান তিরোহিত।

৬সূঃ দেহযোগাদ্বা সোঽপি ॥

সঃ সেই তিরোভাব দেহ যোগাৎ দেহ যোগ হেতু হয়।

(২) সুষুপ্তিতে জীব ও ব্রহ্ম এক

সুষুপ্তিতে আত্মাতে জীব সুপ্ত হন।

৭সূঃ তদভাবো নাড়ীষুতচ্ছ্রুতে রাত্মনি চ ॥

'তদ্ অভাবঃ' স্বপ্নের অভাব সুষুপ্তি নাড়ীষু নাড়ীতে আত্মনি চ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মাতেও হইয়া থাকে। তৎ শ্রুতেঃ ইহা শ্রুতি দ্বারা অবগত হওয়া যায়। নাড়ীষু স্বপ্তোভবতি নাড়ীগত হইয়া সুষুপ্ত হন। তাভিঃ প্রত্যবসৃপ্য পুরীততি শেতে ঐ সকল নাড়ী হইতে সরিয়া গিয়া পুরীতৎ নাড়ীতে জীব শয়ান করে। স্বমপীতো ভবতি আত্মাতেও সুষুপ্ত হন।

আত্মা হইতে জাগরিত হন।

৮-সূঃ অতঃ প্রবোধোহস্মাৎ ॥

যেহেতু আত্মাই সুপ্তি স্থান আত্মাতে সুপ্ত হন সেহেতু অতঃ আত্মা হইতে প্রবোধঃ প্রবুদ্ধ হয়। সতঃ আগত্য ন বিদুঃ সতঃ আগচ্ছামহে ব্রহ্মে সম্পন্ন হইয়াও জীব জানে না যে সে ব্রহ্ম সম্পন্ন হইয়াছে। নাড়ী ও আত্মার মধ্যে আত্মাই প্রধান, অতএব আত্মাতে সুষুপ্ত হয় ইহাই সিদ্ধান্ত।

(৩) সেই জীবই প্রবুদ্ধ হয়েন,

সেই জীবই প্রবুদ্ধ হয় অন্য নহে।

৯সূঃ স এব তু কর্ম্মানুস্মৃতি শব্দবিধিভ্যঃ।

কর্ম্মানুস্মৃতি শব্দ বিধিভ্যঃ (১) কর্ম্ম (২) অনুস্মৃতি (৩) শব্দ (৪) বিধি দ্বারা জানা যায় স এব সেই জীবই প্রবুদ্ধ হয়। অন্য জীব নহে। (১) কর্ম্মের শেষ অনুষ্ঠান করিতে দেখা যায় (২) পূর্ব্বদিনের অনুভবিত বিষয় স্মরণ করে (৩) শ্রুতি বাক্য (৪) কর্ম্মের ও উপাসনার বিধান থাকায় স এব তু পূর্ব্বদিনের আত্মাই প্রবুদ্ধ হয়েন আত্মান্তর নহে। ইমাঃ সর্ব্বাঃ প্রজাঃ অহরহ গচ্ছন্ত্য এতং ব্রহ্মলোকং ন বিন্দন্তি এই সকল প্রজা প্রত্যহই ব্রহ্মলোক লাভ করিতেছে অথচ জানে না ব্রহ্ম লাভ করিতেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪) মূর্চ্ছা অবস্থা জাগ্রদাদি অবস্থা হইতে ভিন্ন

মূর্চ্ছাতে জীব অৰ্দ্ধ সম্পন্ন হয়।

১০ সূঃ মুগ্ধেঽৰ্দ্ধ সম্পত্তিঃ পরিশেষাৎ ॥

জীবের জাগ্রত স্বপ্ন সুষুপ্তি মরণ এই চার অবস্থা। মুগ্ধে মূর্চ্ছা অবস্থায় পরিশেষাৎ জাগ্রদাদি হইতে বিলক্ষণ হেতু অৰ্দ্ধসম্পত্তি অৰ্দ্ধ সম্পন্ন হয়। মূর্চ্ছা জাগ্রত নহে কারণ জাগ্রতে চৈতন্য থাকে। মূর্চ্ছা স্বপ্ন নহে, কারণ স্বপ্নে সংজ্ঞা থাকে। মূর্চ্ছা সুষুপ্তি নহে, কারণ মূর্চ্ছাতে গাত্র কম্পনাদি হয়। মূর্চ্ছা মৃত্যু নহে, কারণ মূর্চ্ছিত পুনরুত্থিত হয়।

(৫) ব্রহ্ম স্বরূপ

ব্রহ্ম নির্গুণ

১১ সূঃ ন স্থানতোঽপি পরস্যোভয় লিঙ্গং সৰ্ব্বত্র হি ॥

পরস্য ব্রহ্মের উভয় লিঙ্গং ব্রহ্ম সগুণ নির্গুণ এরূপ চিহ্নের অনেক কথা আছে বটে ন স্থানতঃ অপি কিন্তু তিনি উপাধি দ্বারা ও উভয়রূপী নহেন। "সৰ্ব্বত্র হি" সমুদায় শ্রুতিতে সৰ্ব্বদা এক রস ব্রহ্মের উপদেশ পাওয়া যায়। অশব্দ মস্পর্শ মরূপ মব্যয়ম্ তিনি অস্পর্শ অরূপ অব্যয়। অস্থূল মনন্ব হ্রস্ব মদীর্ঘম্ তিনি অস্থূল অহ্রস্ব অদীর্ঘ। সৰ্ব্বকৰ্ম্মা সৰ্ব্বকামঃ তিনি সৰ্ব্বকাম। এই উভয় প্রকার বিবরণ থাকিলেও উপাধি যোগে সবিশেষ বলা যায় না। কারণ ব্রহ্ম নিৰ্ব্বিশেষ।

ব্রহ্ম নিৰ্ব্বিশেষ।

১২ সূঃ ন ভেদাদিতি চেন্ন প্রত্যেক মতদ্ বচনাৎ ॥

ভেদাৎ ভিন্ন ভিন্ন শ্রুতিতে বিভিন্ন উপদেশ থাকা হেতু ব্রহ্ম ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নির্ব্বিশেষ নহে ইতি চেৎ ন ইহা বলিও না প্রত্যেকম্ উপাধিভেদ কথিত হইলেও অতদ্বচনাৎ অভেদ কথন রহিয়াছে। চতুষ্পাৎ ষোড়শকল প্রভৃতি বিভিন্ন বোধক বাক্য আছে। ভিন্ন ভিন্ন উপাধি অনুসারে ব্রহ্মের ভিন্ন ভিন্ন আকার উপদিষ্ট হইলেও অভেদ পক্ষই ব্রহ্ম নির্ব্বিশেষই শ্রুতির অভিমত। ভিন্ন ভিন্ন উপাধি অনুযায়ী ভিন্ন ভিন্ন উপদেশ থাকিলেও সে সকল অতদ্বচনাৎ ভিন্ন বাচক নহে নির্ব্বিশেষ উপদেশেই সে সকলের তাৎপর্য্য।

শ্রুতিতে অভেদ উপদেশ।

১৩ সূঃ অপি চৈবমেকে ॥

"একে" শ্রুতির কোন শাখায় অপি চ এবম্ ভেদ দৃষ্টি নিন্দা করিয়া অভেদ দর্শন উপদেশ দিয়াছেন। মনসৈবেদমাপ্তব্যং নেহ নানাস্তি কিঞ্চন এই ব্রহ্ম সুসংস্কৃত মনের প্রাপ্য ইহাতে কোন নানাত্ব নাই। মৃত্যোঃ স মৃত্যুমাপ্নোতি য ইহ নানেব পশ্যতি যে ইহাতে নানাত্ব দেখে সে মৃত্যু দ্বারা মরণ প্রাপ্ত হয়।

অরূপ ব্রহ্মই প্রধান।

১৪ সূঃ অরূপবদেব হি তৎ প্রধানত্বাৎ ॥

অরূপবৎ ব্রহ্ম রূপাদিবর্জ্জিত। তৎ প্রধানাৎ অরূপব্রহ্ম বোধক শ্রুতিই প্রধান। নির্গুণ ব্রহ্মেই ঐ সব বাক্যের তাৎপর্য্য।

সাকার ব্রহ্মবোধক শ্রুতি অনর্থক নহে।

১৫ সূঃ প্রকাশবচ্চাবৈয়র্থ্যাৎ ॥

অবৈয়র্থ্যাৎ সাকার ব্রহ্মবোধক শ্রুতি বাক্য নিরর্থক নহে, তাহাও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সার্থক। সেই সার্থকের দ্বারা জানা যায় ব্রহ্ম উপাধি পক্ষপাতী। প্রকাশবৎ আলোকের সমান। অঙ্গুলি প্রভৃতি উপাধি যখন যেরূপ ঋজু বক্র হয় আলোক তখন তদাকারাকারিত রূপে দৃষ্ট হয়। ব্রহ্ম ও পৃথিব্যাদি উপাধির অনুরূপে অনুভূত হয়েন।

ব্রহ্ম চিন্মাত্র।

১৬ সূঃ আহ চ তন্মাত্রং ॥

আহ শ্রুতিতে ব্রহ্মকে তন্মাত্র চৈতন্য মাত্র চিদেকরস বলিয়াছেন। স যথা সৈন্ধব ঘনোঽনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নো রসঘন এবৈবং বা অরে অয়মাত্মা অনন্তরোঽবাহ্যঃ কৃৎস্ন প্রজ্ঞানঘনঃ এব। লবণ পিণ্ডের যেমন বাহ্যে অন্তরে সর্ব্বতোভাবে লবণরস সেইরূপ এই আত্মা জ্ঞানপিণ্ড অন্তরে বাহ্যে কেবল জ্ঞান।

শ্রুতি স্মৃতিতে নির্ব্বিশেষ ব্রহ্ম।

১৭ সূঃ দর্শয়তি চাথো অপি স্মর্য্যতে ॥

শ্রুতি দর্শয়তি ব্রহ্মের নির্ব্বিশেষ ভাবই উপদেশ করিয়াছেন অথ স্মর্য্যতে স্মৃতি ও পুরাণে ও তদ্রূপ স্মৃত হয়। বাস্কলি বাহ্বকে জিজ্ঞাসা করেন প্রভো! ব্রহ্ম বলুন! বাহ্ব নিরুত্তর রহিলেন। ব্রহ্ম বলিবার অযোগ্য অতএব নিরুত্তরতাই তোমার প্রকৃত উত্তর। অথাত আদেশো নেতি নেতি ইহা নহে তাহা নহে এইরূপ উপদেশ করা হয়। যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ বাক্য যাহাকে বলিতে মন যাহাকে মনন করিতে পারে না, তিনিই ব্রহ্ম। অনাদিবৎ পরং ব্রহ্ম ন সৎ নাসৎ উচ্যতে তিনি অনাদি তিনি প্রত্যক্ষ নহেন অপ্রত্যক্ষ নহেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জল সূর্য্যের দৃষ্টান্ত।

১৮ সূঃ অতএব চোপমা সূর্য্যকাদিবৎ

যেহেতু ব্রহ্ম নির্ব্বিশেষ অতএব সেহেতু সূর্য্যকাদিবৎ জলসূর্য্যাদির উপমা দৃষ্টান্ত গৃহীত হইয়াছে। জলে সূর্য্যের প্রতিবিম্ব। কিন্তু বহু জলরূপ উপাধি দ্বারা তাহার বহুত্ব ভ্রম হয়। অদ্বয় ব্রহ্মের বুদ্ধ্যাদি উপাধি দ্বারা বহুত্ব ভ্রম নিশ্চিত হয়। যথা হ্যয়ং জ্যোতি-রাত্মা বিবস্বান্ আপো ভিন্না বহুধৈকোঽনুগচ্ছন্ উপাধিনা ক্রিয়তে ভেদরূপো দেব ক্ষেত্রেষ্বেব মজোপ্যয়মাত্মা। যদ্রূপ এই জ্যোতির্ম্ময় সূর্য্য এক হইলেও বহু জলপূর্ণ ঘটে অনুগত প্রতি বিম্বিত হওয়ায় বহুর ন্যায় হন তদ্রূপ এই জন্মাদিরহিত স্বপ্রকাশ আত্মা এক হইলেও মায়া রূপ উপাধি দ্বারা বহু দেহে অনুগত হওয়ায় বহুর ন্যায় হইতেছেন।

এক এবহি ভূতাত্মা ভূতে ভূতে ব্যবস্থিতঃ
একধা বহুধা চৈব দৃশ্যতে জল চন্দ্রবৎ।।

একই ভূতাত্মা প্রত্যেক ভিন্ন ভিন্ন ভূতে (দেহে) অবস্থিত হইয়া জলচন্দ্রের ন্যায় (জলে যে চন্দ্রের প্রতিবিম্ব পড়ে) এক ও বহু প্রকারে দৃশ্য হন।

জলে সূর্য্য প্রতিবিম্বাদির দৃষ্টান্ত কিরূপে সঙ্গত।

১৯ সূঃ অম্বুবদ গ্রহণাত্তু ন তথাত্বম্

আত্মা জলের ন্যায় মূর্ত্ত পদার্থ নহে সেজন্য তাহার দৃষ্টান্ত সঙ্গত হয় না। অম্বুবৎ জলের ন্যায় অগ্রহণাৎ আত্মা বিষয় করণের অযোগ্য,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সে হেতু ন তথাত্বম্ দৃষ্টান্ত সঙ্গত নহে। দৃষ্টান্ত সঙ্গত না হওয়ায় তাহার ঔপধিক ভেদ অগ্রাহ্য।

বৃদ্ধি হ্রাস হয় সেজন্য দৃষ্টান্ত সঙ্গত।

২০ সূঃ বৃদ্ধি হ্রাস ভাক্তমন্তর্ভাবাৎ উভয়সামঞ্জস্যাদেবম্ ॥

অন্তর্ভাবাৎ উপাধি ধর্ম্মের অনুবিধ হওয়ায় বৃদ্ধি হ্রাস ভাক্তম্ বৃদ্ধি হ্রাস ভাক্ত উভয় সামঞ্জস্যাৎ এবম্ এইরূপে উভয়ের দৃষ্টান্ত দার্ষ্টান্তিকের সামঞ্জস্য হইতে পারে। উপধেয় পদার্থ উপাধি ধর্ম্মের অনুগামী তদনুসারে সূর্য্যের হ্রাসবৃদ্ধি উপচরিত। সে অংশে দৃষ্টান্ত দার্ষ্টান্তিকের সাম্য আছে সুতরাং অসম নহে। জল বাড়িলে বা বিস্তৃত হইলে জলস্থ সূর্য্য প্রতিবিম্ব বৃদ্ধি প্রাপ্ত হয়, জল কমিলে হ্রস্ব হয়, জলের কম্পনে কম্পিত, জলের নানাত্বে নানা দেখায়।

শ্রুতিতে ব্রহ্ম চৈতন্যময়।

২১ সূঃ দর্শনাচ্চ ॥

দর্শনাৎ শ্রুতিতে ব্রহ্মের দেহাদি উপাধিতে অনুপ্রবেশ দর্শন হেতু অর্থাৎ অবিকৃত পরব্রহ্মের শরীরান্ত প্রবেশ কথিত থাকাতে ও ব্রহ্ম কেবল চিন্ময় ও একরূপ ইহা অবধারিত হয়।

পুরশ্চক্রে দ্বিপদঃ পুরুশ্চক্রে চতুষ্পদঃ
পুরঃ স পক্ষী ভূত্বা পুরঃ পুরুষ আবিশৎ ॥

সেই ঈশ্বর দ্বিপদ মনুষ্যের দেহ সৃজন করিলেন চতুষ্পদ পশু দেহ সৃজন করিলেন। পক্ষী লিঙ্গ শরীরী হইয়া ঐ সকল দেহে আবিষ্ট হইলেন। দেহ প্রবিষ্ট হইলেও তিনি পূর্ণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬) ব্রহ্ম সত্যস্বরূপ।

তিনি সদ্ রূপ।

২২ সূঃ প্রকৃতৈতাবত্ত্বং হি প্রতিষেধতি ততো ব্রবীতি চ ভূয়ঃ ॥

হি যেহেতু প্রকৃত এতাবত্বং মূর্ত্ত ও অমূর্ত্ত প্রতিষেধতি প্রতিষেধ করেন ব্রবীতি চ পুনরায় পরব্রহ্ম অস্তি বলিয়াছেন ততঃ অতএব ব্রহ্ম চিন্মাত্র নহে সদ্রূপ। যেহেতু শ্রুতি ব্রহ্মের প্রস্তাবিত দ্বৈরূপ্য নিষেধ করত বলিয়াছেন ব্রহ্ম এতদতিরিক্ত ও আছেন, সেহেতু স্থির হয় পরমার্থকল্পে অন্য কিছু নাই এবং তাহার রূপাদি ও পরমার্থকল্পে নাই। তিনি কেবল সদ্রূপ। দ্বে-বাব ব্রহ্মণো রূপে মূর্ত্তঞ্চৈবা মূর্ত্তঞ্চ মর্ত্তঞ্চামৃতঞ্চ স্থিতঞ্চ যচ্চসচ্চৈতত্যঞ্চ ত্যচ্চ। ব্রহ্ম মূর্ত্ত ও অমূর্ত্ত দুইরূপ। একটি নশ্বর অপরটি অমৃত। সত্য ও নিত্য পরোক্ষ। অথাত আদেশ নেতি নেতি অতঃপর যাহা যথার্থ আদেশ তাহা নেতি নেতি দ্বারা মৃত অমৃত উভয়েরই নিষেধ। তাহা হইলে ব্রহ্মের নিষেধ হইয়া পড়ে। অস্তি ইত্যেপোপলব্ধব্যঃ অস্তি এইরূপ উপলব্ধি করিবে।

ব্রহ্ম ইন্দ্রিয় গ্রাহ্য নহে।

২৩ সূঃ তদ ব্যক্ত মাহ হি ॥

প্রতিষেধ্য যোগ্যের প্রতিষেধ হয়। এই দৃশ্য প্রপঞ্চ সমুদায়ই প্রতিষেধ্য। যদি অতিরিক্ত ব্রহ্ম আছেন তবে দৃষ্ট হয় না কেন? তৎ ব্রহ্ম অব্যক্তম্ অব্যক্ত আহ শাস্ত্র বলিয়াছেন। ইন্দ্রিয়গণের অগম্য সেজন্য ইন্দ্রিয় পথে ব্যক্ত হন্ না। ন চক্ষুষা গৃহ্যতে নাপি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাচা নান্যৈ দেবৈঃ ব্রহ্ম চক্ষু দ্বারা দৃষ্ট হন না। বাক্য দ্বারা গৃহ্য হন না। অন্য ইন্দ্রিয় দ্বারাও গম্য হন না।

আরাধনাকালে হৃদয়ে আবির্ভূত হয়েন।

২৪ সূঃ অপি সংরাধনে প্রত্যক্ষানুমানাভ্যাং ॥

প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রুতি স্মৃতি উপদেশে জানা যায় নিস্প্রপঞ্চ আত্মা ইন্দ্রিয় গ্রাহ্য নহেন। অপি সংরাধনে আরাধনা কালে যোগীরা এই আত্মাকে দেখিতে পান। আরাধকের ভক্তিপবিত্র চিত্তে বিজ্ঞাত অর্থাৎ প্রকাশিত হয়েন। কশ্চিৎ ধীরঃ প্রত্যগাত্মন মৈক্ষৎ ধীর প্রত্যক্ আত্মাকে দেখিতে পান। যং বিনিদ্রাঃ জিতশ্বাসাঃ সন্তুষ্টাঃ সংযতেন্দ্রিয়াঃ ॥ জ্যোতি পশ্যন্তি যুঞ্জানাঃ তস্মৈ যোগাত্মন নমঃ বিনিদ্র জিতশ্বাস সন্তুষ্ট সংযতেন্দ্রিয় যোগীরা যে জ্যোতি দর্শন করেন সেই যোগাত্মাকে নমস্কার।

উপাস্য উপাসক ভাব হইলেও তিনি অবিশেষ।

২৫ সূঃ প্রকাশাদিবচ্চা বৈশেষ্যং প্রকাশশ্চ কর্ম্মণ্যভ্যাসাৎ ॥

প্রকাশাদিবচ্চ প্রকাশাদি উপাধিতে ভিন্ন হয় স্বতঃ ভিন্ন নহে সেইরূপ প্রকাশঃ আত্মাও কর্ম্মণি ধ্যানাদি কর্ম্ম উপাধিতে ভিন্ন হয় স্বতঃ ভিন্ন হয় না অবৈশেষ্যং একরসত্ব অভ্যাসাৎ তত্ত্বমসি 'শাস্ত্র অভ্যাস হইতে নিশ্চয় হয়। আরাধ্য আরাধক ভাব মান্য করিলেই যে জীব পরমাত্মায় বাস্তব ভেদ স্বীকার করা হয় তাহা নহে। 'প্রকাশ' আলোক যেমন উপাধি ভেদে ভিন্ন প্রায় হয় প্রকাশস্বভাব চিদাত্মা সেইরূপ চিত্তোপাধি দ্বারা উপাস্য উপাসক ভাব প্রাপ্তের ন্যায় হয়েন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বস্তুতঃ তিনি এক রস অবিশেষ। তাঁহার এক রসত্ব তত্ত্বমসি বাক্য দ্বারা জ্ঞাত হওয়া যায়। সবিতৃ প্রভৃতি "কর্ম্মণি" উপাধিযুক্ত হইয়া স্বাভাবিক প্রকাশ ও বৈশেষ্য ত্যাগ করে সেইরূপ উপাধি নিমিত্ত আত্মভেদ হইয়া থাকে। বেদান্ত নিরন্তর অভ্যাসে জীব ব্রহ্মের অভেদ সিদ্ধ হয়।

অবিদ্যা নাশ হইলেই অভেদ জ্ঞান হয়।

২৬ সূঃ অতোঽনন্তেন তথাহি লিঙ্গম্ ॥

জীব অতঃ অবিদ্যা নাশ হইলেই অনন্তেন ব্রহ্মে লীন হয়। তথাহি এ বিষয়ে লিঙ্গম্ তত্ত্ববোধক জ্ঞাপক শ্রুতি বাক্য আছে। অভেদ স্বাভাবিক। যেহেতু জীব অবিদ্যা বিনাশের পর অপরিচ্ছিন্ন পরমাত্মায় একত্ব প্রাপ্ত হয়। স যোহবৈ তৎপরমং ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি যে পর ব্রহ্মকে জানে সে ব্রহ্ম হয়।

উভয় উপদেশ অহিকুণ্ডলবৎ।

২৭ সূঃ উভয় ব্যপদেশাত্ত্বহিকুণ্ডলবৎ

উভয় ব্যপদেশাৎ ভেদ অভেদ দ্বিবিধ উপদেশ থাকায় অহিকুণ্ডলবৎ সর্প রূপে অভেদ কুণ্ডলীরূপে ভেদ সেইরূপ ব্রহ্ম রূপে অভেদ জীব রূপে ভেদ। যেহেতু ভিন্ন ও অভিন্ন দ্বিবিধ উপদেশ দৃষ্ট হয় সেহেতু অহিকুণ্ডলের অনুরূপ সিদ্ধান্ত করা কর্ত্তব্য। সর্পভাব গ্রহণে অভেদ কুণ্ডলাকারাদি অবস্থাভেদ অনুসারে ভিন্ন। সেইরূপ জীব ব্রহ্মভাবে ব্রহ্ম অব্রহ্ম ভাবে জীব নানা। কুণ্ডলাকার ও দণ্ডায়মান অবস্থার ভেদ কিন্তু অহি বিষয়ে অভেদ। কুণ্ডল বলয়াকার অবস্থা আভোগ ফণা, প্রাংশুত্ব দীর্ঘ দণ্ডাকার অবস্থা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সূর্য্য ও প্রকাশ সেইরূপ ভেদাভেদ।

২৮ সূঃ প্রকাশাশ্রয়বদ্বা তেজস্ত্বাৎ

প্রকাশাশ্রয়াৎ বা প্রকাশ আলোক আশ্রয় সূর্য্য তেজস্ত্বাৎ উভয়েতে তেজস্ব সমান সেইরূপ ব্রহ্ম ও জীব উভয়ের আত্মত্ব সমান। সূর্য্য ও আলোক অত্যন্ত ভিন্ন নহে উভয়েই তেজস্ব সমান কিন্তু উভয় ভিন্ন বলিয়া ব্যবহার হয় সেইরূপ ব্রহ্ম ও জীবে ভেদ ও অভেদ স্বীকার করা হয়। আলোক ও আলোকের আশ্রয় সূর্য্য অত্যন্ত ভিন্ন নহে কারণ উভয়েতে তেজস্ব আছে।

আত্মা অভিন্ন বুদ্ধিহেতু ভিন্ন।

২৯ সূঃ পূর্ব্ববদ্ বা ॥

প্রকাশাদির ন্যায় অবৈশেষ্য। আশ্রয় বা সূর্য্যের অনুরূপই আলোক অর্থাৎ প্রকাশাদি দৃষ্টান্তে সিদ্ধান্ত করা যায়। আলোক এক ও অভিন্ন কিন্তু উপাধিযোগে ভিন্ন তেমনি আত্মা স্বরূপত অভিন্ন পরন্তু বুদ্ধ্যাদি-যোগে ভিন্ন।

অভেদই প্রামাণিক।

৩০ সূঃ প্রতিষেধাচ্চ ॥

ভেদের নিষেধ আছে। নান্যোতোস্তি দ্রষ্টা ইহা হইতে ভিন্ন এমন দ্রষ্টা নাই এইরূপ নিষেধ থাকায় অভেদ পক্ষই প্রামাণিক।

(৭) ব্রহ্ম ভিন্ন যাবতীয় বস্তু অবস্তু।

ব্রহ্ম সেতু।

৩১ সূঃ পরমতঃ সেতূন্মান সম্বন্ধ ভেদ ব্যপদেশেভ্যঃ ॥

অতঃ পরমেশ্বর হইতে পরঃ অন্য জীব, সেতূন্মান সম্বন্ধভেদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যপদেশেভ্যঃ সেতু ও উন্মান শ্রুতিতে জীববব্রহ্মে ভেদ শঙ্কিত হয়। অথ য আত্মা স সেতু বিধৃতিঃ যিনি আত্মা তিনি লোকমর্যাদা বিধায়ক সেতু। তদেতৎ ব্রহ্ম চতুষ্পাদষ্টশফং ষোড়শকলং ব্রহ্ম চতুষ্পাদ অষ্টশফ-ষোড়শ কলাত্মক (শফ-খুর)। সতা সৌম্যতদা সম্পন্নোভবতি হেসৌম্য সেই সময়ে জীব সৎ সম্পন্ন হয়।

তিনি সেতু নহেন।

৩২ সূঃ সামান্যাত্তু ॥

সামান্যাৎ সেতু সামান্য সেতুর মত সেইজন্য সেতু উপদেশ। শ্রুতিতে সেতু উল্লেখ তাহা সেতু নামমাত্র অবলম্বনে, ইহা বুঝিতে হইবে। তিনি সেতু নহেন সেতুর মত মর্য্যাদাবিধায়ক।

উপাসনার জন্য পাদকল্পনা।

৩৩ সূঃ বুদ্ধ্যর্থঃ পাদবৎ ॥

বুদ্ধ্যর্থঃ অবগতি উপাসনার জন্য ব্রহ্মের চতুষ্পাৎ ষোড়শ কল পাদবৎ পাদকল্পনা যেরূপ পরিমাণ ব্যপদেশ বস্তুপ্রতিপাদক নহে তাহা কেবল উপাসনার্থ জানিবে। কার্ষাপনাদি পাদবিভাগ উত্তমাধম উপাসকের জন্য, অপরিমিত ব্রহ্মের পরিমাণ বিশেষ কল্পনা উপাসনার জন্য।

উপাধি ভেদে ভেদ কল্পনা।

৩৪ সূঃ স্থান বিশেষাৎ প্রকাশাদিবৎ ॥

স্থানবিশেষাৎ বুদ্ধি আদি উপাধি ভেদ অনুসারে প্রকাশাদিবৎ সৌর আলোকাদির ভেদ ও সম্বন্ধ কল্পনার ন্যায় একের সম্বন্ধে ও ভেদ কল্পনা উপচার ক্রমে সঙ্গত হইতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্বন্ধ ও ভেদ গৌণ।

৩৫ সূঃ উপপত্তেশ্চ ॥

সম্বন্ধ কথন ও ভেদ বর্ণন মুখ্য নহে কিন্তু গৌণ। গৌণ পক্ষই যুক্তিলভ্য। বস্তুদ্বয় না থাকায় মুখ্য সংযোগাদি সম্বন্ধ ও মুখ্য ভেদ উপপন্ন হয় না। যোঽয়ং বহির্দ্ধা পুরুষাদাকাশো যোঽযমন্তঃ পুরুষঃ আকাশঃ যে আকাশপুরুষ অন্তরে সেই আকাশ পুরুষই বাহিরে।

অন্য বস্তু শ্রুতিপ্রতিষিদ্ধ।

৩৬ সূঃ তথান্য প্রতিষেধাৎ ॥

তথা অভেদ উপপত্তি অন্য প্রতিষেধাৎ অন্য বস্তুর প্রতিষেধ হেতু। ব্রহ্ম ভিন্ন অন্য বস্তু প্রতিষিদ্ধ হইয়াছে। সর্ব্বং তৎপরাদাদ্ যো অন্যত্রাত্মনঃ সর্ব্বং বেদ যে সমস্ত বস্তুকে আত্মা হইতে ভিন্ন দেখে ব্রহ্ম তাহা হইতে দূরে যান।

আয়াম শব্দে ব্রহ্ম।

৩৭ সূঃ অনেন সর্ব্বগতত্ত্বমায়ামশব্দাদিভ্যঃ ॥

আয়ামশব্দাদিভিঃ আয়াম ব্যাপ্তিবাচক শব্দের প্রয়োগ থাকায় অনেন ব্রহ্মের সর্ব্বগতত্বং সর্ব্বগতত্ব সূচিত হয়। আকাশবৎ সর্ব্বগতশ্চ আকাশের ন্যায় সর্ব্বগত।

(৮) ঈশ্বর কর্ম্মফলদাতা।

ঈশ্বর কর্ম্মফলদাতা। যুক্তি

৩৮ সূঃ ফলমত উপপত্তেঃ ॥

অতঃ ঈশ্বর হইতে ফলম্ স্বর্গ ঈশ্বর কর্ম্মফলদাতা উপপত্তেঃ ইহা যুক্তি বলে পাওয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রুতিতে আছে।

৩৯ সূঃ শ্রুতত্বাচ্চ ॥

ঈশ্বর কর্ম্মফলদাতা শ্রুতিতে উপদিষ্ট। স বা এষ মহানজ আত্মান্নাদো বসুদানঃ সেই জন্মরহিত মহান আত্মা সমুদায় প্রাণীকে অন্নদান করেন বসু দান করেন।

জৈমিনি কর্ম্ম ফলদাতা।

৪০ সূঃ ধর্ম্মং জৈমিনি রতএব ॥

অতএব শ্রুতির উপপত্তি হেতু ধর্ম্মং জৈমিনিঃ ধর্ম্মকে জৈমিনি কর্ম্মফলদাতা স্বীকার করেন। কর্ম্ম হইতে অপূর্ব্ব উৎপন্ন হয়। সেই অপূর্ব্ব কর্ম্মফলের বীজাবস্থা। অতএব ধর্ম্মই কর্ম্মফলদাতা।

বাদরায়ণ ঈশ্বর ফলদাতা।

৪১ সূঃ পূর্ব্বন্তু বাদরায়ণো হেতুব্যপদেশাৎ ॥

হেতু ব্যপদেশাৎ শ্রুতি কথিত হেতু বা প্রমাণ থাকায় বাদরায়ণঃ বাদরায়ণের মতে পূর্ব্বং ঈশ্বরই ফলদাতা। "তু" সিদ্ধান্ত। কর্ম্ম উপকরণ বা উপলক্ষ্য তদনুসারে তিনি ফল দান করেন। কেবল কর্ম্ম ফল দিতে অসমর্থ কারণ কর্ম্ম জড়। সাধুকর্ম্ম কারয়তি তং যমেভ্য লোকেভ্য উন্নিনীষতে অসাধু কর্ম্ম কারয়তি তং যমধো নিনীষতে ইনি যাহাকে এলোকে হইতে উদ্ধার করিতে ইচ্ছা করেন তাহাকে সাধুকর্ম্ম করান, যাহাকে অধোগামী করিতে ইচ্ছুক তাহাকে অসৎকর্ম্ম করান। লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হিতান্ সেই সব দেবতা হইতে কাম প্রাপ্ত হয়। আমি সে সকলের ব্যবস্থা করিয়া রাখিয়াছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় পাদ

(১) ছান্দোগ্যের ও বৃহদারণ্যকের পঞ্চাগ্নিবিদ্যা এক
বিভিন্ন উপনিষদে একই উপাসনা।

১ সূঃ সর্ব্ব বেদান্ত প্রত্যয়ং চোদনাদ্য বিশেষাৎ ॥

ভিন্ন ভিন্ন উপনিষদে ভিন্ন ভিন্ন উপাসনা অভিহিত হইয়াছে। সেজন্য সংশয় হয় একই উপাসনা বিভিন্ন উপনিষদে কথিত হইয়াছে? কি প্রতি উপনিষদে পৃথক পৃথক উপাসনা কথিত হইয়াছে? সিদ্ধান্ত এই একই উপাসনা বিভিন্ন বেদান্তে কথিত হইয়াছে। চোদনাদি অবিশেষাৎ "সংযোগ" রূপও "সমস্যা" বা নাম ইহাদের নাম চোদনা। চোদনাদি অবিশেষ অভিন্নতা প্রযুক্ত সর্ব্ব বেদান্ত প্রত্যয়ং ভিন্ন ভিন্ন বেদান্তোক্ত প্রত্যয় বা উপাসনা এক। চোদনা বিধায়ক শব্দ।

অঙ্গভেদ হইলেও উপাসনা এক

২ সূঃ ভেদান্নেতি চেন্নৈকস্যামপি॥

ভেদাৎ অঙ্গ ভেদ জন্য "ন" পঞ্চাগ্নিবিদ্যা ভিন্ন ইতি চেৎন ইহা বলিওনা কারণ একস্যামপি বৃহদারণ্যক ও ছান্দোগ্য উভয়েতে পঞ্চাগ্নি-বিদ্যা এক উপাসনা উভয়েতেই পঞ্চাগ্নিবিদ্যা।

শিরোব্রত মুণ্ডক অধ্যয়নের অঙ্গ।

৩ সূঃ স্বাধ্যায়স্য তথাত্বেন হি সমাচারে-ঽধিকারাচ্চ সরবচ্চ তন্নিয়মঃ॥

বলিয়াছিলে আথর্ব্বণিকের শিরোব্রত আছে অন্যের তাহা নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই জন্য শিরোব্রত ধর্ম্মটী উপাসনার ভেদক; বস্তুতঃ তাহা নহে। কারণ স্বাধ্যায়স্য তথাত্বেন ঐ ব্রতটী মুণ্ডকাধ্যায়নের অঙ্গ উপাসনার অঙ্গ নহে। উহা যে সমাচারে অধিকারাৎ স্বাধ্যায়ের অঙ্গ তাহা বেদব্রত উপদেশ প্রসঙ্গে কথিত আছে। শিরোব্রত না করিলে মুণ্ডকাধ্যয়নে অধিকার হয় না। সরবৎ তন্নিয়মঃ তাহার দৃষ্টান্ত সর অর্থাৎ হোম, যেমন সৌর্য্যাদি হোম আথর্ব্বণিকের নিয়মিত, ঐ ব্রতটীও তাহাদের মুণ্ডকাধ্যয়নের নিয়মিত।

শ্রুতিতে সব উপাসনা এক বলিয়াছেন

৪ সূঃ দর্শয়তি চ ॥

শ্রুতিও উপাসনার একত্ব প্রদর্শন করিতেছেন সর্ব্বেবেদা যৎপদ-মামনন্তি সমুদায় বেদ যে প্রাপ্যকে বলেন।

(২) বেদান্তোক্ত গুণ সমুদায়ের উপসংহার

উপাসনার অঙ্গ একত্র সংগ্রহণ করিতে হইবে

৫ সূঃ উপসংহারোঽর্থা ভেদাদ্ বিধি শেষবৎ সমানে চ ॥

বিধিশেষবৎ বিধিবাক্যের ন্যায় বেদান্ত বাক্যেরও অর্থাভেদাৎ অর্থ ভেদ না থাকায় উপসংহারঃ একত্র সংগ্রহণ করিতে হইবে। এক বেদান্তে যে উপাসনা অন্য বেদান্তে সেই উপাসনা। সেই সেই উপাসনার অঙ্গগুলি সেই সেই উপাসনায় যোজনীয়। সমানে চ পূর্ব্ব মীমাংসায় বিধি বোধিত কর্ম্মের ঐক্য থাকিলে অনৈক্য অঙ্গের ও ঐক্য সাধন করা হয়, বেদান্তোক্ত উপাসনা সম্বন্ধে ও সেইরূপ জানিবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৩) উদ্‌গীথ উপাসনা বিভিন্ন উপাসনা

অল্প প্রভেদ থাকিলেও উপাসনা এক

৬ সূঃ অন্যথাত্বং শব্দাদিতি চেন্নাবিশেষাৎ ॥

শব্দাৎ অন্যথাত্বং পৃথক পৃথক শব্দ প্রয়োগ হেতু উপাসনা পৃথক ইতি চেৎ ন ইহা বলিও না, অবিশেষাৎ উপাসনা পৃথক নহে। যজুর্ব্বেদের আরণ্যক ব্রাহ্মণে যে প্রণালীতে প্রাণোপসনা কথিত, ছান্দোগ্যে সে প্রক্রমে কথিত হয় নাই, সেই কারণে বিভিন্ন উপাসনা আশঙ্কা করিও না, কারণ বহু অংশে সমানতা আছে ; অল্প প্রভেদ অনৈক্যের কারণ হয়না।

আরম্ভ প্রণালী ভিন্ন হইলে উপাসনা ভিন্ন

৭ সূঃ ন বা প্রকরণ ভেদাৎ পরোবরীয়স্ত্বাদিবৎ ॥

প্রকরণ ভেদাৎ উপক্রমের আরম্ভ প্রণালীর ভিন্নতা থাকায় ন উপাসনাও এক নহে অর্থাৎ ভিন্ন। পরোবরীয়স্ত্বাদিবৎ পরের পর অবরের অবর গুণ বিশিষ্ট উদ্‌গীথ উপাসনা আদিত্যাদিগত হিরণ্যশ্মশ্রুত্বাদি গুণবিশিষ্ট উদ্‌গীথ উপাসনা হইতে ভিন্ন সেই রূপ। আকাশো হ্যেবৈভ্যো জ্যায়ানাকাশঃ পরায়ণং স এষ পরোবরীয়ান উদ্‌গীথঃ স এযোঽনন্তঃ এ সকল অপেক্ষা আকাশ (ব্রহ্ম) জ্যেষ্ঠ আকাশই শ্রেষ্ঠ আশ্রয়, সেই এই পরোবরীয়ান্ উদ্‌গীথ এক সেই সেই উদ্‌গীথ অনন্ত।

সংজ্ঞা এক সেজন্য উপাসনা এক নহে।

৮ সূঃ সংজ্ঞাত শ্চেত্তদুক্তমস্তি তদপি ॥

সংজ্ঞাতঃ সংজ্ঞা এক চেৎ তাই বলিয়া উপাসনা এক তদুক্তং ইহা নিরাকৃত হইয়াছে। তৎ অপি অস্তি উহাও আছে বটে। সংজ্ঞা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বা নাম এক তাই বলিয়া উপাসনা এক একথা বলিতে পার না, কারণ "নবা সূত্রে" দেখান হইয়াছে। সংজ্ঞার ঐক্যে সংজ্ঞীর ঐক্য দেখা যায় বটে কিন্তু তাহা সার্ব্বত্রিক নহে। তাহা কোন কোন স্থানে বিশেষ কারণে স্বীকৃত হইয়াছে।

(৪) অক্ষর ও উদ্‌গীথ বিভিন্ন নহে।

উদগীথ ওঙ্কারের বিশেষণ

৯ সূঃ ব্যাপ্তেশ্চ সমঞ্জসম্ ॥

ওমিত্যেতদক্ষর মুদ্‌গীথঃ ওঙ্কার অক্ষর ও উদগীথ। ইহার চার প্রকার অর্থ (১) অধ্যাস (২) অপবাদ (৩) ঐক্য (৪) বিশেষণ। "চ" তন্মধ্যে অধ্যাস অপবাদ ঐক্য এই তিন অর্থ হইবে না। কেবল ব্যাপ্তেঃ বিশেষণ অর্থ হইবে। সর্ব্ববেদ সাধারণ এই হেতুতে বিশেষণ অর্থ হইবে, তাহা হইলেই সমঞ্জসম্ সমঞ্জস হইবে। ওঁ এই অক্ষর উদগীথ, উদগীথ শব্দ ওঙ্কারের বিশেষণ বলিলে নির্দ্দোষ হয়।

(৫) বশিষ্ঠত্বাদি গুণের উপসংহার কর্ত্তব্য।

উপাসনা এক তখন গুণ সর্ব্বত্র গ্রহণ করিতে হইবে।

১০ সূঃ সর্ব্বাভেদাদন্যত্রেমে ॥

সর্ব্ব অভেদাৎ প্রাণের অভেদ হেতু ইমে বশিষ্ঠত্বাদিগুণ অন্যত্র অন্য বেদান্তে উপসংহার কর্ত্তব্য। বাজসনেয়ীরা ও ছান্দোগ্যাধ্যায়ীরা শ্রেষ্ঠ গুণান্বিত প্রাণের উপাসনা বলিয়া বাক্যাদির বশিষ্ঠত্বাদিগুণ বলিয়াছেন। কৌষিতকি শাখী প্রাণের শ্রেষ্ঠতা বলিয়াছেন কিন্তু বশিষ্ঠত্বাদি গুণ বলেন নাই। এইরূপ বিভিন্ন উপাসনাতে গুণের গ্রহণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে। সিদ্ধান্ত এই যখন উপাসনা এক, তখন এক স্থানে কথিত গুণ অন্য স্থানে সংযোজিত হইবে।

(৬) আনন্দ সত্য প্রভৃতি ব্রহ্মগুণের উপসংহার কর্ত্তব্য

আনন্দগুণ সর্ব্বত্র উপসংহার করিতে হইবে

১১ সূঃ আনন্দাদয়ঃ প্রধানস্য ॥

আনন্দরূপত্ব ধর্ম্ম ব্রহ্মে পরিকল্পিত হয়। সে সকল কোন স্থানে কথিত হইয়াছে কোন স্থানে কথিত হয় নাই। যেখানে কথিত হয় নাই সেখানে কথিতের ন্যায় গণ্য হইবে। প্রধানস্য ব্রহ্মের আনন্দাদয়ঃ আনন্দাদিগুণ সকল সর্ব্বত্র উপসংহার করিতে হইবে।

প্রিয় শিরস্ত্বাদি গুণ উপাসনার্থ, স্বরূপবোধার্থ নহে

১২ সূঃ প্রিয়শিরস্ত্বাদ্যপ্রাপ্তিরুপচয়াপচয়ৌ হি ভেদে ॥

ভেদে ভোক্তার ভেদ থাকায় উপচয়াপচয়ৌ উপচয় অপচয় হ্রাস বৃদ্ধি হইতে পারে, সেজন্য প্রিয় শিরস্ত্বাদি অপ্রাপ্তিঃ প্রিয় শিরস্ত্বাদি গুণ উপসংহার কর্ত্তব্য নহে। তস্য প্রিয় মেব শিরঃ। মোদো দক্ষিণঃ পক্ষঃ ॥ প্রমোদঃ উত্তরঃ পক্ষঃ ॥ আনন্দ আত্মা। ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা ॥ তৈত্তিরীয়োপনিষৎ। প্রিয় সেই আনন্দময় আত্মার মস্তক। মোদ দক্ষিণ পক্ষ প্রমোদ বামপক্ষ আনন্দ আত্মা এবং ব্রহ্ম প্রতিষ্ঠা মূলপুচ্ছ। এই যে তৈত্তিরীয় শাখোক্ত গুণ এ সকল স্থির ধর্ম্ম নহে। ঐ সকল ধর্ম্ম বাস্তব ব্রহ্মের ধর্ম্ম নহে। অদ্বয় ব্রহ্মে ঐ সকল গুণ অপ্রসিদ্ধ কারণ এ সকল ধর্ম্ম বৃদ্ধি হ্রাস যুক্ত ভোক্তার ভেদ থাকায় উপচয় অপচয় হইতে পারে। সেজন্য প্রিয় শিরস্ত্বাদি গুণ উপসংহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ত্তব্য নহে। প্রিয় শিরস্ত্বাদি গুণ ব্রহ্ম জ্ঞানার্থ নহে। তৈত্তিরীয় শ্রুতি ঐ সকল ধর্ম্ম বলিয়াছেন বটে, উহা উপাসনার্থ স্বরূপবোধার্থ নহে। প্রিয় আনন্দময় ব্রহ্মের মস্তক, মোদ দক্ষিণ পক্ষ, আনন্দ আত্মা, ব্রহ্ম মূলপুচ্ছ। ইহাতে ব্রহ্মের রূপ কল্পনা করা হইয়াছে। উহারা ব্রহ্মের ধর্ম্ম নহে। ব্রহ্মে চিত্ত সন্নিবেশ জন্য মস্তক পুচ্ছ পক্ষ কল্পনা করা হইয়াছে। মোদাদি আপেক্ষিক, তাহাদের হ্রাস বৃদ্ধি হইতে পারে।

স্বরূপ বোধক সার্ব্বত্রিক।

১৩ সূঃ ইতরেত্বর্থ সামান্যাৎ ॥

ইতরে অন্যান্য গুণ যেমন আনন্দময় বিজ্ঞানঘন অর্থ সামান্যাৎ অর্থের ব্রহ্মের "সামান্য" একরূপত্ব হেতু অসার্ব্বত্রিক নহে। জ্ঞেয় ব্রহ্ম এক, সেজন্য স্বরূপ বোধক যাহা কিছু তাহা সার্ব্বত্রিক।

(৭) ব্রহ্মই বেদ্য

ধ্যানের জন্য ব্রহ্ম প্রতিপাদ্য

১৪ সূঃ আধ্যানায় প্রয়োজনাভাবাৎ ॥

প্রয়োজনাভাবাৎ ইন্দ্রিয় অর্থ মন ইহাদের পরত্ব জানিয়া কোন ফল নাই। তবে পরত্ব উপদেশ আধ্যানায় ব্রহ্ম ধ্যানের জন্য। আধ্যান বা সম্যক্ ধ্যানের জন্য ব্রহ্ম প্রতিপাদ্য। কঠ উপনিষদে ইন্দ্রিয়েভ্যঃ পরা হ্যর্থাঃ অর্থেভ্য শ্চ পরং মনঃ ইন্দ্রিয়াপেক্ষা পর অর্থ অর্থাপেক্ষা পর মন। এই বাক্যের শেষে পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতিঃ পুরুষ অপেক্ষা পর কিছু নাই পুরুষই পরা কাষ্ঠা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরমা গতি। তত্ত্বজ্ঞানের উপকারার্থ পুরুষ পরাৎপর প্রতিপাদিত হইয়াছে।

কারণ অর্থাদির পরত্ব বর্ণনে ফলাভাব। পুরুষের সর্ব্বপরত্ব জ্ঞানে মুক্তি হয়।

আত্মশব্দের প্রয়োগ

১৫ সূঃ আত্মশব্দাচ্চ ॥

উক্ত শ্রুতিতে আত্মা শব্দের প্রয়োগ থাকায় ঐ বাক্যের পুরুষ প্রতিপাদ্যতা প্রতীত হয়। এষ সর্ব্বেষু ভূতেষু গূঢ়াত্মা ন প্রকাশতে। সমুদায় ভূতে গূঢ় এই আত্মা প্রকাশিত হইতেছেন না।

(৮) আত্মা শব্দে ঈশ্বর বুঝিতে হইবে

আত্মা—পরমাত্মা

১৬ সূঃ আত্ম গৃহীতিরিতর বত্তুত্তরাৎ ॥

ঐতরেয় শ্রুতি আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ সৃষ্টির পূর্ব্বে এ সকল অদ্বয় আত্মাই ছিল। আত্মগৃহীতিঃ এই আত্মা শব্দে পরমাত্মা গ্রহণ করিতে হইবে, ইতরবৎ অন্যান্য সৃষ্টি বাক্যের ন্যায়, উত্তরাৎ কারণ ঐ প্রস্তাবের শেষ বাক্যে আছে স ঐক্ষত লোকান্নু সৃজে তিনি আলোচনা করিলেন আমি লোক সৃজন করিব।

(৯) কাণ্ব ছান্দোগ্যের উক্তি বিভিন্ন হইলেও বস্তু পৃথক নহে।

আত্মা শব্দে পরমাত্মা

১৭ সূঃ অন্বয়াদিতি চেৎ স্যাদবধারণাৎ ॥

অন্বয়াৎ পূর্ব্ব বাক্যের অনুবর্ত্তন থাকা দেখা যায় ইতি চেৎ সুতরাং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদাহৃত শ্রুতিস্থ আত্মা পরমাত্মা নহে। অবধারণাৎ সাধারণ বাক্যের প্রয়োগ আছে এক এব আত্মা এইরূপ স্বরূপ উক্তি আছে, স্মাৎ সেহেতু ঐ আত্মা পরমাত্মা। স ইমান্ লোকান্ অসৃজত অম্ভো মরীচি র্ম্মর আপঃ তিনি অম্ভ স্বর্গ মরীচি অন্তরীক্ষ মর মর্ত্ত্যলোক আপঃ পাতাললোক সৃজন করিলেন। এ সবে আত্মা শব্দে পরমাত্মার গ্রহণই সঙ্গত। উৎপত্তির পূর্ব্বে যে আত্মৈকতার অবধারণ শুনা যায় তাহার পরমাত্মা গ্রহণ পক্ষেই সমঞ্জস। অন্য মহাভূত সৃষ্টির পরে এসব সৃষ্টি করিলেন বুঝিতে হইবে। আত্মন আকাশ সম্ভূতঃ এই আত্মা হইতে আকাশ উৎপন্ন হইল।

(১০) প্রাণ বিদ্যা প্রকরণে অনগ্নতা চিন্তনই বিধান।

অনগ্নতা আচমন

১৮ সূঃ কার্য্যাখ্যানাদপূর্ব্বম্ ॥

কার্য্যাখ্যানাৎ কার্য্যত্ব উপদেশ হেতু অপূর্ব্বম্ অনগ্নতা ধ্যান বিধান। আচমন ও অনগ্নতা ধ্যান দুই বিধি নহে অনগ্নতা ধ্যান বিধি আচমন অনুবাদ। আখ্যায়িকা—প্রাণ জিজ্ঞাসা করিল আমার অন্ন কি? বাগাদি ইন্দ্রিয় বলিল কৃমি হইতে কুকুর পর্য্যন্ত যাহা কিছু সমস্ত তোমার অন্ন এবং জল তোমার বস্ত্র। প্রাণোপাসনাতে ইহা চিন্তা করিতে হইবে। ভোজনের প্রারম্ভে ও অন্তে জল গণ্ডুষ গ্রহণ করা হয় এবং ধ্যান করা হয় প্রথম গণ্ডুষ প্রাণের আস্তরণ দ্বিতীয় গণ্ডুষ পিধান আচ্ছাদন। এই গণ্ডুষদ্বয় প্রাণের বস্ত্র স্বরূপ। গণ্ডুষদ্বয় প্রাণকে আচ্ছাদিত করেন। উপাসক ঐ রূপ চিন্তা করিবেন। ছান্দোগ্য ও বৃহদারণ্যকে আছে ভোজনের পূর্ব্ব ও পরে আচমন করে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্থাৎ জল দ্বারা প্রাণকে আচ্ছাদিত করে। অনগ্নতা ধ্যান অপূর্ব্ব অর্থাৎ বিধি, আচমন কার্য্য উহার অনুবাদ।

(১১) কাণ্ব ও বৃহদারণ্যকের বিধান পৃথক নহে

উপাসনার একত্ব

১৯ সূঃ সমান এবং চাভেদাৎ ॥

অভেদাৎ উপাস্যরূপের একত্ব হেতু সমানে সমান শাখাতে এবং বিদ্যায় ঐক্য বুঝিতে হইবে। বাজ সনেয়ি শাখায় শাণ্ডিল্য বিদ্যা অর্থাৎ উপাসনা কথিত আছে স আত্মানমুপাসীত মনোময়ং প্রাণ শরীরং ভারূপম্ আত্মার উপাসনা করিবেক আত্মা মনোময় প্রাণ শরীর ও প্রকাশ রূপ। আবার আরণ্যকে আছে মনোময়োঽয়ং পুরুষো ভাঃ সত্যঃ এই উপাস্য পুরুষ মনোময় দীপ্তি স্বরূপ ও সত্য। যখন উপাসনার রূপ এক, তখন বিভিন্ন শাখোক্ত বিদ্যার একত্ব নিশ্চয় করিতে হইবে। সমান এক শাখোক্ত উভয়ের ঐক্যই ন্যায্য হইবেক।

(১২) অহর্ বা উৎপুরুষ ও অহম্ বা অক্ষিপুরুষ এক হইলেও স্থান ভেদে বিশেষ বিশেষ নাম।

অহর্ ও অহম্

২০ সূঃ সম্বন্ধাদেব মন্যত্রাপি ॥

সম্বন্ধাৎ বিদ্যার ঐক্য দৃষ্টে উপাসনার ঐক্য দৃষ্টে তাহাতে বিভিন্ন গুণের একত্র সঙ্কলন হয় এবম্ অনত্র অপি তজ্জাতীয় অন্য স্থলেও সেইরূপ বিদ্যার ঐক্য দৃষ্টে সত্য বিদ্যাতে বিভিন্ন গুণের সঙ্কলন হইতে পারে। তদ্‌যত্তৎ সত্যমসৌ য আদিত্যো য এ ষৈ তস্মিন্ মণ্ডলে পুরুষো যশ্চায়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষঃ ব্যাহৃতি, শরীরং তস্যোপনিষদ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরিত্যধিদৈবতং তস্যোপনিষদ হমিত্যধ্যাত্মম্ যাহা সেই সত্ত্য এই সেই পুরুষ আদিত্যে আদিত্য পুরুষ এবং দক্ষিণচক্ষুতে চাক্ষুষ পুরুষ, ব্রহ্মের ব্যাহৃতিময় শরীর, ইহার অধিদৈব উপনিষদ অহর্ অধ্যাত্ম উপদিষদ্ অহম্। পূর্ব্ব পক্ষ।

এক উপাসনা নহে।

২১ সূঃ ন বা বিশেষাৎ ॥

"ন" না, তাহা পারে না। বিশেষাৎ সত্ত্য ব্রহ্ম উপাসনার নির্দ্দিষ্ট স্থান কথিত হইয়াছে। বিশেষ স্থান আদিত্য মণ্ডলে অধিদৈবিক পুরুষ, দক্ষিণ চক্ষুতে আধ্যাত্মিক পুরুষ। একটী অধিদৈব আর একটী অধ্যাত্ম।

শ্রুতি আছে

২২ সূঃ দর্শয়তি চ ॥

ঐরূপ ঐরূপ ধর্ম্মের বা গুণের ব্যবস্থা পক্ষে শ্রৌত লিঙ্গ আছে। ব্যবস্থা অনিযমনের নিযমন। লিঙ্গ অনুমাপক অতিদেশ বাক্য। তস্যৈ তস্য তদেবং রূপং যদমুষ্য রূপং যদমুষ্য গেষ্ণৌ তৌ গেষ্ণৌ যন্নাম তন্নাম! সেই এই পুরুষের তাহাই রূপ যাহা ঐ আদিত্য পুরুষের রূপ অর্থাৎ ইহারও সেইরূপ, সেই গেষ্ণ, সেই নাম।

(১৩) সম্ভৃত্যাদি গুণের উপসংহার করা যাইতে পারে না

উপাসনা আধ্যাত্মিক

২৩ সূঃ সম্ভৃতি দ্যু ব্যাপ্ত্যপিচাতঃ ॥

সম্ভৃতি দ্যু ব্যাপ্তি উৎপত্তি সামর্থ্য ও স্বর্গ ব্যাপ্তি আদি গুণের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"অপি" উপসংহার হয় না। অতঃ আয়তন বিশেষ যোগ হেতু। ব্রহ্ম জ্যেষ্ঠা বীর্য্যা সম্ভৃতানি ব্রহ্মাগ্রে জ্যেষ্ঠং দিবমাততান ব্রহ্মের পরাক্রম অব্যাহত। সেই সর্ব্ব জ্যেষ্ঠ ব্রহ্ম স্বর্গ ব্যাপিয়াছিলেন। দহরং পুণ্ডরীকং বেশ্ম দহরোস্মিন্নন্তর আকাশঃ হৃদয়ে অল্প পরিমাণ পদ্মরূপ গৃহ তন্মধ্যে দহর পরিমাণ আকাশ ব্রহ্ম। সম্ভৃতি ও দ্যুব্যাপ্তি ব্রহ্ম বিভূতি কথিত হইয়াছে। এই সব ব্রহ্ম গুণ শাণ্ডিল্য বিদ্যায় সংকলিত হইবে না। শাণ্ডিল্য বিদ্যায় আশ্রয় বিশেষের উপদেশ আছে এজন্য তাহা আধ্যাত্মিক। কিন্তু সম্ভৃতি আধিদৈবিক, সেজন্য সংকলিত হইবার অযোগ্য।

(১৪) পৈঙ্গি ও তাণ্ডি শাখার ও তৈত্তিরীয় শাখার পুরুষ বিদ্যা পৃথক

পুরুষ বিদ্যা পৃথক

২৪ সূঃ পুরুষ বিদ্যায়ামিব চেত রেষামনাম্নানাৎ ॥

পুরুষ বিদ্যায়াম্ তৈত্তিরীয় বিদ্যোক্ত গুণ ইতরেষাম্ তাণ্ডি উক্ত পুরুষ বিদ্যাতে অনাম্নানাৎ পঠিত হয় নাই সেজন্য সংগৃহীত হইবে না। তাণ্ডি শাখার ও পৈঙ্গি শাখার পুরুষ বিদ্যা অভিহিত হইয়াছে এবং তৈত্তিরীয় শাখাতে ও পুরুষ বিদ্যা কথিত হইয়াছে। উভয় পুরুষ বিদ্যা পৃথক। প্রথমোক্ত পুরুষ দীক্ষায় পান ভোজন যজ্ঞীয় দীক্ষা তাহার আশীঃ ১১৬ বৎসর পরমায়ু, তৈত্তিরীয় শাখার পুরুষ যজ্ঞে জ্ঞানবান উপাসকের আত্মাই যজমান শ্রদ্ধা তাহার পত্নী। পুরুষ বিদ্যা স্বীয় দেহে ব্রহ্ম গুণ আরোপিত করিয়া ভাবনা প্রবাহ উত্থাপন করা। কাযেই প্রথমোক্ত গুণ সফল শেষোক্ত বিদ্যায় পঠিত হইবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৫) প্রবর্গ্যাদি উপাসনার অঙ্গ নহে।

কতকগুলি উপাসনা নহে অভিচার

২৫ সূঃ বেধাদ্যর্থ ভেদাৎ ॥

বেধাদ্যর্থ ভেদাৎ বেধাদি বিষয় ভেদ হেতু উপাসনাতে উপসংহার হইবে না। কতকগুলি মন্ত্র ও কর্ম্ম কথিত আছে। সে সকল উপাসনায় নীত হইবে না। হৃদয়ের সহিত সম্পর্ক থাকিলেও হৃদয় বেধের সহিত নাই। সর্ব্বং প্রবিধ্য হৃদয়ং প্রবিধ্য ধমনীঃ প্রবৃজ্য শিরোঽভি প্রবৃজ্য ত্রিধা বিপৃক্তঃ হে দেবতে! তুমি আমার শত্রুর সর্ব্বাঙ্গ বিদীর্ণ কর। তাহার হৃদয় বিশেষ প্রকারে ভগ্ন কর। শরীরস্থ শিরাজাল ছিঁড়িয়া ফেল। মস্তক দ্বিধা কর। ভূঃ প্রপদ্যেঽমুনা মুনা মুনা আমি এই পুত্রের সহিত পৃথিবী প্রাপ্ত হই।

(১৬) হান উপায়ন

উল্লেখ না থাকিলেও হান উপায়ন সর্ব্বত্র লইতে হইবে।

২৬ সূঃ হানৌ তূ পায়ন শব্দ শেষত্বাৎ কুশাচ্ছন্দঃ স্তুত্যুপগানবত্তদুক্তম্ ॥

"তু" নিরাসার্থ, হানৌ যেখানে হানি শব্দ থাকিবে উপায়ন শব্দ শেষত্বাৎ উপায়ন শব্দ হানি সাপেক্ষ সেজন্য উপসংহার করিতে হইবে। কুশাচ্ছন্দস্তুত্য পগানবৎ যেমন কুশ, আছন্দ, স্তুতি, উপগান তদুক্তম্ পূর্ব্ব মীমাংসাতে কথিত হইয়াছে। তদা বিদ্বান্ পুণ্য পাপে বিধূয় নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি জানী তখন পুণ্য পাপ দূরীকৃত করিয়া শুদ্ধ ব্রহ্মকে প্রাপ্ত হয়েন। তস্য পুত্রা দায়মুপযন্তি সুহৃদঃ সাধুকৃত্যাং দ্বিষন্তঃ পাপকৃত্যাম্ তাহার পুত্রগণ দায় প্রাপ্ত হয় প্রিয় জ্ঞাতীরা তাহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুকৃত অপ্রিয় লোকেরা দুষ্কৃত গ্রহণ করে। নির্গুর্ণ ব্রহ্ম উপাসকের দেহ পাত কালে পুণ্য পাপের বিনাশ হয়, সুহৃদগণ তাহার পুণ্য গ্রহণ করে শত্রুগণ পাপ গ্রহণ করে। শ্রুত্যুক্ত পুণ্য পাপ বিনাশ ও উপায়ন যুক্ত হইবে। হান দুষ্কৃত ত্যাগ, উপায়ন ধন পুণ্যাদির অন্য কর্ত্তৃক গ্রহণ। যেমন কুশ ছন্দ স্তুতি উপগান এক শাখায় না থাকিলেও অন্য শাখায় আছে বলিয়া ব্যবহার করা হয়। সেই রূপ উপায়ন কোন শাখায় না থাকিলেও আছে বলিয়া ব্যবহার করা হইবে।

মৃত্যুকালে জ্ঞানীর পুণ্য পাপ ক্ষয়

২৭ সূঃ সম্পরায়ে তর্ত্তব্যাভাবাত্তথাহ্যন্যে ॥

সাম্পরায়ে দেহত্যাগ কালে তর্ত্তব্যাভাবাৎ পাপ পুণ্যের প্রাপ্ত ফল না থাকায় তথা হি শাট্যায়ন শাখোক্ত মতই গ্রাহ্য। শাট্যায়ন শাখাতে আছে জ্ঞানীর দেহত্যাগের পূর্ব্বে পুণ্য পাপ ক্ষয় হয়। কৌষিতকি শাখায় আছে অর্দ্ধ পথে সুকৃত দুষ্কৃত বিধূনিত হয়। মধ্যে পাপ পুণ্যের প্রাপ্তব্য না থাকায় দেহ পাত সময়েই জ্ঞানীয় পুণ্য পাপ বিধূনিত হয়। কৌষিতকি—স এতং দেব দেবযানম্ আপদ্য অগ্নিলোকমাগচ্ছতি বিরজাং নদীং মনসা এব ইত্য তৎ সুকৃত দুষ্কৃতে বিধূনতে সাধক দেবযান আশ্রয়ে অগ্নি লোকে গমন করিয়া বিরজা নদী মন দ্বারা উত্তীর্ণ হইলে সুকৃত দুষ্কৃত বিধুনিত হয়েন। শাট্যায়ন —অশ্ব ইব রোমাণি বিধূয় পাপম্ অশ্ব যেমন রোম বিধূত করিয়া নির্ম্মল হয় সেইরূপ সেই জ্ঞানীও পাপ বিধূনন করেন।

পুণ্য পাপ ক্ষয় ইচ্ছাধীন

২৮ সূঃ চ্ছন্দতউভয়া বিরোধাৎ ॥

ছন্দতঃ দেহপাতের পর অভিলাষানুরূপ উভয়াবিরোধাৎ বিদ্যার্জ্জনের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধিকার থাকে না, তাহা না থাকায় বিদ্যার ফল পুণ্য পাপ ক্ষয় এই নিয়মের ব্যাঘাত হয়। বিদ্যা ও বিদ্যাফল স্বীকার করিলে মৃত্যু কালেই পাপ পুণ্য হানি অবশ্য স্বীকার্য্য। মরণের পূর্ব্বে সাধক ইচ্ছামত বিদ্যানুষ্ঠান করিতে পারেন, সুতরাং তাহার ইচ্ছাধীন।

সগুণ উপাসকের অর্চ্চিরাদি মার্গ নির্গুণ উপাসকের নহে !

সগুণ উপাসকের দেবযান পথ

২৯ সূঃ গতেরর্থবত্ত্বমুভয়থান্য থাহি বিরোধঃ ॥

উভয়থা অবিভাগে গতেঃ অর্থবত্ত্বং অর্চ্চিরাদিমার্গ বা দেবযান পথের সাফল্য হয় অন্যথা হি বিরোধঃ না স্বীকার করিলে শ্রুতি বিরোধ হয়। পুণ্য পাপে বিধূয় নিরঞ্জনং পরমং সাম্যমুপৈতি পুণ্য পাপ ত্যাগ করিয়া পরম সাম্য নিরঞ্জনকে লাভ করে। কোন শ্রুতিতে দেবযান উল্লেখ আছে কোন শ্রুতিতে উল্লেখ নাই।

সগুণ উপাসকের দেবযানগতি

৩০ সূঃ উপপন্নস্তল্লক্ষণার্থোপলব্ধে র্লোকবৎ ॥

তল্লক্ষণার্থোপলব্ধেঃ উপাসকের দেবযান পথে গতি হয় এ শ্রুতি সগুণ উপাসনাকেই স্পর্শ করিতেছে নির্গুণ উপাসনাকে নহে। গতির কারণভূত বস্তু সগুণ বিদ্যাতেই দেখা যায় নির্গুণ বিদ্যায় নহে। লোকবৎ উপপন্নঃ লৌকিকেও এরূপ দৃষ্ট হয়। গ্রামে যাইতে হইলে পথের প্রয়োজন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৭) সকল সগুণ উপাসকের উত্তরমার্গ বিধি

সগুণ উপাসকের দেবযান গতি

৩১ সূঃ অনিয়মঃ সর্ব্বাসামবিরোধঃ শব্দানুমানাভ্যাম্ ॥

শব্দানুমানাভ্যাং শ্রুতিস্মৃতি বলেন সর্ব্বেষাম্ অনিয়মঃ সকল সগুণ উপাসনায় সাধারণ্যে দেবযানগতি লাভ হয় বলিলে অবিরোধঃ কোন বিরোধ হয় না। সগুণ উপাসনা বিভিন্ন যেমন পঞ্চাগ্নি বিদ্যা দহর বিদ্যা মধু বিদ্যা প্রভৃতি। বিদ্যয়া তদারোহন্তি যত্র কামাঃ পরাগতাঃ ন যত্র দক্ষিণা যন্তি। বিদ্যার দ্বারা উত্তর মার্গে গমন করে দক্ষিণ মার্গে গমন করে না। শুক্ল কৃষ্ণ গতীহ্যেতে জগতঃ শাশ্বতে মতে জগতে দুইটী শাশ্বত গতি শুক্ল ও কৃষ্ণ।

(১৮) জ্ঞানীর মুক্তির অবিশেষ নিয়ম

আধিকারিক গণের মুক্তি

৩২ সূঃ যাবদধিকারমবস্থিতিরাধিকারিকাণাম্ ॥

আধিকারিকাণাম্ তত্ত্ব জ্ঞানী যাঁহারা লোকস্থিতিকারণ যাবৎ অধিকারম্ তাঁহারা যাবৎ তাঁহাদের অধিকার সমাপ্ত না হয় তাবৎ পর্য্যন্ত অবস্থিতিঃ জীবন্মুক্ত ভাবে সেই সেই অধিকার সম্পাদনে অবস্থান করেন। অধিকার সমাপ্ত হইলেও তাঁহারা তত্ত্ব জ্ঞানফল কৈবল্য লাভ করেন। ব্রহ্মার মানস পুত্র সনৎকুমার কার্ত্তিকেয় হইয়া জন্মগ্রহন করিয়াছিলেন। অপান্তরতম নামা মুনি ব্যাস রূপে অবতীর্ণ হয়েন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৯) নিষেধপর বিশেষণ গুলির উপসংহার নিষেধ সর্ব্বত্র নীত হইবে।

৩৩ সূঃ অক্ষরধিয়াং ত্ববরোধঃ সামান্য তদ্ভাবাভ্যামৌ-পসদবত্তদুক্তম্ ॥

অক্ষরধিয়াং অক্ষর পরব্রহ্ম তৎসম্বন্ধীয় নিষেধ বুদ্ধিই সর্ব্বত্র অবরোধঃ উপসংহার অর্থাৎ এ সকল নিষেধ বাক্য সর্ব্বত্র নীত হইবে। সামান্য তদ্‌ভাবাভ্যাং কারণ সামান্য ও তদ্‌ভাব তাহারা সমান প্রণালীতে কথিত ও বিশেষ্যভূত ব্রহ্মের ভাব সর্ব্বত্র সমান। ব্রহ্ম সর্ব্বত্র সর্ব্বনিষেধের আশ্রয়। প্রত্যেক শ্রুতিস্থ নিষেধ প্রত্যেক শ্রুতিতে নীত হইবেক, হইয়া একবাক্য প্রক্রিয়ায় অখণ্ডৈক রস পরব্রহ্ম অক্ষর বোধিত হইবেক। উপসদবৎ যেমন উপসদে পুরোডাস প্রদান সাধ্য যাগে পুরোডাস প্রদান মন্ত্রগুলি সামবেদোৎপন্ন অথচ তাহা সার্ব্বত্রিক অর্থাৎ উদ্‌গাতা সামবিহিত কর্ম্মকর্ত্তা কর্ত্তৃক পঠিত না হইয়া অধ্বর্য্যু যজু বিহিত কর্ম্মকর্ত্তা যজ্ঞ পুরোহিত কর্ত্তৃক পঠিত হয়। তদুক্তম্ পূর্ব্ব মীমাংসাতে ইহা কথিত হইয়াছে।

(২০) ঋতং পিবন্ত ও দ্বাসুপর্ণা শ্রুতি একার্থ প্রতিপাদক। ব্রহ্ম ও জীবের তাদাত্ম্য দ্বাসুপর্ণা ও ঋতং পিবন্তং

৩৪ সূঃ ইয়দামননাৎ ॥

আমননাৎ দ্বাসুপর্ণা ও ঋতং পিবন্ত এই দুই শ্রুতিতে ব্রহ্ম ও জীবের তাদাত্ম্য বোধের জন্য ইয়তা পরিচ্ছিন্ন জীবকে গ্রহণ করিয়াছেন। ঋতং পিবন্তৌ সুকৃতস্যলোকে গুহাং প্রবিষ্টৌ পরমে পরার্দ্ধে। ছায়াতপৌ ব্রহ্মবিদোবদন্তি পঞ্চাগ্নয়ো যে চ ত্রিণাচিকেতাঃ। ব্রহ্ম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাদীরা বলেন যেরূপ ছায়া ও আতপ সেরূপ দুইটী সুকৃতের লোকে দেহে ঋত পান কর্ত্তা কর্ম্মফল ভোক্তা হইয়া গুহা প্রবিষ্ট বুদ্ধিতত্ত্বে সমারূঢ় আছে। দ্বাসুপর্ণা সযুজা সখায়া সামনং বৃক্ষং পরিষস্বজাতে তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতি॥ একই বৃক্ষে দুইটী পক্ষী এক সঙ্গে বাস করে তাহারা পরস্পর সখা। একটী বৃক্ষজাত স্বাদুফল ভক্ষণ করে অন্যটী ভক্ষণ না করিয়াও দীপ্যমান হয় সেটীকেও ভোক্তার ন্যায় দেখায়। একটী বাক্যে একের ভোক্তৃত্ব অপরের অভোক্তৃত্ব অপর বাক্যে উভয়ের ভোক্তৃত্ব দেখা যায়। এই দুইএর শেষ বাক্য পরমাত্মা বিষয়ক। জীবের উল্লেখ আছে। জীব ব্রহ্ম ভিন্ন নহে বলিবার জন্যই ব্রহ্ম সাহচর্য্যে জীবের কথন জানিবে। পরমাত্মার ভোক্তৃত্ব উপচরিত বুঝিতে হইবে।

(২১) ঔষস্তি ও কহোল প্রশ্ন ঘটিত আখ্যায়িকার উপদেশগত ভিন্নতা নাই।

ব্রহ্মই সর্ব্বান্তর হইতে পারেন।

৩৫ সূঃ অন্তরা ভূত গ্রামবৎ স্বাত্মনঃ ॥

ভূত গ্রামবৎ পৃথিবী হইতে জলের অন্তরতা, জল অপেক্ষা তেজের অন্তরতা, কিন্তু স্বাত্মনঃ অন্তরা কিন্তু ব্রহ্ম সর্ব্বান্তর। এতদ্দ্বারা ব্রহ্মের একত্ব প্রতিপন্ন হয়। সাক্ষাৎ প্রত্যক্ষ ব্রহ্ম সর্ব্বান্তর। যৎ সাক্ষাদপরোক্ষাদ্ ব্রহ্ম য আত্মা সর্ব্বান্তরঃ যে ব্রহ্ম সাক্ষাৎ অপরোক্ষ যে আত্মা সর্ব্বান্তর। ক্ষিত্যাদি ভূতের একটী ব্যতীত সকলগুলি মুখ্য অন্তর নহে, তেমনি পরমাত্মা ব্যতীত অন্য কিছু সর্ব্বান্তর নহে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উক্তি ভেদ হইলেও জীবের একত্ব

৩৬ সূঃ অন্যথা ভেদানুপপত্তিরিতি চেন্নোপদেশান্তরবৎ ॥

অন্যথা উক্তি ভেদ অনুসারে ভেদানুপপত্তেঃ জ্ঞানভেদ স্বীকার না করিলে উক্তি ভেদ ব্যর্থ হয় ইতি চেৎ ন ইহা বলিতে পার না উপদেশান্তরবৎ ঐ উক্তি ভেদ তত্ত্বমসি উপদেশের দৃষ্টান্তে সঙ্গত হইবে। তত্ত্বমসি নয়বার উচ্চারিত হইয়াছে, অথচ সে স্থলে জ্ঞানের একত্ব আছে। এখানে সেইরূপ জানিবে। স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো শ্বেতকেতো! সেই আত্মাই তুমি।

(২২) উপাসনা সকল পৃথক হইলেও ব্যতিহার।

ধ্যানার্থ বিনিময়াত্মক ভাবনা।

৩৭ সূঃ ব্যতিহারো বিশিংযন্তি হীতরবৎ ॥

ব্যতিহারঃ বিশেষ্য বিশেষণ ভাবের বিশিংষন্তি উপদেশ পাওয়া যায়। ইতরবৎ অন্য শ্রুতিতে ধ্যানের নিমিত্ত যেমন বিশেষ্য বিশেষণ ভাব। ব্যতিহার বিনিময়াত্মক ভাবনার বোধক বাক্য। তদ্ যোহং সোসৌ যোসৌ সোহম্ আমিই ইনি। ইনিই আমি। ত্বংবা অহমস্মি ভগবতি দেবতে অহং বা তত্ত্বমসি। ভগবতি দেবতে! তুমিই আমি, আমিই তুমি। ইত্যাদি ব্যতিহার ধ্যানার্থ উপদিষ্ট!

(২৩) সত্য বিদ্যার একত্ব প্রতিপাদন

একই সত্য পুরুষের উপদেশ।

৩৮ সূঃ সৈব হি সত্যাদয়ঃ।

সা সেই বিদ্যাই সত্যাদয়ঃ সত্য বিদ্যা। বাজসনেয়ি ব্রাহ্মণে যে সত্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিদ্যা কথিত হইয়াছে, সেই সত্য বিদ্যাই উক্ত ব্রাহ্মণের অপর সন্দর্ভে অভিহিত হইয়াছে। একই সত্য বিদ্যা সন্দর্ভদ্বয়ে উপদিষ্ট হইয়াছে। স যো হৈবমেতং মহদ্ যক্ষং প্রথমজং বেদ সত্যং ব্রহ্ম যে উপাসক সেই মহান পূজনীয় প্রথমজ সত্য ব্রহ্ম জ্ঞানে উপাসনা করে। তদ্ যৎ তৎ সত্যমসৌ স আদিত্যো য এষ এতস্মিন্ মণ্ডলে পুরুষো যশ্চায়ং দক্ষিণেঽক্ষন্ পুরুষঃ সেই সে সত্য তাহাই এই আদিত্য এবং সেই সত্যই আদিত্য মণ্ডলস্থ পুরুষ ও দক্ষিণ চক্ষুস্থ পুরুষ।

(২৪) দহরাকাশ ও হৃদয়াকাশ উহাদের উপসংহার কর্ত্তব্য :

দহরাকাশ ও হৃদয়াকাশ এক।

৩৯ সূঃ কামাদীতরত্র তত্র চায়তনাদিভ্যঃ ॥

কামাদি সত্যকামাদি বিশেষণ ইতরত্র শ্রুত্যন্তরে নীত হইবে আয়তনাদিভ্যঃ কেন না হৃদয়াদি আয়তনের উক্তি একরূপ। ছান্দোগ্যে ও বৃহদারণ্যকে ব্রহ্মের সত্যকামত্বাদি ও সর্ব্ববশিত্বাদি ধর্ম্ম উক্ত আছে। বৃহদারণ্যকস্থ গুণ ছান্দোগ্যে ও ছান্দোগ্যোক্ত গুণ বৃহদারণ্যকে আনিতে হইবে। উভয় ব্রাহ্মণে একই বিদ্যা অভিহিত হইয়াছে। এষো আত্মা অপহতপাপ্মা বিজরো বিমৃত্যু বিশোকো বিজিঘৎসোঽপিপাসঃ সত্য কামঃ সত্য সঙ্কল্পঃ এই আত্মা নিষ্পাপ অজর অমৃত্যু বিশোক ক্ষুৎ-পিপাসাবর্জ্জিত সত্যকাম সত্যসঙ্কল্প। স বা এষ মহানজ আত্মা যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু য এষোন্ত হৃদয় আকাশ স্তস্মিং শ্ছেতে সর্ব্বস্তবশী সেই এই মহান জন্মাদিরহিত আত্মা যিনি ইন্দ্রিগণের মধ্যে বিজ্ঞানময় ইনি হৃদয়ান্তবর্ত্তী আকাশ তাহাতে শয়ান ইনিই সর্ব্ব নিয়ন্তা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৫) প্রাণাদি আহুতি লোপে আপত্তি।

হোম লোপ হইবে না।

৪০ সূঃ আদরাদলোপঃ ॥

আদরাৎ যেহেতু শ্রুতিতে আদর স্তুতি নির্ব্বাহক বাক্য দেখা যায় সেহেতু অলোপঃ নিজের ভোজন লুপ্ত হইলেও বৈশ্বানর উপাসকের প্রাণাগ্নি হোত্র লুপ্ত হয় না। উপাসক প্রথম আহুতি হোম করিবেন অর্থাৎ প্রথম ভক্ষ্যান্ন প্রাণায় স্বাহা বলিয়া হোম করিবে। অন্ন ভক্ষণকে অগ্নিহোত্র বলা হয়। উপবাস দিবসে অগ্নিহোত্র লোপ হইবে কি না? ভোজন লোপ হইলেও অগ্নিহোত্র হইবে না তাহার হেতু আদর।

উপবাস দিবসে লোপ দোষাবহ নহে।

৪১ সূঃ উপস্থিতেঽত স্তদ্ বচনাৎ ॥

উপস্থিতে ভোজন উপস্থিত থাকিলে প্রথম গ্রাসান্নের দ্বারা প্রাণাগ্নিহোত্র নির্ব্বাহ করিবে। অভোজন দিবসে ঐ অগ্নিহোত্র লোপ দোষাবহ নহে অতঃ কারণ শ্রুতিতে তদ্‌বচনাৎ অভোজন দিবসে উল্লেখ নাই। তদ্ যদ্ ভক্তং প্রথমমাগচ্ছেৎ তদ্ধোমীয়ম্ কারণ শ্রুতি তৎ প্রয়োগ দ্বারা প্রথম প্রাপ্ত ভক্ত দ্রব্যের উল্লেখ ঐ অগ্নিহোত্রের বিধান করিয়াছেন। বিশেষতঃ উহা প্রকৃত অগ্নিহোত্র নহে। ইহা অগ্নিহোত্রের সদৃশ। (১) প্রাণায় স্বাহা (২) অপানায় স্বাহা (৩) সমানায় স্বাহা (৪) উদানায় স্বাহা (৫) ব্যানায় স্বাহা এই ৫ মন্ত্র। দ্রব্য ৫ গ্রাস অন্ন, দেবতা ঐ ৫ প্রাণ। মুখ হোম-কুণ্ড। মুখে প্রক্ষেপ হোম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২৬) উদ্গীথ কর্ম্মাঙ্গীভূত দেবতোপাসনার নিয়ম নাই।

উদ্গীথ নিত্য অনুষ্ঠেয় নহে।

৪২ সূঃ তন্নির্দ্ধারণানিয়ম স্তদ্ দৃষ্টেঃ পৃথগ্‌ঘ্য প্রতিবন্ধঃ ফলম্ ॥

তন্নির্দ্ধারণানিয়মঃ উদ্গীথাদি ঐচ্ছিক এজন্য নিত্য নিয়মিত নহে তদ্দৃষ্টেঃ অনিয়মই দৃষ্ট হয়। পৃথক্ ফলম্ কারণ কর্ম্মফলের পার্থক্য হয়। অপ্রতিবন্ধঃ অতিশয় হয়। উদ্গীথাত্মক ওঁ অক্ষরের উপাসনা করিবেক এইরূপ কর্ম্মাঙ্গ উপাসনা আছে। সে সকল নিত্য নিয়মিত নহে অবশ্য অনুষ্ঠেয় নহে। কর্ম্ম কর্ত্তার কাম সমূহের প্রাপক হয় এইরূপ ফল কথন আছে। অনিয়মই দৃষ্ট হয় কারণ কর্ম্ম ফলের পার্থক্য হয়। কর্ম্মফল ও জ্ঞানফল পৃথক। জ্ঞানের যোগ থাকিলে ফলাধিক্য, জ্ঞানের যোগ না থাকিলে ফলাল্পতা দৃষ্ট হয়। সুতরাং উদ্গীথাদি উপাসনা কর্ম্মের নিত্যাঙ্গ বলা যায় না। নানা তু বিদ্যা চা বিদ্যা চ যদেব বিদ্যয়া করোতি শ্রদ্ধয়োপনিষদা তদেব বীর্য্যবত্তরং ভবতি। কর্ম্ম নানা প্রকার বিদ্যাযুক্ত অবিদ্যাযুক্ত। যাহা বিদ্যা শ্রদ্ধা ও দেবতা ধ্যানাধি পূর্ব্বক কৃত হয় তাহা বীর্য্যবত্তর হয়। এই শ্রুতিতে অজ্ঞানের কর্ম্মানুষ্ঠান পৃথক করিয়া জ্ঞানীর কর্ম্মানুষ্ঠান বীর্য্যবত্তর বলিয়াছেন।

(২৭) সম্বর্গ বিদ্যোক্ত বায়ু ও প্রাণ এক নহে।

বায়ু ও প্রাণ পৃথক্।

৪৩ সূঃ প্রদানবদেব তদুক্তম্ ॥

বায়ু ও প্রাণ শ্রুতিতে পৃথক্ কথিত হইয়াছে অপৃথক্ উপদেশও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে। বায়ু ও প্রাণ পৃথক না এক? সিদ্ধান্ত ইহারা পৃথক। তদুক্তম্ পূর্ব্ব মীমাংসায় উপদিষ্ট হইয়াছে, প্রদানবৎ রাজাইন্দ্র, ইন্দ্রিয়াধিরাজ ইন্দ্র ও স্বর্গরাজ ইন্দ্র এই তিন ইন্দ্রের উদ্দেশে পুরোডাশ প্রদানের বিধি আছে। ইন্দ্র এক হইলেও রাজগুণ, ইন্দ্রিয় রাজগুণ ও স্বর্গরাজ গুণ এক নহে সে কারণ পৃথক জ্ঞেয়। সেইরূপ বায়ু ও প্রাণ এক নহে। সম্বর্গ-সংহারক।

(২৮) মনশ্চিৎ উপাসনা, ক্রিয়াঙ্গ নহে।

মনশ্চিৎ উপাসনা।

৪৪ সূঃ লিঙ্গভূয়স্ত্বাৎ তদ্ধি বলীয় স্তদপি ॥

লিঙ্গভূয়স্ত্বাৎ প্রকরণ অপেক্ষা লিঙ্গের বাহুল্য হেতু তৎবলীয়ঃ লিঙ্গই প্রবল। তদপি জৈমিনি তাহাই বলিয়াছেন। বাজসনেয়ী ব্রাহ্মণে যট্ ত্রিংশতং সহস্রাণ্য পশ্যদাত্মনোঽগ্নীর্কান্ মনোময়ান্ মনশ্চিতঃ মন আত্মা সম্বন্ধীয় পূজ্য মনোময় ও মনশ্চিৎ মননিষ্পন্ন ছত্রিশ হাজার অগ্নি দেখিতে পাইলেন। মনশ্চিৎ, বাক্‌চিৎ, প্রাণচিৎ, চক্ষুশ্চিৎ প্রভৃতি সাম্পাদিক অগ্নি অভিহিত হইয়াছে। যাগাঙ্গ অগ্নি নহে কিন্তু উপাসনার অঙ্গ। প্রকরণ অপেক্ষা লিঙ্গের প্রাবল্য থাকায় তাহা কর্ম্মাঙ্গ বোধনে সমর্থ নহে। সাম্পাদিক ভাবনা বলে সম্পন্ন করা অর্থাৎ অগ্নি ভাবে দেখা। মনশ্চিৎ মন দ্বারা নিষ্পন্ন বাক্‌চিৎ বাক্য দ্বারা নিষ্পন্ন প্রাণচিৎ প্রাণ দ্বারা নিষ্পন্ন। তদ্ যৎ কিঞ্চেমানি ভূতানি মনসা সঙ্কল্পয়ন্তি তেষামেব সা কৃতিঃ এই সকল ভূত মনে মনে যে যৎ কিঞ্চিৎ সংকল্প করে সেই সকল অগ্নির কার্য্য বলিয়া গণ্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনশ্চিৎ ক্রিয়াঙ্গ।

৪৫ সূঃ পূর্ব্ব বিকল্পঃ প্রকরণাৎ স্যাৎক্রিয়া মানসবৎ ॥

ঐ সকল মনশ্চিতাদি অগ্নি স্বতন্ত্র একথা ন্যায্য নহে। পূর্ব্ব বিকল্পঃ কারণ উহার পূর্ব্বে ইষ্টকাগ্নির প্রস্তাব আছে সুতরাং ঐ উপদেশ তাহার বিকল্প প্রকার ভেদ। মানসবৎ যেমন মনঃ কল্পিত গ্রহ সোমরস পাত্র প্রভৃতি সাংকল্পিক হইলেও ক্রিয়া ক্রিয়াঙ্গ বলিয়া গ্রাহ্য প্রকরণাৎ সেইরূপ মনশ্চিৎ অগ্নি ও ক্রিয়াঙ্গ বলিয়া গ্রাহ্য।

তুলনা দৃষ্টে ক্রিয়াঙ্গ।

৪৬ সূঃ অতি দেশাচ্চ ॥

পূর্ব্বোপদিষ্ট ইষ্টকাচিত অগ্নি ক্রিয়াঙ্গ। তাহার সহিত প্রস্তাবিত ঐ সকল সাম্পাদিক অগ্নি অতিদেশাৎ অতিদেশ তুলনা করা হইয়াছে। তুলনা দৃষ্টে মনশ্চিৎ অগ্নি ক্রিয়াঙ্গ।

শ্রুতিমতে উহারা উপাসনা।

৪৭ সূঃ বিদ্যৈব তু নির্ধারণাৎ ॥

"তু" নিরাসার্থ। নির্ধারণাৎ শ্রুতি অবধারণ বাক্যে ঐ সকলকে বিদ্যাঙ্গ বলিয়াছেন সেজন্য ঐ সকলের বিদ্যা এব বিদ্যাঙ্গতা নিশ্চয় হয়।

লিঙ্গ দর্শন।

৪৮ সূঃ দর্শনাচ্চ ॥

ঐ সকলের স্বাতন্ত্র্যপক্ষে লিঙ্গদর্শনও আছে। সে সকল পূর্ব্বে বলা হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রুতি-লিঙ্গ-বাক্য প্রকরণ অপেক্ষা বলবান।

৪৯ সূঃ শ্রুত্যাদি বলীয়স্ত্বাচ্চ ন বাধঃ ॥

প্রকরণের বলে ঐ সকলের স্বাতন্ত্র্য ভঙ্গ করিতে পারে না কারণ শ্রুত্যাদি বলীয়স্ত্বাৎ শ্রুতি, লিঙ্গ, বাক্য এই তিনই প্রকরণ অপেক্ষা বলবান। সুতরাং উক্ত তিনের দ্বারা ন বাধঃ প্রকরণ নিজেই বাধা প্রাপ্ত হয়। অর্থাৎ মনশ্চিতের স্বাতন্ত্র্য ভঙ্গ হয় না।

মনশ্চিৎ স্বতন্ত্র।

৫০ সূঃ অনুবন্ধাদিভ্যঃ প্রজ্ঞান্তর পৃথকত্ত্ববৎ দৃষ্টশ্চ তদুক্তম্ ॥

অনুবন্ধাদিভ্যঃ শ্রুতিতে যে সম্পৎ উপাসনার উদ্দেশে মনোবৃত্তিতে যজ্ঞাঙ্গের যোজনা করিয়াছেন তাহা অনুবন্ধ নামে খ্যাত। এই অনুবন্ধ এবং পূর্ব্বোল্লিখিত অতিদেশ শ্রুতি বাক্য লিঙ্গ এই হেতু পঞ্চকের দ্বারা মনশ্চিৎ প্রভৃতির স্বতন্ত্র তাই নির্নীত হয়। প্রজ্ঞান্তর পৃথকত্ত্ববৎ যেমন শাণ্ডিল্য বিদ্যা প্রভৃতি উপাসনা অনুবন্ধ প্রভৃতিদ্বারা কর্ম্ম ও অন্য উপাসনা হইতে স্বতন্ত্র বলিয়া নির্দ্ধারিত হইবেক। দৃষ্টশ্চ তদুক্তম্ যেমন আবেষ্টি যাগ রাজসূয় যজ্ঞ প্রস্তাবে পঠিত হইলেও তাহার রাজসূয় অঙ্গতা নিবারিত হইয়া স্বতন্ত্রতা নিশ্চয় হইতে দেখা যায়।

ক্রিয়াঙ্গ নহে।

৫১সূঃ ন সামান্যাদ প্যুপলব্ধে র্মৃত্যুবৎ ন হি লোকাপত্তিঃ ॥

সামান্যাৎ মানসত্ব উভয় পক্ষে সমান এই সমানত্ব ধরিয়া "ন" মনশ্চিৎকে ক্রিয়াঙ্গ বলিতে পার না উপলব্ধেঃ কারণ শ্রুত্যাদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রমাণে ঐ সকল উপাসক পুরুষের গুণ বলিয়া প্রতীত হয় মৃত্যুবৎ যেমন মৃত্যু বিশেষণ থাকায় অগ্নি ও আদিত্য সমান বলা হয় কিন্তু অত্যন্ত সমান নহে। সেইরূপ অত্যন্ত সাম্য নাই সেজন্য ক্রিয়াঙ্গ বলিতে পার না। মৃত্যু য এতস্মিন্ মণ্ডলে পুরুষঃ অগ্নি র্বৈ মৃত্যুঃ সেই মৃত্যু যিনি এতন্মণ্ডলের পুরুষ, অগ্নি মৃত্যু। ন লোকাপত্তিঃ অসৌ বাব লোকোঽগ্নির্গৌতমঽস্যাদিত্য এব সমিৎ হে গৌতম প্রসিদ্ধ এই লোক অগ্নি ইহার সমিধ আদিত্য। এখানে সমিধ প্রভৃতির সাম্য থাকিলেও যদ্রূপ অগ্নিভাবাপত্তি অভিহিত, উদাহৃত স্থলেও তদ্রূপ অভিহিত হইয়াছে জানিবে।

উপাসনা।

৫২ সূঃ পরেণ চ শব্দস্য তাদ্বিধ্যং ভূয়স্ত্বাত্ত্বনুবন্ধঃ ॥

পরেণ পরত্র শব্দস্য ব্রাহ্মণ বাক্যের তাদ্বিধ্যং কেবল বিদ্যা বিধিত্ব রহিয়াছে। পূর্ব্বে স্বতন্ত্র বিদ্যাবিধি আছে পরেও স্বতন্ত্র বিদ্যার বিধান আছে। সুতরাং মধ্যবর্ত্তি মনশ্চিৎ বাক্যেও স্বতন্ত্র ও কেবল বিদ্যার কথন হইয়াছে। ভূয়স্ত্বাৎ অনুবন্ধঃ বিদ্যার বা উপাসনার দ্বারা বহু অগ্নি অবয়ব সম্পাদন করিতে হয়। সেই অভিপ্রায়ে শ্রুতি ক্রিয়াগ্নির সহিত একত্র উচ্চারণ করিতে বাধ্য হইয়াছেন।

(২৯) আত্মা ভৌতিক নহে।

চার্ব্বাক মতে আত্মা ভৌতিক।

৫৩ সূঃ এক আত্মনঃ শরীরে ভাবাৎ ॥

একে চার্ব্বাক মতে শরীরে শরীর থাকিলে আত্মনঃ ভাবাৎ আত্মার আবির্ভাব হয়। শরীর না থাকিলে আত্মার আবির্ভাব হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন কোন নাস্তিক আত্মাকে দেহের অনতিরিক্ত বলেন চৈতন্ত বিশিষ্ট দেহকেই আত্মা বলেন। দেহ বিগুমানে আত্মার অস্তিত্ব দেহের অবিদ্যমানে আত্মার অনস্তিত্ব। এই অন্বয় ব্যতিরেক তাহাদের প্রমাণ।

আত্মা উপলব্ধি স্বরূপ।

৫৪ সূঃ ব্যতিরেক স্তদ্‌ভাবাভাবিতান্ন তূপলব্ধিবৎ ॥

ব্যতিরেকঃ দেহ হইতে আত্মা ব্যতিরিক্ত, কারণ তদ্‌ভাবাভাবিত্বাৎ মৃত হইলে দেহের অস্তিত্বে জ্ঞানচেষ্টার অভাব হয়, অতএব তাহারা দেহ ধর্ম্ম নহে, তাহার নিদর্শন উপলব্ধিবৎ ভূতভৌতিক উপলব্ধির বিষয় ভূতভৌতিক উপলব্ধি কর্ত্তা হইতে পৃথক। দেহ ব্যতিরিক্ত স্বতন্ত্র আত্মা নাই বলিতে পার না। প্রাণ চেষ্টা ও জ্ঞানাদি দেহধর্ম্ম নহে। মৃতবস্থায় দেহ সত্ত্বেও ঐ সকলের অভাব দৃষ্ট হয়। যাহা ঐ সকলের আশ্রয় তাহা দেহ নহে কিন্তু দেহাতিরিক্ত। বিষয়োপলব্ধা বিষয় হইতে অতিরিক্ত সেইরূপ উপলব্ধি স্বরূপ আত্মা সে সকল হইতে পৃথক অবধারণ করিবে।

(৩০) ঐতরেয় ও কৌষিতকি উক্ত উকৃথ উপাসনা একরূপ।

উকৃথ উপাসনা একরূপ।

৫৫ সূঃ অঙ্গাববদ্ধাস্তু ন শাখাসু হি প্রতিবেদম্‌ ॥

যজ্ঞাদিকর্ম্মের উদ্‌গীথ প্রভৃতি কতিপয় অঙ্গ অবলম্বন করিয়া যে সকল উপাসনা উপদিষ্ট হইয়াছে প্রতিবেদম্‌ বেদে বেদে "ন" অভিন্ন শাখাসু সে সকল সর্ব্বত্র সমান একই উপাসনা সেই সেই বেদের সেই সেই শাখায় কথিত হইয়াছে ইহা বুঝিতে হইবে। ওমিত্যে-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদক্ষরমুদ্‌গীথমুপাসীত উদ্‌গীথাংশ ওঁ অক্ষরকে উপাসনা করিবেক। উদ্‌গীথ, সামগান, উক্‌থ শস্ত্র, সমস্তই যজ্ঞের অঙ্গ। এ সকল অবলম্বন করিয়া ঐরূপ উপাসনার বিধান আছে।

উপাসনা সর্ব্বত্র গমন করে।

৫৬ সূঃ মন্ত্রাদিবদ্‌ বাহবিরোধঃ ॥

মন্ত্রাদিবৎ মন্ত্রাদির ন্যায় অবিরোধ উদ্‌গীথাদির শাখান্তর গ্রহণে বিরোধ নাই। মন্ত্র, কর্ম্ম, গুণ, এক শাখায় প্রথমোপদিষ্ট অথচ সে সকল অন্য শাখায় গৃহীত হইয়া থাকে। যেমন কর্ম্মাঙ্গ নিচয় সর্ব্বত্র গমন করে তেমনি এক উপাসনাও অন্যত্র গমন করে। অতএব বিরুদ্ধ নহে।

(৩১) বিরাটরূপ বৈশ্বানর সর্ব্বতোভাবে ধ্যেয় তাহার অংশ ধ্যেয় নহে।

বৈশ্বানর উপাসনার পৃথক্‌ পৃথক্‌ প্রতীকে উপাসনা করিতে হয়।

৫৭ সূঃ ভূম্নঃক্রতু বজ্জায় স্ত্বং তথা হি দর্শয়তি ॥

ক্রতুবৎ ক্রতুর দৃষ্টান্তে ভূম্নঃ ভূমা পরমাত্মার উপাসনারই জ্যায়স্ত্বং প্রাধান্য দৃষ্ট হয়, সে সকল উপাসনা প্রধান উপাসনার অঙ্গ সুতরাং সে সকলের সহিত অনুষ্ঠিত প্রধানের উপাসনাই বলবৎ। তথা হি দর্শয়তি প্রধান যাগ যেমন কতিপয় অঙ্গ যাগ সহ অনুষ্ঠিত হয় তেমনি বৈশ্বানর আত্মার উপাসনা ঐ সকল অঙ্গীভূত উপাসনার সহিত মিলিত করিয়া অনুষ্ঠিত হয়। প্রাচীনশাল জিজ্ঞাসা করিলেন উপমন্যব! তুমি কোন আত্মাকে বৈশ্বানর ভাবনায় উপাসনা কর। উপমন্যব বলিলেন আমি দ্যুলোক বৈশ্বানরের উপাসনা করি। প্রাচীনশাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিলেন তুমি বৈশ্বানরের এক অবয়ব উপাসনা কর তাহাতে সমগ্র উপাসনা সিদ্ধ হয় না কারণ দ্যুলোক বৈশ্বানরের মস্তক, সূর্য্য চক্ষু, বায়ু প্রাণ, হৃদয় অন্তরীক্ষ, উদধি বস্তি, পৃথিবী পাদ।

(৩২) শাণ্ডিল্য দহরাদি উপাসনা বিভিন্ন।

উপাসনা নানা, উপাস্য এক।

৫৮ সূঃ নানা শব্দাদিভেদাৎ ॥

সর্ব্বত্র একই পরমেশ্বর উপাস্য অথচ নানা শ্রুতিতে নানা উপাসনা বিহিত। উপাস্য এক হইলেও উপাসনা নানা। কারণ তদ্‌বোধক শব্দ বিভিন্ন, গুণ সকলও বিভিন্ন।

(৩৩) উপাসনায় বিকল্পতা। অহংগ্রহ উপাসনা।

অহংগ্রহ উপাসনায় ফল সাক্ষাৎকার।

৫৯ সূঃ বিকল্পোঽবিশিষ্টফলত্বাৎ ॥

বিকল্পঃ ভিন্ন ভিন্ন শ্রুতিতে যে সকল অহংগ্রহ উপাসনা বিহিত হইয়াছে সে সকলের অনুষ্ঠান বৈকল্পিক অর্থাৎ সবগুলি করিতে হইবে না। অবশিষ্টফলত্বাৎ কারণ ইহার অন্য কোন বিশিষ্ট ফল নাই, অর্থাৎ ফল একরূপ। অহংগ্রহ উপাসনায় ফল সাক্ষাৎকার। সাধক বিকল্প কি সমুদায় আশ্রয় করিবে? সিদ্ধান্ত "বিকল্প" একটীর আশ্রয় করিবে।

(৩৪) প্রতীকোপাসনা সমুচ্চয়ে হয়।

৬০ সূঃ কাম্যাস্তু যথাকামং সমুচ্চিয়েরন্ ন বা পূর্ব্ব হেত্বভাবাৎ ॥

"তু" ব্যাবর্ত্তক। কাম্যা তটস্থ উপাসনা যথা কামং যেমন ইচ্ছা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিকল্প বা সমুচ্চয়ে সমুচ্চীয়েরন্ অনুষ্ঠান করিতে পার। ন বা পূর্ব্বং হেতু অভাবাৎ পূর্ব্ব হেতু নাই, তাহার ফল সাক্ষাৎকার নহে। তটস্থ উপাসনা সমুচ্চয়ে অনুষ্ঠিত হইতে পারে। সে সকল যেটী ইচ্ছা সেটী অবলম্বন করিবে। তটস্থ উপাসনার ফল ও অহংগ্রহ উপাসনার ফল পৃথক। অহংগ্রহ উপাসনার ফল সাক্ষাৎকার। তটস্থ উপাসনার ফল অদৃষ্ট উৎপাদন দ্বারা হয়। উহাদের বিশিষ্ট ফল আছে। য এত মেব বায়ুংদিশাং বৎসং বেদ ন পুত্র রোদং রোদিতি যে এই বায়ুকে দিগ্ সমূহের বৎস বলিয়া জানে সে পুত্র মরণ নিমিত্ত রোদন প্রাপ্ত হয় না। স য নাম ব্রহ্মেত্যুপাস্তে যাবন্নাম্নো গতং তত্রাস্য কামচারো ভবতি। যে নামব্রহ্মের উপাসনা করে যাবৎ নামব্রহ্ম প্রাপ্ত হয় তাবৎ স্বেচ্ছাচারিত্ব লাভ হয়।

(৩৫) অঙ্গাশ্রিত উপাসনা বিকল্প বা সমুচ্চয়ে হইতে পারে।

অঙ্গাশ্রিত উপাসনা সমুচ্চয়ে অনুষ্ঠেয়।

৬১ সূঃ অঙ্গেষু যথাশ্রয় ভাবঃ ॥

অঙ্গেষু যজ্ঞাঙ্গ উদ্গীথ প্রভৃতি প্রতীকে যে সকল উপাসনার বিধান যথাশ্রয়ভাবঃ সে সকল আপন আপন আশ্রয় অনুরূপেই অনুষ্ঠিত। সেই সেই অঙ্গের অনুষ্ঠানের সঙ্গে সঙ্গে সেই সেই উপাসনা কৃত হয়।

যজ্ঞাঙ্গ ও তদাশ্রিত উপাসনা বিভেদ নাই।

৬২ সূঃ শিষ্টেশ্চ ॥

শিষ্টেঃ বিধান শাসন। বিধানের সাম্য থাকায় অঙ্গানুষ্ঠানের ন্যায় তদাশ্রিত উপাসনার অনুষ্ঠান হইবেক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঙ্গাশ্রিত উপাসনা সমুচ্চয়ে অনুষ্ঠেয়।

৬৩ সূঃ সমাহারাৎ ॥

সমাহারাৎ উদ্‌গীথ যদি উদ্‌গাতার স্বরের দোষ দুষ্ট হয় তাহা হইলে তাহা হোতার স্তোত্রে অদুষ্ট হইবে। এই শ্রুতি বাক্য অঙ্গাশ্রিত উপাসনা নিচয়ের সমুচ্চয়ানুষ্ঠান পক্ষে অনুকুল প্রমাণ।

প্রণবপূর্ব্বক বেদোক্ত কর্ম্ম অনুষ্ঠেয়।

৬৪ সূঃ গুণ সাধারণ্য শ্রুতেশ্চ ॥

প্রণব পূর্ব্বক বেদত্রয়োক্ত কর্ম্ম অনুষ্ঠিত হয়। হোতা ওম্ প্রশস্তা ওম্ উদগাতা ওম্। ওম্ বেদত্রয় সাধারণ ও উপাসনার আশ্রয়ভূত, প্রণব বেদত্রয় সাধারণ সুতরাং তদাশ্রিত উপাসনাও বেদত্রয় সাধারণ; এই সাধারণ্যই সহানুষ্ঠানের লিঙ্গ অর্থাৎ জ্ঞাপক।

অঙ্গাশ্রিত উপাসনায় সমুচ্চ নিয়ম থাকা অযুক্ত।

৬৫ সূঃ ন বা তৎ সহ ভাবাশ্রুতেঃ ॥

তৎসহভাবাশ্রুতেঃ শ্রুতিতে উপাসনার সহভাব নিয়ম শ্রুত হয় নাই অর্থাৎ সকলকেই সকল উপাসনা করিতে হইবে এরূপ কোন নিয়ম উক্ত হয় নাই। সে জন্য "ন" অঙ্গাশ্রিত উপাসনার সমুচ্চয়ের নিয়ম থাকা অযুক্ত।

অঙ্গাশ্রিত উপাসনায় সহভাব নাই।

৬৬ সূঃ দর্শনাচ্চ ॥

শ্রুতিতে দেখা যায় অঙ্গাশ্রিত উপাসনার সহভাব নিয়ম নাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিকল্প বা সমুচ্চয়ে সমুচ্চীয়েরন্ অনুষ্ঠান করিতে পার। ন বা পূর্ব্বং হেতু অভাবাৎ পূর্ব্ব হেতু নাই, তাহার ফল সাক্ষাৎকার নহে। তটস্থ উপাসনা সমুচ্চয়ে অনুষ্ঠিত হইতে পারে। সে সকল যেটী ইচ্ছা সেটী অবলম্বন করিবে। তটস্থ উপাসনার ফল ও অহংগ্রহ উপাসনার ফল পৃথক। অহংগ্রহ উপাসনার ফল সাক্ষাৎকার। তটস্থ উপাসনার ফল অদৃষ্ট উৎপাদন দ্বারা হয়। উহাদের বিশিষ্ট ফল আছে। য এত মেব বায়ুংদিশাং বৎসং বেদ ন পুত্র রোদং রোদিতি যে এই বায়ুকে দিগ্ সমূহের বৎস বলিয়া জানে সে পুত্র মরণ নিমিত্ত রোদন প্রাপ্ত হয় না। স য নাম ব্রহ্মেত্যুপাস্তে যাবন্নাম্নো গতং তত্রাস্য কামচারো ভবতি। যে নামব্রহ্মের উপাসনা করে যাবৎ নামব্রহ্ম প্রাপ্ত হয় তাবৎ স্বেচ্ছাচারিত্ব লাভ হয়।

(৩৫) অঙ্গাশ্রিত উপাসনা বিকল্প বা সমুচ্চয়ে হইতে পারে।

অঙ্গাশ্রিত উপাসনা সমুচ্চয়ে অনুষ্ঠেয়।

৬১ সূঃ অঙ্গেষু যথাশ্রয় ভাবঃ ॥

অঙ্গেষু যজ্ঞাঙ্গ উদ্‌গীথ প্রভৃতি প্রতীকে যে সকল উপাসনার বিধান যথাশ্রয়ভাবঃ সে সকল আপন আপন আশ্রয় অনুরূপেই অনুষ্ঠিত। সেই সেই অঙ্গের অনুষ্ঠানের সঙ্গে সঙ্গে সেই সেই উপাসনা কৃত হয়।

যজ্ঞাঙ্গ ও তদাশ্রিত উপাসনা বিভেদ নাই।

৬২ সূঃ শিষ্টেশ্চ ॥

শিষ্টেঃ বিধান শাসন। বিধানের সাম্য থাকায় অঙ্গানুষ্ঠানের ন্যায় তদাশ্রিত উপাসনার অনুষ্ঠান হইবেক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঙ্গাশ্রিত উপাসনা সমুচ্চয়ে অনুষ্ঠেয়।

৬৩ সূঃ সমাহারাৎ ॥

সমাহারাৎ উদ্‌গীথ যদি উদ্‌গাতার স্বরের দোষ দুষ্ট হয় তাহা হইলে তাহা হোতার স্তোত্রে অদুষ্ট হইবে। এই শ্রুতি বাক্য অঙ্গাশ্রিত উপাসনা নিচয়ের সমুচ্চয়ানুষ্ঠান পক্ষে অনুকুল প্রমাণ।

প্রণবপূর্ব্বক বেদোক্ত কর্ম্ম অনুষ্ঠেয়।

৬৪ সূঃ গুণ সাধারণ্য শ্রুতেশ্চ ॥

প্রণব পূর্ব্বক বেদত্রয়োক্ত কর্ম্ম অনুষ্ঠিত হয়। হোতা ওম্ প্রশস্তা ওম্ উদগাতা ওম্। ওম্ বেদত্রয় সাধারণ ও উপাসনার আশ্রয়ভূত, প্রণব বেদত্রয় সাধারণ সুতরাং তদাশ্রিত উপাসনাও বেদত্রয় সাধারণ; এই সাধারণ্যই সহানুষ্ঠানের লিঙ্গ অর্থাৎ জ্ঞাপক।

অঙ্গাশ্রিত উপাসনায় সমুচ্চ নিয়ম থাকা অযুক্ত।

৬৫ সূঃ ন বা তৎ সহ ভাবাশ্রুতেঃ ॥

তৎসহভাবাশ্রুতেঃ শ্রুতিতে উপাসনার সহভাব নিয়ম শ্রুত হয় নাই অর্থাৎ সকলকেই সকল উপাসনা করিতে হইবে এরূপ কোন নিয়ম উক্ত হয় নাই। সে জন্য "ন" অঙ্গাশ্রিত উপাসনার সমুচ্চয়ের নিয়ম থাকা অযুক্ত।

অঙ্গাশ্রিত উপাসনায় সহভাব নাই।

৬৬ সূঃ দর্শনাচ্চ ॥

শ্রুতিতে দেখা যায় অঙ্গাশ্রিত উপাসনার সহভাব নিয়ম নাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতএব উপাসনা বিকল্পে বা সমুচ্চয়ে যেমন ইচ্ছা যেমন কামনা সেইরূপ অনুষ্ঠান করিবে। ইহাই সৎ সিদ্ধান্ত। প্রস্তোতঃ সামগায় হোতরেতদ্ যজ্ঞ হে প্রস্তোতঃ! ঋত্বিক তুমি সামগান কর হে হোতঃ তুমি আহুতি দান কর ইত্যাদি এক সঙ্গে সকল অঙ্গের অনুষ্ঠান করিবার বিধান শ্রুত হয়, কিন্তু উপাসনা সম্বন্ধে সেরূপ সহভাব শ্রুত হয না। শ্রুতি উপাসনার সহভাব বিধান করেন নাই। এবম্বিধ যো বৈ ব্রহ্ম যজ্ঞং যজমানং ঋত্বিজো রক্ষতি যে ব্রহ্ম নিষ্ঠ ব্রাহ্মণ এইরূপ জ্ঞানলাভ করেন, তিনি যজ্ঞ যজমান ও ঋত্বিককে রক্ষা করেন। সমুচ্চয় বা বিকল্প উপাসকের ইচ্ছার অধীন। সহভাব না থাকায় সমুচ্চয়ে কর্ত্তব্য বলা যায় না।

চতুর্থ পাদ

(১) আত্মজ্ঞান স্বতন্ত্র ইহা ক্রত্বর্থ নহে।

কর্ম্মের বিনা সহায়তায় কেবল আত্মতত্ত্ব জ্ঞানে পুরুষার্থ সিদ্ধি হয়।

১ সূঃ পুরুষার্থোঽতঃ শব্দাদিতি বাদরায়ণঃ ॥

অতঃ বেদান্তবিহিত জ্ঞান হইতে পুরুষার্থঃ পুরুষার্থ হয় ইতি বাদরায়ণঃ বাদরায়ণের এই মত। শব্দাৎ শ্রুতি হেতু। বাদরায়ণের মতে কর্ম্মের বিনা সহায়তায় কেবল মাত্র বেদান্ত বিহিত আত্মতত্ত্ব জ্ঞানে পুরুষার্থ মোক্ষ সিদ্ধ হয় ইহা শ্রুতি দ্বারা বিজ্ঞাত হওয়া যায়। তরতি শোকমাত্মবিৎ। ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি। আচার্য্যবান্

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষো বেদ। আত্মবিৎ সংসার উত্তীর্ণ হয়েন। যে ব্রহ্মকে জানে সে ব্রহ্ম প্রাপ্ত হয়। আচার্য্যবান পুরুষ তাঁহাকে জানে।

জৈমিনির মতে আত্মজ্ঞান কর্ম্মাঙ্গ।

২ সূঃ শেষত্বাৎ পুরুষার্থ বাদো যথাঽন্যেষ্বিতি জৈমিনিঃ ॥

শেষত্বাৎ কর্ম্মের অঙ্গ সেহেতু পুরুষার্থবাদ কর্ত্তৃস্তুতির জন্য অর্থবাদ যথা অন্যেষু দ্রব্য সংস্কার কর্ম্মে যেরূপ অর্থবাদ বাক্য আছে আত্মজ্ঞান ফলশ্রুতিও সেইরূপ অর্থবাদ ইতি জৈমিনিঃ জৈমিনির ইহাই মত। যস্য পর্ণময়ী জুহূ র্ভবতি ন স পাপং শ্লোকং শৃণোতি যাহার পত্র নির্ম্মিত হাতা সে পাপ বাক্য শুনে না অনিন্দনীয় হয়। যদাঙ্‌ক্তে চক্ষুরেব ভ্রাতৃব্যস্য বৃঙ্‌ক্তে যজমান যে অঞ্জন ধারণ করে তাহাতে সে শত্রুর চক্ষু ছিন্ন করে। যে যজ্ঞ করে সেও কর্ম্মের অঙ্গ। কর্ম্ম কর্ত্তার আত্ম বিজ্ঞান কর্ম্মের অঙ্গ। কর্ম্মাঙ্গ আত্ম জ্ঞান বিষয়ে যে ফল বাক্য আছে তাহা অর্থবাদ কর্ম্ম কর্ত্তার প্রশংসা মাত্র। ব্রীহি ধান্য বিশেষ। ব্রীহি যজ্ঞ কার্য্যে গৃহীত হয়। তাহাতে মন্ত্র পাঠ পূর্ব্বক জল প্রোক্ষণ করা হয়। তাহার সংস্কার হয়। সেই প্রোক্ষণে তাহার সংস্কার হয়। সংস্কারের প্রভাবে তাহাতে ফলজনকতা শক্তি আসে। আত্মা ও উপনিষদ্ বিহিত জ্ঞান দ্বারা সংস্কৃত হন। সংস্কৃত হইয়া কর্ম্মফল পাইবার যোগ্য হন। অতএব ব্রীহি প্রোক্ষণ দ্রব্য সংস্কারের অঙ্গ। আত্ম বিজ্ঞানও কর্ম্মের কর্ত্তৃসংস্কারক অঙ্গ।

জনকাদির দৃষ্টান্ত কর্ম্মানুষ্ঠানে জ্ঞান হয়।

৩ সূঃ আচার দর্শনাৎ ॥

আচার দর্শনাৎ জ্ঞান পূর্ব্বক কর্ম্মানুষ্ঠান করিতে পারা যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহা দ্বারা জানা যায় কেবল জ্ঞান মোক্ষ কারণ নহে। জনকাদির আচার দৃষ্টে তত্ত্বজ্ঞান কর্ম্ম শেষরূপ অবধারিত হইতে পারে।

জ্ঞানের সহিত কৃত কর্ম্ম বীর্য্যবত্তর।

৪ সূঃ তচ্ছ্রুতেঃ ॥

তৎ কর্ম্মাঙ্গত্ব শ্রুতেঃ তৃতীয়া শ্রুতি দ্বারা অবধারিত হয়। যদেব বিদ্যয়া করোতি শ্রদ্ধয়োপনিষদা তদেব বীর্য্যবত্তরং ভবতি যাহা বিদ্যায় উপাসনায় অনুষ্ঠিত তাহা শ্রদ্ধা ও তত্ত্বজ্ঞান দ্বারা বীর্য্যবত্তর ফলাতিশয় জনক হয় অতএব শ্রুতিতে তত্ত্বজ্ঞানকে কর্ম্মাঙ্গ নিশ্চিত করা যাউক। জ্ঞান যে কর্ম্মের অন্যতম তাহা শ্রদ্ধয়া উপনিষদা ইত্যাদি বাক্য স্থিত তৃতীয়া বিভক্তি দ্বারা অবধারিত হয়।

মিলিত জ্ঞানও কর্ম্ম ফল দান করে।

৫ সূঃ সমন্বারম্ভণাৎ ॥

তৎ বিদ্যা কর্ম্মণী সমন্বারভেতে বিদ্যা ও কর্ম্ম উভয়ই মৃতজীবের অনুগমন করে। অন্য শ্রুতিতে জানা যায় জ্ঞান ও কর্ম্ম সহভাবাপন্ন হইয়া ফল প্রদান করে সুতরাং জ্ঞানের স্বাতন্ত্রে ফলজনকতা নাই।

বেদজ্ঞের যজ্ঞ বিধান।

৬ সূঃ তদ্বতো বিধানাৎ ॥

তদ্বতঃ যাঁহাদের বেদজ্ঞান আছে তাহাদের জন্যই বিধানাৎ যজ্ঞাদি বিধান লক্ষিত হয়। আচার্য্যকুলাৎ বেদমধীত্য গুরুকুলে বাস করিয়া বেদ অধ্যয়ন করিয়া কুটুম্বে শুচৌ দেশে কুটুম্ব মধ্যে বাস করিয়া পবিত্র স্থানে ইত্যাদি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদের উপদেশ কর্ম্ম তৎপর হইবে

৭ সূঃ নিয়মাচ্চ ॥

নিয়মাৎ কর্ম্ম তৎপর হইবার জন্য শ্রুতিতে নিয়ম দেখা যায়। নিয়ম উল্লঙ্ঘিত না হয়। ইহাতে বুঝা যায় জ্ঞান কর্ম্মের অন্যতম অঙ্গ। কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ কর্ম্ম করিবার জন্য শত বৎসর এই দেহে জীবিত থাকিবার ইচ্ছা করিবে। এতদ্বৈজরামর্য্যং সত্রং যদগ্নি হোত্রং যাবৎ জরা বা মরণ না হয়, তাবৎ অগ্নিহোত্র যজ্ঞ করিবে।

বেদে অসংসারী আত্মার উপদেশ

৮ সূঃ অধিকোপদেশাত্তু বাদরায়ণস্যৈবং তদ্দর্শনাৎ ॥

"তু" পরপক্ষ নিরাসার্থক। অধিকোপদেশাৎ জীবাধিক ব্রহ্ম জ্ঞানের দ্বারা পুরুষার্থ সাধিত হয়, ইহা শ্রুতিতে উপদিষ্ট হইয়াছে, সেজন্য বাদরায়ণস্য এবং বাদরায়ণের মত অবিচাল্য। তদ্দর্শনাৎ শ্রুতিতে অধিকোপদেশ দেখিতে পাওয়া যায়, য সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ যিনি সর্ব্বজ্ঞ সর্ব্ববিৎ।

শুক নারদ কর্ম্ম করেন নাই

৯ সূঃ তুল্যন্তু দর্শনম্ ॥

দর্শনম্ আচার দর্শন তুল্যম্ তুল্য। জ্ঞানীর আচার নিষ্ঠতা যেরূপ আছে কর্ম্মবিরতিও সেইরূপ আছে। শাস্ত্রে যেমন জ্ঞানের আচার নিষ্ঠতা দেখিয়াছ, তেমনি কর্ম্ম বিরতিও আছে। আচার দর্শনরূপ উভয় পক্ষে তুল্য, সেজন্য তাহা সাধক হইতে পারে না। শুক নারদ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাজ্ঞবল্ক্য জ্ঞানী ছিলেন অথচ কর্ম্মনিষ্ঠ ছিলেন না। এতদ্ধ স্ম বৈ তদ্ বিদ্বাংস আহু ঋষয় কারষেয়াঃ কিমর্থা বয়মধ্যেষ্যামহে কিমর্থা বয়ং যক্ষ্যামহে এতদ্ধ স্ম বৈতৎ পূর্ব্বে বিদ্বাংসোঽগ্নিহোত্রং ন জুহবাঞ্চক্রিরে এতং বৈতমাত্মানং বিদিত্বা ব্রাহ্মণাঃ পুত্রৈষণায়াশ্চ বিত্তৈষণায়াশ্চ লোকৈষণায়াশ্চবুত্থায়াথ ভিক্ষাচর্য্যং চরন্তি ব্রহ্মজ্ঞ ঋষিরা এইরূপ বলিয়াছিলেন আমরা কি জন্য অধ্যয়ন করিব? কি জন্য যজ্ঞ করিব? পূর্ব্ব বিদ্বান্‌গণ অগ্নিহোত্র হোম করেন নাই। ব্রহ্মজ্ঞগণ আত্মার সাক্ষাৎকার লাভ করিয়া পুত্রেচ্ছা ধনেচ্ছা ও লোকেচ্ছা হইতে বুত্থিত হইয়া অর্থাৎ সর্ব্বপ্রকার কামনা ত্যাগ করিয়া ব্রহ্ম নিষ্ঠতাচরণ করেন।

তৃতীয় শ্রুতি সার্ব্বত্রিকী নহে।

১০ সূঃ অসার্ব্বত্রিকী ॥

চতুর্থ সূত্রোক্ত শ্রুতির প্রতিবাদে বলা হইতেছে। উক্ত শ্রুতি প্রাণোপাসনা বিষয়িনী উদ্‌গীথবিদ্যা অতএব উহা সার্ব্বত্রিকী নহে। তৃতীয়া শ্রুতি কর্ম্মাঙ্গের বিনিযোজক সত্য, পরন্তু তৃতীয়া শ্রুতি উদ্‌গীথ বিদ্যা প্রকরণে অভিহিত, সেই কারণে তাহা সর্ব্ব বিদ্যায় কর্ম্মাঙ্গ বোধিকা নহে।

জ্ঞান ও কর্ম্ম জীবের অনুগমন করে।

১১ সূঃ বিভাগঃ শতবৎ

শত বৎ শত মুদ্রা বিভাগের দৃষ্টান্তে উক্ত বিদ্যাকর্ম্মের বিভাগঃ বিভাগ অবধারণ করিতে হইবে। ইহাতে সাহিত্য অবধারণ করিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইবে না। দুইজনকে একশত মুদ্রা দাও বলিলে একজনকে ৫০৲ অপর জনকে ৫০৲ মুদ্রা দেওয়া হয়। সেইরূপ জ্ঞান ও কর্ম্ম জীবের অনুগমন করে, এই বাক্যে বিদ্যা ও কর্ম্ম বিভাগ প্রণালীতেই ফল প্রদান করে। সংসারী সাংসারিক কর্ম্মানুসারে সংকল্পিত লাভ করে। মুমুক্ষু সংকল্পরহিত, তাহার বিষয় পৃথক প্রস্তাবে কথিত হইয়াছে।

জ্ঞান অধ্যয়ন সাপেক্ষ

১২ সূঃ অধ্যয়নমাত্রবতঃ ॥

'মাত্র' কর্ম্মাধিকারে জ্ঞানের প্রতীক্ষা নাই। তাহা কেবল মাত্রম অধ্যয়ন সাপেক্ষ।

জ্ঞানীর পক্ষে কোন নিয়ম নাই।

১৩ সূঃ নাবিশেষাৎ ॥

অবিশেষাৎ কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেৎ শতং সমাঃ ইহলোকে কর্ম্ম করিয়া শত বৎসর জীবিত থাকিতে ইচ্ছা করিবে, এই রূপ নিয় আছে বটে, কিন্তু অবিশেষে এই নিয়ম বিধান। সেজন্য "ন" জ্ঞানীর বিষয় নহে। অর্থাৎ জ্ঞানী ও কর্ম্মতৎপর হইবেন, এ বিশেষ ঐ বিধানে লব্ধ হয় না।

জ্ঞানের স্তুতি

১৪ সূঃ স্তুতয়েঽনুমতির্বা ॥

'কুর্ব্বন্নেহ' শ্রুতি স্তুতয়ে জ্ঞানের প্রশংসার্থ অনুমতিঃ কর্ম্ম করিবার আদেশ বা বিধান। জ্ঞানের বা উপাসনার স্তুতিনিমিত্ত কর্ম্মানুজ্ঞা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বাচার্য্যরা কর্ম্ম করেন নাই

১৫ সূঃ কাম কারেণ চৈকে ॥

একে পূর্ব্বাচার্য্যগণ কামকারেণ ইচ্ছাসাধ্য কর্ম্ম ত্যাগ হেতু, জ্ঞান কর্ম্মের অঙ্গ নহে, জ্ঞান কর্ম্মের সহচর বা অঙ্গ নহে। পূর্ব্বাচার্য্য-গণ বলিয়াছেন কিং প্রজয়া করিষ্যামো যেষাং নোঽয়মাত্মায়ং লোক আত্মাই আমাদের বেদ্য। আমরা প্রজা লইয়া কি করিব ?

জ্ঞান কর্ম্ম নাশক

১৬ সূঃ উপমর্দ্দঞ্চ ॥

জ্ঞান কর্ম্মাঙ্গ হওয়া দূরে থাকুক, তাহা দ্বারা কর্ম্মের উপমর্দ্দন বা নাশ হয়। কং কেন পশ্যেৎ তৎ কেন কং জিঘ্রেৎ তখন কে কি দিয়া দেখিবে ? ঘ্রাণ লইবে ?

সন্ন্যাস আশ্রমে কোন কর্ম্ম নাই

১৭ সূঃ ঊর্দ্ধরেতঃসু চ শব্দে হি ॥

ঊর্দ্ধরেতঃসু চতুর্থাশ্রমে শব্দে বৈদিক শব্দে ঊর্দ্ধরেতা বা পরিব্রাজক আশ্রমে কর্ম্মের নিয়ম থাকে না, কর্ম্মত্যাগের আশ্রয়ীভূত চতুর্থাশ্রম বেদশব্দ বোধিত। অতএব কর্ম্মসাহিত্য ব্যতিরেকে পুরুষার্থ সাধিত হয়। সংন্যাস আশ্রমে অগ্নিহোত্র কি কোন কর্ম্ম নাই। এতমেব প্রব্রাজিনাম্ লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি পরিব্রাজক লোক ইচ্ছা করিয়া তাহারা প্রব্রজ্যা করেন। ত্রয়ঃ ধর্ম্মস্কন্ধা ধর্ম্ম স্কন্ধ তিন, দান অধ্যয়ন তপঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২) সংন্যাস নির্ণয়

সংন্যাস বিহিত নহে—জৈমিনি

১৮ সূঃ পরামর্শং জৈমিনি রচোদনা চাপবদিতি হি ॥

পরামর্শং অনুবাদ অচোদনা বিধায়ক নহে। জৈমিনিঃ ইহা জৈমিনি বলেন। অপবদতি পরন্তু নিন্দা করেন। চতুর্থাশ্রম প্রতিপাদক যে সব প্রমাণ আহরণ করিলে, তাহা চতুর্থাশ্রম সমর্থন করিতে শক্ত নহে। কারণ জৈমিনি বলেন গার্হস্থ ব্যতীত আশ্রমান্তর নাই, ধর্ম্ম স্কন্ধ তিন এই বাক্যে লিঙ্ বিধায়ক শব্দ নাই আশ্রম বাচক শব্দও নাই। অধিকন্তু চতুর্থাশ্রমের নিন্দা আছে। অতএব চতুর্থাশ্রম অবৈধ। ধর্ম্মস্কন্ধ তিন (১) যজ্ঞ অধ্যয়ন দান গৃহস্থের পরামর্শ (২) তপশ্চরণ বানপ্রস্থ (৩) ব্রহ্মচর্য্য (ব্রহ্মচর্য্য)

সংন্যাস বিহিত—বাদরায়ণ

১৯ সূঃ অনুষ্ঠেয়ং বাদরায়ণঃ সাম্যশ্রুতেঃ ।।

সাম্যশ্রুতেঃ অন্য আশ্রম ও গার্হস্থের ন্যায় অনুষ্ঠেয় কারণ আশ্রম সমূহের অনুবাদ সমান। পরামর্শ সাম্য বলে গার্হস্থের ন্যায় অপর আশ্রমও অনুষ্ঠেয়ং অনুষ্ঠেয় বাদরায়ণঃ ইহা বাদরায়ণের মত।

ধারয়তি অর্থ ধারয়েৎ।

২০ সূঃ বিধি র্বা ধারণবৎ ॥

বিধিঃ ইহা বিধি, পরামর্শ নহে। ধারণবৎ ধারয়তি শব্দের ন্যায় অর্থ ধারয়েৎ। সেইরূপ ধর্ম্ম স্কন্ধে সংন্যাস অনুষ্ঠেয় বলিয়া প্রতীত হয়। অধস্তাৎ সমিধং ধারয়েৎ নন্থ বেত্থ্যপরি হি দেবেভ্যো ধারয়তি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতৃকার্য্যে হোমীয় দ্রব্য বেদীর অধোভাগে রাখিতে হইবে এবং দেবকার্য্যে বেদীর উপরিভাগে রাখিতে হইবে। দেবকার্য্যে যদি চ সুস্পষ্ট বিধিবাক্য নাই, কিন্তু ধারয়তি শব্দ দ্বারা ধারয়েৎ অর্থ প্রতীতি হয়। সেইরূপ সংন্যাস স্পষ্ট বিধি বাক্য না থাকিলেও অনুষ্ঠেয়। ত্রয়ো এতে পুণ্যলোক ভাক্ একোঽমৃতত্বভাক্ তিন আশ্রমে পুণ্যলোক সংন্যাসে মোক্ষপ্রাপ্তি হয়। অথ পরিব্রাট্ বিবর্ণবাসা মুণ্ডোঽ পরিগ্রহঃ শুচিরদ্রোহী ভৈক্ষাণো ব্রহ্মভূয়ায় ভবতি বিবর্ণবসন পরিগ্রহহীন শুচি অদ্রোহী মুণ্ডী ভিক্ষু ব্রহ্মপদবী লাভ করেন।

(৩) প্রণব ধ্যান।

উদ্‌গীথ স্তুতি নহে।

২১ সূঃ স্তুতিমাত্রমুপাদানাদিতি চেন্নাপূর্ব্বত্বাৎ ॥

উপাদানাৎ উদ্‌গীথ কর্ম্মাঙ্গ হেতু স্তুতিমাত্রম স্তুতিমাত্র বিধি নহে, ইতি চেৎ ন ইহা বলিও না অপূর্ব্বত্বাৎ পূর্ব্ব প্রাপ্ত নহে। পূর্ব্বে বিধি নাই। বিধি বিনা স্তুতি সম্ভব হয় না। স এষ রসানাং রসতমঃ উদ্‌গীথ রসের রস। ইহা স্তুতি বাক্য নহে। ইহাতে উদ্‌গীথ উপাসনার বিধান রহিয়াছে। পূর্ব্বে বিধি থাকিলে স্তাবক হইতে পারিত। তাহা না থাকায় উহাতে উপাসনা স্বীকৃত হয়।

উদ্‌গীথ উপাসনা বিহিত

২২ সূঃ ভাবশব্দাৎ চ ॥

ভাবশব্দাৎ ভাবনা সমান বাচি শব্দ হেতু প্রণব ধ্যেয় বলিয়া বিহিত। 'উপাসীত' উপাসনা করিবে এইরূপ বিধি শব্দ শ্রুত হয়। সেজন্য উদ্‌গীথ উপাসনার জন্য উচ্চারিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৪) আখ্যান বিদ্যা-প্রা জ্ঞানের স্তাবক।

আখ্যায়িকা পাঠ উচিত।

২৩ সূঃ পারিপ্লবার্থা ইতি চেন্ন বিশেষিতত্বাৎ ॥

বেদান্তে আখ্যায়িকা আছে পারিপ্লবার্থা পারিপ্লব ব্যখ্যান ইতিচেৎ ন তাহা নহে বিশেষিতত্বাৎ কারণ পারিপ্লবে যে যে আখ্যান পাঠ করিতে হয় তাহার নাম সেই সেই স্থানে কথিত আছে। সেই সব পারিপ্লব সামান্যরূপে অভিহিত হইলেও, বিশেষরূপে অভিহিত। কিন্তু বেদান্তাখ্যান কোন বিশেষ না থাকায় উহা পারিপ্লবার্থ নহে কর্ম্মাঙ্গ নহে। পারিপ্লব অশ্বমেধ যজ্ঞের অঙ্গ। সে সব বিশিষ্ট। অশ্বমেধ আরম্ভ হইলে, কয়েক দিন আখ্যায়িকা পাঠ হইতে থাকে। প্রথম দিনে বৈবস্বত মনুর উপাখ্যান, দ্বিতীয় দিন বৈবস্বত যমের উপাখ্যান, তৃতীয় দিবসে বরুণ ও সূর্য্যের উপাখ্যান শুনিতে হয়।

আখ্যায়িকা পাঠে বিদ্যা বুঝিতে পারে।

২৪ সূঃ তথা চৈকবাক্যতোপবন্ধাৎ ॥

তথা সেই সেই আখ্যান উপবন্ধাৎ প্রযোজক নিমিত্ত পরম্পরা ক্রমে সম্বন্ধ হেতু এক বাক্যতঃ বিদ্যার সহিত মিলিত হইয়া একার্থ হয়। সেই আখ্যানে বিদ্যা প্রতিপাদনের সামর্থ্য থাকা দৃষ্ট হয়। আখ্যায়িকা দ্বারা বিদ্যায় রুচি জন্মায় ও সহজে হৃদ্গম্য হইতে পারে।

(৫) আত্মজ্ঞানে কর্ম্মাপেক্ষা নাই।

জ্ঞানে যজ্ঞাদির অপেক্ষা নাই।

২৫ সূঃ অতএব চাগ্নীন্ধনাদ্যনপেক্ষা ॥

অতএব যেহেতু বিদ্যাই পুরুষার্থের হেতু সেহেতু অগ্নি ইন্ধন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আদি অনপেক্ষা বিদ্যাফলে অগ্নি ও কাষ্ঠ অর্থাৎ আশ্রমকর্ম্ম যজ্ঞাদির নিমিত্ততা নাই।

(৬) আত্মজ্ঞানের স্বতঃ উৎপত্তি কিন্তু কর্ম্ম সাপেক্ষ।

যজ্ঞাদি জ্ঞানের সহায়।

২৬ সূঃ সর্ব্বাপেক্ষা চ যজ্ঞাদি শ্রুতে রশ্ববৎ ॥

অশ্ববৎ অশ্ব যেমন রথ চালনেই উপযোগী—লাঙ্গলাকর্ষণ কর্ম্মে নহে যজ্ঞাদিশ্রুতেঃ যজ্ঞেনবিবিদিষন্তি যজ্ঞ দ্বারা বিবিদিষা জন্মে এই শ্রুতি দ্বারা সর্ব্বাপেক্ষা সর্ব্ব আশ্রম কর্ম্মের অপেক্ষা আছে। জ্ঞানের ফল মোক্ষে আশ্রমকর্ম্মের উপযোগ না থাকুক, জ্ঞানের উৎপত্তিতে সে সকলের উপযোগ আছে, যেমন রথবাহন কর্ম্মে অশ্বের উপযুক্ততা সেইরূপ।

শম দম অন্তরঙ্গ সাধন, আশ্রমকর্ম্ম বহিরঙ্গ সাধন।

২৭ সূঃ শমদমাত্যুপেতঃ স্যাৎ তথাপি তু তদ্‌বিধে স্তদঙ্গতয়া তেষামবশ্যানুষ্ঠেয়ত্বাৎ ॥

শম দম আদি উপেতঃ জ্ঞানী শম দম যুক্ত স্যাৎ হইবে এইরূপ বিধি আছে বটে তথাপি তদ্‌বিধেঃ আশ্রম কর্ম্ম ও বিধি তদঙ্গতয়া কারণ আশ্রমকর্ম্ম জ্ঞানের সাহায্যকারী। সাহায্যকারী বলিয়া আশ্রমকর্ম্ম বিধি বলিয়া গণ্য সেজন্য তেষাম্ অবশ্যানুষ্ঠেয়ত্বাৎ আশ্রমকর্ম্ম সর্ব্বথা অনুষ্ঠেয়। যজ্ঞেন বিধিদিষন্তি যজ্ঞ দ্বারা তাঁহাকে জানিতে ইচ্ছা করে বিধি বিভক্তিযুক্ত না হইলেও অর্থের অপূর্ব্বতা আছে। অপূর্ব্বতা থাকাতেই কল্পিত বিধি স্বীকার করিতে হয়। জ্ঞানার্থী শমদমযুক্ত হইবেক। উক্ত বিধান বলে আশ্রমকর্ম্মের বিধান সিদ্ধ হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১) আপৎকালে সকলের অন্নই গ্রহণীয়।

প্রাণসঙ্কট কালে ভক্ষাভক্ষ বিচার নাই।

২৮ সূঃ সর্ব্বান্নানুমতিশ্চ প্রাণাত্যয়ে তদ্দর্শনাৎ ॥

সর্ব্বান্নানুমতিঃ শ্রুতি বলিয়াছেন প্রাণোপাসকের ভক্ষাভক্ষ বিচার নাই। তাহা সর্ব্বকালিক নহে প্রাণাত্যয়ে প্রাণসঙ্কটকালে ভক্ষাভক্ষ বিচার নাই। তদ্দর্শনাৎ কুরুদেশীয় শস্য সম্পদ্ বিনষ্ট হইলে ঘোরতর দুর্ভিক্ষ হইয়াছিল। চাক্রায়ণ ঋষি বিপন্ন হইয়া স্ত্রীর সহিত মিথিলাদেশে হস্তীপক পল্লীতে আসিয়া, প্রথম দিবসে হস্তীপকের অর্দ্ধভুক্ত কুৎসিত কলায় ভক্ষণ করেন, তৎপ্রদত্ত পানীয় গ্রহণ করেন নাই। জিজ্ঞাসা করিলে বলেন আর কিছুক্ষণ তোমার উচ্ছিষ্ট অন্ন না পাইলে বাঁচিতাম না। কিন্তু পানীয় স্বেচ্ছালভ্য সুলভ, সেজন্য তোমার উচ্ছিষ্ট পান করিলাম না। চাক্রায়ণ স্ত্রীর জন্য কিছু উচ্ছিষ্ট কলায় আনিলেন, কিন্তু স্ত্রী অন্য অন্ন পাইয়াছিলেন, সেজন্য গ্রহণ করিলেন না, রাখিয়া দিলেন। পরদিন চাক্রায়ণ পুনরায় আহার না পাওয়ায়, সেই অন্ন খাইলেন। তৎপরে মিথিলায় জনকের সভায় গমন করেন এবং উপযুক্ত আহার পাইলেন। নহবা এবম্বিদি কিঞ্চনানন্নং ভবতি প্রাণ সর্ব্বভক্ষ্য প্রাণের অভক্ষ্য নাই। এই ভাবনার এমনি মহিমা যে তদ্ভাবে ভাবিত হয় বলিয়াই প্রাণোপাসক আপদ-কালে অভক্ষ ভক্ষণ করিয়াও দোষভাগী হয় না।

অন্যথায় অভক্ষ্য ভক্ষণ করিবে না।

২৯ সূঃ অবাধাচ্চ ॥

অবাধাৎ উপরোক্ত নহবা শ্রুতিবাক্য অর্থবাদ হওয়ায় ভক্ষাভক্ষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিভাগ শাস্ত্রের প্রামাণ্য অব্যাহত হইয়া থাকে। প্রাণসঙ্কট ব্যতীত অন্য সময়ে অভ্যক্ষ ভক্ষণ করিবে না। আহার শুদ্ধিতে চিত্তশুদ্ধি হয়, এজন্য ভক্ষ্যাভক্ষ্য শাস্ত্র সার্থক্য সংরক্ষিত হয়।

স্মৃতিতে আছে।

৩০ সূঃ অপি চ স্মর্য্যতে ॥

আপৎকালে অভক্ষ্য ভক্ষণ ক্ষতিকর নহে।

জীবিতাত্যয়মাপন্নোযোঽন্নমত্তি যতস্ততঃ
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্র মিবাম্ভসা।

জীবন সঙ্কটকালে যাহার তাহার অন্ন ভক্ষণ করে সে ব্যক্তি পাপে লিপ্ত হয় না। ইহা যেমন স্মৃতিতে আছে, তেমন প্রাণ সঙ্কটকালে ব্রাহ্মণ মদ্য বর্জ্জন করিবে একথাও আছে, মদ্যং নিত্যং ব্রাহ্মণঃ ব্রাহ্মণ সকল অবস্থাতে সুরাপান বর্জ্জন করিবে।

শ্রুতি স্বেচ্ছাচার নিষেধ করেন।

৩১ সূঃ শব্দশ্চাতোঽকামকারে ॥

অকামকারে ইচ্ছানিবৃত্তিপ্রয়োজন শব্দঃ শ্রুতি আছে। অতঃ অতএব "নহবা" শ্রুতি অর্থবাদ। সেজন্য শ্রৌত নিষেধ উপপন্নতর হয়। অভক্ষ্য ভক্ষণের ও অপেয় পানের নিষেধক শ্রুতি আছে। তস্মাৎ ব্রাহ্মণঃ সুরাম্ ন পিবেৎ যেহেতু মরণান্তে প্রায়শ্চিত্ত উক্ত, অতএব ব্রাহ্মণ সুরাপান করিবে না। নিষেধক শ্রুতির প্রয়োজন লোক অভক্ষ্য ভক্ষণের ইচ্ছা পর্য্যন্ত বর্জ্জন করুক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৮) আশ্রমকর্ম্ম জ্ঞানের সহকারী।

অমুমুক্ষু আশ্রমকর্ম্ম করিবে।

৩২ সূঃ বিহিতত্বাচ্চাশ্রম কর্ম্মাপি ॥

অমুমুক্ষু আশ্রমকর্ম্ম করিবে। আশ্রমকর্ম্ম অপি যাবজ্জীবং অগ্নিহোত্রং জুহুয়াৎ যতদিন জীবিত থাকিবে অগ্নিহোত্র যজ্ঞ করিবে। বিহিতত্বাৎ এরূপ বিধি রহিয়াছে, সেজন্য অমুমুক্ষুর আশ্রমকর্ম্ম অনুষ্ঠেয়।

আশ্রমকর্ম্ম জ্ঞানের সহকারী কিন্তু মোক্ষের কারণ নহে।

৩৩ সূঃ সহকারিত্বেন চ ॥

আশ্রমকর্ম্ম জ্ঞানোদয়ের সহকারী কারণ, কিন্তু জ্ঞানফল মোক্ষের প্রতি তাহার সাক্ষাৎ কারণ ভাব নাই।

জ্ঞানী ও কর্ম্মী উভয়ই আশ্রমকর্ম্ম করিবে।

৩৪ সূঃ সর্ব্বথাপি তএবোভয় লিঙ্গাৎ ॥

সর্ব্বথা বিদ্যার সহকারী এবং আশ্রম ধর্ম্ম এইরূপ উভয় পক্ষ তত্রাপি আশ্রমধর্ম্ম অনুষ্ঠেয়। ইহা উভয় লিঙ্গাৎ শ্রুতি এবং স্মৃতি উভয়েতে বোধক বাক্য আছে। শ্রুতি এবং স্মৃতি উভয়বিধ অনুষ্ঠেয়তার লিঙ্গ বোধক বাক্য। তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি ব্রাহ্মণগণ বেদার্থ বিচার ও যজ্ঞাদির দ্বারা আমাকে জানিবে। অনাশ্রিতঃ কর্ম্মফলম্ কার্য্যং কর্ম্ম করোতি যঃ যে ব্যক্তি ফল অনুসন্ধান না করিয়া কর্ত্তব্য কর্ম্ম করে।

ব্রহ্মচর্য্য জ্ঞানোদয়ের কারণ।

৩৫ সূঃ অনভিভবঞ্চ দর্শয়তি ॥

অনভিভবম্ রাগাদিদ্বারা অভিভূত হয় না দর্শয়তি ইহা শ্রুতিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রদর্শিত হইয়াছে। শ্রুতি দেখাইয়াছেন ব্রহ্মচর্য্যসম্পন্ন ব্যক্তি রাগাদি দোষে আক্রান্ত হন না। ব্রহ্মচর্য্য আশ্রমকর্ম্ম ক্লেশ ক্ষীণ করে ও জ্ঞানোদয়ের কারণ হয়। এষ হ্যাত্মা ন নশ্যতি যং ব্রহ্মচর্য্যেন অনুবিন্দতে যে আত্মা ব্রহ্মচর্য্য দ্বারা অনুভবারূঢ় হন, এই সেই আত্মা পুন অদর্শনগত হন না।

(৯) অনাশ্রমীদিগের জ্ঞানপথ বিচার।

জপ দ্বারা কার্য্যসিদ্ধি।

৩৬ সূঃ অন্তরা চাপি তু তদ্দৃষ্টেঃ ॥

অন্তরা অন্তরালে বর্ত্তমান বিধুরাদি তাহারা বিদ্যার অধিকারী তদ্দৃষ্টেঃ শ্রুতি স্মৃতি পুরাণ ইতিহাসে ইহার দৃষ্টান্ত আছে। আশ্রমবিহিত অগ্নিহোত্রাদি ও ব্রহ্মচর্য্যাদি কর্ম্ম জ্ঞানোপত্তির কারণ। অনাশ্রমীর বিদ্যাধিকার আছে কি না? সিদ্ধান্ত হইতেছে বিদ্যাধিকার আছে। অনাশ্রমী বিধুর অত্যন্ত দরিদ্র আশ্রমকর্ম্ম করণে অক্ষম ও অনধিকারী হইলেও জপাদিকর্ম্মের দ্বারা বিদ্যাধিকার আয়ত্ত করিতে পারেন ইহা পুরাণে আছে। যে বিবাহ করে নাই বা পত্নী বিয়োগের পর দারপরিগ্রহ করে নাই সে বিধুর। রৈক্ক ও বাচক্লবী বিধুর ছিলেন।

সম্বর্ত্ত ঋষি।

৩৭ সূঃ অপি চ স্মর্য্যতে ॥

সম্বর্ত্ত প্রভৃতি ঋষি আশ্রমকর্ম্ম করিতেন না অথচ তাঁহারা জ্ঞানী ছিলেন। সম্বর্ত্ত নগ্নচর্য্যায় থাকিতেন বস্ত্রত্যাগী সংন্যাসী ছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দরিদ্রের উপর বিদ্যার অনুগ্রহ।

৩৮ সূঃ বিশেষানুগ্রহশ্চ ॥

বিশেষৈঃ বর্ণ ধর্ম্ম বিশেষ দ্বারা আশ্রমধর্ম্ম বিহীন হইলেও অনুগ্রহঃ বিদ্যার অনুগ্রহ হইয়া থাকে। আশ্রম বিশেষে অনবস্থিত বিধুর প্রভৃতি বিশেষ বর্ণ ধর্ম্মে রত থাকেন। সেই সেই ধর্ম্মের দ্বারা তাঁহাদের প্রতি বিদ্যার অনুগ্রহ হইয়া থাকে। কেবল জপ উপবাস ও দেবসেবা প্রভৃতি দ্বারা বিধুর ও দরিদ্রের উপর বিদ্যার অনুগ্রহ হইতে পারে। জপ্যে নৈব তু সংসিধ্যেদ্ ব্রাহ্মণো নাত্র সংশয়ঃ। কুর্য্যাদন্যন্ন বা কুর্য্যান্মৈত্রো ব্রাহ্মণো উচ্যতে। ব্রাহ্মণ জপ কর্ম্ম দ্বারা সিদ্ধ হন, অন্য কোন আশ্রম কর্ম্ম করুন আর না করুন, তিনি দয়াবান ব্রাহ্মণ।

অনাশ্রমী হইতে আশ্রমী শ্রেষ্ঠ।

৩৯ সূঃ অতস্ত্বিতরজ্জ্যায়ো লিঙ্গাচ্চ ॥

অতঃ অন্তরালবর্ত্তিদের অনাশ্রমীদের অপেক্ষা ইতর আশ্রম ধর্ম্মী জ্যায়ঃ জ্যেষ্ঠ লিঙ্গাৎ শ্রৌত স্মার্ত্ত চিহ্ন হেতু। বিধুর অনাশ্রমী হইতে আশ্রমী শ্রেষ্ঠ ইহা শ্রুতি স্মৃতির তাৎপর্য্য পর্য্যালোচনে জানা যায়। অনাশ্রমী ন তিষ্টেত দিনমেকমপি দ্বিজঃ একদিনও অনাশ্রমী থাকিবে না। সম্বৎসর মনাশ্রমী স্থিত্বা কৃচ্ছ্রমেকঞ্চরেৎ সম্বৎসর অনাশ্রমী থাকিলে কৃচ্ছ্র প্রায়শ্চিত্ত করিতে হইবে। শ্রুতি—তেনৈতি ব্রহ্মবিৎ পুণ্যকৃৎ তৈজসশ্চ আশ্রমধর্ম্মে রত থাকিলে ব্রহ্মবিৎ পুণ্যকৃৎ ও তেজঃ সম্পন্ন হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১০) আরোহাবরোহ অভাব নিরূপণ।

সংন্যাসী হইলে গৃহী হইতে পারে না।

৪০ সূঃ তদ্ভূতস্য তু নাতদ্ভাবো জৈমিনেরপি নিয়মাতদ্রূপাভাবেভ্যঃ ॥

তদ্ভূতস্য প্রাপ্তোর্দ্ধরেতভাবের অতদ্ভাবঃ ন তাহা হইতে প্রচ্যুতি হইতে পারে না, জৈমিনেঃ অপি ইহা জৈমিনি ও বাদরায়ণ উভয়ের মত। নিয়ম অতদ্রূপ অভাবেভ্যঃ অবরোহণের নিষেধ শাস্ত্র ও শিষ্টাচার দ্বারা জ্ঞেয়।

নৈষ্ঠিক ব্রহ্মচারির রেত পতন হইলে পতনও প্রায়শ্চিত্তাভাব।

৪১ সূঃ ন চাধিকারিকমপি পতনানুমানাৎ তদযোগাৎ ॥

আধিকারিকম্ প্রায়শ্চিত্ত "ন" নৈষ্ঠিকে হইতে পারে না, পতনানুমানাৎ কারণ তাহার পতন হয় তদযোগাৎ তাহার প্রায়শ্চিত্ত নাই। ব্রহ্মচারী দ্বিবিধ উপকুর্ব্বাণ ও নৈষ্ঠিক। ইচ্ছাপূর্ব্বক ব্রহ্মচর্য্য ভঙ্গ করিলে নৈষ্ঠিকের পতন ও প্রায়শ্চিত্তাভাব, অনিচ্ছাপূর্ব্বক ভঙ্গ করিলে প্রায়শ্চিত্ত দ্বারা পাতক হইতে শুদ্ধ হইতে পারেন এবং পতন হয় না। উপকুর্ব্বাণ ব্রহ্মচারীর ইচ্ছা অনিচ্ছাকৃত নিয়ম ভঙ্গ করিলে প্রায়শ্চিত্ত দ্বারা শুদ্ধ হইতে পারে। ব্রহ্মচর্য্যাবকীর্ণী নৈর্ঋতং গর্দ্ধভ-মালভেত ব্রহ্মচর্য্য ভঙ্গ হইলে গর্দ্ধভ নির্ঋতির উদ্দেশ্যে আলভন করিবে। পশুহোম অগ্ন্যাধান সাপেক্ষ, সুতরাং তাহা স্ত্রীগ্রহণ সাপেক্ষ। স্ত্রীগ্রহণ করিলে নৈষ্ঠিকের পাতিত্য হয়, সে পাতিত্যের প্রায়শ্চিত্ত নাই। অতএব নৈষ্ঠিকের প্রায়শ্চিত্ত নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জৈমিনির মতে ভ্রষ্টরেতার প্রায়শ্চিত্ত আছে।

৪২ সূঃ উপপূর্ব্বমপি ত্বেকে ভাবমশনবত্তদুক্তম্ ॥

একে কোন ঋষির মতে উপপূর্ব্বকম্ ইহা উপপাতক অতএব ভাবম্ প্রায়শ্চিত্ত আছে অশনবৎ মধুমাংস ভোজনের ন্যায়। তদুক্তম্ জৈমিনি ইহা পূর্ব্বকাণ্ডে বলিয়াছেন। জৈমিনি ও অন্য কোন কোন মতে অশনের মধুমাংস ভোজনের ন্যায় গুরুদারাদি ব্যতীত অন্য স্ত্রীতে রেত ভ্রষ্ট হইলেও নৈষ্ঠিকের মহাপাতক নহে উপপাতক হয়। উপপাতক অর্থাৎ প্রায়শ্চিত্ত বিধির অস্তিত্ব।

(১১) আমুষ্মিক শুদ্ধির জন্য প্রায়শ্চিত্ত বিধান থাকিলেও ব্যবহারের অযোগ্য।

ভ্রষ্টরেতা অব্যবহার্য্য। মণ্ডলী হইতে বহিষ্করণ।

৪৩ সূঃ বহিস্তূভয়থাপি স্মৃতে রাচারাচ্চ ॥

উভয়থা মহাপাতক হউক আর উপপাতক হউক বহিঃ সাধুগণ তাঁহাকে বাহির করিয়া দিবেন, স্মৃতেঃ শাস্ত্র আচারাৎ শিষ্টাচার উভয় প্রমাণ আছে। উর্দ্ধরেতস্ত্ব ভঙ্গ হইলে তাহাতে তাঁহাদের মহাপাতক হউক আর উপপাতক হউক, যে কোন প্রকার পাতক হউক কৃতপ্রায়শ্চিত্ত হইলেও তাঁহারা অব্যবহার্য্য।

আরূঢ়ো নৈষ্ঠিকং ধর্ম্মং যস্তু প্রচ্যবতে পুনঃ
প্রায়শ্চিত্তং ন পশ্যামি যেন শুধ্যেৎ স আত্মহা
আরূঢ় পতিতং বিপ্রং মণ্ডলাচ্চ বিনিঃ স্থতম্
উদ্‌বদ্ধং কৃমিদষ্টঞ্চ স্পৃষ্ট্বা চান্দ্রায়ণং চরেৎ ॥

যে ব্যক্তি নৈষ্টিক ধর্ম্ম গ্রহণ করিয়া পশ্চাৎ তাহা হইতে প্রচ্যুত হয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এমন কোন প্রায়শ্চিত্ত দেখিনা যে সেই আত্মঘ্ন পাপ হইতে শুদ্ধ হয় অর্থাৎ নিষ্কৃতি পায়। আরূঢ় পতিত ব্রাহ্মণকে সমাজচ্যুত করিবেন, উদ্বন্ধনমৃত কৃমিদষ্টমৃত ব্যক্তিকে স্পর্শ করিয়া চান্দ্রায়ণ ব্রত করিবে।

(১২) উপাসনাদি ঋত্বিগের কর্ত্তব্য।

উপাসনা যজমানের কর্ত্তব্য।

৪৪ সূঃ স্বামিনঃ ফলশ্রুতেরিত্যাত্রেয়ঃ ॥

ফলশ্রুতেঃ যজ্ঞাঙ্গফল স্বামিনঃ স্বামিগামিত অর্থাৎ যজমানের অতএব সে সকল যজমান কর্ত্তব্য ইতি আত্রেয়ঃ ইহা আত্রেয় মুনির মত। বর্ষত্যস্মৈ য উপাস্তে যে উপাসনা করে তাহারই উদ্দেশে বর্ষণ হয়। যজমান যজ্ঞাঙ্গ উপাসনার ফলভাগী, স্থতরাং সে সকল উপাসনা যজমানেরই কর্ত্তব্য, পুরোহিতের কর্ত্তব্য নহে। ধ্যান উপাসনা যজমান করিবে, পুরোহিত করিবে না, ইহা আত্রেয় মুনির মত।

ঔড়ুলোমি বলেন ঋত্বিকরা উপাসনা করিবে।

৪৫ সূঃ আর্ত্বিজ্য মিত্যৌড়ুলোমিস্তস্মৈ হি পরিক্রীয়তে ॥

ঔড়ুলোমিঃ ঔড়ুলোমি বলেন ফল যজমানগত সত্য, পরন্তু সে সকল উপাসনাদি আর্ত্বিজ্যম্ ঋত্বিকগণের কর্ত্তব্য, কারণ তস্মৈ ফললাভের জন্য পরিক্রীয়তে যজমান কর্ত্তৃক দ্রব্যের দ্বারা ক্রীত।

শ্রুতি প্রমাণ ঋত্বিক উপাসনা করিবে।

৪৬ সূঃ শ্রুতেশ্চ ॥

উপাসনা ঋত্বিক কর্ত্তব্য শ্রুতেঃ এ বিষয়ে শ্রুতি প্রমাণ আছে। অঙ্গ উপাসনা ঋত্বিকগণ করিবে যজমান করিবে না। তস্মাদু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হৈবম্বিদুদ্‌গাতা ব্রূয়াৎ কংতে কামমাগায়ানি উদ্‌গাতা যজমানকে বলিলেন তোমার কোন কামনা গান করিব প্রার্থনা করিব।

(১৬) মৌনভাব বিধেয়।

মৌন বাল্য ও পাণ্ডিত্য হইতে শ্রেষ্ঠ।

৪৭ সূঃ সহকার্য্যন্তর বিধিঃ পক্ষেণ তৃতীয়ং তদ্‌বতো বিধ্যাদিবৎ ॥

সহ কার্য্যন্তর বিধিঃ মৌন বিদ্যার সহকারি বিধি। পক্ষেণ ভেদদর্শন প্রাবল্যহেতু ইহা বিধি। তৃতীয়ং বাল্য ও পাণ্ডিত্য অপেক্ষা করিয়া তৃতীয়। তদ্‌বতঃ বিদ্যাবত্তের মৌন। বিধ্যাদিবৎ যেমন বিধি আছে, পূর্ব্ব মীমাংসায় যেমন দর্শপুর্ণমাস মূখ্য যাগবিধির অঙ্গীভূত বিধি অগ্ন্যাধানাদি, তেমনি মূখ্য বিদ্যাবিধির অঙ্গীভূত বিধি মৌন। মৌন জ্ঞানের সহকারী কারণ অথচ তাহা পূর্ব্ব প্রাপ্ত নহে সেজন্য তাহা বিধি। মৌন বাল্য ও পাণ্ডিত্য অপেক্ষা তৃতীয় এবং জ্ঞানাতিশয়রূপী। ইহা বিদ্যাবান সংন্যাসীর প্রতি বিহিত পরন্তু তাহা অঙ্গবিধি। মূখ্য বিদ্যাবিধির অঙ্গীভূত বিধি মৌন। ব্রাহ্মণঃ পাণ্ডিত্যং চ নির্ব্বিদ্য বাল্যেন তিষ্ঠাসেৎ বাল্যঞ্চ পাণ্ডিত্যঞ্চ নির্ব্বিদ্যাথ মুনির মৌনঞ্চ মৌনঞ্চ নির্ব্বিদ্যাথ ব্রাহ্মণঃ পাণ্ডিত্য লাভ কবিয়া বাল্যে অবস্থান করিবেন। বাল্য ও পাণ্ডিত্য লাভ হইলে মুনি হইবেন। মৌন ও অমৌন নিশ্চয় রূপে লাভ করিতে পারিলেই ব্রাহ্মণ ব্রহ্মজ্ঞ হওয়া যায়

গৃহস্থ প্রতিপাল্য ধর্ম্ম বহু।

৪৮ সূঃ কৃৎস্ন ভাবাত্তু গৃহিণোপ সংহারঃ ॥

কৃৎস্ন ভাবাৎ বহুলায়াস সাধ্য কর্ম্ম বহুলত্ব হেতু এবং অন্য আশ্রমের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্ম্ম যেমন অহিংসা সংযম প্রভৃতি অনুষ্ঠেয়ত্ব হেতু গৃহিনঃ উপসংহারঃ ইহা দেখাইবার জন্য শ্রুতি উপসংহারে গৃহস্থের কথা বলিয়াছেন। গৃহস্থের প্রতিপাল্য ধর্ম্ম বহু ও বহ্বায়াস সাধ্য তন্মধ্যে আশ্রমান্তর বিহিত অহিংসা ব্রহ্মচর্য্যাদিও আছে এই অধিকটুকু বলিবার জন্য শ্রুতি উপসংহার কালে গৃহস্থের কথা বলিয়াছেন।

সংন্যাস ব্রহ্মচর্য্য ও বাণপ্রস্থ আশ্রম শ্রুতি বিহিত।

৪৯ সূঃ মৌন বদিতরেষামপ্যুপদেশাৎ ॥

মৌনবৎ মৌন আশ্রমের ন্যায় ইতরেষাম্ অন্যান্য আশ্রমের উপদেশাৎ বিধি আছে। মৌন সংন্যাস আশ্রমের ন্যায় ব্রহ্মচর্য্য ও বানপ্রস্থ আশ্রমেরও শ্রুতিতে উপদেশ আছে।

(১৪) বালভাব শুদ্ধচিত্তভাব স্বেচ্ছাচার নহে।

বালভাব শুদ্ধচিত্ত ভাব

৫০ সূঃ অনাবিষ্কুর্ব্বন্নন্বয়াৎ ॥

অনাবিষ্কুর্ব্বন্ আপনাকে প্রখ্যাত না করিয়া দম্ভদর্পরহিত হইবে ইত্যাদি ভাবশুদ্ধিরূপ বাল্যই বিধি। অন্বয়াৎ এইরূপে হইলে সঙ্গতার্থতা হয়। জ্ঞানাভ্যাসই প্রধান অনুষ্ঠেয়, বাল্য তাহার সহকারী। বাল্যেন তিষ্ঠাসেৎ বাল্যভাবে স্থিতি করিবে। এখানে ভাবশুদ্ধিরূপ বাল্যই বিহিত হইয়াছে, যথেষ্টচারিত্বরূপ বালচরিতের অনুষ্ঠান বিহিত হয় নাই। বাল্যে ইন্দ্রিয় চেষ্টা অপ্রকটিত থাকে, এজন্য বাল্যভাব অর্থে কামভক্ষ কামবাদ কামচার বিষ্ঠামূত্রাদির বিষয়ে যথেষ্টচার নহে, ইন্দ্রিয়বিকারবিরহিত বিশুদ্ধভাব। জ্ঞানবিধির সহকারিত্ব ও ভাবশুদ্ধি বিধান পক্ষেই সঙ্গত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যন্ন সন্তং ন চাসন্তং নাশ্রুতং ন বহুশ্রুতম্
ন স্ববৃত্তং ন দুর্বৃত্তং বেদ কশ্চিৎ স ব্রাহ্মণঃ
গূঢ়ধর্ম্মাশ্রিতো বিদ্বান্ অজ্ঞাতচরিতং চরেৎ
অন্ধবৎ জড়বৎ চাপি মূকবৎ চ মহীঞ্চরেৎ ॥

কুলীনত্ব অকুলীনত্ব পাণ্ডিত্য অপাণ্ডিত্য সদাচারিত্য অসদাচারিত্য জ্ঞাত নহে সেই ব্যক্তি ব্রহ্মজ্ঞ। জ্ঞানীরা রহস্য অবলম্বনপূর্ব্বক অজ্ঞাতচর্য্যায় বিচরণ করেন। তাঁহাদের চর্য্যা অত্যন্ত দুর্জ্ঞেয়। তাঁহারা অন্ধের ন্যায় জড়ের ন্যায় মূকের ন্যায় বিচরণ করেন।

জ্ঞানোৎপত্তি ইহজন্মে হইতে পারে পরজন্মেও হইতে পারে।

জ্ঞান ইহ জন্মে হইতে পারে।

৫১ সূঃ ঐহিকমপ্য প্রস্তুত প্রতিবন্ধে তদ্দর্শনাৎ ॥

ঐহিকম্ এই দেহেই জ্ঞান জন্মে অপ্রস্তুত প্রতিবন্ধে প্রতিবন্ধ যদি না থাকে। তৎদর্শনাৎ শ্রুতি ইহা দেখাইয়াছেন। প্রতিবন্ধ ক্ষয় না হইলে জ্ঞান হয় না। প্রতিবন্ধ থাকিলে যাবৎ না প্রতিবন্ধ ক্ষয় হয় তাবৎ জ্ঞানোপত্তি হয় না অবরুদ্ধ থাকে। সে কারণ তাহা জন্মান্তরে হয়। ইহা শ্রুতিতে আছে।

শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ শৃন্বন্তোঽপি বহবো যন্ন বিদুঃ
আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্যলব্ধা আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ ॥

যাহার শ্রবণ নিতান্ত দুষ্কর ও সকলের সাধ্যায়ত্ত্ব নহে। শুনিলেও যাঁহাকে জানিতে পারে না, সেই আত্মার বক্তা আশ্চর্য্য, লব্ধা আশ্চর্য্য। আচার্য্য দুর্লভ, শিষ্যও দুর্লভ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সালোক্য মুক্তি জন্য, সেজন্য সাতিশয়
নির্ব্বাণ মুক্তি নিরতিশয়।

নির্ব্বাণ মুক্তি নিরতিশয়।

৫২ সূঃ এবং মুক্তি ফলানিয়ম স্তদবস্থাবধৃতে
স্তদবস্থা বধৃতেঃ ॥

মুক্তিফলানিয়মঃ জ্ঞানের ফল মুক্তি। মুক্তিতে কোন নিয়ম নাই। জ্ঞানের যেরূপ উৎকর্ষ অপকর্ষ আছে সেরূপ মুক্তিতে নাই। তদবস্থা বধৃতেঃ মুক্তিতে একরূপ অবধারণ শ্রুতিতে কথিত আছে। সাধনের প্রাবল্য দৌর্ব্বল্য অনুসারে জ্ঞান ইহ জন্মে কি জন্মান্তরে হইতে পারে, এই নিয়ম দেখাইলে? কিন্তু মুক্তিতে তদ্রূপ কোন নিয়ম নাই। সাধনের উৎকর্ষ অপকর্ষ তারতম্যে সাধন জন্য জ্ঞানের তারতম্য হইতে পারে। কিন্তু জ্ঞানফল মোক্ষের তারতম্য নাই, বিদ্যাফল মোক্ষ একরূপ, তাহার তারতম্য উপচয় অপচয় উৎকর্ষ অপকর্ষ নাই তাহার কোন বিশেষ ঘটনা হওয়ার সম্ভাবনা নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থঃ অধ্যায়ঃ

প্রথম পাদ ।

(১) শ্রবণাদির আবৃত্তি করণীয় ।

পুনঃপুনঃ অভ্যাস।

১ সূঃ আবৃত্তি রস কৃত্বুপদেশাৎ ॥

অসকৃৎ পুনঃ পুনঃ আবৃত্তিঃ অভ্যাস উপদেশাৎ শ্রুতি উপদেশ করিয়াছেন। আবৃত্তি চিত্ততে ধ্যেয়াকারে আকারিত করিতে হইবেক বৃত্তি সন্ততি করিতে হইবেক। এ সব অনুষ্ঠান একবার করিলে যদি আত্মদর্শন না হয়, তবে পুনঃ পুনঃ করিতে হইবেক। আত্মা বা অরে দ্রষ্টব্য শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ আত্মাকে দর্শন করিতে হইবে। দর্শনের জন্য শ্রবণ মনন নিদিধ্যাসন করিতে হইবে।

তত্ত্বমসি বহুবার।

২ সূঃ লিঙ্গাচ্চ ॥

লিঙ্গাৎ অনুমাপক হেতু তদ্‌বলে প্রত্যয়াবৃত্তি জ্ঞানের বা ধ্যানের পৌনঃপুন্য সিদ্ধ হইতে পারে। শ্বেতকেতুকে তাহার পিতা তত্ত্বমসি বহুবার বলিয়াছিলেন।

(২) জ্ঞাতা জীব আপনাকে গ্রহণ করিবে।

ব্রহ্মকে আত্মা বলিয়াছেন।

৩ সূঃ আত্মেতি তূপগচ্ছন্তি গ্রাহয়ন্তি চ ॥

তত্ত্বজ্ঞানার্থ কিরূপ ধ্যান করিবে? আমি ব্রহ্ম? কি আমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বামী ঈশ্বর? সিদ্ধান্ত হইতেছে, আত্মা ইতি আত্মা বলিয়া উপগচ্ছন্তি জাবালশ্রুতিতে জ্ঞাত হয়েন বা স্বীকার করেন, গ্রাহয়ন্তি চ বেদান্তবাক্য বুঝাইয়া দেয়। জাবাল শ্রুতি এই ধ্যাতব্য ব্রহ্মকে আত্মা বলিয়াছেন, অন্যান্য বেদান্ত ও ব্রহ্মকে অহং জ্ঞানে ভাবিত করিয়াছেন। ত্বং বা অহমস্মি ভগবো দেবতে অহং বৈ ত্বমসি দেবতে হে ভগবতি দেবতে! প্রসিদ্ধ তুমিই আমি, অথবা আমিই প্রসিদ্ধ তুমি। তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি, তাহাই সত্য তাহাই আত্মা। এই জগৎ বীজ সৎ পদার্থ ব্রহ্ম তুমি।

(৩) প্রতীকে অহং দৃষ্টির অভাব।

প্রতীকে অহংগ্রহ উপাসনা হয় না।

৪ সূঃ ন প্রতীকে ন হি সঃ ॥

ন প্রতীকে প্রতীকে কি অহংগ্রহ কার্য্য? সিদ্ধান্ত হইতেছে প্রতীকে অহংগ্রহ করিবে না, হি কারণ সঃ উপাসক ন প্রতীকে আত্মা বলিয়া অনুভব করেন না। মন ব্রহ্ম এইরূপ জানিবেক। আদিত্য ব্রহ্ম এইরূপ আদেশ আছে। নাম ব্রহ্ম এইরূপ উপাসনা করিবেক। শাস্ত্রে এইরূপ প্রতীকোপাসনা কথিত হইয়াছে। মন, আদিত্য, নাম যথা ওঁ তৎ সৎ হরি বিষ্ণু, ঐ সকল প্রতীক ও ঐ সকলে ব্রহ্ম বুদ্ধি উত্থাপিত করিতে হইবে। ব্রহ্ম ও উপাসক জীব অভিন্ন এই ভাব স্থির রাখিয়া আমিই নাম, আমিই মন, আমিই আদিত্য এইরূপ জ্ঞান উত্থাপিত করিবেক? কি অহং জ্ঞান ব্রহ্মে মিলাইয়া ব্রহ্মই মন, আদিত্য ব্রহ্ম. নাম ব্রহ্ম এইরূপ ভাবিবেক? সিদ্ধান্ত হইতেছে এই প্রতীকে অহং জ্ঞান ন্যস্ত করিবেক না, কারণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতীকোপাসক প্রতীককে আত্মা বলিয়া জানে না। সেই কারণে অহংগ্রহ উপাসনা সিদ্ধ হয় না এবং সেই কারণে অহংগ্রহ উপাসনা ও প্রতীকোপাসনা ভিন্ন।

(৪) অব্রহ্ম প্রতীকে ব্রহ্ম বুদ্ধি কর্ত্তব্য।

মন আদিত্য ব্রহ্মবুদ্ধিতে উপাস্য।

৫ সূঃ ব্রহ্ম দৃষ্টিরুৎকর্ষাৎ ॥

প্রতীকে ব্রহ্মদৃষ্টিঃ ব্রহ্মদৃষ্টি করিবে উৎকর্ষাৎ উৎকৃষ্ট নিকৃষ্টের মধ্যে উৎকৃষ্ট উপাস্য। অতএব আদিত্যাদিতে ব্রহ্মদৃষ্টি করিবে। মন ব্রহ্ম আদিত্য ব্রহ্ম ইত্যাদির স্থলে কি মন প্রভৃতি ব্রহ্মবুদ্ধিতে উপাস্য? কি ব্রহ্মই মনঃ প্রভৃতি জ্ঞানে উপাস্য। ইহার সিদ্ধান্ত মনঃ প্রভৃতিই ব্রহ্ম দৃষ্টিতে উপাস্য। কারণ ব্রহ্মই উৎকৃষ্ট। নিকৃষ্টে উৎকৃষ্ট বুদ্ধি করিবে, উৎকৃষ্ট ফল লাভ হইবে। উৎকৃষ্ট লাভ হইলেই তাহাদের ফলদাতৃত্ব শক্তি হইবেক। মন ও আদিত্য প্রভৃতি প্রতীকই ব্রহ্ম বুদ্ধিতে উপাস্য। ব্রহ্ম, মন ও আদিত্য প্রভৃতি প্রতীক বুদ্ধিতে উপাস্য নহেন।

(৫) কর্ম্মাঙ্গে আদিত্যাদি প্রতীক দৃষ্টি বিধেয়।

প্রণব আদিত্য জ্ঞানে উপাস্য।

৬ সূঃ আদিত্যাদি মতয়শ্চাঙ্গ উপপত্তেঃ ॥

অঙ্গে যজ্ঞাঙ্গ প্রণবাদিতে আদিত্যাদিমতয়ঃ আদিত্যবুদ্ধি করিবে কারণ উপপত্তেঃ উপপন্ন হয়। যঃ এ বা সৌ তপতি তমুদ্‌গীথমুপাসীত এই যিনি তাপ প্রদান করিতেছেন (সূর্য্য) তিনি উদ্‌গীথ এইরূপ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপাসনা করিবেক। যজ্ঞাঙ্গ অবলম্বনে এইরূপ উপাসনা সকল বিহিত দেখা যায়। সংশয় যজ্ঞাঙ্গ প্রণবাদি আদিত্য জ্ঞানে উপাস্য ? কিম্বা আদিত্যাদি যজ্ঞাঙ্গ প্রণবাদি জ্ঞানে উপাস্য ? সিদ্ধান্ত হইতেছে যজ্ঞাঙ্গ প্রণবাদিই আদিত্যাদি জ্ঞানে উপাস্য কারণ সেইরূপ উপাসনাতে শাস্ত্রার্থ উপপন্ন হয়।

(৬) উপাসনার অঙ্গ পদ্মস্বস্তিকাদি আসন।

আসন উপাসনার অঙ্গ।

৭ সূঃ আসীনঃ সম্ভবাৎ ॥

আসীনঃ নিয়মপূর্ব্বক উপবিষ্ট হইয়া উপাসনা করিবে সম্ভবাৎ কারণ উপবিষ্টের ধ্যান সম্ভব হয়। শাস্ত্র নিয়মে আসীন অর্থাৎ উপবিষ্ট হইয়াই উপাসনা করিবেক কারণ আসনোপবিষ্ট ব্যক্তিরই ধ্যানাত্মক উপাসনা সম্ভব হয়। পদ্মাদি আসনাভ্যাসীরই উপাসনা সম্ভব।

ধ্যানই উপাসনা।

৮ সূঃ ধ্যানাচ্চ।

ধ্যানাৎ উপাসনা অর্থাৎ ধ্যান। ধ্যান আসীন পুরুষে অধিকৃত। উপাসনা কি ? ধ্যানই উপাসনা। সুতরাং তাহা আসীন পুরুষেই অধিকৃত। অঙ্গচেষ্টারহিত স্থিরদৃষ্টি ও একাগ্রচিত্ত দেখিলেই লোকে বলে ধ্যান করিতেছে। ইহা দ্বারা বুঝা যায় ধ্যান বা উপাসনা অঙ্গ চেষ্টা বিবর্জ্জিত উপবিষ্ট পুরুষের কার্য্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিশ্চলের ধ্যান হয়।

৯ সূঃ অচঞ্চলত্বঞ্চাপেক্ষ্য ।

অচঞ্চলত্বং নিশ্চলত্ব অপেক্ষ্য অপেক্ষা করিয়া "ধ্যায়তি" বলা হয় লোকেও দেখিতে পাওয়া যায় উহাই চিহ্ন। বাহিরে নিশ্চলত্ব দেখিলে অন্তরে একাগ্রতা অনুমিত হয়। সেই কারণে অচঞ্চলভাব দৃষ্টে ধ্যান শব্দের প্রয়োগ হয়। উপাসনা উপবিষ্টের কার্য্য উক্ত প্রবাদ তাহার জ্ঞাপক।

যোগ শাস্ত্রেও পদ্মস্বস্তিকাদি আসন।

১০ সূঃ স্মরন্তি চ ॥

স্মরন্তি পদ্মস্বস্তিকাদি আসনের কথা আছে। স্মৃতি কার উপাসনার উপযুক্ত চিত্তস্থৈর্য্য কারক আসন বিন্যাসের বিধান করিয়াছেন। যোগ শাস্ত্রেও পদ্মস্বস্তিকাদি আসনের উপদেশ দেখা যায়।

(৭) একাগ্রতাই প্রধান।

একাগ্রতাই প্রধান। দিক্ কাল নিয়ম নাই।

১১ সূঃ যত্রৈকাগ্রতা তত্রাবিশেষাৎ ॥

যত্র যে দেশে বা কালে একাগ্রতা লাভ হয় সেখানে আসীন হইবে। অবিশেষাৎ দিক্ বা কালের কোন নিয়ম নাই। উপাসনায় উপবেশনার্থ পূর্ব্ব দিক্ প্রভৃতির নিয়ম নাই। যে দিকে যে সময়ে সাধকের চিত্ত স্থৈর্য্য হইবে সেই দিকেও সেই সময়ে স্বানুকুল আসনে উপবেশন করিবেক। শাস্ত্র কিছু এমন বলেন নাই যে অমুক সময়ে অমুক দিকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বসিয়া করিতে হইবে। উদ্দেশ্য একাগ্রতা, যে দিকে বসিলে সহজে সম্পন্ন হয়, সেই দিকেই তাহা গ্রাহ্য।

মৃত্যু পর্য্যন্ত উপাসনার আবৃত্তি।

উপাসনা মরণ কালে বিশেষ ফল প্রদ।

১২ সূঃ আপ্রায়ণাৎ তত্রাপি হি দৃষ্টম্ ॥

আপ্রায়ণাৎ মরণ অবধি ধ্যান কর্ত্তব্য। তত্র অপি প্রায়ণ কাল পর্য্যন্ত আবৃত্তি করিতে হইবে দৃষ্টম্ শ্রুতির উপদেশ। উপাসনা ধ্যান মরণ কাল পর্য্যন্ত করিতে হইবে। দুই একবার করিলে হইবেক না। শ্রুতি স্মৃতিতে দেখা যায় মরণ কালের উপাস্য জ্ঞানই বিশেষ ফলপ্রদ। যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরং॥ তং তমেবৈতি কৌন্তেয়! সদা তদ্ ভাবভাবিতঃ॥ জীব মৃত্যু কালে যে ভাব ধ্যান করিতে করিতে কলেবর ত্যাগ করে সে তদ্ভাবভাবিত হওয়ায় সেই লোক প্রাপ্ত হয়। স যাবৎ ক্রতুরয়মস্মাল্লোকাৎ প্রৈতি যে যাহা ধ্যান করিতে করিতে এ শরীর ত্যাগ করে।

(৮) জ্ঞানী পাপে লিপ্ত হয় না!

জ্ঞানীর পাপ ভস্ম হইয়া যায়।

১৩ সূঃ তদধিগম উত্তর পূর্ব্বাঘয়োরশ্লেষবিনাশৌ তদ্ব্যপদেশাৎ ॥

অধিগমে ব্রহ্মের সাক্ষাৎকার হইলে উত্তরপূর্ব্বাঘয়ো উত্তর অঘের ও পূর্ব্ব অঘের অশ্লেষবিনাশৌ অশ্লেষ ও বিনাশ পাপের অশ্লেষ সঞ্চিত পাপের বিনাশ হয় তদ্ ব্যপদেশাৎ শ্রুতি সেইরূপ উপদেশ দিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মজ্ঞান হইলেই পূর্ব্ব পাপ নষ্ট হয় এবং পরে যে সকল পাপ ঘটনা হইবে সে সকল তাঁহাতে আশ্লিষ্ট অর্থাৎ লিপ্ত হইবে না। ভিদ্যতে হৃদয় গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ॥ ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥ সেই পরাবর পুরুষ দৃষ্ট হইলে দ্রষ্টার হৃদয় গ্রন্থি ভাঙ্গিয়া যায়, সংশয় ছিন্ন হয়, সমুদায় পাপ ক্ষয় প্রাপ্ত হয়।

(৯) জ্ঞানীর পুণ্য লেপ নাই।

পুণ্যেরও বিনাশ হয়।

১৪ সূঃ ইতরস্যাপ্যেবমসংশ্লেষঃ পাতে তু॥

এবং পাপবৎ ইতরস্য পুণ্যের অসংশ্লেষঃ অসংশ্লেষ বিনাশ হয় পাতে তু শরীর পাত হইলে অশ্লেষ ও বিনাশ হয়। জ্ঞানের সামর্থ্যে যেমন পাপের বিনাশ ও অস্পর্শ সংঘটন হয়, তেমনি পুণ্যের বিনাশ ও অস্পর্শ হয়। পাপ পুণ্যের উভয়ের অভাব হওয়ায়, জ্ঞানীর বিদেহ কৈবল্য অবশ্যম্ভাবী।

(১০) জ্ঞানোদয় হইবামাত্র সঞ্চিতের বিনাশ হয়।

আরব্ধ ব্যতিরেকে অন্য কর্ম্ম দগ্ধ হয়।

১৫ সূঃ অনারব্ধ কার্য্যে এব তু পূর্ব্বে তদবধেঃ॥

অনারব্ধে কার্য্যে যাহার ফল আরব্ধ হয় নাই এরূপ সুকৃত দুষ্কৃত "পূর্ব্বে" সঞ্চিত সুকৃত দুষ্কৃত "এব" তত্ত্ব জ্ঞান হইলে ক্ষয় হয়, কিন্তু আরব্ধ ফলের সেরূপ ক্ষয় হয় না "তদবধেঃ" তাহার দেহ পাত অবধি থাকে। পূর্ব্বকৃত কর্ম্ম যাহার ফল দিতে আরম্ভ করে নাই, মাত্র সংস্কাররূপে সঞ্চিত আছে, এবং যে সকল কর্ম্ম এতৎ শরীরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্চিত আছে, সেই সকল কর্ম্ম তত্ত্ব জ্ঞান হইলে দগ্ধ হইয়া যায়। যে সকল কর্ম্ম ভোগ দিতে আরম্ভ করিয়াছে, সে সকল তত্ত্বজ্ঞানে দগ্ধ হয় না। সেজন্য ভোগ সমাপ্ত না হওয়া পর্য্যন্ত জ্ঞানফল মোক্ষ অবরুদ্ধ থাকে।

(১১) নিত্যকর্ম্মের ফলের নাশ হয় না।

নিত্য কর্ম্মের ফল নাই, কাম্য কর্ম্মের ফল নাশ হয়।

১৬ সূঃ অগ্নিহোত্রাদি তু তৎ কার্য্যায়ৈব তদ্দর্শনাৎ ॥

"তু" কিন্তু "অগ্নিহোত্রাদি" নিত্য নৈমিত্তিক কর্ম্ম "তৎ কার্য্যায়" মোক্ষার্থ। তদ্ দর্শনাৎ শ্রুতিতে ইহা দৃষ্ট হয়। অগ্নিহোত্রাদি নিত্য কর্ম্ম মোক্ষের উপকারক। সে সকল কর্ম্মে পুণ্য সঞ্চয় হয় না, সে কারণ সে সকল কর্ম্মের নাশাশঙ্কা নাই। কাম্য কর্ম্ম জনিত পুণ্যেরই নাশ হয়। তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন ব্রহ্মবাদীরা বেদানুবচন যজ্ঞ দান দ্বারা ব্রহ্মাত্ম জ্ঞান পাইতে ইচ্ছা করেন।

জৈমিনি ও ব্যাস উভয় মতে কাম্য অগ্নিহোত্রের ফল আছে।

১৭ সূঃ অতোঽন্যাপি হ্যেকেষামুভয়োঃ ॥

একেষাম্ একশাখীর মতে জ্ঞানীর সুহৃদ্‌গণ তাঁহার পুণ্য গ্রহণ করেন, এই শ্রুতি উপলক্ষ্য করিয়া বলেন অতঃ নিত্য অগ্নিহোত্রাদি হইতে "অন্যা" অপর সাধুকৃত্য বিহিত কর্ম্ম আছে, অর্থাৎ কাম্য কর্ম্ম আছে উভয়োঃ ইহা বাদরায়ণ ও জৈমিনি উভয়ের মত। জৈমিনি ও ব্যাস উভয়ের মতে অবশ্য করণীয় অগ্নিহোত্র ব্যতীত কাম্য অগ্নিহোত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর্ম্ম আছে। সুহৃদঃ সাধুকৃত্যামুপযন্তি জ্ঞানীর সুহৃদ্‌গণ তাঁহার পুণ্য গ্রহণ করে ইহা কাম্য অগ্নিহোত্র লক্ষ্য করিয়া অভিহিত।

(১২) নিত্যকর্ম্মের উপাসনাভেদে তারতম্য।

উপাসনাযুক্ত কর্ম্ম বীর্য্যবত্তর।

১৮ সূঃ যদেব বিদ্যয়েতি হি ॥

হি যেহেতু যদেব বিদ্যয়া ইতি যাহা বিদ্যার সহিত কৃত তাহা বীর্য্যবত্তর। জ্ঞান সহ কৃতকর্ম্ম বীর্য্যবত্তর। জ্ঞান সহ যাহা কৃত নহে তাহা বীর্য্যবত্তর নহে। কিন্তু উভয়েতে ফল আছে কারণ বিবিদিষা শ্রুতি বিরুদ্ধ হয়। জ্ঞানী মুমুক্ষু উপাসনাযুক্ত অগ্নিহোত্রাদি করিবেন? কি উপাসনা বর্জ্জিত অগ্নিহোত্রাদি করিবেন? সিদ্ধান্ত উপাসনাযুক্ত অগ্নিহোত্র কর্ম্ম করাই শ্রেয়। কারণ উহাতে শীঘ্র জ্ঞান লাভ হয়। তদ্‌ বর্জ্জিত অগ্নিহোত্রে কালান্তরে জ্ঞান লাভ হয়। কোনটাই ব্যর্থ নহে। দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্‌ ধনঞ্জয় বুদ্ধিযোগ অপেক্ষা কেবল কর্ম্ম নিকৃষ্ট।

(১৩) অধিকারীর মুক্তি।

প্রারব্ধ ভোগ দ্বারা ক্ষয়।

১৯ সূঃ ভোগেন ত্বিতরে ক্ষপয়িত্বা সম্পদ্যতে ॥

ভোগেন ভোগদ্বারা ইতরে আরব্ধ কার্য্য ক্ষপয়িত্বা ক্ষয় করিয়া সম্পদ্যতে সম্পন্ন বা ব্রহ্মপ্রাপ্ত হয়। তত্ত্বজ্ঞানী অনারব্ধ ফল পুণ্য পাপ বিদ্যাসামর্থ্য হেতু নাশ করেন, আরব্ধ ফল ভোগ দ্বারা বিনাশ করিয়া ব্রহ্ম নির্ব্বাণ লাভ করে। সঞ্চিত কর্ম্ম জ্ঞানে দগ্ধ হইয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যায়। প্রারব্ধ কর্ম্ম ভোগ দ্বারা ক্ষয় হয়। পরে দেহ পাত হইলেই কৈবল্য লাভ হয়। তস্য তাবদেবং চিরং যাবন্ ন বিমোক্ষ্যে অথ সম্পৎস্যে তাঁহার সেই পর্য্যন্ত বিলম্ব যাবৎ না দেহ পরিত্যাগ করে, অনন্তর দেহ পাতের পরে তিনি ব্রহ্ম সম্পন্ন হয়েন।

দ্বিতীয় পাদ।

(১) মনে বাগাদি ইন্দ্রিয়গণের বৃত্তি লয় হয় তাহাদের স্বরূপ লয় হয় না।

মনে বাক্‌বৃত্তির লয়।

১ সূঃ বাঙ্ মনসি দর্শনাচ্ছব্দাচ্চ ॥

বাক্ মুমুর্ষুর বাক্‌বৃত্তি বচন মনসি মনে লয় হয়। দর্শনাৎ দেখিতে পাওয়া যায় মন আছে বচন নাই। শব্দাৎ চ বাক্ শব্দে বাক্‌বৃত্তি কর্ম্ম পাওয়া যায়। বাঙ্ মনসি সম্পদ্যতে মুমুর্ষুর বাগিন্দ্রিয় মনে লয় প্রাপ্ত হয়। দেহত্যাগ কালে প্রথমত বাক্ মনে লয় প্রাপ্ত হয়। সংশয় বাগিন্দ্রিয় কি বাক্‌বৃত্তি? সিদ্ধান্ত বাগ্ বৃত্তি লয় হয়। তত্ত্বজ্ঞানী ব্যতীত কাহারও ইন্দ্রিয় লয় হয় না। বাক্ শব্দে বাক্ বৃত্তি বুঝিতে হইবে।

মনে অন্য ইন্দ্রিয়ের লয়।

২ সূঃ অতএব চ সর্ব্বাণ্যনু ॥

অতএব উপরোক্ত ন্যায়ে সর্ব্বাণি চক্ষুরাদি সকল ইন্দ্রিয় "অনু"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনে অনু বর্তন করে। বাগিন্দ্রিয় বৃত্তিবিলয় দ্বারা মনে গিয়া লীন হয়, তেমনি আর আর ইন্দ্রিয় ও বৃত্তি বিলয় দ্বারা মনে গিয়া লীন হয়। ইন্দ্রিয়ৈর্মনসি সম্পদ্যমানৈঃ ইন্দ্রিয়ের মন সম্পত্তি, মনে একীভূত হয়।

(২) মনে প্রাণের লয়।

৩ সূঃ তন্মনঃ প্রাণ উত্তরাৎ ॥

তন্মনঃ সেই মন প্রাণে বৃত্তিবিলয় দ্বারা প্রাণে লীন হয় উত্তরাৎ উহা উত্তর বাক্য দ্বারা জানা যায়। মনঃ প্রাণে মন প্রাণে গিয়া লয় হয়।

(৩) প্রাণ জীবে লয় হয় পুনরায় ভূতে লয় হয়।

প্রাণ জীবে লয় হয়।

৪ সূঃ সোঽধ্যক্ষে তদুপগমাদিভ্যঃ ॥

সঃ সেই প্রাণ অধ্যক্ষে জীবে লয় হয়। তদুপগমাদিভ্যঃ "তৎ" জীবে প্রাণের "উপগম" উপগমন অনুগমন আদি অবস্থান হয় ইহা শ্রুতি দ্বারা জানা যায়। সেই প্রাণ অধ্যক্ষ জীবে লীন হয় বৃত্তি শূন্য হইয়া অবস্থান করে। সর্ব্বে প্রাণাঃ অভিসমাযন্তি যত্রৈ-তদূর্দ্ধোচ্ছ্বাসী ভবতি মুমূর্ষু যখন ঊর্দ্ধশ্বাসী হয় প্রাণ সকল জীবের অভিমুখে সমাগত হয়। ইহা উপগমন। তমুৎক্রামন্তং প্রাণো নুৎক্রামতি জীব বহির্গমনে প্রবৃত্ত হইলে প্রাণ তাহার অনুগমন করে। সবিজ্ঞানো ভবতি জীব মৃত্যুকালে সবিজ্ঞান হয় প্রাপ্তব্য ফলানুরূপ ভাবনা অস্পষ্ট জ্ঞান পরিণাম ধারণ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেজযুক্ত জীবে প্রাণের লয়।

৫ সূঃ ভূতেষ্বতঃ শ্রুতেঃ ॥

শ্রুতেঃ পূর্ব্বোক্ত উদাহৃত শ্রুতিদ্বারা অতঃ বুঝিতে হইবে ভূতেষু সূক্ষ্ম দেহবীজ তেজে অবস্থান করে। পূর্ব্বোক্ত শ্রুতি দ্বারা তেজের সংগ্রহ হইতে পারে এবং বুঝায় প্রাণসংযুক্ত জীব দেহবীজ সূক্ষ্মভূত পঞ্চকে অবস্থান করে। প্রাণস্তেজসি প্রাণ তেজে লয় হয়।

পঞ্চভূতাত্মক সূক্ষ্ম শরীরে প্রাণের লয় হয়।

৬ সূঃ নৈকস্মিন্ দর্শয়তো হি ॥

একস্মিন্ কেবল তেজে ন অবস্থান করে না। দর্শয়ত শ্রুতি স্মৃতিতে দেখা যায়। পৃথিবীময় আপময়ো বায়ুময়ঃ আকাশময় স্তেজময়ঃ এই পুরুষ পৃথিবীময় আপময় বায়ুময় আকাশময় তেজময়। পরলোক গমনোদ্যত জীব পূর্ব্বদেহ পরিত্যাগের পর কেবলমাত্র তেজোভূত অবলম্বন করেনা, কারণ শরীর অনেকাত্মক, একভূতে তাহা নিষ্পন্ন হয় না। জীব দেহভূতপঞ্চক লইয়া প্রয়াণ করে। সময়ে তৎসমূহে তাহার দেহাঙ্কুর জন্মে। মনুতে আছে অণ্বোমাত্রা বিনাশিন্যো দশার্দ্ধানান্তুযাঃ স্মৃতাঃ॥ তাভিঃ সার্দ্ধমিদং সর্ব্বং সম্ভবত্যনুপূর্ব্বশঃ॥ দর্শার্দ্ধ অর্থাৎ পঞ্চভূতের সূক্ষ্মভাগ পরিছিন্ন ও যাবৎ সংসার তাবৎ থাকে সুতরাং অবিনাশী এই সমগ্র জগৎ সে সকলের সহিত পূর্ব্ব পূর্ব্বের অনুরূপে উৎপন্ন হইয়া থাকে।

(৩) জ্ঞানী অজ্ঞানী উভয়ের উৎক্রান্তি সমান।

উৎক্রান্তি জ্ঞানী অজ্ঞানীর সমান।

৭ সূঃ সমানা চাসৃত্যু পক্রমাদমৃতত্ত্বং চানুপোষ্য ॥

উৎক্রান্তি মরণ প্রণালী সমান সর্ব্ব প্রণালীতে তুল্য আসৃতি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপক্রমাৎ ইহা আসৃতি উপাসকের অর্চ্চিরাদি মার্গের উপক্রম আরম্ভের গ্রহণ বা কথন দ্বারা জানা যায়, অনুপোষ্য কিন্তু যাবৎ অবিদ্যা দগ্ধ না হয় তাবৎ অমৃতত্বং মোক্ষ হয় না।

(৪) তেজ প্রভৃতি ভূতের সবৃত্তি লয় পরমাত্মায় হইয়া থাকে। মরণে লিঙ্গ দেহের লয় হয় না।

৮ সূঃ তদাপীতেঃ সংসার ব্যপদেশাৎ ॥

"তৎ" তেজ লিঙ্গাশ্রিত দেহভূত পঞ্চক আ-অপীতেঃ তত্ত্বজ্ঞানদ্বারা সংসার বিমোক্ষণ না হওয়া পর্য্যন্ত অবস্থান করে। সংসার ব্যপদেশাৎ মোক্ষ না হওয়া পর্য্যন্ত সংসার বলা যায়। তত্ত্বজ্ঞান না হওয়া পর্য্যন্ত সংসার অবিকৃত থাকে। মরণে লিঙ্গ দেহ লয় হয় না অর্থাৎ পরমাত্মায় একীভূত হয় না। মরণে যে পরমাত্মায় প্রাণাদির লয় হওয়া কথিত হইয়াছে সে লয় আত্যন্তিক লয় নহে। তেজঃ পরস্যাং দেবতায়াম্ তেজোভূত অন্যান্যভূতের ও সপ্রাণ সেন্দ্রিয় জীবের সহিত পরদেবতায় সম্পন্ন হয়। যোনিমধ্যে প্রপদ্যন্তে শরীরত্বায় দেহিনঃ। স্থাণুমন্যেনু-সংযন্তি যথাকর্ম্ম যথাশ্রুতম্ ॥ যাবৎ না তত্ত্বজ্ঞান হয় তাবৎ উপার্জ্জিত জ্ঞানের ও কর্ম্মের অনুযায়ী কেহ জঙ্গম দেহ কেহ স্থাবর দেহ পাইবার জন্য সেই সেই যোনিতে গমন করে।

সূক্ষ্ম শরীরের পরলোক গমন।

৯ সূঃ সূক্ষ্মং প্রমাণতশ্চ তথোপলব্ধেঃ ॥

সূক্ষ্মং জীব তেজ অর্থাৎ সূক্ষ্মশরীর আশ্রয় করে। সূক্ষ্মশরীর প্রমাণতঃ পরিমাণতঃ চ স্বরূপতঃ সূক্ষ্ম। পরিমাণে সূক্ষ্ম বলিয়া

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্চরণ করিতে পারে। স্বরূপে সূক্ষ্ম বলিয়া অপ্রতিহত ও অদৃশ্য। তথা-উপলব্ধেঃ কোন স্থূল বস্তু তাহার গতির বাধক হইতে পারে না এবং যখন স্থূল হইতে নির্গত হয় কেহ দেখিতে পায় না, ইহা উপলব্ধি করা যায়। জীব মরণ কালে সূক্ষ্ম শরীর লইয়া পরলোক যাত্রা করে তাহা স্বরূপে ও পরিমাণে সূক্ষ্ম।

সূক্ষ্ম শরীর দগ্ধ হয় না।

১০ সূঃ নোপ মর্দ্দেনাতঃ ॥

অতঃ সূক্ষ্ম বলিয়া উপমর্দ্দেন স্থূল শরীর বিধ্বংসে "ন" সূক্ষ্ম শরীর বিধ্বস্ত হয় না। সূক্ষ্ম দেহ দাহাদিতে দগ্ধ হয় না

উষ্মা সূক্ষ্ম শরীরের।

১১ সূঃ অস্যৈব চোপপত্তে রেয উষ্মা ॥

এষঃ জীবশরীরে উষ্মা যে উষ্মা থাকে অস্য এব তাহা সূক্ষ্ম শরীরের উষ্মা। উপপত্তেঃ উষ্মা জীবদ্‌দেহে থাকে মৃত দেহে থাকে না, উষ্মা দ্বারা উহা উপপন্ন হয়। সূক্ষ্ম শরীর না থাকাতেই মৃত শরীরে উষ্মা থাকে না। অন্বয় ব্যতিরেক হেতু বুঝা যায় সূক্ষ্ম শরীর থাকিলে উষ্মা, না থাকিলে উষ্মা থাকে না।

(৫) দেহ হইতে প্রাণ উৎক্রান্তি হয় না।

জ্ঞানীর উৎক্রান্তি হয় না।

১২ সূঃ প্রতিষেধাদিতি চেন্ন শারীরাৎ ॥

পূর্ব্বপক্ষ। প্রতিষেধাৎ উৎক্রান্তি প্রতিষেধ হেতু জ্ঞানীর উৎক্রান্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয় না ইতি চেৎ ন ইহা বলিও না শরীরাৎ সে প্রতিষেধ দেহ হইতে নহে কিন্তু জীব হইতে। পরবিদ্যাধিকারে উৎক্রান্তি নিষেধ প্রদর্শিত হইয়াছে। তাহাতে স্থির হয় তত্ত্ব জ্ঞানীর প্রাণোৎ ক্রমণ নাই। ন তস্য প্রাণাঃ উৎক্রামন্তি তাঁহার প্রাণ উৎক্রান্ত হয় না।

সূক্ষ্ম শরীর এই দেহেই লীন হয়।

১৩ সূঃ স্পষ্টোহ্যেকেষাম্ ॥

একেষাম্ অন্য এক শাখাতে স্পষ্টঃ স্পষ্টরূপে কথিত হইয়াছে জ্ঞানীর প্রাণ উৎক্রান্ত হয় না। দেহ হইতে প্রাণোৎক্রমণ স্পষ্টাকারে নিষিদ্ধ হইয়াছে অত্রৈব সমবলীয়ন্তে সেই দেহেই তাহার প্রাণ সম্যক লয় প্রাপ্ত হয়।

শুক দেবের সূক্ষ্ম শরীর লয় হইয়াছিল।

১৪ সূঃ স্মর্য্যতে চ ॥

মহাভারতেও জ্ঞানীর গতি ও উৎক্রান্তি নাই বলিয়া কথিত হয়। ব্যাসপুত্র শুক দেহ হইতে মুক্ত হইবার ইচ্ছায় আদিত্যমণ্ডলে গমন করিলেন এবং পিতা কর্ত্তৃক আহুত হইলে "ভো" এই প্রত্যুত্তর প্রদান করিয়াছিলেন * * শুক বায়ু অপেক্ষা শীঘ্র গমনে অন্তরীক্ষ-গামী হইলেন এবং লোকদিগকে যোগবল সেইরূপে দেখাইয়া সর্ব্বভূতগত অর্থাৎ মুক্ত হইলেন।

(৬) তত্ত্বজ্ঞানীর ইন্দ্রিয়গণ পরমাত্মায় লয় প্রাপ্ত হয়।

জ্ঞানীর সূক্ষ্ম শরীর পরমাত্মায় লীন হয়।

১৫ সূঃ তানি পরে তথাহ্যাহ ॥

তানি ইন্দ্রিয় ভূত পরে পরমব্রহ্মে লীন হয় হি যেহেতু তথা আহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্চরণ করিতে পারে। স্বরূপে সূক্ষ্ম বলিয়া অপ্রতিহত ও অদৃশ্য। তথা-উপলব্ধেঃ কোন স্থূল বস্তু তাহার গতির বাধক হইতে পারে না এবং যখন স্থূল হইতে নির্গত হয় কেহ দেখিতে পায় না, ইহা উপলব্ধি করা যায়। জীব মরণ কালে সূক্ষ্ম শরীর লইয়া পরলোক যাত্রা করে তাহা স্বরূপে ও পরিমাণে সূক্ষ্ম।

সূক্ষ্ম শরীর দগ্ধ হয় না।

১০ সূঃ নোপ মর্দ্দেনাতঃ ॥

অতঃ সূক্ষ্ম বলিয়া উপমর্দ্দেন স্থূল শরীর বিধ্বংসে "ন" সূক্ষ্ম শরীর বিধ্বস্ত হয় না। সূক্ষ্ম দেহ দাহাদিতে দগ্ধ হয় না

উষ্মা সূক্ষ্ম শরীরের।

১১ সূঃ অস্যৈব চোপপত্তে রেষ উষ্মা ॥

এষঃ জীবশরীরে উষ্মা যে উষ্মা থাকে অস্য এব তাহা সূক্ষ্ম শরীরের উষ্মা। উপপত্তেঃ উষ্মা জীবদ্‌দেহে থাকে মৃত দেহে থাকে না, উষ্মা দ্বারা উহা উপপন্ন হয়। সূক্ষ্ম শরীর না থাকাতেই মৃত শরীরে উষ্মা থাকে না। অন্বয় ব্যতিরেক হেতু বুঝা যায় সূক্ষ্ম শরীর থাকিলে উষ্মা, না থাকিলে উষ্মা থাকে না।

(৫) দেহ হইতে প্রাণ উৎক্রান্তি হয় না।

জ্ঞানীর উৎক্রান্তি হয় না।

১২ সূঃ প্রতিষেধাদিতি চেন্ন শারীরাৎ ॥

পূর্ব্বপক্ষ। প্রতিষেধাৎ উৎক্রান্তি প্রতিষেধ হেতু জ্ঞানীর উৎক্রান্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয় না ইতি চেৎ ন ইহা বলিও না শরীরাৎ সে প্রতিষেধ দেহ হইতে নহে কিন্তু জীব হইতে। পরবিদ্যাধিকারে উৎক্রান্তি নিষেধ প্রদর্শিত হইয়াছে। তাহাতে স্থির হয় তত্ত্ব জ্ঞানীর প্রাণোৎ ক্রমণ নাই। ন তস্য প্রাণাঃ উৎক্রামন্তি তাঁহার প্রাণ উৎক্রান্ত হয় না।

সূক্ষ্ম শরীর এই দেহেই লীন হয়।

১৩ সূঃ স্পষ্টোহ্যেকেষাম্ ॥

একেষাম্ অন্য এক শাখাতে স্পষ্টঃ স্পষ্টরূপে কথিত হইয়াছে জ্ঞানীর প্রাণ উৎক্রান্ত হয় না। দেহ হইতে প্রাণোৎক্রমণ স্পষ্টাকারে নিষিদ্ধ হইয়াছে অত্রৈব সমবলীয়ন্তে সেই দেহেই তাহার প্রাণ সম্যক লয় প্রাপ্ত হয়।

শুক দেবের সূক্ষ্ম শরীর লয় হইয়াছিল।

১৪ সূঃ স্মর্য্যতে চ ॥

মহাভারতেও জ্ঞানীর গতি ও উৎক্রান্তি নাই বলিয়া কথিত হয়। ব্যাসপুত্র শুক দেহ হইতে মুক্ত হইবার ইচ্ছায় আদিত্যমণ্ডলে গমন করিলেন এবং পিতা কর্ত্তৃক আহুত হইলে "ভো" এই প্রত্যুত্তর প্রদান করিয়াছিলেন * * শুক বায়ু অপেক্ষা শীঘ্র গমনে অন্তরীক্ষ-গামী হইলেন এবং লোকদিগকে যোগবল সেইরূপে দেখাইয়া সর্ব্বভূতগত অর্থাৎ মুক্ত হইলেন।

(৬) তত্ত্বজ্ঞানীর ইন্দ্রিয়গণ পরমাত্মায় লয় প্রাপ্ত হয়।

জ্ঞানীর সূক্ষ্ম শরীর পরমাত্মায় লীন হয়।

১৫ সূঃ তানি পরে তথাহ্যাহ ॥

তানি ইন্দ্রিয় ভূত পরে পরমব্রহ্মে লীন হয় হি যেহেতু তথা আহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রুতি বলিয়াছেন। জ্ঞানীর বাগাদি ইন্দ্রিয় ও দেহবীজ ভূতপঞ্চ পরমাত্মায় লয় পাওয়া শ্রুত হয়। একথা শ্রুতি বলিয়াছেন ষোড়শকলাঃ পুরুষং প্রাপ্যং অস্তং গচ্ছন্তি একাদশ ইন্দ্রিয় ও দেহবীজ ভূতপঞ্চ, পুরুষ প্রাপ্ত হওয়ায়, অস্ত গত হয়।

(৭) নিঃশেষে পরমাত্মায় জ্ঞানীর বাগাদি লয়।

সূক্ষ্ম শরীর জ্ঞানীর নিঃশেষে লয় হয়।

১৬ সূঃ অবিভাগো বচনাৎ ॥

অবিভাগঃ তত্ত্বজ্ঞানীর ব্রহ্মে নিরবশেষ অবিভাগ হয় এ রহস্য বচনাৎ বচন লভ্য। ব্রহ্মজ্ঞের যে কলা লয় হয় তাহা সবিশেষ নহে কিন্তু নিরবশেষ। অর্থাৎ তাহা শক্তিরূপে থাকে না। এষো কলো মৃতো ভবতি জ্ঞানী নিষ্কল অমৃত হয়েন। ১১ ইন্দ্রিয় ৫ ভূত এই ষোড়শ কলা। কলা লয় সবিশেষ ও নিরবশেষ। সবিশেষ লয়ে প্রকৃতিতে কলা শক্তিরূপে থাকে। তত্ত্বজ্ঞানীর কলা লয় নিরবশেষ।

(৮) উপাসকের উৎক্রান্তি বিশেষ।

জ্ঞানী ব্রহ্মরন্ধ্র দ্বারা উৎক্রান্ত হন।

১৭ সূঃ তদোকোঽগ্রজ্বলনং তৎপ্রকাশিতদ্বারো বিদ্যা সামর্থ্যাৎ তচ্ছেষ গত্যনুস্মৃতি যোগাচ্চ হার্দানু গৃহীতঃ শতাধিকতয়া ॥

"তৎ" মুমুক্ষু উপাসকের ওকঃ হৃদয় আয়তন "অগ্র" তাহার অগ্রনাড়ী মুখ জ্বলনং প্রদ্যোতনাখ্য ভাবিফল স্ফূরণ মরণ কালে হয়, বিদ্যা-সামর্থ্যাৎ বিদ্যার সামর্থ্যহেতু তৎ প্রকাশিতদ্বারঃ বিজ্ঞাত ব্রহ্মপ্রাপক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মূর্দ্ধণ্য নাড়ীপথ সেই উপাসক তদ্দ্বারা নিক্রান্ত হয়। তচ্ছেষ গত্যানুস্মৃতি যোগাৎ বিদ্যার অঙ্গীভূত যে নাড়ী দ্বারা অভিনিক্রমণ তাহার অনুশীলন অভ্যাস যোগ হেতু হয়। যাহা হইতে সে "হার্দ্দানুগৃহীত" হৃদয়ালয়ে ব্রহ্মের উপাসনা দ্বারা সেই ভাব প্রাপ্ত হইয়াছে, "শতাধিকতয়া" শতাতিরিক্ত সুষুম্না নাড়ী দ্বারা নিষ্ক্রামণ করে। জ্ঞানী উপাসক যে কোন দেহছিদ্র হইতে নিক্রান্ত হন না। ব্রহ্মের আলয় হৃদয়। তদগ্রস্থ নাড়ী মুখ। প্রথমতঃ তাহা তাঁহার প্রদ্যোতিত হয়। পরে তিনি শতাধিক সুষুম্না নাড়ী পথে নিক্রান্ত হন। জ্ঞানী অজ্ঞানীর ন্যায় যে সে দেহছিদ্র হইতে নিক্রান্ত হন না। ব্রহ্মলোক প্রাপক ব্রহ্মরন্ধ্র পথেই নিষ্ক্রান্ত হন। শতঞ্চৈকা চ হৃদয়স্য নাড্যস্তাসাং মূর্দ্ধানমভিনিঃ সৃতৈকা। তয়োর্দ্ধমায়ন্নমৃতত্বমেতি বিষ্বঙ্ঙন্যা উৎক্রমণে ভবন্তি হৃদয় প্রদেশে ১০১ নাড়ী আছে। একটী নাড়ী হৃদয় হইতে মূর্দ্ধা পর্য্যন্ত গিয়াছে। এই স্থানের নাম ব্রহ্মরন্ধ্র। এই ব্রহ্মরন্ধ্র রোমকূপ অপেক্ষা সূক্ষ্ম। ব্রহ্ম উপাসক এই নাড়ী দ্বারা নিষ্ক্রান্ত হইয়া উর্দ্ধগামী হন পরে মুক্ত হন। ব্রহ্মের অনুগ্রহে হৃদিস্থ শতাধিক নাড়ী দ্বারা মূর্দ্ধণ্য নাড়ীপথ দ্বারা জ্ঞানী উপাসকের উৎক্রান্তি হয়। বিদ্যা সামর্থ্যে জ্ঞানী মরণ কালে মোক্ষ দ্বার দেদীপ্যমান দেখিতে পান। হৃদয়ের শত নাড়ী একীভূত হইয়া মূর্দ্ধণ্য নাড়ী বা সুষুম্না বা ব্রহ্মরন্ধ্র পথ।

(৯) রাত্রিতে মৃত হইলেও রশ্মি প্রাপ্ত হয়।

মৃত্যু হইলে রশ্মি প্রাপ্ত হয়।

১৮ সূঃ রশ্ম্যনুসারী ॥

নির্গুণ ব্রহ্ম উপাসক শতাধিক মূর্দ্ধণ্য নাড়ী দ্বারা নিষ্ক্রান্ত হন সত্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরন্তু রশ্ম্যনুসারী তাহাতে রশ্মি অবলম্বনের অপেক্ষা আছে। সুষুম্না নাড়ী সংযুক্ত সূর্য্যরশ্মি অবলম্বন করত নিষ্ক্রান্ত হন। রশ্মিভিঃ উর্দ্ধম আক্রমতে রশ্মি দ্বারা উদ্ধলোকে গমন করেন।

রাত্রিতে সূর্য্য রশ্মি বিতরণ করেন।

১৯ সূঃ নিশি নেতি চেন্ন সম্বন্ধস্য যাবদ্দেহ ভাবিত্বাৎ দর্শয়তি চ ॥

নিশি রাত্রিতে "ন" রশ্মি অবলম্বন হয় না ইতি চেৎ ন ইহা বলিও না যাবদ্দেহ ভাবিত্বাৎ যে অবধি দেহ ধারণ তাবৎ সম্বন্ধস্য শিরা কিরণ সম্পর্ক দর্শয়তি শ্রুতিতে আছে। রাত্রিতে রশ্মি না থাকায় জ্ঞানীর রাত্রি মরণে রশ্ম্যনুসরণ হয় না এ আশঙ্কা করিও না। কারণ মূর্দ্ধণ্য নাড়ীর সহিত যে সূর্য্য কিরণের সম্পর্ক তাহা যাবৎ দেহভাবি কি দিবা কি রাত্রি সকল সময়ই দেহ ধারীর ঐ সম্পর্ক থাকে। অমুষ্মাৎ আদিত্যাৎ প্রতায়ন্তে তা আসু নাড়ীষু সৃপ্তা তাভ্যো নাড়ীভ্যো প্রতায়ন্তে তা অমুষ্মিন্ আদিত্যে সৃপ্তাঃ আদিত্য হইতে রশ্মি ধারা বিস্তৃত হইতেছে। সে সকল রশ্মি ঐ সকল নাড়ীর সহিত সংযুক্ত আছে। ঐ সকল নাড়ী হইতে শরীর কিরণ নিঃসৃত ও তাহা আদিত্য সংযুক্ত হইতেছে। অহরেবৈতদ্রাত্রৌ বিদধাতে সবিতৃ রাত্রিতেও রশ্মি বিতরণ করেন।

দক্ষিণায়ণে মৃত হইলেও উপাসক জ্ঞান ফল প্রাপ্ত হন।

দক্ষিণায়নে মৃত হইলেও জ্ঞান ফল লাভ করেন।

২০ সূঃ অতশ্চায়নেঽপি দক্ষিণে ॥

অতঃ উক্ত হেতুতে দক্ষিণে অয়নে দক্ষিণ অয়নে মৃত হইলেও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানী জ্ঞান ফল লাভ করেন দক্ষিণায়নে মরণ হইলেও জ্ঞানী পূর্ব্বোক্ত কারণে জ্ঞান ফল লাভ করেন ইহা অবধারণ কর। অতএব জ্ঞানী দক্ষিণায়নে ও উর্দ্ধলোকে গমন করেন।

স্মার্ত্তযোগীর কাল মরণানুসারে যোগফল লাভ।

২১ সূঃ যোগিনঃ প্রতি চ স্মর্য্যতে স্মার্ত্তে চৈতে ॥

যোগিনঃ প্রতি যোগীদের প্রতি স্মর্য্যতে স্মৃতিতে আছে। শ্রৌত দহর উপাসকদের কালাপেক্ষা নাই। কালাপেক্ষা "স্মার্ত্তে চ এতে" যোগ সাংখ্য মতে শ্রৌত মতে নহে। প্রোক্ত অনাবৃত্তি ফল দিবা মরণাদি পূর্ব্বক লব্ধ হয় একথা স্মৃতিতে উক্ত হইয়াছে সত্য। পরন্তু সে সকল স্মার্ত্ত যোগীদিগের লক্ষ্য করিয়া অভিহিত। স্মার্ত্তযোগীরা কালমরণানুসারে যোগ ফল লাভ করেন কিন্তু শ্রুত্যুক্ত উপাসনা-পরায়ণরা কাল মরণানুসারে প্রোক্ত ফল লাভ করেন না। তাঁহারা দেহত্যাগ করিয়া সর্ব্বদাই অনাবৃত্তি ফলভাগী হন।

যত্র কালেত্বনাবৃত্তি মাবৃত্তিঞ্চৈব যোগিনঃ
প্রযাতা যান্তি তং কালং বক্ষ্যামি ভরতর্ষভ।

মানব যে কালে মরিলে অনাবৃত্তি ফল লাভ করে এবং যে কালে মরিলে আবৃত্তি ফল লাভ করে সেই কাল তোমাকে বলিতেছি। [যদি কালার্থ গ্রহণ না করিয়া আতিবাহিক দেবতা অর্থ গ্রহণ কর তাহা হইলে শ্রুতি স্মৃতিতে বিরোধ থাকে না।]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় পাদ।

(১) অর্চ্চিরাদি মার্গই ব্রহ্মলোকের মার্গ।

জ্ঞানীর দেবযান পন্থা।

১ সূঃ অর্চ্চিরাদিনা তৎ প্রথিতেঃ ॥

অর্চ্চিরাদিনা অর্চ্চি প্রথম মার্গ পর্ব্ব যাহার, সেই পথ দ্বারা অর্থাৎ দেবযান পথ দ্বারা ব্রহ্মলোক যাত্রীরা যায় কারণ তৎ প্রথিতেঃ কারণ সেই পথই প্রসিদ্ধ। যাহারা ব্রহ্মলোকে গমন করেন তাঁহারা সকলেই অর্চ্চিঃ হইতে অহঃ এবং ক্রমে গমন করেন। তে অর্চ্চিষম-ভিসম্ভবন্ত্যর্চ্চিষোহঃ তাঁহারা প্রথমে অর্চ্চি সম্পন্ন হন পরে অর্চ্চি হইতে দিবস দেবতায় গমন করেন।

(২) সম্বৎসর ও আদিত্য এই দুইএর মধ্যে বায়ু ও দেবলোক।

২ সূঃ বায়ুমব্দাদবিশেষ বিশেষাভ্যাম্ ॥

অব্দাৎ সম্বৎসরের পর বায়ুম্ বায়ুলোকে যায়। অবিশেষ বিশেষা-ভ্যাম্ ইহা সামান্যতঃ ও বিশেষ উপদেশ দ্বারা স্থিরীকৃত হয়। উপাসক সম্বৎসরের পর বায়ুর অধিকারে গমন করেন ইহা সামান্যতঃ ও বিশেষ উপদেশ দ্বারা স্থিরীকৃত হয়। তে অর্চ্চিষমভিসম্ভবন্ত্যর্চ্চিষো-হরহ্ন আপূর্য্যমান পক্ষ আপূর্য্যমান পক্ষাদ্ যান্ যড়ুদঙুেতি মাসাং স্তান্ মাসেভ্য সম্বৎসরং সম্ববৎসরাৎ আদিত্যম্ তাহারা প্রথমে অর্চ্চি প্রাপ্ত হয় অর্চ্চি হইতে দিবস, দিবস হইতে শুক্লপক্ষ, শুক্লপক্ষ হইতে উত্তরায়ণ যাণ্মাসিক উত্তরায়ণ হইতে সংবৎসর সংবৎসর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে আদিত্যে গিয়া সম্ভূত হয়। স বায়ুমাগচ্ছতি। স আদিত্যমাগচ্ছতি এ দেহ ত্যাগ করিয়া বায়ুকে প্রাপ্ত হন তারপর আদিত্যকে প্রাপ্ত হন।

(৩) দেবযান পন্থায় বরুণ লোক।

বিদ্যুতের পর বরুণ লোক।

৩ সূঃ তড়িতোঽধি বরুণঃ সম্বন্ধাৎ ॥

তড়িতঃ বিদ্যুতের অধি উপর বরুণঃ বরুণ লোক। সম্বন্ধাৎ ইহা বিদ্যুতের সহিত বরুণের প্রকট সম্বন্ধ থাকায় নির্নীত হয়। ব্রহ্মলোকগামী বিদ্যুত লোকের পর বরুণ লোক তৎ ক্রমে গমন করেন। ইহা বিদ্যুতের সহিত বরুণের প্রকট সম্বন্ধ থাকায় নির্নীত হয়। আদিত্যাৎ চন্দ্রমসং চন্দ্রমসোবিদ্যুতং আদিত্য হইতে চন্দ্র, চন্দ্র হইতে বিদ্যুৎ লোক।

(৪) অর্চ্চিরাদি আতিবাহিক দেবতা।

আতিবাহিকী দেবতা।

৪ সূঃ আতিবাহিকস্তল্লিঙ্গাৎ ॥

আতিবাহিকঃ অর্চ্চিরাদি আতিবাহিক দেবতা তল্লিঙ্গাৎ কারণ যাত্রীদের প্রাপকত্ব চিহ্ন দ্বারা জানা যায়। ব্রহ্ম গমনের যে দেবযান পথ শ্রুতিতে উক্ত হইয়াছে এবং অর্চ্চি অহ শুক্ল পক্ষ উত্তরায়ণ ইত্যাদি পথপর্ব্ব কথিত হইয়াছে, উহারা কি? উহারা কি চিহ্ন? না ভোগ স্থান? না উহারা জীবের বাহক? উহারা আতিবাহিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবতা। আতিবাহিক দেবতার অনেক চিহ্ন ঐ সকলে বিদ্যমান আছে। অর্চ্চিরাদি মার্গ নহে বা ভোগভূমি নহে।

আতিবাহিকী দেবতারা চেতন।

৫ সূঃ উভয় ব্যামোহাৎ তৎ সিদ্ধেঃ ॥

উভয় ব্যামোহাৎ মার্গ অচেতন, যে গন্তা সেও মূর্চ্ছিত অতএব ঊর্দ্ধগতি হইতে পারে না? তৎ সিদ্ধেঃ অতএব অপর চেতন বাহক নীত হয় এই ন্যায় লৌকিক। এই ন্যায়ের অনুগ্রহে পূর্ব্বোক্ত বাহকত্ব ও বাহকের চেতনত্ব অকাট্য হইতে পারে। অর্চ্চিপথ অচেতন। যে যাইতেছে সে ও মূর্চ্ছিত। ঊর্দ্ধগমন কিরূপে সম্ভব? সুতরাং কোন চেতন তাহাকে লইয়া যাওয়াই সঙ্গত।

বিদ্যুৎ লোকে যাইলে অমানব পুরুষরা সাহায্য করে।

৬ সূঃ বৈদ্যুতেনৈব ততঃ তচ্ছ্রুতেঃ ॥

"ততঃ" তদনন্তর বিদ্যুতে অভি সম্ভূত হইলে "বৈদ্যুতেন" বিদ্যুৎ লোকে আগত অমানব পুরুষ কর্ত্তৃক বিদ্যুৎ হইতে বরুণ লোকে নীয়মান হয়। তচ্ছ্রুতেঃ শ্রুতি বলিয়াছেন অমানব পুরুষ নেতা বরুণাদি নেতা নহে। বিদ্যুতে অভিসম্ভূত হইলে ব্রহ্মলোকবাসী অমানব পুরুষ তাহাকে বরুণ লোকে বহন করে তারপর ব্রহ্মলোকে লইয়া যায়। বরুণ প্রভৃতি লইয়া যায় না, তাহারা অমানব পুরুষের সাহায্য করে। শ্রুতি বলিয়াছেন অমানব পুরুষরা নেতা। তান্ বৈদ্যুতান্ পুরুষোঽমানবঃ স এতান্ ব্রহ্মলোকং গময়তি বিদ্যুৎ লোকে সমাগত সেই সকল পথিকদিগকে অমানব পুরুষ লইয়া যায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৫) উত্তর মার্গে কার্য্যব্রহ্ম বা অপরব্রহ্ম প্রাপ্তি।

অমানব পুরুষ সগুণ ব্রহ্মের নিকট লইয়া যায়।

৭ সূঃ কার্য্যং বাদরি রস্য গত্যুপপত্তেঃ ॥

বাদরিঃ বদরি বলেন কার্য্যং অমানব পুরুষরা বিকারধর্ম্মযুক্ত অপরব্রহ্ম হিরণ্যগর্ভকেই প্রাপ্ত করান। অস্য কার্য্য ব্রহ্মের গতি উপপত্তি "প্রাপ্তি" "লাভন" "গন্তব্য" উপপন্ন হয়। অমানব পুরুষ ব্রহ্ম প্রাপ্ত করায় এই ব্রহ্ম নির্গুণ ব্রহ্ম নহে, কিন্তু সগুণ ব্রহ্ম। সগুণ ব্রহ্মেই গতি শ্রুতি সঙ্গতার্থ হয়।

পরব্রহ্ম গন্তব্য নহে।

৮ সূঃ বিশেষিতত্বাচ্চ ॥

বিশেষিতত্বাৎ লোক শব্দের বহু বচন এবং আধারার্থক সপ্তমী বিভক্তি দ্বারা বিশেষিত হওয়ায় স্পষ্ট প্রতীত হয় দেবযান পথের পথিক-দিগের গন্তব্য বিকার বিশিষ্ট হিরণ্যগর্ভ। ব্রহ্মলোকান্ গময়তি তে তেষু ব্রহ্মলোকেষু পরাঃ পরাবতো বসন্তি ব্রহ্মলোক প্রাপ্ত করায়। তাহারা সেই ব্রহ্মলোকে দীর্ঘকাল ব্রহ্মার আয়ু পরিমিত কাল বাস করে। দেবযান পথের পথিকদের গন্তব্য অপর ব্রহ্ম পরব্রহ্ম নহে। সে কারণ তিনি প্রাপ্তব্য গন্তব্য নহেন। অসীম পদার্থ সদা সর্ব্বদাই প্রাপ্ত আছেন।

উত্তর মার্গ বা দেবযান।

যাঁহারা পুণ্যশীল তাঁহারা উত্তর মার্গ বা দেবযান অথবা দক্ষিণ মার্গ বা পিতৃযান এই মার্গ দ্বয়ের কোন একটী মার্গ দ্বারা পরলোকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গমন করিয়া পুণ্যানুরূপ ফলভোগ করেন। ফলভোগের অন্তে পুনর্ব্বার ইহলোকে আগমন করেন। ছান্দোগ্য, কৌষীতকি, বাজসনেয় শ্রুতিতে বর্ণিত দেবযান পথ বেদান্ত দর্শনানুমত হইয়া হইতেছে প্রথম অর্চ্চিঃ অর্চ্চিঃ হইতে অহঃ, অহঃ হইতে শুক্লপক শুক্লপক্ষ হইতে উত্তরায়ণ উত্তরায়ণ হইতে সংবৎসর। সংবৎসর হইতে দেবলোক। দেবলোক হইতে বায়ু বায়ু হইতে আদিত্য। আদিত্য হইতে চন্দ্র, চন্দ্র হইতে বিদ্যুৎ, বিদ্যুৎ হইতে বরুণ, বরুণ হইতে ইন্দ্র এবং ইন্দ্র হইতে প্রজাপতিকে প্রাপ্ত হইয়া উপাসক পরে ব্রহ্মলোক প্রাপ্ত হয়। অর্চ্চিরাদি শব্দের অর্থ অর্চ্চিরাদি অভিমানিনী দেবতা। দেবযানগামী জীব বিদ্যুদ্দেবতাকে প্রাপ্ত হইলে ব্রহ্মলোক হইতে কোন অমানব পুরুষ উপস্থিত হইয়া উত্তরমার্গগামী জীবকে সত্যলোকে লইয়া যায় এবং কার্য্যব্রহ্মকে প্রাপ্ত করাইয়া দেয়।

দক্ষিণ মার্গ বা পিতৃযান।

যাহারা গ্রামে ইষ্টা পূর্ত্ত ও দান করে অর্থাৎ যাহারা কেবল কর্ম্মানুষ্ঠান তৎপর,তাহারা মৃত হইলে প্রথমতঃ ধূমাভিমানিনী দেবতাকে প্রাপ্ত হয়। ধূম দেবতা হইতে রাত্রি দেবতা, রাত্রি দেবতা হইতে কৃষ্ণ-পক্ষ দেবতা, কৃষ্ণপক্ষ দেবতা হইতে দক্ষিণায়ন দেবতা, দক্ষিণায়ন দেবতা হইতে পিতৃলোকদেবতা, পিতৃলোক হইতে আকাশ, এবং আকাশ হইতে চন্দ্রমাকে প্রাপ্ত হয়। এ স্থলে বুঝিতে হইবে মৃত জীবকে ধূম দেবতা রাত্রিদেবতার নিকট লইয়া যায়। রাত্রিদেবতা কৃষ্ণপক্ষ দেবতার নিকট লইয়া যায় ইত্যাদি। শেষে আকাশ দেবতা তাহাকে চন্দ্র মণ্ডলে উপস্থিত করে। চন্দ্রমণ্ডলে তাহার ভোগোপযোগী জলময় দেহ নির্ম্মিত হয়। যদিও ইষ্টাপূর্ত্তকারী চন্দ্র মণ্ডলে উপস্থিত হইয়া দেবতাদিগের উপকরণ ভাব প্রাপ্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়, তথাপি পুরুষের উপকরণ ভাব প্রাপ্ত স্ত্রী পশ্বাদির যেমন ভোগ আছে, সেইরূপ দেবতাদের উপকরণ ভাব প্রাপ্ত ইষ্টাপূর্ত্তকারীরও পৃথক ভোগ আছে।

অবরোহ :

যে পুণ্যকর্ম্মের ফলভোগের জন্য জীব চন্দ্রলোকে গমন করে, ফলের উপভোগ দ্বারা সেই কর্ম্ম ক্ষয় প্রাপ্ত হইলে, জীবের ক্ষণকালও চন্দ্রলোকে অবস্থিতি হইতে পারে না। তখন জীব পুনর্ব্বার ইহলোকে আগমন করিয়া জন্ম পরিগ্রহ করে। ইহলোকের আগমনের প্রণালী এইরূপ। চন্দ্রমণ্ডলে উপভোগ নিমিত্ত কর্ম্মের ক্ষয় হইলে ঘৃতকাঠিন্যের বিলয়ের ন্যায় তাহার চন্দ্রলোকীয় শরীরারম্ভক জল বিলীন হইয়া আকাশে আগত হয়, সেই জলের সহিত জীবও আকাশে আগমন করে। আকাশের ন্যায় সূক্ষ্মাবস্থাপ্রাপ্ত বা আকাশভূত জীব ঐ জলের সহিত বায়ুকে প্রাপ্ত হয়। বায়ু দ্বারা ইতস্ততঃ চাল্যমান হইয়া শরীরারম্ভক জলের সহিত জীব বায়ুভাব প্রাপ্ত হইয়া ক্রমে ধূমভাব বা বাষ্পভাবাপন্ন হয়। ধূম হইয়া অভ্রভাবাপন্ন হয়। অভ্রভাবাপন্ন হইয়া মেঘভাবাপন্ন বা বর্ষণ যোগ্যতাপন্ন মেঘভাব প্রাপ্ত হয়। উন্নত প্রদেশে মেঘ হইতে বারিধারা পতিত হয়, বর্ষধারার সহিত পৃথিবী সমাগত জীব ওষধি বনস্পতি ব্রীহি যব তিল মাষ ইত্যাদি নানারূপাপন্ন হয়। বর্ষধারার সহিত পৃথিবী পতিত জীব পর্ব্বততট দুর্গমস্থান নদী সমুদ্র অরণ্য মরুদেশাদিতে সন্নিবিষ্ট হয়। অনুশয়ী বা কর্ম্মশেষবান জীব অতি দুঃখে তাহা হইতে নিঃসৃত হয়। অর্থাৎ বর্ষাদিভাব হইতে তাহার নিঃসরণ বিশেষ কষ্টসাধ্য। কেননা বর্ষধারার সহিত পর্ব্বত তটে নিপতিত জীব জলস্রোত দ্বারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উহ্যমান হইয়া নদীতে পতিত হয়। নদীদ্বারা উহ্যমান হইয়া সমুদ্রগত হয়। সমুদ্রগত হইয়া পীত জলের সহিত মকরাদির কুক্ষিগত হয়। এবং মকরাদি অন্য জলচর জন্তু কর্ত্তৃক ভক্ষিত হইলে তৎসহ তাহার কুক্ষিগত হইয়া থাকে। কালক্রমে মকরাদি জন্তুর সহিত সমুদ্রে বিলীন হইয়া জলভাবাপন্ন হয়। ঐ অবস্থায় সমুদ্রজলের সহিত জলধর কর্ত্তৃক আকৃষ্ট হইয়া পুনর্ব্বার বর্ষধারার সহিত মরুদেশে শিলাতটে বা অগম্য প্রদেশে পতিত হইয়া অবস্থিত হয়। কদাচিৎ ব্যাল মৃগাদি কর্ত্তৃক নিপীত ব্যাল মৃগাদি অন্যকর্ত্তৃক ভক্ষিত তাহারা আবার অপর জন্তু কর্ত্তৃক ভক্ষিত হয়। কখনও বা অভ্যক্ষ স্থাবররূপে জাত হইয়া সেইখানেই শুষ্ক হইয়া যায়। ইত্যাদিরূপে অনুশয়ীর যে কত রূপ পরিবর্ত্তন হয় তাহা বলিতে পারা যায় না। ভক্ষ্যস্থাবররূপে বা ব্রীহিযবাদি রূপে জাত হইলেও শরীরান্তর লাভ সহজ হয় না। কেননা ঊর্দ্ধরেতা, বালক, বৃদ্ধ বা ক্লীবাদি কর্ত্তৃক ভক্ষিত ব্রীহিযবাদির সহিত অনুশয়ী তাহাদের কুক্ষিগত হইলেও মলাদির সহিত নির্গত হইয়া তাহা মৃত্তিকারূপে পরিণত হইয়া কালে আবার ব্রীহিযবাদি ভাবাপন্ন হয়। কাকতালীয় ন্যায়ে রেতঃসেককারী কর্ত্তৃক ভক্ষিত হইয়া রেতের সহিত স্ত্রীর গর্ভাশয়ে প্রবিষ্ট হয় এবং রেতঃ সেক কর্ত্তার আকার ধারণ করে।

পাপ কার্য্যং।

যাহারা অনিষ্টকারী তাহারা চন্দ্রমণ্ডলে গমন করে না। তাহারা যমালয়ে গমন করিয়া নিজ কর্ম্মের অনুরূপে যমনির্দ্দিষ্ট যাতনা অনুভব করিয়া জন্মগ্রহণের জন্য ইহলোকে আগমন করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিদ্যাকর্ম্ম শূন্য।

যাহারা বিদ্যাকর্ম্মশূন্য তাহাদের লোকান্তরে গতি বা লোকান্তর হইতে আগতি হয় না। ক্ষুদ্র ক্ষুদ্র কীট পতঙ্গাদি ইহলোকেই পুনঃপুনঃ জন্মমরণ প্রাপ্ত হয়।

হিরণ্যগর্ভে ব্রহ্ম প্রয়োগ।

৯ সূঃ সামীপ্যাৎ তু তদ্‌ব্যপদেশঃ ॥

"তু" শঙ্কা ব্যাবৃত্তক। সামীপ্যাৎ অপর ব্রহ্ম অর্থাৎ হিরণ্যগর্ভ পরব্রহ্মের অতি সন্নিহিত। তদ্‌ব্যপদেশঃ সেই কারণে লক্ষণাশক্তি দ্বারা তাঁহাতে ব্রহ্মশব্দের ব্যপদেশ অর্থাৎ হিরণ্যগর্ভে ব্রহ্ম শব্দের প্রয়োগ সাধু বলিয়া গণ্য হয়। কার্য্যব্রহ্মের ব্রহ্ম সামীপ্য হেতু ব্রহ্ম অভিহিত হইয়াছেন।

কার্য্যব্রহ্মের অবসানে ব্রহ্মলোকবাসীদের মুক্তি।

১০ সূঃ কার্য্যাত্যয়ে তদধ্যক্ষেণ সহাতঃ পরমভিধানাৎ ॥

কার্য্যাত্যয়ে কার্য্যব্রহ্মের অবসানকালে মহাপ্রলয়ে কল্পাবসানে "তদধ্যক্ষেণ" হিরণ্যগর্ভসহ কার্য্যব্রহ্মের সহিত অতঃ তল্লোকবাসী ব্রহ্মজ্ঞান লাভ করিয়া পরং শুদ্ধ ব্রহ্ম প্রাপ্ত হন অর্থাৎ মুক্ত হন। অভিধানাৎ অনাবৃত্তি শ্রুতি অভিধান হেতু ইহা স্বীকার্য্য।

স্মৃতিতেও আছে গন্তব্য ব্রহ্ম হিরণ্যগর্ভ।

১১ সূঃ স্মৃতেশ্চ ॥

স্মৃতেঃ দেবযান পথের পথিকদের গন্তব্য ব্রহ্ম যে সগুণ ব্রহ্ম তাহা স্মৃতিতে কথিত আছে। পুরাণেও আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মণা সহতে সর্ব্বে সম্প্রাপ্তে প্রতি সঞ্চরে
পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদম্ ॥

ব্রহ্মার আয়ু পরিসমাপ্ত হইলে সমষ্টি লিঙ্গশরীর অভিমানী হিরণ্যগর্ভের অন্ত অবসান হয়। সেই বিকারী ব্রহ্মের সহিত লব্ধব্রহ্মজ্ঞান সমুদায় তল্লোকবাসী বিষ্ণুর পরমপদ প্রবেশ করে মুক্ত হয়।

জৈমিনির মতে ব্রহ্ম মানে পরব্রহ্ম।

১২ সূঃ পরং জৈমিনি র্মুখ্যত্বাৎ ॥

জৈমিনিঃ জৈমিনি বলেন অমানব পুরুষ দেবযান প্রস্থিত উপাসকদিগকে পরং পরব্রহ্ম প্রাপ্ত করান। মুখ্যত্বাৎ ব্রহ্ম বলিলেই পরব্রহ্ম বুঝায়। পরব্রহ্মই ব্রহ্ম শব্দের মুখ্য অর্থ। স এতান্ ব্রহ্মাগময়তি অমানব পুরুষ ব্রহ্ম পাওয়াইয়া দেয়।

পরব্রহ্ম ব্যতীত কার্য্যব্রহ্মে অমরত্ব হয় না।

১৩ সূঃ দর্শনাচ্চ ॥

দর্শনাৎ শ্রুতি অমৃতত্ত্বমেতি অমরত্ব প্রাপ্ত হয় এই কথা বলিয়া ঐ অর্থের গ্রাহ্যতা দেখাইয়াছেন। পরব্রহ্ম ব্যতীত কার্য্যব্রহ্মে অমরত্ব উপপন্ন হয় না। এ জন্য কার্য্যব্রহ্ম অসঙ্গত। অন্যত্র ধর্ম্মাৎ অন্যত্র অধর্ম্মাৎ যাহা ধর্ম্মের অন্য অধর্ম্মের অন্য।

কার্য্য ব্রহ্ম প্রাপ্তি সাধকের অভিসন্ধি নহে।

১৪ সূঃ ন চ কার্য্যে প্রতিপত্ত্যভিসন্ধিঃ ॥

প্রতিপত্তি অভিসন্ধিঃ মরণ কালে উপাসকের ব্রহ্ম প্রাপ্তি সংকল্প

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"ন কার্য্যে" কার্য্য ব্রহ্মে হইতে পারে না। আমি প্রজাপতি সভাগৃহে যাইতেছি এই জ্ঞান বা অভিসন্ধি কার্য্যব্রহ্ম বিষয়ক নহে। পরব্রহ্ম বিষয়ে ঐ অনুসন্ধান শ্রুত হইয়াছে। প্রজাপতেঃ সভাংবেশ্ম প্রপদ্যে আমি প্রজাপতির সভাগৃহ প্রাপ্ত হইলাম। ন তস্য প্রতিমাস্তি যস্য নাম মহদ্যশঃ যাহার অন্য নাম মহদ্যশঃ তাহার তুলনা নাই। যিনি উপাসনার্থ নামরূপ বিশেষিত তিনি কার্য্যব্রহ্ম। কার্য্যব্রহ্ম প্রাপ্তি সাধকের অভিসন্ধি নহে।

(৬) প্রতীকোপাসক ব্রহ্মলোক পান না।

প্রতীকোপাসক ব্যতীত অপর উপাসককে অমানব পুরুষ লইয়া যায়।

১৫ সূঃ অপ্রতীকা লম্বনান্নয়তীতি বাদরায়ণ উভয়থাঽদোষাৎ তৎক্রতুশ্চ ॥

অপ্রতীকা লম্বনান্ নয়তি অমানব পুরুষ প্রতীক উপাসক ব্যতীত অপর উপাসকদিগকে ব্রহ্মলোকে লইয়া যান ইতি, বাদরায়ণ বাদরায়ণের ইহাই মত। "উভয়থা অদোষাৎ" পূর্ব্বে বলা হইয়াছে সর্ব্ব উপাসককে অমানব পুরুষ ব্রহ্মলোকে লইয়া যান, এখানে বলা হইল প্রতীকোপাসককে লইয়া যান না। সর্ব্বোপাসক অর্থ প্রতীকোপাসক ব্যতীত সর্ব্বোপাসক এই অর্থ করিলে অবিরুদ্ধ হয়, তৎক্রতুঃ যে যাহা চায় সে তাহা পায় এই ন্যায় মূলক সুতরাং অপ্রমাণ নহে। উপাসককে অমানব পুরুষ লইয়া যান। আবার বাদরায়ণ বলেন প্রতীকোপাসক ব্যতীত অন্যান্য উপাসককে অমানব পুরুষ ব্রহ্মলোকে লইয়া যান। প্রতীকোপাসকের প্রতীকভাবই প্রধান। যাঁহারা ব্রহ্মক্রতু তাঁহারা ব্যতীত অন্যে ব্রহ্ম প্রাপ্ত হন না। যিনি যেরূপ ভজনা করেন ভগবান তাহাকে সেইরূপ ভজনা করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ব্বে অনিয়মের কথা বলা হইয়াছে। এখন আবার নিয়ম করা হইল? সেখানে সর্ব্বোপাসক প্রতীকোপাসক ব্যতীত অন্য উপাসককে অমানব পুরুষ লইয়া যায়, এই অর্থ করিলে কোন বিরোধ হইবে না। তং যথা যথো পাসতে তদেব ভবতি তাঁহাকে যে যেভাবে ভাবে, তাহার নিকট তিনি সেইরূপ হয়েন।

প্রতীকধ্যায়ীদের ব্রহ্মগতি হয় না।

১৬ সূঃ বিশেষঞ্চ দর্শয়তি ॥

বিশেষং প্রতীক তারতম্য হেতু ফল তারতম্য হয় দর্শয়তি শ্রুতি দ্বারা ইহা জানা যায়। যাবন্নাম্নোগতং তত্রাস্য যথাকামচারো ভবতি নামধ্যাতা নামত্ব পায় তাহার কামচারতা জন্মে। বাগ্‌বাব নাম্নো ভূয়সা নামধ্যাতা অপেক্ষা বাক্যধ্যাতা অধিকতর ফল লাভ করেন। মনো বাব বাচো ভূয়ঃ বাক্যধ্যাতা অপেক্ষা মনধ্যাতা অধিকতর ফল লাভ করেন। শ্রুতি বলিয়াছেন প্রতীক অনুসারে ফলবিশেষ হইয়া থাকে। তাহাতে বুঝা যায় প্রতীকধ্যায়ীদের ব্রহ্মগতি হয় না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ পাদ ।

(১) মুক্তি বিচার ।

মুক্তের ব্রহ্মপ্রাপ্তি ।

১ সূঃ সম্পাদ্যাবির্ভাবঃ স্বেন শব্দাৎ ॥

সম্প্রসাদ সুষুপ্ত জীব ও মুক্তাত্মা এখানে মুক্তাত্মা স্বেন শব্দাৎ আবির্ভাবঃ প্রাপ্তি জ্ঞানী ব্রহ্মময় হন স্বীয় রূপ অর্থাৎ মোক্ষ। মুক্তি আবির্ভাব হয় উৎপত্তি হয় না। মুক্তি প্রাপ্ত আত্মা স্বীয় রূপে অভিনিষ্পন্ন হন। মোক্ষ হইলে আত্মা কি কোন বিশেষ ধর্ম্মবিশিষ্ট হন ? কি নির্ধর্ম্মক কেবল অবস্থায় অবস্থান করেন। সিদ্ধান্ত শ্রুতি স্বীয়রূপেন বিশেষণ দেওয়ায় বুঝাইতেছে আত্মা তখন সর্ব্বপ্রকার বিশেষ বর্জ্জিত কেবলাদ্বয়রূপে অভিনিষ্পন্ন হন। এবমেবৈষ সংপ্রসাদো স্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতি রূপসম্পদ্য স্বেন রূপেন অভিনিষ্পদ্যতে। আত্মা এই শরীরের অভিমান ত্যাগ করিয়া পরমজ্যোতিতে সম্পন্ন হন অর্থাৎ ব্রহ্মভাব প্রাপ্ত হন, হইয়া স্বরূপে অভিনিষ্পন্ন হন।

জ্ঞানী অজ্ঞানান্ধ ছিলেন জ্ঞান সম্পন্ন হয়েন।

২ সূঃ মুক্তঃ প্রতিজ্ঞানাৎ ॥

মুক্তঃ তিনি স্বরূপে অভিনিষ্পন্ন হন তিনি মুক্ত ইহা প্রতিজ্ঞানাৎ শ্রুতির প্রতিজ্ঞা বাক্যে অবধারিত হয়। মোক্ষে নূতন কিছু হয় না। যিনি পূর্ব্বে বদ্ধ ছিলেন তিনি জ্ঞান সম্পন্ন হন। অশরীরং বাব সন্তং ন প্রিয়া প্রিয়ে স্পর্শতঃ শরীর ধর্ম্ম বর্জ্জিত হইলে তাঁহাকে প্রিয় অপ্রিয় সুখ দুঃখ স্পর্শ করে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্যোতি পরমাত্মা।

৩ সূঃ আত্মা প্রকরণাৎ ॥

জ্যোতি শব্দের অর্থ পরমাত্মা তেজোভূত পদার্থ নহে। প্রকরণাৎ ইহা প্রকরণে জানা যায়। পরং জ্যোতি রূপ সম্পদ্য জ্যোতিসম্পন্ন হন। কারণ ঐ কথা পরমাত্মার প্রস্তাবে অভিহিত।

(২) মুক্ত ব্যক্তি ব্রহ্ম হইতে ভিন্ন নহে।

মুক্ত পরমাত্মায় একীভূত হয়েন।

৪ সূঃ অবিভাগেন দৃষ্টত্বাৎ ॥

অবিভাগেন দৃষ্টত্বাৎ মুক্ত হইলে আত্মা পরমাত্মা একীভূত হয়। ইহা শ্রুতিবাক্য দ্বারা জানা যায়। মুক্ত ব্যক্তি ব্রহ্মে অবিভক্ত রূপে একীভূত হয়। তত্ত্বমসি তুমিই সেই।

(৩) মুক্তগণ সশরীর ও অশরীর হইতে পারেন।

মুক্ত ব্রাহ্ম হয়েন।

৫ সূঃ ব্রাহ্মেণ জৈমিনি রুপন্যাসাদিভ্যঃ ॥

জৈমিনিঃ জৈমিনি বলেন শ্রুতির উপন্যাসাদিভ্যঃ শব্দবিন্যাস অর্থাৎ বিধানার্থ ধর্ম্মবিশেষের উল্লেখ ও বিধি দ্বারা জানা যায় মুক্তরা ব্রাহ্মেণ ব্রাহ্মরূপে অভিনিষ্পন্ন হন। ব্রাহ্ম অর্থাৎ নিষ্পাপ সর্ব্বজ্ঞ প্রভৃতি। স তত্র পর্য্যেতি জক্ষণ্ ক্রীড়ন্ রমমাণঃ তিনি সেই কালে পরিক্রম করেন ক্রীড়া করেন ভোগ করেন রমমাণ থাকেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুক্ত চিন্মাত্র হয়েন।

৬ সূঃ চিতি তন্মাত্রেণ তদাত্মকত্বাদিত্যৌড়ুলোমিঃ ॥

ঔড়ুলোমি ঔড়ুলোমির মতে চিতিঃ চৈতন্য কেবল চৈতন্যই আত্মার স্বরূপ। তদাত্মকত্বাৎ আত্মা যখন কেবল চৈতন্যাত্মক তন্মাত্রেণ তখন বুঝা উচিত মুক্তিতে আত্মা চৈতন্যমাত্রে অভিনিষ্পন্ন হয়েন। মুক্ত চৈতন্য মাত্র হয়েন। তিনি ঐশ্বর্য্য স্বীকার করেন না। সত্যসংকল্পত্ব সর্ব্বজ্ঞত্ব সর্ব্বেশ্বরত্ব এ সব ধর্ম্ম থাকে না।

ব্রহ্মের পারমার্থিক রূপ ও ব্যবহারিক রূপে বিরোধ নাই।

৭ সূঃ এবমপ্যুপন্যাসাৎ পূর্ব্বভাবাদবিরোধং বাদরায়ণঃ ॥

এবম্ অপি আত্মা অসঙ্গ চিদেকরস চৈতন্যমাত্র স্বরূপ স্বীকার করিলেও বাদরায়ণঃ বাদরায়ণের মতে উপন্যাসাৎ শাস্ত্রসমর্পিত ঈশ্বররূপ পূর্ব্বভাবাৎ ব্যবহারতঃ অবিরোধং অপ্রত্যাখ্যেয়। যাহা পারমার্থিক রূপ তাহার সহিত ব্যাবহারিক রূপের বিরোধ কি? বাদরায়ণ মুনি বলেন বিরোধ নাই।

(৪) মুক্তগণের সংকল্প মাত্র ভোগ্য বস্তু সৃষ্টি।

পিতৃগণ সংকল্পমাত্রে আবির্ভূত হয়েন।

৮ সূঃ সঙ্কল্পাদেব তু তচ্ছ্রুতেঃ ॥

"তু" ব্যাবর্ত্তক। সঙ্কল্পাৎ এব তৎ সংকল্পমাত্র ব্রহ্মলোকে উপাসকের ভোগ সিদ্ধ হয় শ্রুতেঃ শ্রুতি দ্বারা ইহা জানা যায়। স যদি পিতৃলোক-কামো ভবতি সঙ্কাল্পাদেবাস্য পিতরঃ সমুপতিষ্ঠন্তি উপাসক যদি পিতৃলোক কামী হন পিতৃগণ তাঁহার সংকল্পমাত্রে সমুত্থিত হয়েন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুক্ত অধিপতি।

৯ সূঃ অতএব চানন্যাধিপতিঃ ॥

অতএব যেহেতু মুক্ত পুরুষ অবন্ধ্যসঙ্কল্প অমোঘ অব্যর্থেচ্ছ সেহেতু তাহারা অনন্যাধিপতিঃ তাহারা সকল বিষয়ে স্বাধীন। মুক্তগণ স্বাধীন তাহাদের অধিপতি নাই।

(৫) শরীর ধারণ করা বা না করা মুক্তের ইচ্ছাধীন।

মুক্তের মন থাকে শরীর ইন্দ্রিয় থাকে না।

১০ সূঃ অভাবং বাদরিরাহ হ্যেবম্ ॥

বাদরিঃ আহ বাদরি বলেন অভাবং বিদ্বান পুরুষের শরীর ইন্দ্রিয় নাই হি এবং মন থাকা স্বীকার করেন। শরীর ইন্দ্রিয় থাকে না বটে কিন্তু মন থাকে। মনসৈতান্ কামান্ পশ্যন্ রমতে ব্রহ্মলোকে। ব্রহ্মলোকে মনের দ্বারা সেই সেই অভিলষিত অনুভব করত রমমান হয়েন।

শরীর ইন্দ্রিয় উভয়ই থাকে।

১১ সূঃ ভাবং জৈমিনি র্বিকল্পামননাৎ ॥

জৈমিনিঃ জৈমিনি বলেন বিকল্পামননাৎ শ্রুতির বিকল্প অনেকধাভাব কথন দৃষ্টে স্থির হয় যে মুক্তদের মনের ন্যায় ভাবং শরীর ও ইন্দ্রিয় উভয়ই বিদ্যমান থাকে। স একধা ভবতি ত্রিধা ভবতি মুক্ত পুরুষ কখন এক প্রকার কখন অন্য প্রকার হয়েন।

শরীর থাকে ও থাকে না।

১২ সূঃ দ্বাদশাহবদুভয়বিধং বাদরায়ণোঽতঃ ॥

অতঃ তজ্জন্য বাদরায়ণঃ বাদরায়ণ বলেন দ্বাদশাহবৎ দ্বাদশাহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন্যায় উভয়বিধম্ উভয় প্রকারই সঙ্গত। বাদরায়ণ বলেন সশরীর অশরীর উভয় বোধিকা শ্রুতি থাকায় উভয় প্রকার হওয়াই সঙ্গত। যেমন দ্বাদশাহ দ্বাদশদিন ব্যাপী এক শ্রুতি অনুসারে সত্র অন্য শ্রুতি অনুসারে অহীন, তেমনি মুক্ত পুরুষ সশীরর ও অশরীর ইচ্ছানুসারে কখন সশরীর কখন অশরীর।

স্বপ্ন কামনার ন্যায়।

১৩ সূঃ তন্বভাবে সন্ধ্যবদুপপত্তেঃ ॥

তনু অভাবে যখন অশরীর তখন সন্ধ্যবৎ তাহার কামনা স্বপ্ন কামনার সদৃশ। শরীর ইন্দ্রিয় বিষয় থাকে না অথচ স্বপ্নে বিষয়োপলব্ধি হয়। এই দৃষ্টান্তে উপপত্তেঃ অশরীর কালের কাম্য কামনা উপপন্ন হইতে পারে।

সশরীর কালে জাগ্রতের ন্যায় দেখেন।

১৪ সূঃ ভাবে জাগ্রদ্‌বৎ ॥

ভাবে সশরীরকালে জাগ্রদ্বৎ জাগ্রৎ অবস্থার ন্যায় বিদ্যমান কাম্য কামনা করেন অর্থৎ তখন পরিপুষ্টে ভোগ হয়। মুক্তগণ সংকল্পমাত্রে জাগ্রৎ অবস্থার মত সশরীর পিত্রাদিকে বিদ্যমান স্বরূপ দর্শন করিয়া থাকেন।

(৬) মুক্তদেহ-আত্মা সমন্বিত।

অনেক শরীর গ্রহণ

১৫ সূঃ প্রদীপবদা বেশ স্তথাহি দর্শয়তি ॥

অবিশেষ ঐশ্বর্য্যপ্রাপ্ত মুক্তপুরুষ অনেক প্রকার হন। অনেক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরীর গ্রহণ ব্যতীত অনেক প্রকার হয় না, কাজেই অনেক শরীর স্বীকার্য্য। প্রদীপবৎ সেই সকল শরীরে প্রদীপের ন্যায় লিঙ্গশরীরের (মন ইন্দ্রিয় প্রভৃতির) প্রবেশ হইয়া থাকে। দর্শয়তি শাস্ত্রের ইহা দেখা যায় স একধা ভবতি ত্রিধা ভবতি পঞ্চধা সপ্তধা ভবতি তিনি এক প্রকার তিন প্রকার পাঁচ প্রকার সাত প্রকার হন।

মুক্তের ঐশ্বর্য্য অবিরুদ্ধ।

১৬ সূঃ স্বাপ্যয় সম্পত্ত্যোরন্যতরা পেক্ষ মাবিষ্কৃতম্‌হি॥

স্বাপ্যয় সম্পত্ত্যোঃ সুষুপ্তি ও মোক্ষের অন্যতরা পেক্ষম ভিন্ন ভিন্ন বিষয় হেতু আবিষ্কৃতম্ সেই সেই স্থানে আবিষ্কৃত হইয়াছে। ঈশ্বর সাযুজ্যপ্রাপ্ত মুক্ত পুরুষ বহু শরীর সৃজন করিয়া ভোগ করেন এ সিদ্ধান্ত কি দিয়া কি দেখিবে, দ্বিতীয় থাকে না, এ সকল শ্রুতির বিরোধী নহে। ঐ সকল শ্রুতি সুষুপ্তি ও কৈবল্য দুই অবস্থা লক্ষ্য করিয়া অভিহিত। এ রহস্য সেই সেই স্থলে আবিষ্কৃত আছে। ঐ সকল বাক্য সুষুপ্ত্যাদি প্রকরণে পঠিত বলিয়া সুষুপ্ত্যাদি অবস্থার বোধক। ঐশ্বর্য্য বাক্যের বিষয় ঐ সকল বাক্যের বিষয় হইতে ভিন্ন। বিষয় ভিন্ন সেহেতু বিরোধ নাই।

(৭) জগৎ সৃষ্টি বিষয়ে ক্ষমতা নাই।

জগৎ সৃষ্টি ক্ষমতা নাই।

১৭ সূঃ জগদ্‌ ব্যাপার বর্জ্জং প্রকরণাদ সন্নিহিতত্বাচ্চ।

প্রকরণাৎ প্রকরণে জানা যায় জগদ্‌ ব্যাপার বর্জ্জং যদিচ জগৎ সৃষ্টি করিতে পারেন না তথাপি মুক্তগণের ঐশ্বর্য্য নিরঙ্কুশ। মুক্তপুরুষরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সগুণ ব্রহ্ম বিদ্যার বলে সৃজন শক্তি ব্যতীত অন্যান্য ঐশ্বর্য্য অর্থাৎ অণিমাদি অষ্ট ঐশ্বর্য্য লাভ করিয়া থাকেন। জগদ্ ব্যাপার সৃষ্টি করা সাক্ষাৎ ঈশ্বরের কার্য্য, সে কার্য্যে জীব অনধিকৃত, ইহা শাস্ত্রাভিপ্রায়ে জানা যায়। অসন্নিহিতত্বাৎ জীবের অধিকার নাই এবং অসন্নিহিত কারণ জীব অর্ব্বাচীন, প্রথমে সৃষ্টি তার পর জীবের মুক্তি। জীব জগৎ সৃষ্টির অনেক দূরে অবস্থিত, অনেক পরে উৎপন্ন। তাহারা সৃষ্টি ব্যাপার দেখে নাই।

ঐশ্বর্য্য নিরঙ্কুশ নহে।

১৮ সূঃ প্রত্যক্ষোপদেশাদিতি চেন্নাধিকারিক মণ্ডলস্থোক্তেঃ॥

প্রত্যক্ষোপ দেশাৎ আপ্নোতি স্বারাজ্যং স্বর্গের রাজত্ব পায় এই প্রত্যক্ষ উপদেশ নিরঙ্কুশ ঐশ্বর্য্যের বোধক বাক্য থাকায় ইতি চেৎন নিরঙ্কুশ ঐশ্বর্য্য বলিতে পার না, কারণ ঐ স্থানেই আধিকারিক মণ্ডলস্থোক্তেঃ সূর্য্যমণ্ডলাদি আয়তনে অবস্থিত আধিকারিক ঈশ্বর পুরুষের প্রাপ্যতা কথন আছে। অর্থাৎ তাহারা অধিকারদাতা পরমেশ্বরকে পায় এইরূপ কথন আছে। ইহাতে বুঝায় পরমেশ্বরের নিকট ঐশ্বর্য্য প্রাপ্ত হয়, তাহারা পরমেশ্বরের অধীন। পরমেশ্বর তাহাদের অঙ্কুশ। মুক্তগণ স্বারাজ্য প্রাপ্ত হন এই শ্রুতি দ্বারা প্রত্যক্ষ উপদেশ থাকিলেও তাঁহাদের ঐশ্বর্য্য নিরঙ্কুশ নহে।

সগুণ উপাসক নির্গুণ ব্রহ্ম প্রাপ্ত হ[illegible]

১৯ সূঃ বিকারাবর্ত্তি চ তথাহি [illegible]

বিকারাবর্ত্তি অবিকার নির্গুণ নির্ব্বিকার "চ" ও [illegible]

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ash[illegible]

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সগুণ হি যেহেতু তথা দ্বিরূপে ইহার স্থিতিম্ আহ স্থিতি বলিয়াছেন পরমেশ্বরের যে নিগুর্ণ নির্ব্বিকার রূপ আছে সগুণ উপাসকরা সেরূপ প্রাপ্ত হন না। শ্রুতি বলিয়াছেন ব্রহ্ম সগুণ ও নিগুর্ণ। সগুণ উপাসক নিগুর্ণত্ব প্রাপ্ত হন না। এইরূপ তাঁহারা নিরঙ্কুশ ঐশ্বর্য্য প্রাপ্ত হন না। পাদোঽস্য সর্ব্বভূতানি ত্রিপাদাস্যামৃতং দিবি এই সমুদায় ভূত তাঁহার এক চতুর্থাংশ, অবশিষ্ট ত্রিপাদ অমৃত নিত্যমুক্ত ও স্বর্গে অবস্থিত।

পরমেশ্বর নিগুর্ণ শ্রুতি স্মৃতি সিদ্ধ।

২০ সূঃ দর্শয়ত শৈচবং প্রত্যক্ষানুমানে ॥

এবং পরমেশ্বরের বিকারাতীত নিগুর্ণ রূপ থাকা প্রত্যক্ষানুমানে শ্রুতি ও স্মৃতি দর্শয়তঃ শ্রুতি স্মৃতি প্রমাণ আছে। ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোয়মগ্নিঃ সে স্থানে সূর্য্য প্রকাশ করিতে অক্ষম, চন্দ্র তারকা বিদ্যুৎ তাঁহাতে দীপ্তি দান করিতে অক্ষম, অগ্নির তো কথাই নাই।

তাঁহাদের ভোগ সাম্য।

২১ সূঃ ভোগ মাত্র সাম্য লিঙ্গাচ্চ ॥

লিঙ্গাৎ শ্রুতির তাৎপর্য্যে জানা যায় সগুণ ব্রহ্মোপাসকদিগের ভোগমাত্র সাম্যং কেবল মাত্র ভোগই ঈশ্বরের সমান। ঈশ্বর যাহা ভোগ করেন, উপাসক ও সেই ভোগ করেন। তাহাদের ভোগ নিরঙ্কুশ নহে। তমাহাপো বৈ খলু মীয়ন্তে লোকোঽসৌ ব্রহ্মা উপাসককে বলিলেন প্রকরণে ই আপ অমৃত রূপে জল ভোগ করি এবং সৃষ্টি করিতে পারেন না অমৃত ভোগ কর। দেবতায়ৈ সাযুজ্যং স লোকতাং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জয়তি উপাসক ঐই দেবতার সাযুজ্য ও সালোক্য জয় করিয়াছে। সালোক্য সমানলোকে বাস। সাযুজ্য সমানদেহ বা রূপ।

ব্রহ্মলোকবাসী জ্ঞানীদের পুনরাবৃত্তি হয় না।

২২ সূঃ অনাবৃত্তিঃ শব্দাদ নাবৃত্তিঃ শব্দাৎ ॥

অনাবৃত্তিঃ ব্রহ্মলোকগত জ্ঞানী উপাসকদিগের পুনর্জ্জন্ম হয় না এতথ্য শব্দাৎ শাব্দ প্রমাণে বিজ্ঞাত হওয়া যায়। তেষাং ন পুনরাবৃত্তিঃ তাহাদের পুনরাবৃত্তি হয় না। যাহারা ব্রহ্মলোকে গমন করেন তাহারা চন্দ্রলোকগত কর্ম্মীদের ন্যায় পুনরাবর্ত্তন করেন না।

সর্ব্বজ্ঞ বলিয়া ভগবান, সদাচার স্থাপন করিয়াছেন বলিয়া আচার্য্য, বদরিকাশ্রমবাসী বলিয়া বাদরায়ণ বিশেষণ দেওয়া হইয়াছে। নিত্য সর্ব্বজ্ঞ পরমগুরু নারায়ণ বদরিকাশ্রমে বাস করেন। সূত্রকার ব্যাস তৎসকাশে বাস করিয়া, তদনুগ্রহ লাভে এই শাস্ত্র প্রণয়ন করিতে পারগ হইয়াছিলেন।

সমাপ্তমিদং ব্রহ্মমীমাংসাশাস্ত্রম্ ॥ ওঁ তৎ সৎ ॥

ব্রহ্ম মীমাংসা শাস্ত্র সমাপ্ত হইল।

—o—

ইতি ভগবৎ পূজ্যপাদ শ্রীশ্রীশঙ্কর

শ্রীবিহারীলাল সরকার কৃত ব্রহ্ম

সমাপ্ত।

CC0. In Public Domain. Sri Sri Anandamaye

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Adbhut... Established 193_ BENARES

শুদ্ধি।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১০	১১	পাপযুক্ততা	পাপমুক্ততা
১৫	২৩	নীচায্য	নিচায্য
২৩	৬	নৈবমধীয়তে	নৈনমধীয়তে
৩২	১৬	যে	যো
৪২	১৬	ভাবস্ত্ত	ভাবস্তু
১২২	২১	অনুশন্ন	অনুশয়
১২৬	১৯	রূপপত্তেঃ	রুপপত্তেঃ
১২৭	১৯	অধিষ্টিতে	অধিষ্ঠিতে
১৩১	৮	প্রবোধোদস্মাৎ	প্রবোধোহস্মাৎ
১৩৬	৫	ভাক্ত	ভাক্ত্ব
১৩৮	১১	যোগাত্মন	যোগাত্মনে
১৫৬	১০	সম্পরায়ে	সাম্পরায়ে
		...স্ত্ব	ভূয়স্ত্বাৎ
		...হংগ্রহ	অহংগ্রহ
		...ংগ্রহ	অহংগ্রহ
		...ংগ্রহ	অহংগ্রহ

২১ সূঃ ভোগ মাত্র...

লিঙ্গাৎ শ্রুতির তাৎপর্য্যে জান...
ভোগমাত্র সাম্যং কেবল মাত্র ভো...
ভোগ করেন, উপাসক ও সেই তে...
নিরঙ্কুশ নহে। ...পো বৈ খলু মীয়...
প্রক্রিয়াৎ প্রকরণে ই আপ অমৃত রূপে
সৃষ্টি করিতে পারেন না ...মৃত ভোগ কর। দেবতাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

[illegible] ২।৯।১১

[illegible] = ২।১০।১৩৪ — [illegible]

[illegible] = ২।১০।৪১ :

CC0. In Public Domain. Sri Sri Anandama[illegible]

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রায় বিহারীলাল সরকার বাহাদুর

প্রণীত

শ্রীকৃষ্ণ	(জীবনী ও উপদেশ)	॥৶০
শ্রীশ্রীভাগবত (দ্বাদশ স্কন্ধ সম্পূর্ণ)	ভাগবত বুঝিবার অপূর্ব্ব সুযোগ	২৲
বেদস্তুতিঃ	(শ্রীধর স্বামীর টীকার অনুবাদ)	॥০
শিবতাণ্ডব স্তোত্রম্	(অন্বয় ও ব্যাখ্যা সমেত)	৴০
মহিম্ন স্তোত্রম্	(অন্বয় ব্যাখ্যা ও অনুবাদ সহ)	।৴০
কর্পূরাদি স্তোত্রম্	(অন্বয় ব্যাখ্যা ও অনুবাদ সহ)	॥৶০
শ্রীশ্রীরাস পঞ্চাধ্যায়	(অন্বয় ব্যাখ্যা সহ)	॥০
সিদ্ধান্তসার	(বেদান্তের উৎকৃষ্ট পুস্তক)	২৲
ব্রহ্মসূত্রম্ বেদান্তদর্শন	(সরল ব্যাখ্যা সহ)	১॥০
সাংখ্যকারিকা সাংখ্য দর্শন	(সরল ব্যাখ্যা সহ)	॥৶০
শ্রীমদ ভগবদ গীতা	(দ্বিতীয় সংস্করণ)	(যন্ত্রস্থ)

প্রাপ্তিস্থান :—

গ্রন্থকার

...পোহরপুকুর রোড, কালীঘাট পোঃ

ও

প্রধান প্রধান পুস্তকালয়।

২১ সূ...

লিঙ্গাৎ শ্রুতির ...
ভোগমাত্র সাম্যং কেব...
ভোগ করেন, উপাসক...
নিরঙ্কুশ নহে। ...
প্রকরণাৎ প্রকরণে ...
সৃষ্টি করিতে পারেন না ...

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi